Vol. 148, No. V

Assembly Proceeding

OFFICIAL REPORT

West Bengal Legislative Assemble

(August Session, 2019)

(From 26th August to 30th August, 2019)

(The 26th, 27th, 28th, 29th and 30th August, 2019)

Published by authority of the Assembly under Rule 353
of the Rules of Procedure and Cunduct of Business in the
West Bengal Legislative Assembly

Price : ₹ 276/-

Vol. 148, No. V

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

(August Session, 2019)

(From 26th August to 30th August, 2019)

(The 26th, 27th, 28th, 29th and 30th August, 2019)

Published by authority of the Assembly under Rule 353 of
the Rules of Procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

SHRI K. N. TRIPATHI

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Smt. Mamata Banerjee,** Chief Minister and Minister-in-Charge, Home Department, Department of Hill Affairs, Department of Personnel and Administrative Reforms, Department of Health and Family Welfare, Department of Information and Cultural Affairs, Minority Affairs and Madrasah Education Department.
2. **Dr. Amit Mitra,** Minister-in-Charge, Finance Department, Department of Excise, Department of Commerce and Industries, Department of Public Enterprises, Department of Industrial Reconstruction, Department of Micro, Small and Medium Enterprises and Textiles
3. **Dr. Partha Chatterjee,** Minister-in-Charge, Department of School Education, Department of Higher Education, Department of Parliamentary Affairs.
4. **Shri Subrata Mukherjee,** Minister-in-Charge, Department of Panchayats and Rural Development, Department of Paschimanchal Unnayan Affairs.
5. **Shri Sobhandeb Chattopadhyay,** Minister-in-Charge, Department of Power and Non-conventional Energy Sources.
6. **Shri Abani Mohan Joardar,** Minister without portfolio,
7. **Shri Firhad Hakim,** Minister-in-Charge, Department of Municipal Affairs and Department of Urban Development.
8. **Shri Aroop Biswas,** Minister-in-Charge, Public Works Department, Department of Youth Services, Department of Sports.
9. **Shri Goutam Deb,** Minister-in-Charge, Department of Tourism.
10. **Shri Javed Ahmed Khan,** Minister-in-Charge, Department of Disaster Management, Department of Civil Defence.
11. **Shri Abdur Razzak Molla,** Minister-in-Charge, Department of Food Processing Industries and Horticulture.
12. **Shri Jyotipriya Mallick,** Minister-in-Charge, Department of Food and Supplies.

13. **Shri Suvendu Adhikari,** Minister-in-Charge, Transport Department, Irrigation and WaterWays Department, Water Resources investigation and Development Department.

14. **Shri Binay Krishna Barman,** Minister without portfolio.

15. **Shri Sadhan Pande,** Minister-in-Charge, Department of Consumer Affairs, Department of Self-Help Group and Self-Employment.

16. **Shri Purnendu Basu,** Minister-in-Charge, Department of Technical Education & Training and skill Development.

17. **Shri Rabindra Nath Ghosh,** Minister-in-Charge, North Bengal Development Department.

18. **Shri Bratya Basu,** Minister-in-Charge, Department of Science & Technology and Biotechnology, Department of Forests.

19. **Shri Arup Roy (Apu),** Minister-in-Charge, Department of Co-operation.

20. **Shri Shantiram Mahato,** Minister without portfolio.

21. **Shri Chandranath Sinha,** Minister-in-Charge, Department of Fisheries.

22. **Shri Moloy Ghatak,** Minister-in-Charge, Department of Labour, Law Department, Judicial Department.

23. **Dr. Saumen Kumar Mahapatra,** Minister-in-Charge, Department of Environment, Department of Public Health Engineering.

24. **Shri Rajib Banerjee,** Minister-in-Charge, Department of Backward Classes Welfare, Department of Tribal Development.

25. **Dr. Asish Banerjee,** Minister-in-Charge, Department of Agriculture.

26. **Shri Tapan Dasgupta,** Minister-in-Charge, Department of Agricultural Marketing.

27. **Shri Ujjal Biswas,** Minister-in-Charge Department of Correctional Administration.

28. **Shri Swapan Debnath,** Minister-of-State, Department of Animal Resources Development (Independent Charge).

29. **Dr. Shashi Panja,** Minister-of-State, Department of Child Development (Independent Charge), Department of Women Development and Social Welfare (Independent Charge).

30. **Shri Manturam Pakhira,** Minister-of-State, Department of Sundarban Affairs (Independent Charge).

31. **Md. Chowdhury Siddiqullah,** Minister of State, Department of Mass Education Extension and Library Services (Independent Charge), Parliamentary Affairs.

32. **Smt. Asima Patra,** Minister of State, Agriculture, Fishieries & Programme Monitoring, Backward Classes Welfare.

33. **Shri Giasuddin Molla,** Minister-of-State, Minority Affairs and Madrasah Education Department.

34. **Shri Bachchu Hansda,** Minister of State, North Bengal Development Department.

35. **Md. Ghulam Rabbani,** Minister of State, Department of Labour.

36. **Smt. Sandhya Rani Tudu,** Minister of State, Backward Classes Welfare Department.

37. **Shri Shyamal Santra,** Minister of State, Department of Panchayats and Rural Development, Department of Public Health Engineering.

38. **Md. Jakir Hossain,** Minister of State, Department of Labour.

39. **Shri Indranil Sen,** Minister of State, Department of Information and Cultural Affairs and Department of Tourism.

40. **Shri Laxmi Ratan Shukla,** Minister of State, Department of Sports, Department of Youth Services.

41. **Shri Chandrima Bhattacharya,** Minister of State, Department of Housing.

42. **Dr. Nirmal Maji,** Minister of State, Department of Labour.

43. **Shri Sujit Bose,** Minister of State (Independent Charge), Department of Fire and Emergency Service). Minister of State, Department of Forests.

44. **Shri. Tapas Roy,** Minister of State (Independent Charge), Department of Planing and Statistics, Parliamentary Affairs.

45. **Smt. Ratna Ghosh (Kar),** Minister of State Department of Micro, Small and Medium Enterprises and Textiles (excluding Textiles and Handlom).

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

PRINCIPAL OFFICERS & OFFICIAL

Speaker **: Shri Biman Banerjee**

Deputy Speaker **: Dr. Sukumar Hansda**

Secretary **: Shri Abhijit Som**

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

Note : Number shown within brackets against the name of each Member is the "Constituency Number".

A

1. Abdul Karim Chowdhuary, [29 – Islampur, Uttar Dinajpur]
2. Abdul Khaleque Molla, Shri [157, Metiaburuz, S- 24 Parganas]
+++3. Abdul Mannan, Shri [187-Champdani, Hooghly]
4. Abdur Rahaman(Liton), Shri [294-Murarai, Birbhum]
5. Abdur Rahim Quazi, Shri [99-Baduria, N-24 Parganas]
6. Abdur Razzak, Shri [76-Jalangi, Murshidabad]
*7 Abdur Razzak Molla, Shri [148-Bhangar, S-24 Parganas]
8. Abu Hena, Shri [61-Lalgola, Murshidabad]
9. Acharjee, Shri Amal [36-Itahar, Uttar Dinajpur]
10. Adhikari, Shri Ananta Deb [16-Maynaguri(SC), Jalpaiguri]
11. Adhikari, Shri Anil [13-Falakata (SC), Jalpaiguri]
*12. Adhikari, Shri Suvendu [210-Nandigram, P.Medinipur]
13. Akhruzzaman, Shri [59-Raghunathganj, Murshidabad]
14. Alberuni Zulkarnain Shri, [47-Malatipur, Malda]
15. Ali Imran Ramz, Shri [31-Chakulia, Uttar Dinajpur]
16. Anisur Rahaman, Shri [75-Domkal, Murshidabad]
17. Asif Mehbub, Shri [45-Chanchal, Malda]
18. Amirul Islam, Shri [56-Samserganj, Murshidabad]

B

19. Bag, Shri Nabin Chandra [259-Khandaghosh (SC), Burdwan]
20. Bakshi, Smt. Smita [165-Jorasanko, Kolkata]
21. Bandopadhyay, Smt. Nayna [162-Chowrangee , Kolkata]
*22. Banerjee, Dr. Asish, [291-Rampurhat, Birbhum]
+23 Banerjee, Shri Biman [140-Baruipur Paschim, South 24-Parganas]
*24. Banerjee, Smt Mamata [159 - Bhabanipur , Kolkata]
*25. Banerjee, Shri Rajib [184-Domjur, Howrah]
26. Banerjee, Shri Tapas [280-Asansol Dakshin, Burdwan]
27. Baraik, Shri Bulu Chik [20-Mal (St), Jalpaiguri]
28. Bar, Shri Dulal Chandra [94-Bagda(SC), N-24 Parganas]
29. Barma Basunia, Shri Jagadish Chandra [6, Sitai(SC), CoochBehar]
30. Barma, Dr. Sukhbilas [17- Jalpaiguri (SC), Jalpaiguri]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

*31. Barman, Shri Binay Krishna [2-Mathabhanga (SC), CoochBehar]
32. Barman, Shri Hiten [5-Sitalkuchi (SC), Cooch Behar]
*33. Basu, Shri Bratya [114-Dum Dum, North 24-Parganas]
*34. Basu, Shri Purnendu [117-Rajarhat Gopalpur, North 24 Parganas]
35. Bauri, Shri Naresh Chandra [284-Dubrajpur(SC), Birbhum]
36. Bauri, Shri Purna Chandra [246-Raghunathpur (SC), Purulia]
37. Bauri, Shri Umapada [245-Para (SC), Purulia]
38. Begum Nargis Smt. [265-Memari, Burdwan]
39. Beltharia, Shri Swapan Kumar, [244-Kashipur, Purulia]
40. Bhattacharjee, Shri Amiya Kanti [211-Chandipur, Purba Medinipur]
41. Bhattacharya, Shri Asok [26-Siliguri, Darjeeling]
42. Bhattacharya, Shri Arindam [86-Santipur, Nadia]
**43. Bhattacharya, Smt. Chandrima [216-kanthi Dakshin, Purba Medinipur]
44. Bhattacharya, Shri Rabindranath [188-Singur, Hooghly]
45. Bhattacharya, Shri Tanmoy [110-Dumdum(Uttar), N-24 Parganas]
46. Bhattacharya, Shri Tushar Kanti [255-Bishnupur, Bankura]
47. Bhowmick, Shri Partha [104-Naihati, North 24-Parganas]
48. Bhunia, Smt. Gita Rani [226-Sabang, Paschim Medinipur]
49. Bhunia, Smt. Mamata [230-Daspur, Paschim Medinipur]
*50. Biswas, Shri Aroop [152-Tollygunge, South 24 -Parganas]
51. Biswas, Smt. Ashis Kumar [88-Krishnaganj(SC)]
52. Biswas, Smt. Dipali [44-Gazole(SC), Malda]
53. Biswas, Shri Dipendu (Mithu) [124-Basirhat Dakshin, N-24 Parganas]
54. Biswas, Smt. Rama [90-Ranaghat Dakshin(SC), Nadia]
55. Biswas, Dr. Ramendra Nath [92-Kalyani (SC), Nadia]
56. Biswas, Shri Surajit Kumar, [96-Bangaon Dakshin, N-24 Parganas]
*57. Biswas, Shri Ujjal [85-Krishnanagar Dakshin, Nadia]
**58. Bose, Shri Sujit [116-Bidhan Nagar, North 24-Parganas]
59. Bouri, Shri Swapan [247-Saltora(SC), Bankura]

C

60. Chakrabarti, Shri Chiranjeet [119-Barasat, North 24-Parganas]
61. Chakrabarty, Shri Ashis (Nanti), [233-Garbeta, Paschim Medinipur]
62. Chakraborty, Shri Manoj [72-Baharampur, Murshidabad]
63. Chakraborty, Shri Samir [251-Taldangra, Bankura]
64. Chakraborty, Shri Sourav(Ghutish) [12-Alipurduars, Jalpaiguri]
65. Chakraborty, Shri Snehasis [195-Jangipara, Hooghly]
66. Chakraborty, Shri Sujan [150-Jadavpur, S-24 Parganas]
67. Chakraborty, Shri Sujit [253-Barjora, Bankura]
68. Champramary, Shri Wilson [11-Kalchini (ST), Jalpaiguri]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

69. Chatterjee, Shri Kamalesh(Gopal) [69-Bharatpur, Murshidabad]
*70. Chatterjee, Dr. Partha [154-Behala Paschim, South 24-Parganas]
71. Chatterjee, Shri Rabindranath [270-Katwa, Burdwan]
72. Chatterjee, Shri Sovan [153-Behala Purba, South 24-Parganas]
73. Chatterjee, Shri Ujjal [282-Kulti, Burdwan]
74. Chattopadhyay, Shri Asok Kumar [285-Suri, Birbhum]
75. Chattopadhyay, Dr. Rabiranjan [260-Bardhaman Dakshin, Burdwan]
*76. Chattopadhyay, Shri Sobhandeb [160-Rashbehari, Kolkata]
77. Chowdhury, Shri Biswanath [39-Balurghat, Dakshin Dinajpur]

D

78. Dalmiya, Smt. Baishali [169-Bally, Howrah.]
79. Daripa, Smt. Shampa [252-Bankura, Bankura]
80. Das, Shri Biswajit [95-Bongaon Uttar (SC), North 24-Parganas]
81. Das, Shri Biswanath [136- Joynagar(SC), S-24 Parganas]
82. Das, Shri Dulal Chandra [155-Maheshtala(SC), South 24-Parganas]
83. Das, Shri Goutam [41-Gangarampur(SC), D-Dinajpur]
84. Das, Shri Samares [218-Egra, Purba Medinipur]
*85. Dasgupta, Shri Tapan [193-Saptagram, Hooghly]
86. Datta, Shri Silbhadra [108-Barrackpur, North 24-Parganas]
87. De, Shri Sukumar [207-Nandakumar, Purba Medinipur]
88. Deb, Shri Ashok Kumar [156-Budge Budge, South 24-Parganas]
*89. Deb, Shri Gautam [19-Dabgram-Phulbari, Jalpaiguri]
**90. Debnath, Shri Swapan [268-Purbasthali Dakshin, Burdwan]
91. Debray, Shri Santosh [276-Durgapur Purba, Burdwan]
92. Dinda, Shri Ashok [203-Tamluk, Purba Medinipur]
93. Dolai, Smt. Chhaya [232-Chandrakona(SC),Paschim Medinipur]
94. Dolai, Shri Sangram Kumar [206-Moyna, Purba Medinipur]
95. Dolai, Shri Shankar [231- Ghatal(SC), Paschim Medinipur]
96. Dutta, Shri Gouri Sankar [78-Tehatta, Nadia]
97. Dutta, Shri Parash [106-Jagaddal, North 24-Parganas]
98. Dutta, Shri Runu [278-Raniganj, Burdwan]
99. Dutta, Shri Sabyasachi [115-Rajarhat New Town, North 24-Parganas]

F

100. Fazal Karim Miah Shri [9-Tufanganj, Coochbehar]
101. Firdousi Begum, Smt. [151-Sonarpur Uttar, South 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

*102. Firhad Hakim, Shri [158-Kolkata Port, Kolkata]
103. Firoza Begam, Smt. [63-Raninagar, Murshidabad]

G

*104. Ghatak, Shri Moloy [281-Asansol Uttar, Burdwan]
105. Ghorui, Shri Nepal [261-Raina(SC), Burdwan]
106. Ghosal, Shri Prabir Kumar [185-Uttarpara, Hoogly]
107. Ghosh, Shri Nihar Ranjan [51-English Bazar, Malda]
***108. Ghosh, Shri Nirmal [111-Panihati, North 24-Parganas]
109. Ghosh, Shri Pradyut Kumar [225-Narayangarh, Paschim Medinipur]
*110. Ghosh, Shri Rabindra Nath [8-Natabari, Cooch Behar]
111. Ghosh, Shri Rathin [118-Madhyamgram, North 24-Parganas]
112. Ghosh, Shri Tamonash [144-Falta, South 24-Parganas]
113. Ghosh Dastidar, Dr. Sudarsan [208-Mahisadal, Purba Medinipur]
**114. Ghosh Kar, Smt. Ratna [91-Chakdah, Nadia]
**115. Gias Uddin Molla, Shri [142-Mograhat Paschim, South 24-Parganas]
116. Giri, Shri Akhil [217-Ramnagar, Purba Medinipur]
117. Goswami, Shri Mihir [4, Cooch Behar Dakshin, Cooch Behar]
118. Guha (Bose), Smt. Sonali [145-Satgachhia, South 24-Parganas]
119. Guha, Shri Udayan [7-Dinhata, Cooch Behar]
120. Gulsan Mullick, Shri [175-Panchla, Howrah]

H

121. Haldar, Shri Bhupendra Nath [50-Maldaha (SC), Malda]
122. Halder, Shri Dipak Kumar [143-Diamond Harbour, South 24-Parganas]
123. Halder, Shri Jogaranjan [133-Kulpi, South 24-Parganas]
124. Halder, Shri Joydeb [135-Mandir Bazar(SC), South 24-Parganas]
125. Halder, Shri Ram Sankar [129-Kultali (SC), South 24 Parganas]
126. Hamidul Rahaman, Shri [28-Chopra, Uttar Dinajpur]
**127. Hansda, Shri Bachchu [40-Tapan (ST), Dakshin Dinajpur]
++128. Hansda, Dr. Sukumar [222-Jhargram, Paschim Medinipur]
129. Hasanuzzaman Sk Shri [80-Kaliganj, Nadia]
130. Hazra, Shri Bankim Chandra [132-Sagar, South 24-Parganas]
131. Hazra, Shri Samar [262-Jamalpur(SC), Burdwan]
132. Hembram, Shri Khagendranath [237-Binpur(ST), Paschim Medinipur]
133. Humayun Reza Shri, [57-Suti, Murshidabad]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

I

134. Idris Ali, Shri [176-Uluberia Purba, Howrah]
135. Iqbal Ahmed, Shri [202-Khanakul, Hooghly]
136. Isha khan Choudhury, Shri [53-Sujapur, Malda]

J

137. Jahanara Khan, Smt. [279-Jamuria, Burdwan]
**138. Jakir Hossain Shri [58-Jangipur, Murshidabad]
139. Jana, Shri Samir Kumar [130-Patharpratima, South 24-Parganas]
*140. Javed Ahmed Khan, Shri [149-Kasba, South 24-Parganas]
*141. Joardar, Shri Abani Mohan [83-Krishnanagar Uttar, Nadia]

K

142. Kar, Shri Jyotirmoy [212-Patashpur, Purba Medinipur]
143. Khan, Shri Arup Kumar [254-Onda, Bankura]
144. Khan, Shri Kallol [81-Nakashipara, Nadia]
*145. Kujur, Shri James [10, Kumargram(ST), Jalpaiguri]
146. Kundu, Shri Biswajit [264-Kalna (SC), Burdwan]

L

147. Lahiri, Shri Jatu [172-Shibpur, Howrah]
148. Layek, Shri Dhirendra Nath [248-Chatna, Bankura]

M

149. M. Nuruzzaman, Dr. [199-Pursurah, Hooghly]
*150. Mahapatra, Dr. Saumen Kumar [227-Pingla, Paschim Medinipur]
151. Mahasin Ali, Shri [62-Bhagabangola, Murshidabad]
152. Mahata, Shri Nepal [240-Baghmundi, Purulia]
153. Mahata, Shri Srikanta [234-Salboni, Paschim Medinipur]
154. Mahata, Shri Churamani [221-Gopiballavpur, Paschim Medinipur]
155. Mahata, Shri Sukumar [123-Sandeshkhali(ST), N-24 Parganas]
*156. Mahato, Shri Shantiram [239-Balarampur, Purulia]
157. Mahato, Shri Shaktipada [241-Joypur, Purulia]
158. Mainul Haque, Shri [55-Farakka, Murshidabad]
159. Maiti, Shri Mrigendra Nath [236-Medinipur, Paschim Medinipur]
160. Maity, Shri Ardhendu [214-Bhagabanpur, Purba Medinipur]
161. Maity, Smt. Banasri [213-Kanthi Uttar, Purba Medinipur]
162. Majhi, Shri Alok Kumar [274-Galsi(SC), Burdwan]
163. Majhi, Shri Ashim Kumar [191-Balagarh (SC), Hooghly]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

**164. Maji, Dr. Nirmal [177-Uluberia Uttar (SC), Howrah]
165. Mazumdar, Shri Asit (Tapan) [190-Chunchura, Hooghly]
166. Majumder, Shri Brajamohan [173- Howrah Dakshin, Howrah]
167. Majumder, Shri Manas [201-Goghat(SC), Hooghly]
168. Malakar, Shri Sankar [25-Matigara-Naxalbari(SC), Darjeeling]
169. Malik, Shri Nisith Kumar [266-Bardhaman Uttar (SC), Burdwan]
*170. Mallick, Shri Jyoti Priya [100-Habra, North 24-Parganas]
171. Mandal, Smt. Bina [98-Swarupnagar(SC), North 24-Parganas]
172. Mandal, Shri Debes [126-Hingalganj(SC), N-24 Parganas]
173. Mandal, Shri Kalipada [179-Shyampur, Howrah]
174. Mandi, Shri Jyotsna [249-Ranibandh(St), Bankura]
175. Manna, Shri Becharam [196-Haripal, Hooghly]
176. Marjit, Shri Ashis [66-Khargram (SC), Murshidabad]
177. Md. Abdul Ghani, Shri [183-Jagatballavpur, Howrah]
**178. Md. Ghulam Rabbani, Shri [30-Goalpokhar, Uttar Dianajpur]
179. Md. Mottakin Alam Shri [49-Manikchak, Malda]
180. Mete, Shri Gurupada [257-Indus(SC), Bankura]
181. Milton Rasid Shri, [292-Hansan(SC), Birbhum]
*182. Mitra, Dr. Amit [109-Khardaha, North 24-Parganas]
183. Mitra, Shri Asit [181-Amta, Howrah]
184. Moinuddin Shams Shri [293-Nalhati, Birbhum]
185. Mondal, Shri Dilip [146-Bishnupur (SC), South 24-Parganas]
186. Mondal, Shri Kanai Chandra [65-Nabagram (SC), Murshidabad]
187. Mondal, Shri Nirmal Chandra [137-Baruipur Purba(SC), South 24-Parganas]
188. Mondal, Shri Ranajit [215-Khejuri (SC), Purba Medinipur]
189. Mondal, Shri Shyamal [138-Canning Paschim (SC), South 24-Parganas]
190. Mondal, Shri Subhas [267-Bhatar, Burdwan]
191. Mondal, Smt. Tapasi [209-Haldia(SC), Purba Medinipur]
192. Mondal, Smt. Usha Rani [122-Minakhan (SC), North 24-Parganas]
193. Monirul Islam, Shri [288-Labpur, Birbhum]
194. Mostaque Alam, Shri [46-Harishchandrapur, Malda]
195. Mukherjee, Shri Manash [112-Kamarhati, N-24 Parganas]
196. Mukherjee, Shri Samar [48-Ratua, Malda]
*197. Mukherjee, Shri Subrata [161-Ballygunge, Kolkata]
198. Mukherjee, Shri Sudip Kumar [242-Purulia, Purulia]
199. Mukhopadhyay, Shri Jiban [147-Sonarpur Dakshin, South 24-Parganas]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

200. Munda, Sukra Shri [21-Nagrakata(ST), Jalpaiguri]
201. Murmu, Shri Dulal [220-Nayagram (ST), Paschim Medinipur]
202. Joyel Murmu, Shri [43-Habibpur (ST), Malda]
203. Murmu, Shri Paresh [223-Keshiary(ST), Paschim Medinipur]

N

204. Nag (Mallick), Smt. Nilima [93-Haringhata (SC), Nadia]
205. Naskar, Shri Gobinda Chandra [128-Basanti(SC), S-24-Parganas]
206. Naskar, Shri Jayanta [127-Gosaba (SC), South 24-Parganas]
207. Niamot Sheikh, Shri [73-Harihar Para, Murshidabad]
208. Niraj Tamang Zimba, Shri [23-Darjeeling, Darjeeling]

P

**209. Pakhira, Shri Manturam [131-Kakdwip, South 24-Parganas]
*210. Pande, Shri Sadhan [167-Maniktala, Kolkata]
211. Panja, Shri Saikat [263-Monteswar, Burdwan]
212. Panja, Shri Samir Kumar [182-Udaynarayanpur, Howrah]
**213. Panja, [Dr. Shashi [166-Shyampukur, Kolkata]
214. Parial, Shri Bishwanath [277-Durgapur Paschim, Burdwan]
**215. Patra, Smt. Asima [197-Dhanekhali (SC), Hooghly]
216. Paul, Shri Paresh [164-Beleghata, Kolkata]
217. Phiroja Bibi, Smt. [205-Panskura Paschim, Purba Medinipur]
218. Poddar, Shri Samir Kumar [89-Ranaghat Uttar Purba (SC), Nadia]
219. Pradhan, Shri Bikram Chandra [219-Dantan, Paschim Medinipur]
220. Pradhan, Smt. Shyamali [287-Nanoor(SC), Birbhum]

R

221. Rabiul Alam Chowdhury Shri [70-Rejinagar, Murshidabad]
222. Rafikul Islam, Shri [42-Harirampur, D-Dinajpur]
223. Rafikul Islam Mondal, Shri [125-Basirhat Uttar, N-24 Parganas]
224. Rafiqur Rahaman, Shri [102-Amdanga, North 24-Parganas]
225. Rahima Mondal Smt. [120-Deganga, N.24 Parganas]
226. Rai, Smt. Sarita [22-Kalimpong, Darjeeling]
227. Rajak, Smt. Protima [67-Burdwan (SC), Murshidabad]
228. Ray, Shri Ajit [258-Sonamukhi(SC), Bankura]
229. Ray, Shri Pulin Bihari [97-Gaighata(SC), N.24 Parganas]
230. Roy, Shri Abhijit [290-Mayureswar, Birbhum]
231. Roy, Shri Arup(Apu) [171-Howrah Madhya, Howrah]
232. Roy, Smt. Debasree [134-Raidighi, South 24-Parganas]
233. Roy, Shri Debendra Nath [33-Hemtabad(SC), U-Dinajpur]

234. Roy, Shri Dinen [228-Kharagpur, Paschim Medinipur]
235. Roy, Shri Dhiman [101-Ashoknagar, North 24-Parganas]
236. Roy, Shri Khageswar [18-Rajganj (SC), Jalpaiguri]
237. Roy, Smt. Mitali [15-Dhupguri(SC), Jalpaiguri]
238. Roy, Shri Nagendra Nath [3-Cooch Behar Uttar (SC), Cooch Behar]
239. Roy, Shri Narmada Chandra [37- Kushmandi (SC), Dakshin Dinajpur]
240. Roy, Shri Pulak [178-Uluberia Dakshin, Howrah]
241. Roy, Shri Subhranshu [103-Bijpur, North 24-Parganas]
242. Roy, Dr. Sudipto [186-Sreerampur, Hooghly]
**243. Roy, Shri Tapas [113-Baranagar, North 24-Parganas]
244. Roy Pradhan, Shri Arghya [1-Mekhliganj(SC), Cooch Behar]
245. Rukbanur Rahman, Shri [82-Chapra, Nadia]

S

246. Sabina Yeasmin, Smt. [52-Mothabari, Malda]
247. Saha, Smt. Mala [168-Kashipur-Belgachhia, Kolkata]
248. Saha, Smt. Nilabati [289-Sainthia(SC), Birbhum]
249. Saha, Smt. Namita [141-Magrahat Purba (SC), South 24-Parganas]
250. Saha, Shri Pradip Kumar [269-Purbasthali Uttar, Burdwan]
251. Saha, Shri Pundarikakshya [84-Nabadwip, Nadia]
252. Saha, Smt. Seuli [235-Keshpur(SC), Paschim Medinipur]
253. Saha, Shri Subrata [60-Sagardighi, Murshidabad]
254. Saha, Shri Swarna Kamal [163-Entally, Kolkata]
255. Saha, Shri Tapas Kumar [79-Palashipara, Nadia]
256. Sahina Mamtaz Begum (Khan) [74-Nawda, Murshidabad]
257. Santra, Shri Krishna Chandra [200-Arambagh (SC), Hooghly]
**258. Santra, Shri Shyamal [256-Katulpur(SC) , Bankura]
259. Saokat Molla Shri, [139-Canning Purba, S-24 Parganas]
260. Sardar, Shri Sital Kumar [174-Sankrail (SC), Howrah]
261. Saren, Shri Rajib Lochan [238-Bandwan(ST), Purulia]
262. Sarkar, Shri Swadhin Kumar [54-Baisnabnagar, Malda]
263. Seikh Safiujjaman, Shri [71-Beldanga, Murshidabad]
264. Sekh Sahonawez, Shri [271-Ketugram, Burdwan]
265. Selima Khatun(Bibi) [229-Debra, Paschim Medinipur]
266. Sen, Shri Arunava (Raja) [180-Bagnan, Howrah]
**267. Sen, Shri Indranil [189- Chandannagar, Hooghly]
268. Sengupta, Shri Mohit [35-Raiganj, Uttar Dinajpur]
269. Safiul Alam Khan [68-Kandi, Murshidabad]
270. Sharma, Dr. Rohit [24-Kurseong, Darjeeling]
**271. Shukla, Shri Laxmi Ratan [170-Howrah Uttar, Howrah]

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly - *contd.*

**272. Siddiqullah Chowdhury Shri, [272-Mangalkot, Burdwan]
273. Singh, Shri Pawan Kumar [105-Bhatpara, North 24-Parganas]
274. Singh, Shri Rachhpal [198-Tarakeswar, Hooghly]
275. Singh, Shri Sunil [107-Noapara, N-24 Parganas]
276. Singha, Shri Sankar [87- Ranaghat Uttar Paschim, Nadia]
277. Singha Roy, Smt. Shaoni [64- Murshidabad, Murshidabad]
*278. Sinha, Shri Chandra Nath [286-Bolpur, Birbhum]
279. Sinha, Shri Manodeb [32-Karandighi, U-Dinajpur]
280. Sk. Amjad Hossain, Shri [192-Pandua, Hooghly]
281. Sk. Ibrahim Ali, Shri [204-Panskura Purba, Purba Medinipur]
282. Sk. Nurul Islam(Hazi), Shri [121-Haroa, N-24 Parganas]
283. Swati Khandoker, Smt. [194-Chanditala, Hooghly]

T

284. Tewari, Shri Jitendra Kumar [275-Pandebeswar, Burdwan]
285. Thander, Shri Abhedananda [273-Ausgram(SC), Burdwan]
286. Tigga, Shri Manoj [14, Madarihat(ST), Jalpaiguri]
287. Tirkey, Shri Sunil Chandra [27-Phansidewa (ST), Darjeeling]
288. Toraf Hossain Mandal Shri [38-Kumarganj, D-Dinajpur]
289. Tudu, Shri Birendra Nath [250-Raipur(ST), Bankura]
**290. Tudu, Smt. Sandhya Rani [243-Manbazar (ST), Purulia]

U

291. Upadhyay, Shri Bidhan [283-Barabani, Burdwan

[Nominated Member]

292. Mr. Michael Shane Calvert

* DENOTES MINISTER -IN-CHARGE
** DENOTES MINISTER-OF-STATE
*** DENOTES CHIEF GOVERNMENT WHIP
\+ DENOTES HON'BLE SPEAKER
++ DENOTES HON'BLE DEPUTY SPEAKER
+++ DENOTES HON'BLE LEADER OF THE OPPOSITION

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 26th August, 2019 at 12:00 Noon.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 13 Ministers-in-Charge, 11 Ministers of State and 194 Members.

[12:00 Noon – 12:10 p.m.]

OBITUARY

MR. SPEAKER : Hon'ble Members, I rise to perform a melancholic duty to refer to the sad demise of former Members of West Bengal Legislative Assembly, former Union Ministers & former Chief Ministers of Delhi, former Member of Lok Sabha, former Secretary of West Bengal Legislative Assembly and an eminent personality who breathed their last recently.

Shri Kalipada Bauri, former Member of the West Bengal Legislative Assembly, breathed his last on the 2nd January, 2019 at Bankura Sammiloni Medical Collage and Hospital following a massive heart attack. He was 79.

Born on the 1st January, 1940 at Nabagram in Bankura he had his education at Tiluri Kripamayi High School. He started his professional career as a worker at Dhakeshari Cotton Mill and subsequently worked at Burnpur ISW Factory. In his political career, he was associated with the Communist Party of India (Marxist) and played a key role in organizing peasants' movement in his locality. Besides politics, he was associated with many social and philanthropic activities in his locality.

Shri Bauri was elected to the West Bengal Legislative Assembly in 1971 from 236-Gangajalghati(SC) Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Bauri, the State has lost a veteran politician and an ardent social worker.

Shri Gobinda Chandra Mondal, former Member of West Bengal Legislative Assembly, breathed his last on the 19th January, 2019 at Shaktinagar Hospital in Nadia. He was 84.

Shri Mondal was born in the year 1935 in Manikganj district, now in Bangladesh. In his political career, he was associated with the Muslim League and organized the party's activities successfully. Besides, he was associated with many social and philanthropic activities in his locality.

Shri Mondal was elected to the West Bengal Legislative Assembly in 1971 from Nakashipara Assembly Constituency as a candidate of Muslim League.

With the demise of Shri Mondal, the State has lost a veteran politician and an ardent social worker.

Shri Raicharan Majhi, former Member of West Bengal Legislative Assembly, breathed his last on the 16th July, 2019 at his residence at Chakta in Purba Bardhaman district after suffering from old age complications. He was 75.

Born on the 19th February, 1945 at Chakta in undivided Burdwan district, Shri Majhi did his graduation from Katwa College under the Burdwan University. By profession he was a teacher. In his political career, he was associated with the Communist Party of India (Marxist). As an active worker of the party he organized party's activities including Peasants' Movements successfully in his native district. Besides politics, he was associated with many social and philanthropic activities in his locality.

Shri Majhi was elected to the West Bengal Legislative Assembly for consecutive four terms beginning from 1977 from Ketugram (S.C.) Assembly Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Majhi, the State has lost a veteran politician and an ardent social worker.

Shri Arun Jaitley, former Union Minister, former Leader of the Rajya Sabha and former Leader of the Opposition in Rajya Sabha breathed his last on the 24th August, 2019 at All India Institute of Medical Sciences, New Delhi, following a protracted illness. He was 67.

Born on the 28th December, 1952 at New Delhi, Shri Jaitley was educated at Shri Ram College of Commerce, University of Delhi and Faculty of Law of the said University. By profession he was a Legal Practitioner and was greatly admired for his legal acumen. He was the Additional Solicitor General, Government of India, during 1989-1990. He became involved in political activities during his student days and was a prominent leader of a movement launched in 1973 by Late Jai Prakash Narain. He was also detained for 19 months under M.I.S.A. during the internal Emergency.

A keen lover of Sports, Shri Jaitley was the ex-President of Delhi District Cricket Association, ex-Vice President, Board of Control for Cricket in India and ex-Member, Governing Council, Indian Premier League.

An outstanding Parliamentarian and eloquent orator, Shri Jaitley was elected to the Rajya Sabha in 2000, 2006, 2012 and 2018. He also held the post of Leader of the Opposition in Rajya Sabha during 2012-2014 and was appointed the Leader of that House in 2014, a post he held till May, 2019.

An administrator par excellence, Shri Jaitley held many posts in the Union Government like Minister of State (Independent Charge) of the Ministry of Information and Broadcasting, Ministry of Law, Justice and Company Affairs. He also held the portfolio of the Minister in Charge of the Ministry of Law and Justice; Ministry of Commerce and Industry, Ministry of Defence, Ministry of Information and Broadcasting and Ministry of Finance at various points of time and left a mark on all the Ministries he handled.

Widely travelled, Shri Jaitley visited the erstwhile USSR as a part of Youth Exchange Delegation and was a part of Indian Delegation to the United Nations General Assembly in 1998. He led the Indian Delegation to the World Trade Organisation Conference held during 10-14 September, 2003 in Cancun, Mexico. He was conferred with the Outstanding Parliamentarian Award for the year 2010.

With the untimely demise of Shri Jaitley, the Nation has lost an outstanding Parliamentarian, an able administrator and a politician who rose above party lines for evolving consensus.

Smt. Sushma Swaraj, former Union Minister, former Leader of the

Opposition in Lok Sabha and former Chief Minister of Delhi, passed away on the 6th August, 2019 at All India Institute of Medical Sciences, New Delhi, after a massive cardiac arrest. She, was 67.

Born on the 14th February, 1952 at Ambala Cantonment in Haryana, Smt. Sushma Swaraj was educated at S.D. College, Ambala Cantonment and Punjab University, Chandigarh. She started her professional career as an advocate in the Supreme Court of India in 1973. She had a glittering political career beginning as a Member of Haryana Legislative Assembly in 1977. She was also re-elected to Haryana Legislative Assembly in 1987. She served as a Cabinet Minister of the Government of Haryana during the period from 1977 to 1979 and 1987 to 1990. She was elected to Rajya Sabha in 1990, 1998 and 2006 and to Lok Sabha for four terms in 1996, 2000, 2009 and 2014.

Revered across party lines, Smt. Sushma Swaraj served as the Chief Minister of Union Territory of New Delhi during the period from 13th October, 1998 to 3rd December, 1998. She also served as the Leader of the Opposition in Lok Sabha from 2009 to 2014. As an able administrator, she served in different capacities in the Union Cabinet and was responsible for making the Ministry of External Affairs accessible to the common man through social media.

An extraordinary orator, Smt Sushma Swaraj served as the President of the Hindi Sahitya Sammelan in Haryana for four years and Chairperson, Indo-Israiel Parliamentary Friendship Group. Widely travelled, Smt Sushma Swaraj was a Member of the Indian Parliamentary Delegation to Inter-Parliamentary Union Conference, Brussels, Belgium and Geneva and participated in different conferences of the Commonwealth Parliamentary Association.

With the untimely demise of Smt. Sushma Swaraj the nation has lost an extraordinary orator, an able administrator and a distinguished Parliamentarian.

Smt. Sheila Dikshit, former Union Minister, former Governor and former Chief Minister of Delhi, passed away on the 20th July, 2019 at a private hospital in New Delhi following severe cardiac arrest. She was 82.

Born on the 31st March, 1938 in Kapurthala, Punjab, Smt. Dikshit obtained her post graduation degree in History from the University of Delhi.

An able administrator, Smt. Dikshit entered the arena of politics in 1969 under the banner of Indian National Congress. She was elected to the Delhi Legislative Assembly in 1998, 2003 and 2008 as a candidate of Indian National Congress and held the office of the Chief Minister of Delhi for consecutive three terms beginning from 1998. During her tenure, she was instrumental for development of infrastructure and mass transport system which radically changed the facet of New Delhi. She chaired the Implementation Committee for Commemoration of 40 years of India's Independence and Jawaharlal Nehru Centenary.

Widely travelled, Smt. Dikshit was elected to Lok Sabha in 1984 from Kanauj Parliamentary Constituency as a candidate of Indian National Congress and served as the Minister of State for Parliamentary Affairs and as a Minister of State in the Prime Minister's Office in the Union Cabinet. She represented India at United Nations' Commission on status of women for five years beginning from 1984.

With the demise of Smt. Sheila Dikshit, the Nation has lost a veteran politician and able administrator.

[12:10 – 12:10 p.m.]

Shri Ajoy Mukhopadhyay, former Member of Lok Sabha, breathed his last on the 24th July, 2019 at a private Hospital in Kolkata following old age complications. He was 91.

Born on the 27th August, 1928 at Raruli in Khulna district now in Bangladesh, Shri Mukhopadhyay did his graduation from Scottish Church College under the University of Calcutta. By profession, he was a State Government employee and served in different capacities in various Departments of the Government of West Bengal. From the very beginning of his service career, he deeply involved himself in various movements of the State Government Employees. He was elected the General Secretary of State Co-ordination Committee of the West Bengal Government Employees' Associations and Unions for three times. He also became the Honorary President of the All India State Government Employees' Federation. After his retirement from service he was actively involved in political activities under

the banner of Communist Party of India (Marxist). He used to contribute articles to various journals on social, economic and trade union matters.

Widely travelled, Shri Mukhopadhyay was elected to the Lok Sabha for consecutive four terms in 1989, 1991,1996 and 1998 from Krishnagar Parliamentary Constituency as a candidate of Communist Party of India (Marxist).

With the demise of Shri Ajoy Mukhopadhyay, the State has lost a veteran parliamentarian and an ardent Trade Union activist.

Shri Kashinath Mukherjee, former Secretary of West Bengal Legislative Assembly, breathed his last on the 13th April, 2019, at his residence in Bidhannagar, North 24 Parganas, following a prolonged suffering from old age complications. He was 95.

Born on the 1st January, 1925 in Bardhaman district, Shri Mukherjee did his postgraduation in Economics from the University of Calcutta. He also obtained his LLB degree from the same University. He joined West Bengal Judicial Service in 1953 and subsequently was appointed to the West Bengal Higher Judicial Service. In his professional career he worked in various capacities like District & Sessions Judge; Inspector General of Registration, Kolkata; Member Secretary, State Law Commission; Joint Secretary, Legislative Department and District Judge, 24 Parganas. He served as Secretary of West Bengal Legislative Assembly from 20th August, 1982 to 30th June, 1985. After his superannuation from West Bengal Legislative Assembly, he served as Legal Adviser of West Bengal State Electricity Board till 1989.

At the demise of Shri Mukherjee, the State has lost an efficient and able administrator.

Shri Dilip Banerjee, a versatile personality and compiler of materials essential to the grasp of parliamentary institutions in our country, passed away on the 14th July, 2019 at S.S.K.M Hospital in Kolkata following a prolonged illness. He was 87.

A man of wide interest Shri Banerjee was born in the year 1932. As a

dedicated trade unionist, he successfully organized the industrial workers' movement in Durgapur from 1957 to 1972. As working President of the Bengal Motion Pictures Employees' Union, he led a delegation of Indian Cine Workers to Moscow in 1983 and 1986. He was also a member of the Executive Committee of the West Bengal Federation of United Nations' Association and Vice-President of the Indo-Vietnam Solidarity Committee.

Shri Banerjee has been credited for compiling the book "Election Recorder—An Analytical Reference Bengal-West Bengal, 1862-2016", a store-house of information on evolution of legislature in the State.

With the demise of Shri Banerjee, the State has lost an ardent trade union activist and a systematic and coherent compiler.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

.....(At this stage, all the Hon'ble Members stood up in their seats for two minutes).....

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved families.

Before I adjourn the House for the day, I would request the Hon'ble Members not to convert this House into a club room. I have seen many Hon'ble Members to be here and there and gossiping in loud sound at the same time. The mobile phones are ringing indiscriminately inside the House. It is expected from the Hon'ble Members, being responsible persons of the society that they will maintain the ethics of the House. Thank you ladies and gentlemen.

ADJOURNMENT

The House was then adjourned at 12.19 p.m. till 11.00 a.m. on Tuesday, the 27th August, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 27th August, 2019 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 15 Ministers-in-Charge, 12 Ministers of State and 179 Members.

[11:00 – 11:10 a.m.]

50th Report of the Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 50th Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber on 21st August, 2019 and recommended the programme of business for 27th August, 2019.

27.08.2019, Tuesday :	The West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019 (Introduction, Consideration and Passing)	1 hour

Now, the Hon'ble Minister Shri Moloy Ghatak, may please move the Motion of acceptance.

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির ৫০ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় উত্থাপন করছি।

Mr. Speaker : The Motion is adopted.

Starred Questions

(to which oral answers were given)

গুরুত্বপূর্ণ নদীব্রিজ ও কালভার্টের সংখ্যা

*১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮) **শ্রী সমর হাজরা** ঃ সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি গুরুত্বপূর্ণ নদীব্রিজ ও কালভার্ট আছে; এবং

(খ) তন্মধ্যে, কতগুলি নদীব্রিজ ও কালভার্ট খারাপ অবস্থায় আছে?

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী সমর হাজরার যে প্রশ্ন - প্রশ্ন ক রাজ্যে কতগুলো গুরুত্বপূর্ণ নদীব্রিজ ও কালভার্ট আছে।

উত্তর ক) সারা রাজ্যে সেচ ও জলপথ বিভাগের অধীনে থাকা কংক্রিট বা স্টিলের পাকা সেতু এবং কালভার্টের সংখ্যা ৪৫৭৯ টি (এর মধ্যে বড় নদীর উপর অবস্থিত সেতুর সংখ্যা ২১ টি।) এছাড়াও এই বিভাগের অধীনে ৮৯১ টি কাঠের সেতু রয়েছে। বড় নদীর উপর সেতুগুলি ছাড়া বাকি সেতুগুলি মূলতঃ সেচখাল এবং নিকাশি খালের ওপর নির্মিত।

প্রশ্ন খ) তন্মধ্যে কতগুলি নদীব্রিজ ও কালভার্ট খারাপ অবস্থায় আছে?

উত্তর খ) উপরে উল্লিখিত সেতুগুলির মধ্যে ৫৬০ টি সেতু প্রায় ৫০-৬০ বছরের পুরোনো এবং জীর্ণ, যেগুলির পরিবর্তে নতুন সেতু নির্মাণ প্রয়োজন। এছাড়া ১২০৩ টি সেতুর কিছু সংস্কার প্রয়োজন। নতুন পরিবর্ত্ত সেতু নির্মাণ এবং জীর্ণ সেতুর সংস্কারের কাজ ধাপে ধাপে সম্পূর্ণ করার পরিকল্পনা নেওয়া হয়েছে। এর মধ্যে আগামী তিন বছরে রূপায়ণের লক্ষ্যে ৩৭৩ টি নতুন পরিবর্ত্ত সেতু নির্মাণের নকশা প্রস্তুত সম্পূর্ণ হয়েছে এবং মাঠে কাজের জন্য টেন্ডার প্রক্রিয়া চলছে।

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন যে, ড্যামেজের কারণ হলো, আমরাও দেখতেই পাচ্ছি ওভার লোডিং একটা, মাল বয়ে নিয়ে যাওয়া। আর একটা হচ্ছে বালি খনন। ব্রিজের কাছাকাছি, বড় সেতু যেগুলো তার কাছাকাছি বালি খনন, এই ধরনের কাজ যারা করে থাকে তার ফলে ব্রিজগুলো ড্যামেজ হচ্ছে। এই ড্যামেজের ক্ষেত্রে, এই ধরনের যারা কাজ করছে, ওভার লোডিং, বালি খনন তাদের বিরুদ্ধে আপনি কোনো অ্যাকশান নিয়ে থাকলে সেটা কি জানাতে পারবেন?

শ্রী শুভেন্দু অধিকারী : বড় সেতুগুলির রক্ষণাবেক্ষণের দায়িত্ব রাজ্য সরকারের নিয়ন্ত্রিত স্টেট হাইওয়ের ওপরে পি.ডব্লু.ডি.কে দেওয়া হয়েছে। ১২ মিটারের অধিক লম্বা যে সেতুগুলি রয়েছে তার রক্ষণাবেক্ষণের দায়িত্ব উচ্চ পর্যায়ের মিটিং করে পি.ডব্লু.ডি. - র হাতে দেওয়া হয়েছে, এন.এইচ. কে বাদ দিয়ে। আর ১২ মিটারের নীচে যে সেতুগুলি রয়েছে সেগুলো আমাদের ইরিগেশান এবং ওয়াটারওয়েজ ডিপার্টমেন্ট রক্ষণাবেক্ষণ করে এবং সেক্ষেত্রে আমাদের যে টিম রয়েছে সেই টিম সময়মতো ব্রিজগুলির দেখাশুনো করা এবং যা যা করণীয় করা, যেখানে স্পিড ব্রেকার লাগানো বা অন্যান্য যা ব্যবস্থা নেওয়া দরকার সেটা আমরা করে থাকি।

শ্রী সমর হাজরা : স্যার,মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, এই ব্রীজগুলো যে ক্ষয়ক্ষতি বা damage সেটা দেখার জন্য আপনি একটা expert committee করেন। এই Expert committee তারা এইগুলো দেখে এবং চিহ্নিত করে। এই expert committeeতে কারা কারা আছেন পদাধিকার বলে সেটা জানাবেন কি, যারা এইটাকে দেখভাল করেন ?

শ্রী শুভেন্দু অধিকারী : স্যার, আমি মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি, এইগুলো আমি আপনাকে আগেই বলেছি, শুধুমাত্র irrigation & waterwaysর বিষয় নয়, এখানে NH, PWD

অনেকগুলো bridge এর সঙ্গে যুক্ত রয়েছে। তাতে barrage কর্তৃপক্ষ যাঁরা inland water করেন তাঁদেরও bridge আছে। সেইক্ষেত্রে একটা মুখ্যসচিবের নেতৃত্বে সর্বোচ্চ কমিটি রয়েছে যারা PWD SEর নেতৃত্বে bridge supervision centrally একটা কমিটি government রয়েছে,অনেকগুলো multiple numbers of department একসঙ্গে নিয়ে। আর আমাদের যে নিজস্ব technical wings রয়েছে, সেই technical wingsএর secretary, engineerদের নেতৃত্বে যারা design এবং technical expert তাদের নিয়ে একটা কমিটি রয়েছে, জলসম্পদ ভবন সল্টলেকে তার প্রধান কার্যালয় এবং সেখান থেকে monitoring করা হয়।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় মন্ত্রী মহোদয়,আপনার অভিজ্ঞতা আছে, আপনি গ্রামাঞ্চলের লোক তো,আপনি দেখবেন এই যে অনেকগুলি ব্রীজ আছে এবং নয়ানজুলি খালের উপর culvert বা সেতু তৈরি হয়। ১২ মিটারের কম যেগুলো ছোট ছোট খাল আছে, সেখানে এই ধরনের culvert তৈরি হচ্ছে না, অনেকক্ষেত্রে হয় না। আবার অনেক ক্ষেত্রে সেগুলো তৈরি হচ্ছে এবং সেগুলো ভগ্নপ্রায় অবস্থা। এইগুলো যখন তৈরি করার ক্ষেত্রে দেখা যায় যে irrigation বলে এটা আমাদের দায়িত্ব নয়, PWD বলে এটা আমাদের দায়িত্ব নয়। জেলা পরিষদকে বলবেন - এই দায়িত্ব এড়িয়ে যাওয়ার ফলে হচ্ছে কি আসলে লোকগুলো ভুক্তভোগী হয়ে যাচ্ছে। আপনার এলাকাতেওঁ দেখবেন অনেক ছোট ছোট খালের উপর দিয়ে সেতু তৈরি হয়ে আছে, সেগুলো ভেঙ্গে গেছে বা আবার অনেকগুলো তৈরি করা দরকার নয়ানজুলি খালের পাশ দিয়ে যেগুলো আছে। এই রকম কোন সার্বিক কোন সাবমিশান আছে যে নয়ানজুলি খালের উপর দিয়ে বা এই রকম ছোট ছোট খালের উপরে যে সমস্ত ব্রীজগুলো আছে, সেগুলো কার দপ্তরে সেগুলো বিতর্কে না গিয়ে particular একটা দপ্তরকে দিয়ে করানোর চিন্তাভাবনা করছেন কি ? বা irrigationএর এই দায়িত্বগুলো নেবেন কি ? PWD, irrigationএর মধ্যে ঝামেলা না হয়।

শ্রী শুভেন্দু অধিকারী : আমি সমরবাবুর প্রশ্নের উত্তরে আগেই বলেছি, ২০১১ সালের পরে গোটা রাজ্য জুড়েই আমাদের চিহ্নিত করা হয়েছিল এবং চিহ্নিত করার মধ্যেই culvert বা কাঠের সেতু বা ১২ মিটারে বড় সেতু সব মিলিয়ে irrigation concreteএর সেতু আছে, স্টিলের সেতু আছে। সব মিলিয়ে 4579টি। একেবারে data bank তৈরি করেছেন irrigation & waterways dept. আপ টু 2011। এই 4579টি আমাদের irrigation এবং waterways নিয়ন্ত্রণভুক্ত। পরবর্তীকালে রাজ্য সরকারের অনেকগুলো দপ্তর মিলে ১২ মিটার পর্যন্ত irrigation এবং waterways বা জেলা পরিষদ যার যেটা সেটা সে দেখবে। আর ১২ মিটারের বেশি যেগুলো আছে PWD রক্ষণাবেক্ষণ করবে,তাদের expertise team দিয়ে,এটাই সিদ্ধান্ত হয়। কিন্তু আপনি যে প্রশ্নটা বলছেন যে দায়িত্ব এড়িয়ে যাওয়ার বিষয় নেই, কারণ আমরা চিহ্নিতকরণ করে নিয়েছি irrigation এবং waterwaysগুলো। তার সংখ্যা আমি সমর হাজরা'র প্রশ্নের উত্তরে বলে দিয়েছি। এর মধ্যে কাঠের ব্রীজ যেটা জরাজীর্ণ যেটা হচ্ছে ৮৯১টা কাঠের ব্রীজ জরাজীর্ণ অবস্থায় রয়েছিল। আপনি শুনলে খুশি হবেন ২০১১ সাল থেকে আজ অবধি বর্তমান সরকারের সময়কালে মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ২৮০টি কাঠের ব্রীজকে পাকা ব্রীজে convert করা হয়েছে। এবং ৩৭৩টি

কাঠের ব্রীজকে পাকা করার জন্য soil test, DPR এবং টেন্ডার করা হয়েছে এবং একটা তো tender mature হয়ে গেছে, আর একটা tender on process আছে। এই ৩৭৩টি আগামী বছর নভেম্বর মাস থেকে পর্যায়ক্রমে কাজ হবে তিন বছরের মধ্যে আরও ২৮০ plus ৩৭৩টি কাঠের ব্রীজকে পাকা ব্রীজে convert করা হবে এবং রাজ্য সরকারের special infrastructure - project। আমাদের budgetary provisionএর বাইরেও এর জন্য তারা অর্থ সংস্থান করেছে।

শ্রী আব্দুল মান্নান : আমি নয়ানজুলি খালের কথা বলেছি, আমার নিজের একটা অভিজ্ঞতার কথা বলছি, আমি একটা জায়গা দিয়ে যাচ্ছিলাম, ওটা আমার constituencyর মধ্যে নেই,জেলাতে নবাবপুর অঞ্চল চন্ডীতলা। আমি দেখলাম স্কুলের ছেলে-মেয়েরা যাচ্ছে, পাশে একটা স্কুল আছে। সামনে যে রাস্তার মাঝে নয়নজুলি খাল এবং সেখানে তারা কি অসহায় অবস্থার মধ্যে আছে দুটো বাঁশের উপর দিয়ে স্কুলের মেয়েদের যেতে হচ্ছে। আমি headmistressএর সঙ্গে দেখা করলাম এবং বললাম আপনারা এই ব্রীজটার কথা বলেননি কেন। উনি বললেন, না, আমরা অনেককে বলেছি, কেউ কিছু করেননি। আমি বললাম ঠিক আছে, আমি রাজ্যসভার মেম্বারের থেকে টাকাটা দিয়ে দেব। আমি তো ওটা দিতে পারি না কারণ জমিটা তো তার নয়। আমি irrigation দপ্তরকে বললাম যে দেখুন টাকার যদি অসুবিধা থাকে তাহলে রাজ্যসভার মেম্বারের থেকে টাকাটা দিয়ে দেব,কিন্তু দয়া করে ব্রীজটা করবেন,কারণ স্কুলের ছেলে-মেয়েরা যেতে পাচ্ছেন না। এটা আমার constituencyর মধ্যে নেই। এইটাও আমাকে করতে দিচ্ছে না,বলছে না ওটা ইরিগেশান দপ্তর করবে, PWD করবে, জেলা পরিষদ করবে।

[11:10 – 11:20 a.m.]

আরও এই রকম কয়েকটা আছে, উদাহরণ এই রকম অনেকগুলো আছে। আমি সেই অভিজ্ঞতা থেকে আপনাকে বলছি, আপনার কাছে যদি এই রকম কোন খবর আসে বা আপনার যদি নোটিশে আনা হয়, তাহলে আপনি সেগুলো যে দপ্তরকে দিয়ে করানো সম্ভব সেই দপ্তরকে দিয়ে করান। ছোটখাটো ব্রিজগুলো করতে যদি কিছু টাকাও লাগে, থাকলে বিধায়করা নিশ্চয়ই দিয়ে দেবেন বা আমরাও দিয়ে দিতে পারি। আমরাও রাজ্য সরকারের মেম্বার যারা আছি, তারাও নিশ্চয়ই দিয়ে দিতে পারি। টাকাটা নিয়ে সমস্যা নয়, কিন্তু কাজটা কে করবেন সেটা নিয়ে প্রব্লেম হয়ে যায়। আমি আমার অভিজ্ঞতা থেকে একথা বলছি ভবিষ্যতে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করব। এইভাবে কয়েকটি স্পেশিফিকভাবে উদাহরণ দিয়ে আপনি কাইন্ডলি এগুলো একটু দেখবেন।

শ্রী শুভেন্দু অধিকারী : আমি আগেও বলেছি যে, ৮৯১ টি কাঠের ব্রিজ, যেটা আমাদের ইরিগেশন ওয়াটার ওয়েজের, এর দায়িত্ব আমরা নিচ্ছি, নিয়েছি এবং তার কাজও হচ্ছে। আপনি যে পার্টিকুলার ব্রিজটার কথা বলেছেন, সেটা আমাদের এই ৮৯১ যে ডাটা ব্যাঙ্ক আছে, তার মধ্যে যদি অন্তর্ভুক্ত হয়, সম্ভবতঃ নেই, তাহলে জেলা পরিষদ বা অন্য কারোর হাতে আছে। এটা পি.ডব্লু ডি.-র হাতে নেই। আপনি সম্মানীয় বিরোধী দলনেতা, আপনার এই প্রস্তাব রাজ্য

সরকারের রাজ্যসভার টাকা নিয়ে ব্রিজ করার দরকার নেই। আমরা জনস্বার্থে এগুলো নিয়মিত করি। যারা ২৮০ টি করতে পেরেছে, তারা আরও একটা করে দিতে পারবে।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে। আমার অনুরোধ - আমার মেমারী বিধানসভায় রসুলপুরে বৈদ্যডাঙ্গা বলে একটা সেতু আছে, সেখান দিয়ে পাঁচটা গ্রাম যাতায়াত করে, সেখানে একটা গার্লস স্কুলও আছে, তারাও যাতায়াত করে। খালটা সংস্কারের জন্য আমি অনুরোধ করছি। এর কাজ অনেকটা এগিয়ে গেছে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি অনুমোদন করেন, তাহলে খালটার কাজ শুরু হয়ে যাবে। এটা আপনার মাধ্যম দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ।

শ্রী শুভেন্দু অধিকারী : ২০১৯-২০ -র পরিকল্পনা ২০১৮ সালের নভেম্বর মাসে তৈরি হয়। নভেম্বর মাসে তৈরি করা হয় এই কারণে, বিগত দিনে বর্ষার সময় ইরিগেশনের কাজ হত। বর্তমানে বর্ষার সময় ইরিগেশনের জরুরী কাজ ছাড়া হয় না। আমরা কাজটা করি নভেম্বর থেকে আপ টু মে জুন, বর্ষার আগে পর্যন্ত। আপনার উল্লিখিত প্রস্তাবটি যদি গত বছরের প্ল্যানিংয়ের অন্তর্ভুক্ত হয়ে ডি.পি.আর.বা অন্যান্য, এস্টিমেট হয়ে থাকে, তাহলে নিশ্চিতভাবে আমি দেখব যে যাতে তাড়াতাড়ি এটা টেন্ডার প্রক্রিয়ায় চলে যায়। আর যদি না হয়ে থাকে, তাহলে আমরা আগামী অর্থবর্ষে বিষয়টা বিবেচনা করব।

শ্রী ইদ্রিস আলি : I am deeply grateful to you, your honour, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে অনুরোধ করছি, উলুবেড়িয়ার পূর্ব এরিয়ায় কিছু জায়গায় ভাঙ্গন চলছে, বিশেষ করে কালীবাড়ি বলে একটা জায়গা আছে, মাননীয় মন্ত্রী হয়ত জানেন, উলুবেড়িয়ার পূর্ব কেন্দ্রে শহরের মধ্যে, সেখানে একটা বড় ভাঙ্গন দেখা দিয়েছে, এই ব্যাপারটা যদি দয়া করে তাড়াতাড়ি মেরামতের ব্যবস্থা করেন, আমি কৃতজ্ঞ থাকব।

শ্রী শুভেন্দু অধিকারী : এটা এক মাসে আগের ঘটনা। আপনি স্পটে ভিজিটও করেছেন। যেদিন আপনি গেছেন, আমি সংবাদমাধ্যমে ছবিটা দেখেই পরের দিন সকালবেলায় আমি আমাদের দপ্তরকে এটা টেক-আপ করতে বলেছি। আপনি খোঁজ নিলে জানতে পারবেন, প্রাইমারী প্রোটেকশানের কাজ ইতিমধ্যে সেখানে করা হয়েছে। আমরা হাওড়া ডিভিসানকে বলে দিয়েছিলাম প্রাইমারী যাতে আরও ক্ষতি না হয়, ইরোশনটা যাতে না বাড়ে, মানুষের ক্ষতি না হয়, তার জন্য প্রাথমিক কাজটা করা হয়েছে। যেটা স্থায়ী কাজ, সেটা মনসুন চলে গেলে আমরা টেক- আপ করব।

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে ইরিগেশান মিনিস্টারের কাছে আমার অনুরোধ এবং আমি তাঁর দৃষ্টি আকর্ষণও করব। আমার কেশপুর বিধানসভায় ঝ্যাটনা ১৪ নং অঞ্চল, একটা পারাং নদী আছে। সেখানে একটা বাঁশের ব্রিজ ছিল। সেটা এই বর্ষাতে ভেসে চলে গেছে। সেটা পেপারেও এসেছে। আমি অনুরোধ করব, এই সেশনে না হলেও যদি পরের সেশনে করে দেওয়া যায়।

Shri Suvendu Adhikari : এটা আমার নোটিশে আছে। আপনার এস.সি. মেদিনীপুর জোনকে বলেছি যে, আপাতত কাঠের ব্রীজটাকে পুনরায় তৈরি করে দেওয়ার জন্য। আর আপনি শুনলে খুশি হবেন যে, আমাদের যে টেন্ডার প্রক্রিয়া হয়েছে তাতে পশ্চিম মেদিনীপুর জেলায় ২৫টি কাঠের ব্রীজকে পাকা করার জন্য প্রক্রিয়া সমাপ্ত হয়েছে। এটাতে আপনাদের জেলা অনেকটা উপকৃত হবে।

জি.ডি.পি. বৃদ্ধির হার

*২। (অনুমোদিত প্রশ্ন নং *২৪) **শ্রীমতী গীতা রানী ভুঞ্যা** ঃ অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে রাজ্যে জি.ডি.পি. বৃদ্ধির হার সব রাজ্যের চাইতে বেশি; এবং

(খ) সত্যি হলে– (১) এই রাজ্যে জি.ডি.পি. বৃদ্ধির হার কত;
(২) অন্যান্য রাজ্যগুলির বৃদ্ধির হার কত;
(৩) সমগ্র দেশের বৃদ্ধির হার কত; ও
(৪) অন্যান্য রাজ্যগুলির তুলনায় এই রাজ্যের জি.ডি.পি. বৃদ্ধির হার বেশি হওয়ার কারণ কী?

Mr. Speaker : একটা লেন্দি রিপ্লাই তবুও আমি ডাঃ মিত্রকে বলবো, রিপ্লাইটা পড়ে দিন। It is a lengthy reply that has been sent. আপনারা কপি পেয়েছেন? Have you received the copy of it? Anyway, Hon-ble Minister, will you read it out? This is an important question she has put.

Dr. Amit Mitra : আপনার অনুমতি নিয়ে আমি যতটা শর্ট করতে পারি। প্রশ্ন-ক এটা কি সত্যি যে - রাজ্যে জি.ডি.পি. বৃদ্ধির হার সব রাজ্যের চাইতে বেশি; এবং উত্তর-ক হ্যাঁ, এটা সত্যি যে ২০১৮-১৯ অর্থবর্ষে স্থায়ী মানে, constant price-এ ও বর্তমান মূল্যে কারেন্ট প্রাইসে পশ্চিমবঙ্গের জি.ডি.পি. বৃদ্ধির হার সব রাজ্যের চাইতে বেশি। তথ্যটি ন্যাশানাল স্ট্যাটিস্টিক্যাল অফিস, কেন্দ্রীয় পরিসংখ্যান ও কার্যক্রম বাস্তবায়ণ মন্ত্রক, ভারত সরকার দ্বারা ০১.০৮.২০১৯ তারিখে প্রকাশিত।

প্রশ্ন-খ (১) এই রাজ্যে জি.ডি.পি. বৃদ্ধির হার কত; উত্তর-খ (১) ২০১১-১২ বেস ভিত্তিতে বর্ষের সাপেক্ষে, ২০১৮-১৯ অর্থবর্ষে স্থায়ী মূল্যে পশ্চিমবঙ্গের জি.ডি.পি. বৃদ্ধির হার ১২.৫৮ শতাংশ। একই সময়ে বর্তমান মূল্যে constant price-এ পশ্চিমঙ্গের জি.পি.পি. বৃদ্ধির হার ১৭.৮১ শতাংশ হারে বেড়েছে। তথ্যটি ন্যাশানাল স্ট্যাটিস্টিক্যাল অফিস, কেন্দ্রীয় পরিসংখ্যান ও কার্যক্রম বাস্তাবয়ণ মন্ত্রক, ভারত সরকার দ্বারা ০১.০৮.২০১৯ তারিখে প্রকাশিত।

প্রশ্ন-খ (২) অন্যান্য রাজ্যগুলির বৃদ্ধির হার কত? স্যার, এই উত্তরের জন্যে with respect to this august House, আমি exactly প্রত্যেকটি রাজ্যের কত গ্রোথ হয়েছে তুলে দিয়েছি।

এতে দু'টো রাজ্য নেই হয়তো আপনাদের চোখে পড়বে – গুজরাট এবং মহারাষ্ট্র। তার কারণ কেন্দ্রীয় সরকারের তথ্য, আমার তথ্য নয়। সেখানে গুজরাট এবং মহারাষ্ট্রের ক্ষেত্রে লেখা আছে N.A. not available, তাই নেই। ২০১৮-১৯ অর্থবর্ষে স্থায়ী মূল্যে অন্যান্য রাজ্যের জি.ডি.পি. বৃদ্ধির হার ক্রমানুসারে নিম্নলিখিত। স্যার, সবক'টা পড়বো না। উপর থেকে এবং নীচের থেকে দু'একটা পড়ছি। ১) পশ্চিমবঙ্গ - ১২.৫৮, ২) অন্ধ্রপ্রদেশ - ১১.০২ নাম্বার টু এবং নিচে ৩) বিহার - ১০.৫৩, ৪) তেলেঙ্গানা - ১০.৫০, ৫) কর্ণাটক - ৯.৫৩, ৬) পুদুচেরি - ৮.৬৮, ৭) দিল্লী - ৮.৬১, ৮) ওড়িশা - ৮.২৬, ৯) হরিয়ানা - ৮.১৯, ১০) তামিলনাড়ু - ৮.১৭, ১১) হিমাচলপ্রদেশ - ৭.৩৪, ১২) রাজস্থান - ৭.৩৩, ১৩) সিকিম - ৭.০৫, ১৪) মধ্যপ্রদেশ - ৭.০৪, ১৫) ঝাড়খন্ড - ৬.৯৯, ১৬) উত্তরাখণ্ড - ৬.৮৭, ১৭) উত্তরপ্রদেশ - ৬.৪৬, ১৮) ছত্তিসগড় - ৬.০৮ ১৯) পাঞ্জাব - ৫.৯১, ২০) গোয়া - ০.৪৭। কুড়িটি রাজ্যের তথ্য আপনাদের সামনে with respect to this august House এবং এখানে অনারেবল বিধায়িকার প্রশ্নের উত্তর দিয়েছি। তথ্যটি ন্যাশানাল স্ট্যাটিস্টিক্যাল অফিস, কেন্দ্রীয় পরিসংখ্যান ও কার্যক্রম বাস্তবায়ণ মন্ত্রক, ভারত সরকার দ্বারা ০১.০৮.২০১৯ তারিখে প্রকাশিত। সুতরাং, এই তথ্যটি আমার নয়।

প্রশ্ন-খ (৩) সমগ্র দেশের বৃদ্ধির হার কত; উত্তর-খ (৩) ২০১১-১২ ভিত্তিতে বর্ষের সাপেক্ষে, ২০১৮ ১৯ অর্থবর্ষে (প্রভিশনাল এস্টিমেট বা অস্থায়ী অনুমানের ভিত্তিতে) স্থায়ী মূল্যে constant price-এ সমগ্র দেশের জি.ডি.পি. বৃদ্ধির হার ৬.৮ শতাংশ। পশ্চিমবঙ্গের কত স্যার? ১২.৫৮ শতাংশ, এটা একটা comparative figure. একইভাবে আপনি যদি এই সময়ে বর্তমান মূল্যে নেন কারেন্ট প্রাইসে তাহলে ভারতবর্ষের জি.ডি.পি.র গ্রোথ ১১.২ শতাংশ। পশ্চিমবঙ্গের গ্রোথ ১৭.৮১ শতাংশ। That is the difference স্যার। তথ্যটি ন্যাশানাল স্ট্যাটিস্টিক্যাল অফিস, কেন্দ্রীয় পরিসংখ্যান ও কার্যক্রম বাস্তবায়ণ মন্ত্রক, ভারত সরকার দ্বারা ৩১.০৫.২০১৯ তারিখে প্রকাশিত।

প্রশ্ন-খ (৪) অন্যান্য রাজ্যগুলির তুলনায় এই রাজ্যের জি.ডি.পি. বৃদ্ধির হার বেশি হওয়ার কারণ কী? এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। কিন্তু এর অনেক লম্বা জবাব হতে পারত। আমি চেষ্টা করেছি মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরকে ছোটো করে দেওয়া। তিনটি কারণ দিয়েছি। এই রাজ্যে জি.ডি.পি. বৃদ্ধির কারণগুলির মধ্যে কয়েকটি কারণ নিম্নরূপ:

(১) যেখানে ২০১৭-১৮ সালে পরিকল্পনা খাতে ব্যয় ছিল ৫৭,৭৭৯ কোটি টাকা, ২০১৮-১৯ এ এক বছরের মধ্যে এটি হয়েছে ৭১,১১৩ কোটি টাকা অর্থাৎ ২৩ শতাংশ বৃদ্ধি পেয়েছে পরিকল্পনা খাতে। আপনারা জানেন স্যার, এই হাউসে আমি আগেও বলেছি যে, এই সরকারের খরচার মাধ্যমে Keynesian multiplier এর মাধ্যমে জি.ডি.পি. বাড়ে। এবং কতগুণ বাড়ে স্যার? চারগুণ বাড়ে। সেটা তলায় আছে এ্যানসারে।

(২) এই রাজ্যে ২০১৭-১৮ সালে মূলধনী ব্যয় capital expenditure যেখানে ১৯,০৮৫ কোটি টাকা ছিল সেখানে ২০১৮-১৯ সালে বেড়ে হয়েছে ২৩,৭৮৭ কোটি টাকা অথাৎ ২৫

শতাংশ বৃদ্ধি পেয়েছে। স্যার, আপনার অনুমতি নিয়ে আমি এখানে এ্যাড করতে চাই যে, ২০১০-১১ তে মূলধনী ব্যয় ছিল ২ হাজার কোটি সেটা আজকে হয়েছে ২৩ হাজার ৭৮৭ কোটি। এটা দ্বিতীয় এলিমেন্ট।

(৩) শুধুমাত্র, বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন থেকেই প্রকল্প বাস্তবায়ণ, ২০১৭-১৮ সালের ২৬,৩৯১ কোটি টাকার থেকে বৃদ্ধি পেয়ে ২০১৮-১৯ সালে ৪৬,০৯৬ কোটি টাকা হয়েছে অর্থাৎ ৭৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে। প্রাইভেট ইনভেস্টমেন্টে। এটা বাস্তবায়িত হয়েছে। এতে আবার আমরা জানি যে, কেন্দ্রের Multiplier এর ইমপ্যাক্ট হবে।

যেহেতু পরিকল্পনা খাতে ব্যয় বৃদ্ধি, মূলধনী খাতে ব্যয় বৃদ্ধি এবং বেসরকারী বিনিয়োগ বৃদ্ধি Keynesian Multiplier এর মাধ্যমে আনুপাতিক ৪ গুণ বৃদ্ধির হারকে সূচিত করে, তাই জি.ডি.পি. বৃদ্ধির হারের মূল কারণ ধরা যেতে পারে। স্যার, আরও অনেকগুলো পয়েন্ট করা যেত তবে এটা আমি রেসট্রিক্ট করেছি।

[11:20 – 11:30 a.m.]

শ্রীমতী গীতারানী ভূঞ্যা : স্যার, ২০১১ থেকে ২০১৮ সাল অবধি রাজস্ব কত বৃদ্ধি পেয়েছে?

ডঃ অমিত মিত্র : এটা লিখিত ভাবে দিলে আমি এগজাক্ট ফিগার দিয়ে দেব। আমি আন্দাজে বলতে চাইনা। এটা আপনার অ্যাপ্রক্সিমেটলি, না, অ্যাপ্রক্সিমেটলি বলা ঠিক হবেনা হাউজের ফ্লোরে। রাজস্ব বিশালভাবে বৃদ্ধি পেয়েছে। তা না হলে এইভাবে জি.ডি.পি বাড়তো না। তাই আমি এটা আপনাকে লিখিতভাবে দিয়ে দেব। এগজাক্ট ফিগার দেব যাতে কোন কনফিউশন না থাকে।

শ্রী মনোজ চক্রবর্তী : মাননীয় অর্থমন্ত্রী সত্যিই তাঁর যে পরিসংখ্যান দিয়েছেন, অত্যন্ত সাফল্যমন্ডিত এবং মনে হচ্ছে পশ্চিম বাংলাকে আপনি প্রাকটিক্যালি 'সোনার বাংলা' বানিয়েই দিয়েছেন। এত সাফল্য, এত আপনার কাঁড়ি কাঁড়ি টাকা তো আপনি বেচারা সরকারী কর্মচারীদের ডি.এ. এবং এম.এল.এ.-দের ৩ কোটি টাকা করে এলাকার উন্নয়নের জন্য করছেন না কেন ? এটা আপনার কাছে আমার স্পেসিফিক প্রশ্ন। সরকারী কর্মচারীদের ডি.এ. কবে দেবেন ? আর, বিধায়কদের এম.এল.এ ল্যাড কবে বাড়াবেন? সত্যিই তো আপনি সোনার ভাণ্ডার নিয়ে বসে আছেন। আপনি দয়া করে একটু বলুন।

মিস্টার স্পীকার : This is not related. This question is not related.

ডঃ অমিত মিত্র : স্যার, respected বিধায়কের অধিকার আছে, তিনি সব রকমের আবদার করতে পারেন, সব রকমের ডিম্যান্ড করতে পারেন। অর্থমন্ত্রীর কাজ হচ্ছে শুনে নেওয়া, বিবেচনা করা। শুনে নিয়েছি স্যার।

ডঃ সুখবিলাস বর্মা : স্যার একটা প্রশ্ন, প্রথমত হচ্ছে, রাজ্যের ক্ষেত্রে GDP বলা হয় না। GSDP? আমি তো এতদিন জানতাম রাজ্যের ক্ষেত্রে GSDP not GDP.

আর আমি এর আগেও অনেকবার বলেছি বিভিন্ন রাজ্যের জিএসডিপির সঙ্গে এখানের তুলনা করা যায় না। অনেকগুলো ফ্যাক্টর থাকে। নাম্বার টু- নাম্বার ওয়ানের মধ্যেই গোয়া এবং হরিয়ানা এই দুটোকে বলা হয় হাইয়েস্ট ইনকাম গ্রুপের স্টেট। আর আমরা শুনলাম যে গোয়া হচ্ছে জিরো পয়েন্ট সামথিং পার্সেন্ট। স্যার, আমি ঠিক মেলাতে পারছি না, যদি একটু বলেন?

ডঃ অমিত মিত্র : স্যার মাননীয় বিধায়ক মহোদয় ঠিকই বলেছেন প্রশ্নটা ছিল রাজ্যের জিডিপি। তার মানেটা উনি নিশ্চয়ই জানেন, তার মানে হচ্ছে জিএসডিপি। রাজ্যের জিডিপি মানেই জিএসডিপি। দ্বিতীয় প্রশ্ন গোয়া সম্বন্ধে উনি বলেছেন যে গোয়া, হরিয়ানা ইত্যাদি, স্যার তথ্যটা আমি প্রোডিউস করিনি। তথ্যটা কেন্দ্রীয় সরকার তুলে দিয়েছে এবং গোয়াতে আপনি জানেন কেন্দ্রীয় সরকার যে পলিটিক্যাল প্রসেসে আছে গোয়াতে এখন তারাই রাজত্ব করে। তাদের জিরো পয়েন্ট ফোর সেভেন আমার তথ্য নয় এটা কেন্দ্রীয় সরকারের তথ্য। আপনি লড়াইটা কেন্দ্রীয় সরকারের কাছে নিয়ে যান।

শ্রী আনিসুর রহমান : স্যার, আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি উনি যে তথ্যটা দিলেন ভারত সরকারের কোন সংস্থা বা কোন দপ্তর - আমরা পাইনি। ভারত সরকারের কোন সংস্থা বা দপ্তর এটা পেলে আমরা খুশী হব, মাননীয় মন্ত্রী যদি জানান?

ডঃ অমিত মিত্র : এটাকে ছোট করার জন্য বলিনি, উত্তরে আছে। আপনি চাইলে দেখতে পারেন পড়ে দিচ্ছি। তথ্যটি ন্যাশনাল স্ট্যাটিস্টিক্যাল অফিস -এটা প্রশ্নের উত্তরেই লিখিত আছে। কেন্দ্রীয় পরিসংখ্যান ও কার্যক্রম বাস্তবায়ণ মন্ত্রক- ভারত সরকার। স্যার এটাই হচ্ছে দপ্তর যার মাধ্যমে 1.8.2019 -এই ডেটাটা পাব্লিস হয়েছে।

শ্রী জ্যোর্তিময় কর : মাননীয় স্পিকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের এতগুলো প্রক্রিয়ার লোনকে পরিশোধ করেও আজকে জিডিপি বৃদ্ধির হার এই, তার ফাউন্ডেশান আপনি দিয়েছেন। ক্যাপিটাল এক্সপেণ্ডিচার মূলধনী খাতে ব্যয় এবং বেসরকারী বিনিয়োগ। সেখানে আমরা ন্যাশনাল ক্ষেত্রে উল্টো চিত্রটা দেখতে পাচ্ছি। বিদেশী বিনিয়োগ পালিয়ে যাচ্ছে আর দু কোটি টাকার উপরে সার চার্জ চড়ানোর পরে। রিসেন্ট একটা খবর বেরিয়েছে কেন্দ্রীয় সরকার রিজার্ভ ব্যাঙ্ক থেকে যেটা হয় না, এক লক্ষ তিরিশ হাজার কোটি টাকা ঋণ নিয়েছে। এর ফলে এর যে রিয়্যাকশান হবে অর্থনীতিতে, রাজ্য তাতে বিঘ্নিত হবে কিনা বা তার টোটাল রিয়্যাকশান কি হবে? কারণ এঁরা আছেন আপনি সামান্য ঋণ শোধ করার জন্য ঋণ নিলে আমরা টলটল হয়ে যাই। এই যে এত পরিমাণ রিজার্ভ ব্যাঙ্কের টাকা আজকে নেওয়া হচ্ছে এর রিয়্যাকশানটা কী হবে? রাজ্যের উপরে কিছু পড়বে কিনা যদি বলেন?

ডঃ অমিত মিত্র : স্যার, এটি সত্য যেটা মাননীয় বিধায়ক মহোদয় বলেছেন যে রিজার্ভ ব্যাঙ্ক থেকে সরকারকে unprecedented আগে কখনও হয়নি ভারতবর্ষে, বিশাল অ্যামাউন্ট ভারত সরকারকে দিয়ে দেওয়া হয়েছে। স্যার আমার দুটো বক্তব্য এর সাথে আছে। এক হচ্ছে রিস্ক মেইনটেইন করার জন্য একটা রিজার্ভ থাকা। সাধারণত সেই রিস্ক মেইনটেইনের জন্য

যেখান থেকে পয়সা দেওয়া হয় না, এই প্রথম ভারতবর্ষের রিস্ক বেড়ে গেল। আজকে যদি আমাদের Rupee depreciation হচ্ছে তার কি impact হবে। flight of capital, মার্কেট থেকে capital যদি ফরেনাররা তুলে নেয় যেটাকে হট মানি বলা হয় তখন ইকোনমিকে বাঁচানোর জন্য কী হবে? সেই হেতু আমি অত্যন্ত চিন্তিত যে ভারতবর্ষের ইতিহাসে প্রথম রিজার্ভ ব্যাঙ্ক নিজে risk based quantum যেটা ফান্ড পেয়েছে সেটার থেকে টাকা তুলে ভারত সরকারকে দিয়ে দিল। এটা অত্যন্ত চিন্তার বিষয়। দুজন পাস্ট গভর্ণর অফ রিজার্ভ ব্যাঙ্ক এই সম্বন্ধে বলেছেন যে এটা ঠিক নয়, এরকম করা উচিত হবে না। কিন্তু তাদের কথা না মেনেই এটা করে দেওয়া হয়েছে। একজন ডেপুটি গভর্ণর স্পেশিফিক্যালি বলেছেন যে এটা করা যায় না। সেই হেতু অত্যন্ত চিন্তার বিষয় ভারতবর্ষের যে রিক্স risked element money যেটার থেকে ভারতবর্ষের ফিউচার - স্যার আপনার মাধ্যমে বলি আজকে আমেরিকা সম্বন্ধে একটা প্রশ্ন উঠছে যে probably recession may be coming to America।

[11:30 – 11:40 a.m.]

তার কিছু নতুন তথ্য বেরিয়েছে। তাই যদি হয় current recession expected, তাই যদি হয় তখন আমাদের নিজেদের অর্থনীতিকে বাঁচানোর জন্য risk related1 প্রশ্নে যেতে হবে নিজেদের বাঁচানোর জন্য। সেই টাকা যদি ভারতবর্ষের সরকারকে দিয়ে দেওয়া হয়।

দ্বিতীয় প্রশ্ন হল, রিজার্ভ ব্যাঙ্কের autonomy - আর কি রইল ? না। সেটার মূল কথা হচ্ছে, আগের রিজার্ভ ব্যাঙ্কের গভর্ণর বলে গেছেন অটোনমি মেন্টেন করতে হবে। তার আগের রিজার্ভ ব্যাঙ্ক গভর্ণর বলে গেছেন ডেপুটি গভর্ণর resign করলেন, কেন না he felt that there was no autonomy, সেই অটোনমিটা কি ছিনিয়ে নেওয়া হল ? এই সম্বন্ধে আলোচ্য বিষয়। ভারতবর্ষের কোণে কোণে হওয়া উচিত। Reserve Bank's autonomy risk fund reduce করে ভারতবর্ষকে আরো রিস্ককে ঠেলে দেওয়া। যদি আজকে আমেরিকায় recession হয়ে যায় স্যার, যে রকম ২০০৮এ হয়েছিল market collapse recession - রিজার্ভ ব্যাঙ্কের যদি সেই risk fund না থাকে তাহলে কোথা থেকে ভারতবর্ষ বাঁচবে। সেইজন্য শুধু ভারত সরকার নয়, প্রত্যেকটি রাজ্য সরকারের উপরে যেটা আপনি জানতে চেয়েছেন, এর ভয়ঙ্কর ইমপ্যাক্ট পড়বে। সেই ব্যাপারে আমি অত্যন্ত চিন্তিত, আমাদের সরকার অত্যন্ত চিন্তিত। মাননীয়া মুখ্যমন্ত্রী দেখেছেন, এই নিয়ে আমার সাথে কথা হয়েছে, উনিও চিন্তিত। আমাদের সবাইকে কাঁধে কাঁধ মিলিয়ে এই autonomy খর্ব করাটাকে রুখতে হবে এবং risk weighted fund যাতে না দেওয়া হয়, কেন দেওয়া হল তার প্রশ্ন পালামেন্টে নিশ্চয় আমাদের বিভিন্ন সাংসদরা আছেন তাঁরা রেজ করবেন।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, অর্থমন্ত্রী বলতে গিয়ে যে উদ্বেগ প্রকাশ করেছেন আমার ধারণা সেটা যথার্থ। রিজার্ভ ব্যাঙ্কের রিজার্ভ ফান্ডকে যেভাবে কার্যত ছিনিয়ে নেওয়া হয়েছে, আমি বলবো ছিনতাই করে নেওয়া হয়েছে এটা আমাদের দেশের জন্য কোন মতেই ভাল নয়। তার

বিরুদ্ধে আমাদের সকলের মনোভাব থাকা উচিত এবং এই ক্ষেত্রে যদি আমাদের বিধানসভা কোন ইনিশিয়েটিভ নেয় সেখানে আমাদের বিবেচনা করা যায় বলে আমার ধারণা। যদিও আমার প্রশ্ন এটা নয়। আমার প্রশ্নে আগে - একটা তো GDP জানতাম, GSDP জানতাম হঠাৎ কেন GDP হয়ে গেল। ইচ্ছাকৃতভাবে এই ভুলটা হচ্ছে কি না, অবচেতন মনে হচ্ছে বলতে পারবো না। এখানে আপনার উত্তরে একটা ভ্রান্তি দেখাচ্ছি তারপরে প্রশ্নে আসছি।

চার নম্বরে যেটা আসছে স্যার, ২০১৭-১৮ থেকে ২৬ হাজার ৩৯১ কোটি, ২০১৮-১৯ - এ বেড়ে হল ৪৬ হাজার ৯৬ কোটি। তার মানে বাড়ল ১৯ হাজার ৭০০ কোটি। ১৯ হাজার ৭০০ ডিভাইডেড় বাই ২৬ হাজার ৩৯১ - ৭৮% হয়। ওটা আপনি লিখেছেন বৃদ্ধি হয়েছে ৪৩%। যখন ভাল করে দেখাচ্ছেন তখন আরো একটু ভাল করে দেখান যে বৃদ্ধি ৭৮%। বৃদ্ধিটাকে কেন ভুল দেখাচ্ছেন ? অঙ্কের মধ্যে কোন ভুল আছে কি না আমার সেই দুশ্চিন্তাটা থেকে গেলই বলে আমি আপনাকে এই ছোট ত্রুটিটা ধরিয়ে দিলাম, পারলে আপনি কারেকশান করে নেবেন। আমার প্রশ্ন যেটা সেটা হল এই, মনোজবাবু যে স্পিরিটে বলেছেন, দেশের মধ্যে সর্বশ্রেষ্ঠ সোনার মধ্যে আমি নাই বা গেলাম, সর্বশ্রেষ্ঠ - পারলে ১২, ১৪, ১৬ বা তার চেয়ে বেশি। সত্যি তো গোয়া যদি ০.৪% তার চাইতে আমরা কার্যত ২৮ গুণ বেশি, অভাবনীয়। তাহলে গোয়ার গ্রোথ রেটের সঙ্গে আমাদের গ্রোথ রেট এত বেশি হয় সরকারের, আপনার দপ্তরের সার্কুলার স্যার, বাকিটার সাথে সহমত হয়ে বলছি। তাতে Group-D, Group-C, contractual-দের আপনি যে পয়সা দিতে বলেছেন ১২ হাজার,১৩ হাজার ইত্যাদি। কেন আপনার এই circular surplus fund থাকা সত্ত্বেও সরকারের দপ্তরগুলো সরকার অথবা পৌরসভা অথবা পঞ্চায়েত থেকে যারা contractual পায় তাদেরকে এটা দেবার ব্যবস্থা করছি না কেন while our surplus is so much, our reserve is so much, our GSDP is the best or highest in the country? এই দুটো মিলছে না। দারুন বেশি অথচ সবচেয়ে কম আমাদের মাইনে, সবচেয়ে কম আমাদের contractual-রা, কেন সবচেয়ে কম আমাদের মিউনিসিপ্যালিটির কর্মচারীরা। কেন এই ব্যাখ্যাটা দিন।

Mr. Speaker : This is not related to the main question.

Dr. Sujan Chakraborty : Sir, definitely it is related.

মিঃ স্পীকার : এনিওয়ে, যদি মন্ত্রী উত্তর দিতে চান তাহলে দিতে পারেন। But I feel this is not related to the main question. অর্থ দপ্তর বলে সব কিছু ঢুকিয়ে দিলে তো হবে না। এর পরে বলবেন প্যারা টিচারদের মাইনে বাড়ান, এর পরে বলবেন এদের মাইনে বাড়ান, সব কিছু আপনারা ঢুকিয়ে দেবেন that cannot be, মাননীয় মন্ত্রী, যদি আপনি বলতে চান তাহলে বলুন। এটা ডিবেট হতে পারে কিন্তু কোশ্চেন হতে পারে না। Anyway If the Hon-ble Minister wants to reply, he can.

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নটা ছিল গ্রোথ রেট এবং GDP এর সম্বন্ধে আমি অলরেডি বলেছি। প্রশ্নটা যিনি করেছিলেন মাননীয় বিধায়ক মহোদয়, উনি বলেছিলেন

রাজ্যের GDP, meaning GSDP। তাই আমি রাজ্যের GDP বলেই বলেছি। দ্বিতীয়তঃ আপনি যে প্রশ্নটা তুলছেন, প্রশ্নটা ছিল percentage growth কত হয়েছে ? not the absolute figure, সেহেতু এই যে প্রশ্নটা আপনি করছেন, এটা একেবারে এই আলোচনার বাইরে। আমি অনুরোধ করব এই সম্বন্ধে যদি আপনার কিছু বক্তব্য থাকে, নিশ্চয় তুলবেন, সেই প্রশ্নের মাধ্যমে তুলবেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহোদয় ঠিকই বলেছেন,এটার সঙ্গে কোন কানেকশান নেই। কোন না কোন সময় নিশ্চয় আলোচনা হবে।

শ্রমিকের প্রাপ্য মজুরি

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯) **শ্রী রুনু দত্ত ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের নির্ধারিত ন্যূনতম মজুরি অনুযায়ী প্রত্যেক শ্রমিক তাঁর প্রাপ্য মজুরি পাচ্ছেন কি না; এবং

(খ) পেয়ে থাকলে, কোন্ কোন্ ক্ষেত্রে উক্ত মজুরি পাচ্ছেন?

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্য শ্রী রুনু দত্তর আনীত প্রশ্নের উত্তরে জানাই -

ক) হ্যাঁ, প্রত্যেক শ্রমিক ন্যূনতম মজুরী পাচ্ছেন।

খ) বর্তমানে নিম্নলিখিত ৯১ টি পেশার শ্রমিকরা উক্ত মজুরী পাচ্ছেন।

Scheduled Employment

1. Any Establishment in Which Manufacturing Activity as Defined Under Section 2(K) of the Factories Act is Carried Out and is Not Covered Under Any of the Other Scheduled Employments.
2. Agriculture
3. Automobile Engineering Repairing Workshops & Garages
4. Bakery
5. Beedi Leaf Plucking
6. Bell Metal & Brass Industry
7. Beverage Manufacturing & Vending Establishments
8. Biscuit Manufacturing
9. Bone Meal Industry

10. Bottling and Packaging Industry
11. Bought Tea Leaf Factory
12. Brick Manufactories
13. Ceramic Industry
14. Chakki Mills
15. Chartered Cost Accountants, Auditors etc. Firms
16. Cigarette Manufacturing
17. Cinchona
18. Cinema Industry
19. Clinical Establishments Including Pathological laboratories And Diagnostic Centres
20. Clinical Nlursing Home
21. Confectionery And Sweets Manufacturing
22. Cold Storage
23. Construction & Maintenance of Roads or in Building Operation
24. Consumer Cooperative Societies, Primary Agricultural Cooperative Societies/Marketing Societies
25. Courier Service
26. Dal Mills
27. Decoration
28. Engineering Industry Employing Less than 50 Persons
29. Establishment not Covered by Notification No.24 MW ST.21.2.85
30. Establishment the Shops & Establishments s Act, 1963
31. Fishery
32. Fishing Activities Including River & Deep Sea Fishing
33 Floor and Wall Tiles Manufacturing

34. Flour Mills
35. Forestry or Timber-lng Operation
36. Fountain Pen And Ball-Point Pen industry
37. Garments Manufacturing Industry
38- Glass Industry
39. Godowns
40. Handlooms
41. Hosiery
42. Hotel & Restaurant
43. Hotels and Restaurants Including Boarding Houses, Eating Houses, Canteens, Clubs and Guest Houses
44. Ice Cream and Candy Manufacturing
45. Ice Factory
46. Information Technology Industry
47. Iron Foundry
48. Jewellery Manufacturing Industry
49. Lac Manufactories
50. Laundries, Laundry Services, Clearing and Dyeing Plants & Shops
51. Leather Goods Manufactory
52. Loading; and Unloading Operations
53. Local Authority
54. Malls, Multiplexes, Departmental Stores and Mega Stores
55. Medicinal Plant Plantation Other Than Cinchona
56. Non-Banking Private Financial Institutions
57. Oil Mills
58. Paints & Chemicals

59. Paper Board & Straw Board Mfg. Industry
60. Plastic Industry
61. Plywood Industry
62. Powerlooms Employing Less Than Ten Persons
63. Powerlooms Employing Ten or More Persons
64. Printing Press
65. Private Hospitals and Research Center Not Carried on by Government or Local Authorities
66. Public Motor Transport
67. Refractory Industry
68. Rice Mill
69. Rolling of Iron Rods, Plates, Angles Etc. and Rolling Mills
70. Rope Industry
71. Rubber Producets
72. Sales Promotion in Medicine
73. Saloons and Beauty Parlour
74 Salt Manufacturing Industry
75 Saw Mills;
77. (A) Sericulture Nursery & Cullivation (B) Silk Spinning and/or Weaving (Handloom)
78. Shoe Making Industry
79. Shop
80. Silk Mills
81. Silk Printing
82. Sponge Iron, Ferro Alloys and Induction Furnaces
83. Stone Breaking & Stone Crushing

84. Sweeping & Cleaning

85. Tailoring Industry

86. Tanneries & Leather Manufactories

87. Tobacco (Beedi Making)

88. Tea Plantation

89. Tobacco Godown

90. Transportation Marketing & Distribution of Petroleum Products and Cooking Gas including Petrol Pumps

91. Wood Works and Furniture Industry

শ্রী রুনু দত্ত : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে জানাচ্ছি যে, যে ৯১টি তালিকা আছে, তার বেশির ভাগই হচ্ছে মজুরি পায় না। আমি দু-একটা নাম বলছি, ওয়েল মিল, সাবান কারখানা, বেকারী, সেরামিক, সিনেমা শিল্প, নার্সিংহোম,ব্রিকস আটা মিল, ডাল মিল ইত্যাদি আরও অনেক আছে, তারা পায় না। শুধু পায় না তা নয়, ১২-১৪ঘন্টা তাদের চাকরি করতে হয় এবং আপনারাও মানেন মে দিবস পেরিয়ে যাওয়ার পরও অনেকগুলি কারখানা,যা আপনার তালিকায় আছে, তারা পাচ্ছে না। আমার নির্দিষ্ট প্রশ্ন যে তারা যাতে মজুরি পায় তার জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন ?

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাচ্ছি যে রাজ্য সরকার মিনিমাম ওয়েজেস নোটিফিকেশান করে। এর পরে বিভিন্ন ক্ষেত্রে যদি কেউ না পায় বা পার্টিকুলার কোন একটা নার্সিংহোমে না দিচ্ছে, আপনার যদি নজরে থাকে, তাহলে আপনার দায়িত্ব হচ্ছে সেটা আমাদের দপ্তরের নজরে আনা। তাহলে আমরা সঙ্গে সঙ্গে সেই ব্যাপারে পদক্ষেপ নিতে পারি এবং সেই নার্সিংহোম, সেই বেকারী বা যেগুলো উল্লেখ করলেন আপনি, তাদেরকে আমরা ডেকে তারা যাতে মিনিমাম ওয়েজেস দেয় বা যতদিন দেয়নি, তার যে পাওনা, সেই পাওনা আদায়ের জন্য সচেষ্ট হতে পারি।

শ্রী রুনু দত্ত : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন- এই যে ৯১টি নাম আপনি বললেন, তালিকায় যারা পায় বা পায় না আমি বললাম, এর পরিকাঠামো কি আছে ? কে দেখভাল করবে ? একটা আইন তৈরি করে দিলেন, ছয় মাস পরে একটা সার্কুলার পাঠিয়ে দিলেন, স্যার দেখবে কে ? সেই পরিকাঠামো কোথায় ? সেই ইন্সপেক্টর কোথায় ? আপনাদের তরফ থেকে আপনি তো বলছেন কিন্তু না হলে আমরা তো বলবই, চিঠিও দেব। কিন্তু আপনাদের দেখার লোক আছে কি নেই এবং যদি থাকে তাহলে তারা কি দেখছে ? এই যে গরীব মানুষ, যারা ১২ ঘন্টা চাকরি করছে এবং দেড়শো-দুশো টাকায় কাজ করছে, দিনের পর দিন কাজ করছে, সেই ক্ষেত্রে আপনার প্রশাসন, আপনার দপ্তর, আপনার যারা ইন্সপেক্টর আছে তারা কী করছে ?

[11:40 – 11:50 a.m.]

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই আমাদের শ্রম দপ্তরের আন্ডারে লেবার কমিশনারেট একটা ডাইরেক্টরেট আছে এবং তার ব্লক লেভেল পর্যন্ত পরিকাঠামো আছে। আমাদের ALC, DLC, ইন্সপেক্টর তারপরে অ্যাডিশানাল লেবার কমিশনার, জয়েন্ট লেবার কমিশনার এবং সর্ব উপরে লেবার কমিশনার আছে। প্রতিনিয়ত সেখানে যে সমস্ত অভিযোগ আসে সেই অভিযোগগুলির আমরা ব্যবস্থা নিই, তাদেরকে ডেকে পাঠাই। সংগঠিত এবং অসংগঠিত যে কোন ক্ষেত্রেই হোক যদি আপনারা সেই ধরনের অভিযোগ পাঠান তাহলে আপনারা বুঝতে পারবেন ২৪ ঘন্টা, ৪৮ ঘন্টার মধ্যে আমরা সেই অভিযোগগুলির শুনানি করি।

শ্রী রুনু দত্ত : কোন ইন্সপেক্টর আছে কি আপনাদের ? মিনিমাম ওয়েজেস দেখার কোন ইন্সপেক্টর আছে কি ?

শ্রী মলয় ঘটক: মিনিমাম ওয়েজেসের ইন্সপেক্টর আছে।

শ্রী আখরুজ্জামান : ধন্যবাদ স্যার। স্যার, আপনার মাধ্যমে মাননীয় শ্রম দপ্তরের মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন যে পশ্চিমবঙ্গে যত বিড়ি শ্রমিক আছে আমি যে এলাকার জনপ্রতিনিধিত্ব করি রঘুনাথগঞ্জ বিধানসভা, জঙ্গিপুর মহকুমায় পশ্চিমবঙ্গের সবচেয়ে বেশি বিড়ি শ্রমিকের বাস। যত ভারতবর্ষে বিড়ি প্রোডাক্ট হয়, বেশি প্রোডাক্ট হয় জঙ্গিপুরে। আমরা সেখানে লক্ষ্য করি বিড়ি শ্রমিকরা তাদের যে সরকারী ন্যূনতম মজুরি পাচ্ছে না। এই প্রসঙ্গে মালিকের কাছে প্রশ্ন করলে তারা বলেন আমাদের সঙ্গে সরকার এবং ট্রেড ইউনিয়ন যৌথভাবে ত্রিপক্ষ মিটিং করে এর বাইরে আমরা একটা মজুরি নির্ধারণ করে থাকি এবং সেই মজুরি আমরা দিয়ে থাকি। এটা কতটুকু সত্য স্যার, যদি আপনি জানান তার সঙ্গে আপনার কাছে প্রশ্ন নয় একটা অনুরোধ আছে যে জঙ্গিপুরের বিড়ি শ্রমিকদের লক্ষ্য করে প্রভিডেন্ট ফান্ডের একটা অফিস আমরা উদ্যোগ নিয়ে চালু করতে পেরেছিলাম। কিন্তু এই সরকার আসার পর সেই প্রভিডেন্ট ফান্ডের অফিসটা জঙ্গিপুর থেকে বহরমপুরে সিফ্ট হয়ে যাচ্ছে। যেখানে জঙ্গিপুরে কয়েক লক্ষ বিড়ি শ্রমিক আছে। পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি বিড়ি শ্রমিক জঙ্গিপুর মহকুমায় থাকে। এই যে প্রভিডেন্ট ফান্ডের অফিসটা জঙ্গিপুরে রাখা যায় কি না এবং আপনার সরকারের পক্ষ থেকে কোন উদ্যোগ গ্রহণ করবে কি না দয়া করে জানাবেন স্যার।

শ্রী মলয় ঘটক : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই আজকে প্রশ্নটা ছিল মিনিমাম ওয়েজেসের। এটা মিনিমাম ওয়েজেস সংক্রান্ত নয়।

মিঃ স্পীকার : বিড়ি শ্রমিকদের প্রশ্নের উত্তরটা আপনি দিন। দে আর রিয়েলি ইন পেরিল।

শ্রী মলয় ঘটক : তা সত্ত্বেও আমি আপনাকে জানাই যে বিড়ি শ্রমিকদের - আপনি জানেন যে সমস্ত আইনটাই কেন্দ্রীয় সরকারের এবং যে প্রভিডেন্ট ফান্ডের অফিসের কথা বললেন,

এই প্রভিডেন্ট ফান্ডটাও হচ্ছে কেন্দ্রীয় সরকারের আওতাধীন। জঙ্গীপুরে প্রভিডেন্ট ফান্ডের যে অফিস ছিল, সেটা কেন্দ্রীয় সরকারের আওতাধীন ছিল। এই যে প্রভিডেন্ট ফান্ডের অফিসটা তুলে নিয়ে যাওয়ার সিদ্ধান্তের কথা বলছেন, এটাও কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত। আপনি যদি আমাকে লিখিতভাবে জানান আমাদের দপ্তর থেকে আমরা বিষয়টি দেখব। এই যে আপনি যে কথা বললেন যে সবচেয়ে বেশি বিড়ি শ্রমিক আপনাদের এলাকায় থাকে তাই সেখানে অফিসটা থাকলে সুবিধা হয়। সেক্ষেত্রে হয়ত আপনার হয়েও আমরা একটা ফরোয়ার্ডিং চিঠি যদি করে দিতে পারি তা আমরা নিশ্চয়ই করব। বিড়ি শ্রমিকদের সম্বন্ধে বলি যে, কেন্দ্রীয় সরকারের আওতায় যে স্কিম আছে, সেই স্কিমে বিড়ি শ্রমিকরা উপকৃত হচ্ছিলেন না। সেই জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সামাজিক সুরক্ষা যোজনাতে বিড়ি শ্রমিকদের যুক্ত করেছেন - এটা নিশ্চয়ই জানেন। সামাজিক সুরক্ষা যোজনাতে বিড়ি শ্রমিকরা এখন সমস্ত সুযোগ সুবিধা পাচ্ছেন। স্কুলে পড়লে টাকা পাওয়া যায়, কলেজে পড়লে টাকা পাওয়া যায়। ডাক্তারি, ইঞ্জিনিয়ারিং পড়লে বছরে ৩০ হাজার টাকা পাওয়া যায়। স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে ৫০ হাজার টাকা, এ্যাক্সিডেন্টাল ডেথের ক্ষেত্রে ২ লক্ষ টাকা। এছাড়াও দুটি মেয়ে গ্র্যাজুয়েট হলে ৫০ হাজার টাকা করে পাওয়া যায়। আপনার জঙ্গীপুরে গত বছরে সবথেকে বেশি বিড়ি শ্রমিকরা সামাজিক সুরক্ষা যোজনাতে যুক্ত হয়েছেন। এটাও আপনাদের তথ্যের জন্য জানাই।

শ্রী মানস মুখার্জী : স্যার, আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, উনি যে মজুরির কথা বলছেন, এই ন্যূনতম মজুরির ব্যাপারে সুপ্রিম কোর্ট গোটা দেশের জন্য একটা নির্দেশ জারি করেছেন যে সম কাজে সম বেতন। এটা যেমন সংগঠিত ক্ষেত্রের ক্ষেত্রেও। প্রযোজ্য এবং অসংগঠিত ক্ষেত্রের ক্ষেত্রেও প্রযোজ্য। এই সিদ্ধান্ত ভারতবর্ষের কয়েকটি রাজ্যে কার্যকরী হয়েছে। পশ্চিমবঙ্গে এটা কার্যকরী করার ব্যাপারে রাজ্য সরকার কী পদক্ষেপ গ্রহণ করেছে ?

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, উনি একটা কথা ঠিক বলেছেন যে সুপ্রিম কোর্টের নির্দেশ। কিন্তু সুপ্রিম কোর্টের নির্দেশটা উনি পড়ে দেখেননি। এটা পাঞ্জাবের একটি ইউনিয়ন থেকে করা হয়েছিল। তাতে ৪৬টা সংস্থা যুক্ত ছিল এবং সুপ্রিম কোর্ট নির্দিষ্টভাবে ঐ ৪৬টি সংস্থাকেই নির্দেশ দিয়েছেন। এই ৪৬টার বাইরে ৪৭ নম্বর কোন সংস্থা ঐ নির্দেশের মধ্যে নেই। আপনি যদি আমাকে লিখিতভাবে প্রশ্ন করেন, আমি সুপ্রিম কোর্টের জাজমেন্টের কপি সমেত আপনার কাছে পাঠিয়ে দেব।

শ্রী কল্লোল খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, বিগত ২০১১ সালের আগে এই শ্রমিকদের প্রাপ্য মজুরি কত ছিল এবং বর্তমানে আমাদের সরকার আসার পরে এই প্রাপ্য মজুরির বৃদ্ধি ঘটেছে কিনা এটা জানাবেন কি ?

শ্রী মলয় ঘটক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে বলি যে, মিনিমাম ওয়েজেস প্রতি বছরে দুবার রিভিশান হয় এবং এই যে রিভিশান আগেকার সরকার অথাৎ পূর্বতন সরকার যখন ছিল তখন লাস্ট রিভিশান হয়েছিল ১৯৮৪-৮৫ সালে, অর্থাৎ ২৬ বছর তার কোন রিভিশান হয়নি। বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের মধ্যে ২৬ বছর কোন মিনিমাম ওয়েজেস রিভিশান হয়নি। ২০১১ সালে ক্ষমতায় আসার পরে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে সেটা রিভিশান করি এবং এই রিভিশান করার পরে সেই সময়ে যে মিনিমাম ওয়েজেস ছিল তার তিনগুণ বাড়িয়ে দেওয়া হয়। পরবর্তীকালে প্রত্যেকটা ক্ষেত্রে মিনিমাম ওয়েজেস আমরা রিভিশান করি এবং বর্তমানে যে ৯১টা ক্ষেত্র, সেই ৯১টা ক্ষেত্রে আমরা মিনিমাম ওয়েজেস দিয়ে থাকি। সেটা এখন জোন 'এ' তে ৮ হাজারের অনেক বেশি এবং জোন 'বি' তে প্রায় ৭ হাজার এবং ৭ হাজারের বেশি।

জলোচ্ছ্বাস প্রতিরোধে বাঁধ নির্মাণ

***৪। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫) শ্রী অখিল গিরি :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সম্প্রতি প্রাকৃতিক দুর্যোগে দীঘা, মোহনা, শঙ্করপুর, অরঘবনিয়া ও দাদনপাত্রবাড়ে সমুদ্রের জলোচ্ছাস প্রতিরোধ করার জন্য বাঁধ তৈরি করার কোন পরিকল্পনা আছে কি না?

শ্রী শুভেন্দু অধিকারী : সমুদ্র তীরবর্তী রামনগর-১ ব্লকের, শঙ্করপুর, জামরা, শ্যামপুর, বালিসাই, আলমপুর ইত্যাদি অঞ্চলগুলিতে সামুদ্রিক জলোচ্ছ্বাসের ফলে প্লাবনের হাত থেকে রক্ষা করার জন্য সেচ ও জলপথ বিভাগ শঙ্করপুরের এস.এস.কে. প্রাথমিক বিদ্যালয় থেকে জলদা অবধি ২.৮ কি.মি. দৈর্ঘ্যের একটি শক্তিশালী সমুদ্রবাঁধ নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। প্রকল্পটির ব্যয়মূল্য আনুমানিক ৮০ কোটি টাকা। টেন্ডার প্রক্রিয়া চূড়ান্ত হলে নভেম্বর, ২০১৯ থেকে মাঠে কাজ শুরু হবে বলে আশা করা যায়। সমুদ্র তীরের কাজ অরঘবনিয়া এবং দাদনপাত্রবাড় অঞ্চলের পিছনে সেচ ও জলপথ বিভাগের বাঁধ রয়েছে। এখানে সমুদ্র তীর বরাবর কোন নতুন বাঁধ নির্মাণের পরিকল্পনা এই মুহূর্তে নেই।

[11:50 a.m. – 12:00 Noon]

শ্রী অখিল গিরি : মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আপনি নিশ্চিত অবগত আছেন শঙ্করপুরে যে এক নম্বর ঘাট, যেখানে মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয় বিশ্ববাংলা উদ্যান তৈরি করেছেন, তার বিপরীত পাশে মৎস্য আহরণ করার পর ট্রলারগুলো যেখানে জেটিতে থাকে সেই জায়গায় একটু ভাঙন ধরেছে। সেখানে যদি বাঁধ তৈরি করা না হয় তাহলে গ্রামের মধ্যে সমুদ্রের জল ঢুকে গিয়ে গ্রাম প্লাবিত হবে। সেই জায়গায় জরুরি ভিত্তিতে বাঁধ তৈরি করার কোনো পরিকল্পনা আছে কি না জানাবেন?

শ্রী শুভেন্দু অধিকারী : মাননীয় সদস্যের অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই এটা সম্প্রতি আমরা জেনেছি, এটা আমরা টেকআপ করব। আর যেটা বড় ছিল, যেটা একটু আগে বলেছি তাতে শঙ্করপুর থেকে জলদা পর্যন্ত বিরাট একটা এলাকা কভার হয়ে যাবে। আর বাকি যেটা শঙ্করপুর মৎস্য আহরণ ক্ষেত্রের কাছে আপনি যেটা বলেছেন এটা অগ্রাধিকারের ভিত্তিতে আমরা দেখেনেবো।

শ্রী অখিল গিরি : মাননীয় মন্ত্রীর কাছে আমার শেষ অতিরিক্ত প্রশ্ন দাদনপাত্রবার এবং অবঘবনিয়া এই দুটি নিদিষ্ট জায়গায় বহু মৎসজীবী আছে। এর আগে দীঘা মোহনাতে মুখ্যমন্ত্রীর নির্দেশ অনুযায়ী পর্যটকদের আরো বেশি করে আকর্ষণ বাড়াবার জন্য মার্বেল পাথর দিয়ে বাঁধ সেচ দপ্তর তৈরি করেছে। অবঘবনিয়া এবং দাদনপাত্রবাড়ে একটা বড় মৎস্যখুঁটি আছে। ওখানে ২-৩ হাজার মৎসজীবী শুকনো মাছের ব্যবসা করে। সেখানে যে বাঁধ তৈরি করার পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা কত টাকার পরিকল্পনা এবং কত দিনের মধ্যে কাজটা শুরু হবে?

শ্রী শুভেন্দু অধিকারী : যে যে পরিকল্পনা গুলো এখানে ইতিমধ্যে নেওয়া হয়েছে উদয় থেকে দীঘা মোহনা, শঙ্করপুর বাস স্ট্যান্ড থেকে এস.এস.কে. প্রাথমিক বিদ্যালয় অবধি ৮.০৮ -কিলোমিটার দৈর্ঘ্যের গার্ড ওয়াল দেওয়া হয়েছে। এর ফলে দীঘা শহর এবং শঙ্করপুরের কিছু অংশ সমুদ্রের জলোচ্ছ্বাস থেকে রক্ষা পাচ্ছে। এই বাঁধ সমুদ্রতট থেকে প্রায় ৫.৫ মিটার উঁচু! গত চার বছরে এই গার্ড ওয়ালে সৌন্দর্যায়নের কাজও হয়েছে। এছাড়া শঙ্করপুর এলাকায় এস.এস. কে. প্রাথমিক বিদ্যালয় যেটা আমি আগেই উল্লেখ করেছি, সেখানে একটা মেরামতির কাজে ৩,৫০ কোটি টাকা খরচ করা হয়েছে ইতিমধ্যে। একটু আগেও বলেছি আর একটা বড় কাজ আমরা নিয়েছি। এর বাইরেও যদি সম্প্রতি কোথাও কোনো বিপজ্জনক ক্ষেত্র তৈরি হয়ে থাকে, কারণ আমি ওই সমুদ্র উপকূলবর্তী এলাকার মানুষ। আমাদের ওখানে পুজোর সময় ষাঁড়াষাঁড়ি বাণ খুব বেশি করেই হয়, আপনার এলাকায় বেশি করে এফেক্ট হয়, সেখানে উচ্চপর্যায়ের ইঞ্জিনিয়ারিং সেল পাঠিয়ে আপনাকে সঙ্গে রেখে জেলা পরিষদকে যুক্ত করে আমাদের যেটা যেটা করা দরকার জনস্বার্থে, মৎসজীবীদের স্বার্থে, পর্যটকদের স্বার্থে সেটা আমরা করব।

মিঃ স্পিকার : মাননীয় সদস্য রফিকুল ইসলামের প্রশ্ন হেল্ড ওভার হয়েছে।

এম.এস.এম.ই. প্রকল্পের সাফল্য

***৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩) শ্রী সমীর কুমার জানা :** ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ এবং বস্ত্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার এম.এস.এম.ই. প্রকল্পে যথেষ্ট সাফল্য পেয়েছে; এবং

(খ) সত্যি হলে, এই সাফল্যের কারণগুলি কী কী?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই -

ক) হ্যাঁ, এটি সত্যি যে, সরকার এম.এস.এম.ই. প্রকল্পে যথেষ্ট সাফল্য পেয়েছে।

খ) রাজ্যে MSME -র এই সাফল্য এসেছে বিগত আট বছর ধরে রাজ্য সরকারের বিভিন্ন উন্নয়নমুখী কর্মসূচী গ্রহণ ও সেগুলো রূপায়ণের ফলে।

১) শিল্পের সামগ্রিক পরিকাঠামো উন্নয়ন ও ক্লাস্টার কর্মসূচীর উপর বিশেষ গুরুত্ব। ২০১১ সালে যেখানে ক্লাস্টার ছিল মাত্র ৪৯ টি, আজ তা বেড়ে হয়েছে ৫২০।

২) আমাদের সরকার SLBC মিটিং-এ ব্যাঙ্ক ভিত্তিক MSME ক্ষেত্রে ব্যাঙ্ক লেন্ডিং এর লক্ষ্যমাত্রা স্থির করার এবং তার ধারাবাহিক তদারকি (Monitoring) করার ব্যবস্থা করেছে। তাই, ২০১১ সাল থেকে ব্যাঙ্ক লেন্ডিং বেড়েছে। যেমন - যেখানে ২০১০-১১ সালে ব্যাঙ্ক লেন্ডিং ছিল ৭,২৩৬ কোটি টাকা - MSME তে - তা ২০১৭-১৮ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ৪৪,০৫৯ কোটি টাকা এবং ২০১৮-১৯ সালে বৃদ্ধি পেয়ে হয়েছে ৫৬,৪৫৮ কোটি টাকা। - কোথায় ৭,২৩৬ কোটি - আর কোথায় ৫৬,৪৫৮ কোটি।

৩) প্রতি বছর আমাদের রাজ্যে স্থানীয় স্তরে উদ্যোগকে বাস্তবায়িত করার লক্ষ্যে প্রতিটি জেলাস্তরে 'সিনার্জি' নামে একটি ইভেন্ট করা হয়। ২০১৮-১৯ সালে আমাদের রাজ্যে প্রথম MSME কনক্লেভ করা হয়েছে, যা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছেন, যেখানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে ৪,৫০০ ক্ষুদ্রশিল্পী, হস্তশিল্পী ও তন্তুবায় অংশগ্রহণ করেন।

৪) হস্তশিল্পী ও তন্তুবায়দের জন্য নিয়মিতভাবে দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ, বিপণন ও পরিকাঠামো তৈরি ইত্যাদি বিভিন্ন কর্মসূচী সফলভাবে রূপায়িত হয়েছে।

৫) রাজ্যে ক্ষেত্রভিত্তিক পার্ক বা ক্ষেত্রভিত্তিক মেগা ক্লাস্টারের উদ্যোগ নেওয়া হয়েছে।

যেমন, বানতলায় এশিয়ার বৃহত্তম মেগা লেদার ক্লাস্টার, হাওড়ায় জগদীশপুরে দেশের বৃহত্তম হোসিয়ারী পার্ক, ডোমজুড়ে জেমস্ এ্যান্ড জুয়েলারী পার্ক, ইত্যাদি।

শ্রী সমীর কুমার জানা : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, বানতলায় এশিয়ার বৃহত্তম মেগা লেদার ক্লাস্টার, হাওড়ায় জগদীশপুরে দেশের বৃহত্তম হোসিয়ারী পার্ক, ডোমজুড়ে জেমস্ এ্যান্ড জুয়েলারী পার্ক, ইত্যাদির উপর গুরুত্ব দিয়েছেন। বৃহৎ শিল্পের ক্ষেত্রে যেমন one-window-system আছে এবং উদ্যোগপতিরা বিশেষভাবে এগিয়ে। এসেছে, সেরকম MSME এর ক্ষেত্রে এইসমস্ত প্রকল্পকে আর্থ-সামাজিক দিক থেকে স্বনির্ভর করার জন্য কি উদ্যোগপতিরা এগিয়ে এসেছেন ?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, লেদার পার্কের কথা মাননীয় বিধায়ক মহাশয় বলেছেন, এর একটা উদাহরণ হচ্ছে, মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে inauguration করেছেন নতুন অ্যাডিশানাল প্রজেক্ট, এতে ৫ লক্ষ কর্মসংস্থান হবে এবং ৮০ হাজার কোটি টাকা বিনিয়োগ হবে।

[12:00 Noon – 12:10 p.m.]

স্যার, পৃথিবীর সবচেয়ে বড় প্রোডিউসার অব ইন্ডাস্ট্রিয়াল গ্লাভস্ বানতলায়, ওয়ান মিলিয়ন গ্লাভস্ ইন মান্থ সে প্রোডিউস করে। তারই উদাহরণস্বরূপ বাকিগুলো সম্বন্ধে এইভাবে বলতে পারতাম।

শ্রী রফিকুল ইসলাম : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমি বলতে চাই, তিনি নিশ্চয়ই জানেন যে পলাশীতে একটা চিনি কল আছে যার আওতায় আট হাজার একর জমি আছে। সামান্য কিছু জমিতে চিনি কল আছে এবং অল্প কিছু জমিতে আখ চাষ হয়। বাকি জমিটা উদ্বৃত্ত। সেই উদ্বৃত্ত জমি এখন জমি মাফিয়ারা দখল করে মাটি বিক্রি করছে, পুকুর করে মাছ চাষ করছে। কাজেই এই বেদখল হওয়া জমি পুনরুদ্ধার করেও ওখানে শিল্প স্থাপনের ব্যাপারে, বা অন্য কোনভাবে সদ্ব্যবহার করা যায় কিনা, সেই ব্যাপারে শিল্প দপ্তরের কোন চিন্তা ভাবনা আছে কিনা ?

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিধায়কের কাছ থেকে যদি ডিটেলস্ পাই আমি নিশ্চয়ই সেটা দেখব। আপনি লিখিতভাবে আমাকে একজ্যাক্ট ডিটেলস জানান আমি নিশ্চয়ই তার জবাব দেব।

Mr. Speaker : Question Hour is over

Starred Questions

(to which answers were laid on the 'Table')

বাঁকুড়া জেলার কর্মসংস্থান

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২২) **শ্রী সুজিত চক্রবর্তী ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কর্মসংস্থানের ক্ষেত্রে কতজন সরকারি চাকুরি ও কতজন ব্যাঙ্ক লোন নিয়ে স্বনিযুক্ত প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান পেয়েছেন;

(খ) উক্ত জেলার এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে নথিভুক্ত বেকারের সংখ্যা কত; এবং

(গ) ওইরূপ ব্যাঙ্ক থেকে কতজনের কর্মসংস্থান হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) মহামান্য সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে রাজ্যে সরকারি ও অন্যান্য নিয়োগ সংবাদপত্র সহ বিভিন্ন বৈদ্যুতিন মাধ্যমে বিজ্ঞাপিত হয়। শুধুমাত্র এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা এমপ্লয়মেন্ট ব্যাঙ্কের মাধ্যমে হয় না। উক্ত বিজ্ঞাপন অনুযায়ী কোন চাকুরী হলে শ্রমদপ্তর অধীন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ বা এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে জানানোর কোন বাধ্যবাধকতা নেই।

রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের মাধ্যমে বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্প রূপায়িত হয়। যেমন স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি দপ্তর, পশুপালন দপ্তর, মৎস্যসহ বিভিন্ন দপ্তরের মাধ্যমে স্বনিযুক্তি প্রকল্পে কর্মসংস্থান হয়। শ্রমদপ্তর পরিচালিত কেবলমাত্র উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে (USKP'04) বেকার যুবক যুবতীদের স্বনিযুক্তি প্রকল্পে কর্মসংস্থান হয়।

সুতরাং বাঁকুড়া জেলায় মোট কতজন ব্যাঙ্ক লোন নিয়ে স্বনিযুক্ত, প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান পেয়েছেন এই তথ্য শ্রম দপ্তরের পক্ষে দেওয়া সম্ভব নয়।

(খ) বর্তমানে এমপ্লয়মেন্ট ব্যাঙ্কে বাঁকুড়া জেলার নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা ১,৫১,৭৪৬ জন।

(গ) রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের মাধ্যমে বিভিন্ন স্বনিযুক্তি প্রকল্প রূপায়িত হয়। যেমন স্বনির্ভর গোষ্ঠী ও স্বনিযুক্তি দপ্তর, পশুপালন দপ্তর, মৎস্যসহ বিভিন্ন দপ্তরের মাধ্যমে স্বনিযুক্তি প্রকল্পে কর্মসংস্থান হয়। শ্রমদপ্তর পরিচালিত কেবলমাত্র উদীয়মান স্বনির্ভর কর্মসংস্থান প্রকল্পে (USKP'08) বেকার যুবক যুবতীদের স্বনিযুক্তি প্রকল্পে কর্মসংস্থান হয়।

সুতরাং মোট কতজন ব্যাঙ্ক লোন নিয়ে স্বনিযুক্ত প্রকল্পের মাধ্যমে কর্মসংস্থান পেয়েছেন এই তথ্য শ্রম দপ্তরের পক্ষে দেওয়া সম্ভব নয়।

ই.এস.আই. হাসপাতালগুলির আধুনিকীকরণ

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *৭০) **শ্রী বংকিম চন্দ্র হাজরা** ঃ শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলির আধুনিকীকরণের কাজ বর্তমানে কোন্ পর্যায়ে আছে; এবং

(খ) কত সংখ্যক হাসপাতালকে আধুনিকীকরণ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) রাজ্যের ই.এস.আই. হাসপাতালগুলির আধুনিকীকরণের কাজ চলছে; যেমন—

১) রাজ্যে পাচটি স্থানে ই.এস.আই. হাসপাতালের বড় ধরনের সম্প্রসারণের কাজ চলছে।

যেমন, ক) ১৮৩ কোটি টাকা ব্যয়ে বাল্টিকুরি ই.এস.আই. হাসপাতালে নতুন বিল্ডিং তৈরির কাজ প্রায় ৯০ শতাংশ সম্পূর্ণ হয়ে গেছে। এখানে আনুমানিক ৩০০টি বেড় বাড়বে।

খ) ৭০ কোটি টাকা ব্যয়ে হলদিয়াতে ১০০ বেডের সম্পূর্ণ নতুন ই.এস.আই. হাসপাতাল তৈরি হচ্ছে। এর ৩০ শতাংশ কাজ সম্পূর্ণ হয়ে গেছে।

গ) ৯০ কোটি টাকা ব্যয়ে শিলিগুড়িতে ১০০ বেডের সম্পূর্ণ নতুন ই.এস. আই. হাসপাতাল তৈরি হচ্ছে। এই কাজ সদ্য শুরু হয়েছে।

ঘ) ৪০ কোটি টাকা ব্যয়ে আসানসোল ই.এস.আই. হাসপাতালে নতুন ভবন তৈরির কাজ চলছে। এই কাজ ৬০ শতাংশ সম্পূর্ণ হয়েছে। এখানে ৫০ টি বেড বাড়ানো সম্ভব হবে।

ঙ) দুর্গাপুরে ই এস.আই হাসপাতালের সম্প্রসারণের কাজ চালু হয়েছে। ৪০ কোটি টাকার আনুমানিক মূল্যের এই কাজ প্রায় ৯০ শতাংশ সম্পূর্ণ হয়েছে। এর ফলে আরো ৫০ টি বেড বাড়ানো সম্ভব হবে।

২) মানিকতলা ই.এস.আই. হাসপাতালে আধুনিক ক্যাথ-লাব ইউনিট বসানোর কাজ চলছে। একই সঙ্গে সেখানে তৈরি হচ্ছে আধুনিক আ.টি.উ.।

৩) আসানসোল, উলুবেড়িয়া এবং মানিকতলা ই.এস.আই. হাসপাতালের ডায়ালিসিস ইউনিটের আধুনিকীকরণের কাজ চলছে। উলুবেড়িয়া হাসপাতালে ১০ টি ডায়ালিসিস মেশিন স্থাপন করবার কাজ শেষ হয়েছে। বর্তমানে এটি পি.পি.পি. মডেলে চালু করবার কাজ চলছে। আসানসোলের ই.এস.আই. হাসপাতালে বর্তমানে ৭ টি ডায়ালিসিস মেশিন আছে; সেখানে মোট ১১ টি মেশিন চালু হবে। মানিকতলা ই.এস.আই. হাসপাতালে বর্তমানে ১৩ টি মেশিন আছে। সেখানে মোট ১৯ টি ডায়ালিসিস মেশিন কাজ করবে।

এছাড়াও তিনটি হাসপাতালেই আর ও প্লান্টের আধুনিকীকরণ করা হচ্ছে। (আল্টা পিওর রিভার্স অসমোসিস প্ল্যান্ট বসানো হচ্ছে)

৪) শিয়ালদহ ই.এস.আই. হাসপাতালের বহির্বিভাগের আধুনিকীকরণের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া ক্যানসার রোগীদের জন্যে ডে কেয়ার পদ্ধতির মাধ্যমে কেমোথেরাপীর ব্যবস্থা চালু হয়েছে। এতে ক্যানসার রোগীদের বেডের অভাব দূর হয়েছে।

৫) কিডনী প্রতিস্থাপন হয়েছে এমন রোগীদের বিপুল পরিমানে ওষুধের প্রয়োজন হয়। সে ব্যবস্থা মানিকতলা ই.এস.আই হাসপাতাল থেকে করা হয়েছে।

৬) সব কটি ই.এস.আই. হাসপাতাল পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা হয়েছে।

৭) আসানসোলের ই.এস.আই. হাসপাতালে রাজ্য সরকারের খরচে আধুনিক বি.এস.সি. নার্সিং কলেজ তৈরির কাজ অন্তিম পর্যায়ে আছে।

৮) কামারহাটি হাসপাতালে উৎকৃষ্ট চক্ষু বিভাগ স্থাপন করা হবে। (Centre of Excellence)

৯) বজবজ, শ্রীরামপুর, আসানসোল এবং গৌরহাটি ই.এস.আই. হাসপাতালে আধুনিক আই.সি.সি.উ. (ICCU) তৈরির পরিকল্পনা করা হয়েছে।

১০) সব কটি ই.এস.আই. হাসপাতালে চব্বিশ ঘন্টা সি সি টিভির নজরদারীর ব্যবস্থা করা হয়েছে।

(খ) এই রাজ্যে, রাজ্য সরকারের অধীনে মোট ১৩ টি ই.এস.আই. হাসপাতাল রয়েছে। এছাড়াও হলদিয়া ও শিলিগুড়িতে নতুন ই.এস.আই. হাসপাতাল তৈরির কাজ চলছে।

প্রথম পর্যায়ে মানিকতলা, শিয়ালদহ, আসানসোল, দুর্গাপুর, বাল্টিকুরি, গৌড়হাটি, বজবজ, কামারহাটি, উলুবেড়িয়া ও শ্রীরামপুর ই.এস.আই. হাসপাতাল কে আধুনিকীকরণ প্রক্রিয়ার অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরবর্তী পর্যায়ে বেলুড়, ব্যান্ডেল, কল্যানী, ই.এস.আই. হাসপাতালকে আধুনিকীকরণের অন্তর্ভুক্ত করা হবে।

RESOLUTION MOVED FROM THE CHAIR CONGRATULATING ACE SHUTTLER P.V. SINDHU

Mr. Speaker : Hon'ble Members, as you are all aware, ace shuttler, P.V. Sindhu scripted history becoming the first Indian to win the B.W.F. World Championship at Basel, Switzerland, on the 25th August, 2019. We all feel proud for her gigantic success. As some of the Members have expressed their opinion to congratulate P.V. Sindhu on her success, I propose to move the following Resolution from the Chair :

"This House expresses its heartfelt congratulations to the ace badminton player P.V. Sindhu on becoming the first Indian to win the BWF World Championship, crushing arch-rival Nozomi Okuhara of Japan in a lop-sided summit clash.

"This House wishes the Champion P.V. Sindhu every success in her playing career and truly believes that she would continue to serve the game of badminton and through badminton the cause of the nation as she has been doing so from the very beginning of her career."

I think the Resolution is adopted.

The Resolution is adopted.

Secretary will take steps to send the copy of the Resolution to P.V. Sindhu through the Government of West Bengal.

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, হিমা দাস তো পরপর জয়ী হচ্ছে। এটা যদি হয় ভাল হয়।

মিঃ স্পীকার : ঠিক আছে, আপনি একটা মুভ করে দেবেন, আমি দেখব।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Hon'ble Members, today, I have received one Notice of Adjournment Motion jointly from Shri Abdul Mannan, Dr. Sujan Chakrabarty, Shri Manoj Chakraborty, Shri Asit Mitra, Shri Anisur Rahaman, Smt. Firoza Begam, Shri Kamalesh Chaterjee, Smt. Pratima Rajak and Shri Samar Hazra on the subject of reported incident of lathicharge on the para-teachers demonstrating for enhancement of their salary.

The subject matter of the Motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Minister concerned through Questions, Calling Attention, Mention, etc.

I, therefore, withhold my consent to it. One Member of the Party may, however, read the text of the Motion as amended.

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, জনসাধারণের পক্ষে একটি গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাততঃ তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হলঃ পার্শ্বশিক্ষকদের মাহিনা বৃদ্ধির জন্য আন্দোলনকারীদের উপর পুলিশের লাঠি চার্জের ফলে শিক্ষক শিক্ষিকারা আহত হয়েছেন বলে জানা গেছে। এমন কি মহিলা আন্দোলনকারীদের শ্লীলতাহানির ঘটনাও ঘটেছে বলে অভিযোগ পার্শ্বশিক্ষকদের দাবী মেনে নেওয়ার জন্য সরকারের কাছে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দাবী জানাচ্ছি।

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
i)	Urge for repairing of culvert over Shali river at Gangajalghati Block	: Shri Sujit Chakraborty (Selected)
ii)	Reported death of some people at Kachua, Swarupnagar in North 24 Parganas district in the midnight of 22nd August, 2019	: Shri Asit Mitra

iii) Urge for construction of a bridge at Darbadanga Ghat over river Ajoy in Jamuria Assembly Constituency area : Smt. Jahanara Khan

iv) Deplorable condition of road from Jamuria to Raniganj Panjabi More connecting NH-2 : Shri Runu Dutta

..... (At this stage, all the Hon-ble Members of Indian National Congress and Left Front Parties walked out of the House).....

I have selected the notice of Shri Sujit Chakraborty on the subject of urge for repairing of culvert over Shali river at Gangajalghati Block.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী শুভেন্দু অধিকারী : আমি বিস্তারিত তথ্য সংগ্রহ করে পরবর্তীকালে জানিয়ে দেব।

GOVERNMENT BUSINESS
RE-LAYING OF RULES

The West Bengal Allied Medical And Para Medical Council Rules 2018

Smt. Chandrima Bhattacharya : Sir, I beg to re-lay the West Bengal Allied Medical And Para Medical Council Rules 2018, published in the Kolkata Gazette Extraordinary dated the 25th July, 2018 under Notification No.HF/O/GA/2021/HF/SPSRC/67/2013 dated the 11th July, 2018 issued by the Department of Health & Family Welfare, Government of West Bengal.

MENTION CASES

শ্রীমতী জাহানারা খান : (অ্যাবসেন্ট)

শ্রী মহসিন আলি : (অ্যাবসেন্ট)

শ্রী সুজিত চক্রবর্তী : (অ্যাবসেন্ট)

শ্রী প্রদীপ কুমার সাহা : (অ্যাবসেন্ট)।

ZERO HOUR

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যারা অপকর্মটা করেছিল বছর দশেক আগে,তারা তো চলে গেল ওয়াক আউট করে। ওই বামফ্রন্ট সরকার যারা বি পি এলের সার্ভে লিস্ট তৈরি করেছিল,

এখন কংগ্রেস ওদের দোসর হয়ে গেছে, এত ভুলে ভরা লিস্ট করেছিল, কমপক্ষে হতদরিদ্র মানুষ ৪০-৪৫% যাদের প্রকৃতই আবাস যোজনা পাওয়ার দরকার ছিল, কিন্তু তারা পায় নি। আমাদের সরকার ক্ষমতায় আসার পর প্রায় ৪০ লক্ষ গরীব মানুষের জন্য এই ব্যবস্থা শুরু হয়েছে এবং কমপ্লিটের পথে সেই ভুলত্রুটিগুলি যেগুলি ছিল। যেগুলি বাদ পড়েছে আমাদের বাংলা আবাস যোজনার মধ্যে,অনেক নাম এখনও বাদ আছে, আমি মাননীয় মন্ত্রীকে বলব এই যে বাংলা আবাস যোজনা, যে তালিকায় অনেক হত দরিদ্র মানুষের নাম আছে, আমরা তৃণমুল স্তরে গিয়ে দেখেছি যে অনেক মানুষের ঘরের উপরে ছাউনি নেই,তারা নিরাশ্রয়। সেই মানুষগুলির জন্য আমাদের সরকার সিস্টেম করেছিল যে একটা awas class,সেখানেও একটা সার্ভে হয়েছিল এবং সেগুলি হওয়ার পথে। তাই মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ এই অ্যাবভ ১৫ ২০%মানুষের যে awas class যোজনা তার সার্ভে দ্রুত করা হোক যাতে অবিলম্বে গরীব মানুষের আবাসনের ব্যবস্থা হয়, তাতে আমাদের সরকারের পূর্ণ সফলতা আসবে। ধন্যবাদ।

.....(At this stage, the House was adjourned till 1.30 p.m.).....

[1:30 – 1:40 p.m.]

Programme of Business on the 51st Report of the Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 51st Report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme of business for 28th August, 2019 as follows:

28.08.2019, Wednesday	: A resolution to be moved from the Chair to remember 100 years of Jallianwallabagh Massacre.	**1½ hours**

Now, the Minister-in-Charge of Power and Non-conventional Energy Sources Department may please move the Motion for acceptance.

Shri Sobhandeb Chattopadhyay : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৫১তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is adopted.

LEGISLATION

The West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019

Shri Sobhandeb Chattopadhyay: Mr. Speaker, Sir, I beg to introduce that the West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019.

(Secretary then read the title of the Bill)

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019, be taken into consideration.

Mr. Speaker : There is an amendment to the Motion for reference of the Bill to the Select Committee by Dr. Sujan Chakraborty. He is not present in the House. So the amendment is not moved.

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইমাত্র মাননীয় বিদ্যুৎ মন্ত্রী সদনে যে বিলটি পেশ করলেন, সেটা হ'ল - "The West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019" এটা একটা নতুন বিল যার মাধ্যমে আজকে বিভিন্ন বড় বড় বিল্ডিং-এ যে ধরণের এস্কালেটর্ আছে, লিফ্টস্ আছে, তারপরে বহু জায়গায় - এয়ারপোর্টের মতো জায়গা, এছাড়াও বড় এষ্টাব্লিসমেন্ট যেগুলো আছে, সেখানে এস্কালেটর্, তারপরে মুভিং পেভওয়েজ ইত্যাদি আছে, সেগুলোকে কন্ট্রোল করার জন্য, সেগুলোর উপর একটা রেগুলেশন্ নিয়ে আসার জন্য এই বিল।

এই বিল অবশ্য এখানে নতুন বিল হিসাবে রয়েছে, কিন্তু এই সঙ্গে সঙ্গে আগের যে বিল ছিল তাকে repeal করা হচ্ছে। 1955 সালে যে আইন ছিল তার নাম ছিল The West Bengal Lifts & Escalators Act, 1955, সেই 1955 সালের পরে কয়েকটা এ্যামেন্ডমেন্ট হয়েছিল, 1961তে এ্যামেন্ডমেন্ট হয়েছে, 1975এ এ্যামেন্ডমেন্ট হয়েছে, কেননা যখন যখন এই সেকশনে ইমপ্রুভমেন্ট এসেছে, টেকনোলজিক্যাল ডেভলপমেন্ট এসেছে, তার সঙ্গে সঙ্গে সেগুলিকে adopt করার জন্য এই এ্যামেন্ডমেন্টগুলো হয়েছে। বর্তমানে সরকার থেকে এটা ফিল করা হয়েছে, এখন যে ব্যাপক পরিবর্তন হয়েছে, আগের অবস্থার চাইতে এখনকার পরিবর্তনটা, টেকনোলজিক্যাল ডেভলপমেন্ট যেটা এই সেক্টরে সেটা হয়েছে খুবই গুরুত্বপূর্ণ ডেভলপমেন্ট, এবং তারই পরিপ্রেক্ষিতে সমস্ত আইনটার খোলনলচে পাল্টানো দরকার এবং যার জন্যই 1955 এর এ্যাক্টটাকে repeal করা হলো, কারণ ছোটখাটো এ্যামেন্ডমেন্ট দিয়ে আর সম্ভব নয়, সুতরাং পুরোপুরি repeal করে নতুন বিল আনা হলো, নতুন এ্যাক্ট পাশ করার জন্য। তাতে পুরনো এ্যাক্টের যা কিছু প্রায় সবই আছে, আর নতুন নতুন টেকনোলজিক্যাল ডেভলপমেন্ট যেটা হয়েছে সেগুলোকে এখানে ঢুকিয়ে দেওয়া হয়েছে। Statement of Objects and Reasons-এ এই কথাগুলো বলা আছে যে, In view of upgradation and changes in technical

specifications and parameters of the lifts including Machine-Room less lifts- আগের যেগুলো ছিল সমস্ত লিফ্টর মেসিনরুম ছিল, এখন মেসিনরুম ছাড়াও লিফ্ট রয়েছে, সুতরাং machine-room less lift তার পরে escalators তার পরে অন্যান্য কমিউনিকেশান, new mode of communication like travelators- ইত্যাদির জন্য এটাকে পুরোপুরি খোলনলচে পাল্টে দিয়ে নতুন এই সমস্ত প্রভিশানগুলোকে ওখানে ঢোকানো হচ্ছে এবং ঢুকিয়ে দিয়েই এই আইনটা এটা করতেই হবে, খুব স্বাভাবিক এবং এটাই সরকারের নীতি হওয়া উচিত। যখন যখন টেকনোলজিক্যাল ডেভালপমেন্ট হওয়ার ফলে ইমপ্রুভমেন্ট আসে, particularly আমরা যখন দেখতে পাচ্ছি I.T. sector-এ বিশাল উন্নতি হওয়ার ফলে, computerization-এ উন্নতি হওয়ার ফলে, এখন যে কোন জায়গায়, যে কোন Premises, একটু ভালো premises হলেই লিফ্টগুলো computerized অবস্থায় চলে। সুতরাং যে ধরনের টেকনোলজিক্যাল উন্নতি হয়েছে সেগুলো We have to take into account। কার মাধ্যমে হয় ? এই সরকার কন্ট্রোল করতে চাইছে, যে কোন জায়গায় একটা লিফ্ট বসাতে গেলে প্রথমে লিফ্ট বসানোর পার্মিশান দরকার। লিফ্ট বসানোর পার্মিশানের জন্য তাহলে অথোরিটি থাকবে। এবং সেই অথোরিটিটা স্টেট গভর্ণমেন্ট 1955 থেকেই, দিয়েছে Chief Electrical Inspectorকে। আমাদের পাওয়ার ডিপার্টমেন্টের আন্ডারে একটা ডাইরেক্টরেট আছে, যে ডাইরেক্টটরে ইলেকট্রিসিটি অ্যাক্টের বিভিন্ন প্রভিশানগুলো কন্ট্রোল বা রেগুলেট করে; ইলেকট্রিক্যাল ফিটিংস, ইলেকট্রিক্যাল যে বিভিন্ন ধরনের কাজকর্ম তার জন্য লাইসেন্স সেটাও ওই ডাইরেক্টরেট দেয় অর্থাৎ যে কেউ যে কোন জায়গায় কাজ করতে পারবে এমন কিন্তু নয়, তাদের লাইসেন্স থাকতে হবে, তাদের যে প্রফিসিয়েন্সী আছে, তাদের যে কাজ করার দক্ষতা রয়েছে, সেটা দেখেশুনে তারপরে এই directorate, under the authority of State Government licence দেয়।

[1:40 – 1:50 p.m.]

সেই Directorate headed by Chief Electrical Inspector. licence-এর মাধ্যমে সেই ক্ষমতাটা প্রয়োগ করে। Lift-এর ক্ষেত্রেও ঠিক একই জিনিস। Lift-এর ক্ষেত্রে, escalator-এর ক্ষেত্রে সব কিছুর ক্ষেত্রে একই জিনিস। কেন? যেখানে public safety অন্য সবকিছুর চাইতে গুরুত্বপূর্ণ। এসব থেকে অর্থ খুব সামান্য আসে; এক একটা licence-এর জন্য, একটা permit-এর জন্য আগে ছিল কত? ১০০ টাকা, ৫০ টাকা এই ধরণের। আর এখন সেটাকে অবশ্য এখানে indicate করা নেই। অবশ্যই, নিশ্চয়ই বাড়বে কারণ এখনকার যা technological development হয়েছে তাতে যে proficiency দরকার সেই সমস্ত inspector ইত্যাদি, অবশ্যই feeগুলো বাড়বে। তা সত্ত্বেও আমার মনে হয়না যে খুব একটা বিরাট অঙ্ক আসবে। আসার কথাও নয়। কিন্তু main কাজ কি? Main কাজ হচ্ছে public safety দেয়া। গভর্ণমেন্টের প্রধান উদ্দেশ্য ঐ সমস্ত lift-এ যাতে যখন lift বসানো হয় সেগুলো specification মেনে, করা হয়। প্রথমত সেই premises-এর মালিক সেই specification দিয়ে apply করেন। Inspection হয়, inspection হচ্ছে কোথায় বসাচ্ছে, তার pitটা কি হবে,

তার height কি হবে, তার depth কি হবে সমস্ত কিছু। তার কি হবে - সমস্ত কিছু দেখে নিয়ে তারা permission দেন lift বসানোর। লিফ্ট বসানোর permission হওয়ার পরে এবারে যখন liftটা complete হয়ে গেল সেটা certified হবে ঐ inspector দ্বারা। ঐ Directorate-এর inspector গিয়ে দেখে নেবেন, দেখার পরে certificate দেবেন, তারপরে ok লিফ্ট বসানো হয়ে গেল। তারপরের licenceটা হচ্ছে বা permissionটা হচ্ছে to operate it, to work it. বসে গেছে এবারে এর operation-এর জন্য Permission দরকার। সুতরাং এই যে operation-এর জন্য permission দরকার সেটাও একটা lengthy process. সেই processটায় তাঁরা গিয়ে inspection করবেন, details দেখে নেবেন যদি কিছু defect থাকে। সেই defectটাকে দূর করার জন্য যা suggestion থাকবে সেই defect দূর হবে ইত্যাদি ইত্যাদি। উদ্দেশ্য public safety. যাঁরা এটা ব্যবহার করেন বিশেষ করে বড় বড় building-এ বড় বড় premises-এ বহু মানুষ এটাকে ব্যবহার করেন এবং সেই সমস্ত মানুষের safetyটাই হচ্ছে মেন। তাহলে যদি government-এর safetyই problem হয়, safetyটাই যদি main উদ্দেশ্য হয়, তাহলে আমার একটা submission আছে। সেটা হল, আগের যে আইনটা ছিল, সেই আইনটার থেকে আমরা একটা বড় deviation করছি এবং সেটা বোধ হয় silently করতে চাইছি কেননা এটা কোথাও লেখাটেখা তেমন কিছু নেই। সাইলেন্টলি কি করতে চাইছি deviationটা? 1955-এর যে Actটা সেটা applicable ছিল সমস্ত lift, escalator, travelators, walkways সমস্ত কিছুর জন্য, except in two cases. কোথায়? না, in any mine, within the meaning of the Mines Act, 1952; আর to which the provisions of Factories Act, 1948, এই দুটো বাদ ছিল। এখন জানিনা সরকার কি ভেবে এখন বললেন এগুলো in the premises of the Central Government or its undertakings সেখানে এই আইন লাগু হবেনা, in the premises owned or controlled by the Public Works Department of the Government of West Bengal সেখানে এটা লাগু হবেনা। In any premises or any class or sub-class of elevating device as the State Government may, by notification, exempt ঠিক আছে State Government may, by notification, exempt for specific reasons সেইগুলো না হয় ছেড়ে দিলাম। কিন্তু Central Government-এর premises-এ আসবেনা, PWD ডিপার্টমেন্টের আমাদের বিভিন্ন building আছে State Government-এ সেখানে আসবেনা এর যুক্তিটা আমি খুঁজে পাচ্ছিনা।

I was a part of the government, আমি জানি আমি তাদের সঙ্গে অনেক কাজ করেছি, বিভিন্ন জায়গায় আমরা গেছি, আমরা usually জানি যে, PWD ইত্যাদি সরকারী সংস্থারই বরং বেশি খারাপ হয়, বেশি নেগলিজেন্সি দেখি আমরা সাধারণত state government বা central governmentতে। State government বা central government organizationগুলোতে আমাদের যে ধরণের তদারকি থাকার কথা যে ধরণের supervision করার কথা, যেধরণের technical specification use করার কথা সেটা সাধারণত করা হয় না। তবে যেখানে

এইধরণের lapses are more common, are likely to be more সেই জায়গাগুলোই আমরা বাদ দিলাম। বাদ দিয়ে government যদি claim করে যে We have to bring this just for the safety of the public, for public safety - এটা কি স্যার, মানা যায়। এটা কি স্যার, গ্রহণ করা যায় ? সেই জন্যই আমার একটা humble submission রয়েছে যে, যদি বলি এতো বড়ো একটা বিপ্লব ঘটাতে যাচ্ছি সেখানে আমার মনে হয়, এই বিলটাকে একটু যদি আপনি Select Committee-তে নিয়ে যান। যেটা সুজনবাবু বলেছেন আমি দেইনি এই ধরণের কোনো proposal কিন্তু আমি support করছি এই proposal টাকে, তার কারণ এর সঙ্গে অনেক কিছু জড়িত।

মিঃ স্পিকার : এই amendmentটা move করেননি উনি। He has not move that amendment.

ডঃ সুখবিলাস বর্মা : না না, আমি বলছি, আমার suggestion এটা। এটা circulated হয়েছে খুব দেরীতে স্যার। আমি শুধু এটাই বলছি আমি তখনও পর্যন্ত পড়িনি, কারণ এটা তো আমি কালকে পেয়েছি। তখনও পর্যন্ত পড়িনি বলে আর দিতে পারিনি amendmentটা। কিন্তু তারপরেই দেখছি, এই বিশাল একটা deviation. আমার ধারণা ছিল, 1955এর Act-এ যা ছিল, by this time যে technological developmentগুলো হয়েছে to take into account of all these technological developments সেগুলোকে এখানে adjust করা হচ্ছে বা সেগুলোকে adopt করা হয়েছে। কিন্তু পড়তে গিয়ে দেখি এতো বিশাল revolutionary পদক্ষেপ নিতে যাচ্ছে government যেখানে possibilities are more যেখানে accidents and lapses are likely to be more সেইগুলোকে স্যার আমরা বাদ দিচ্ছি সযত্নে। না ওগুলো নেই। Whether it is central government or state government. Central government officeগুলো এটার আইন একেবারে কাঁটায় কাঁটায় মানবে, এটাকে খুব সুন্দরভাবে করবে, state governmentএর PWD সুন্দরভাবে করবে, এটা মেনে নেওয়ার, এটা assume করার তো কোনো অর্থ হয় না এবং সেইজন্যই আমি humble submission রাখছি কেননা, তাহলে হবে কি এই Select Committee PWD-এর সঙ্গে কথা বলতে পারবে, Central government এর লোকজনের সঙ্গে কথা বলতে পারবে। বিভিন্ন আরো wide ramification এর রয়েছে। কাজেই wider section of people তাদের সঙ্গে কথা বলতে পারবে Select Committee। আমার মনে হয় এই বিলটা যারজন্যই suggestion রাখবো, আমি অনুরোধ করবো Select Committeeতে পাঠানো হোক। Select committeeতে আপনি ঠিক করে দিন কে কে হবেন, কে কে থাকবেন, না থাকবেন এবং short time একটা দিয়ে দিন। কিছু না, পনেরদিন, বিশদিন, একমাস Select Committeeতে এটা আলোচনা হোক details, কারণ এর সঙ্গে public safety is involved. If the State government is really interested in public safety, it should be sent to the select Committee for detaild discussions, Thank you Sir.

শ্রী পরশ দত্ত : মাননীয় স্পীকার স্যার, একটু আগেই opposition leader ডঃ সুখবিলাস বর্মা এই বিলটার উদ্দেশ্য এবং purview সম্পর্কে বলেছেন। দেখুন, 1955 এর যে actটা ছিল তখন ক'টা lift ছিল। সামান্য কয়েকটা lift ছিল। আর এখন lift, escalator, travelators ছেয়ে গেছে।

[1:50 – 2:00 p.m.]

প্রাইভেট বিল্ডিংগুলিতে ভর্তি লিফ্ট এ্যান্ড এস্ক্যালেটর্স। তার জন্য আইনের পরিবর্তন করে, আইনটাকে আর একটু অল পারভেলিং করা দরকার। উনি পার্টিকুলারলি পি.ডাব্লিউ.ডি.র সেন্ট্রাল এবং স্টেট উল্লেখ করলেন এই ডিপার্টমেন্টে, এটাকে আইনের ভেতরে নিয়ে আসা মানে এ্যাকসেপ্ট করে নেওয়া যে পি.ডাব্লিউ.ডি.র কাজে ল্যাপস আছে। আমরা এখানে বসে গভর্ণমেন্ট এর একটা ডিপার্টমেন্টের কাজে ল্যাপস আছে এটাকে প্রমাণ করতে পারিনা। ইফ দেয়ার ইজ এ ল, দি ল ইজ অলসো ফর দি পি.ডাব্লিউ.ডি তাদের নিজেদের ডিপার্টমেন্টেও আইন আছে কিভাবে সেফটি মেজার্স রাখতে হবে। কিন্তু তাছাড়া বাইরে যে একটা বিরাট নাম্বার অফ লিফ্ট, এসকেলেটর, ট্রাভেলেটর্স রয়েছে, যাদের বিল্ডিং এ আছে, তাদের উপর একটা কড়া নজরদারী ব্যবস্থা তো রাখতেই হবে। আমার মনে পড়ছে, ৭০ এর দশকে এই কলকাতার একটা বিল্ডিং -এ তখন এস.এস.ইউ. কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশানের অফিস ছিল, আমাকে একটা কাজে, যেতে হয়েছিল এবং গিয়ে আমি শুনলাম যে তার লিফ্টা খারাপ হয়েছে। কেন খারাপ হয়েছে, লিফ্টটা নাকি কবে চার তলা না পাঁচ তলা থেকে পড়ে গেছে। ইট ইজ ডেঞ্জারাস থিং। এবং আমাকে সেই চোদ্দতলা অফিসে হেঁটেই উঠতে হয়েছিল। এখন হলে পারতাম না। প্রায় ৩৫বছর আগের কথা বলছি, তখন পেরেছিলাম। এইগুলোকে যদি, এই আইনগুলোকে এবং এই নিয়মগুলোকে যথাযথ পালন করা হয়, তাহলে এই এ্যাক্টের ভেতরে সব জায়গায় রয়েছে, চীফ ইলেকট্রিক্যাল ইন্সপেক্টারকে অনেকটা অধিকার দেওয়া হয়েছে, যেটা আগেও ছিল ফর কমিশনিং, ইরেকশান এ্যান্ড মেন্টেনান্স এবং সেইগুলোকে পালন করতে হবে যথাযথভাবে। সেইজন্য এই এ্যাক্টটা তৈরি হয়েছে। আমি ধন্যবাদ জানাই যে এই এ্যাক্টটা তৈরি করার পিছনে, এবং এই এ্যাক্টটা এই হাউসে প্লেস করার পিছনে মাননীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের যে উদ্যোগ রয়েছে সেটাকে আমি ধন্যবাদ জানাই। আজকাল লিফ্ট এর এ্যাক্সিডেন্ট হয়, কখনো কখনো হয়, এবং এই কলকাতা শহরে কয়েকটা বিল্ডিং আমরা জানি দোজ আর নটোরিয়াস ফর লিফ্ট এর এ্যাক্সিডেন্ট। তার মানে এরা ঠিক মতন করে মেন্টেন্যান্স করেনা। এখন লিফ্ট এর মেন্টেন্যান্স আগেকার মতন নয়, যে আগের একটা লিফ্টের রূপ থাকবে, হ্যান্ডেল ঘুরিয়ে লিফ্ট চলবে, সেসব তো ছিল, এখন আর নেই। এখন তো সব ইলেকট্রোনিক্যালি অপারেটেড। আমাদের এই বিধানসভার বিল্ডিং এও যে দুইখানা লিফ্ট আছে, সে দুটোও ইলেকট্রনিক্যালি অপারেটেড। তা সত্বেও এই বিল্ডিং এ দেখবেন মাঝে মাঝে একটা লিফ্ট বন্ধ থাকে। কেন ? ঐ মেন্টেন্যান্সটা ঠিক মত হয়। মেন্টেন্যান্সটা ঠিক মতন না হলে ঐ খারাপ অবস্থায় লিফট চালানো আর ইলেকট্রনিক্স গ্যাজেট সকলে বোঝেন না,

ফলে মিস্‌হ্যান্ডলিং, মিসইউজ অফ দি গ্যাজেটস্ এ্যান্ড ইকুপমেন্টস্ হয়। আর সেইগুলো যদি হয় তাহলেই লিফ্টের এ্যাকসিডেন্ট হওয়ার চান্স আছে। আমি জানিনা ট্রাভেলেটর্স কতগুলো আছে, এয়ারপোর্টে আছে আমি জানি। এছাড়া আগামী দিনে আরো বড় বড় বিল্ডিং এ ট্রাভেলেটর্স হবে, এস্কেলেটার্স তো আছে, প্রচুর আছে। অবশ্য প্রাইভেট বিল্ডিং এ, প্রাইভেটে মানুষ থাকে সেই বাড়ীতে, সিঁড়ির বদলে এস্কেলেটার আছে বলে আমার জানা নেই, কোথাও।

কিন্তু প্রচুর escalator আজকাল মলগুলোতে হয়েছে, বড় বড় বাড়িতে হয়েছে। ছোটবেলায় একসময় দেখতাম যে একমাত্র রিজার্ভ ব্যাঙ্কের বিল্ডিংয়ে একটা escalator ছিল। এখন তো escalatorএর ছড়াছড়ি। আর escalatorএ অ্যাক্সিডেন্ট হলে it can be fatal, ধুম করে হয়তো পড়ে যায় না, কিন্তু মানুষের পা আটকে যদি ভেতরে চলে যায় তাহলে পা কেটে আল্টিমেটলি বাদ দিতে হবে, injury হবে। সেইজন্য এই আইনটা, এই machine room less lift এবং escalator properly commissioning করার জন্য proper কন্ট্রাক্টর দরকার যাদের এই কাজ করার অভিজ্ঞতা আছে, expertise আছে। তাদের expertiseএর উপর ভিত্তি করে তাদের licence দেওয়া হবে এবং কখনো কখনো কোনোরকম mis-functioning of the machinery হলে সেটাকে repair করে সেটা ঠিক করে আবার commissioning করার দায়িত্ব এদের দেওয়া হয়েছে। under the purview of the Chief Electrical Inspector or his authorised agent। এইবিলটা সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং এই হাউসকে এ্যাপিল করছি যে এই ধরনের যুগান্তকারী আইন, যে আইনটা forward looking আইন, ভবিষ্যতের দিকে তাকিয়ে আইন। কেবল আজকের দিনের প্রয়োজনটা কোনমতে মিটিয়ে দেওয়াই নয়, forward looking - সেটাকে সমর্থন করার জন্য সকলকে আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : ধন্যবাদ স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী যে বিল নিয়ে এসেছেন, The West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019, স্যার এটা যদি আপনি লক্ষ্য করেন, এই বিলের SORএ Statement of Objects and Reasonsএ, এখানে SORটা হয়েছে ২৮শে মে, ২০১৯। আর আজকে যখন বিলটা পাশ করাতে চাইছেন, তখন বলছেন বিলটা। খুব তাড়াতাড়ি দরকার। অথচ ২৮শে মে ২০১৯এ SOR হল, তারপরে একটা হাউস হয়েছিল আমাদের, সেই হাউস পার হয়ে গেল, আনলেন এই হাউসে। তারপর এই বিলের Clause 3 এর এখানে বলছেন It shall come into force on such date as the State Government may, by notification, in the Official Gazette, appoint. তাহলে স্যার এটা যদি এত তাড়াহুড়ো থাকে তাহলে আর 'may' করবেন কেন, 'such date' করার কি আছে, at once করে দিন তাহলে। মানে নিজেরাই বুঝতে পারছেন না যে তাড়াতাড়ি করবেন, না দেরি করবেন, না কি করবেন। স্যার, এইজন্য আমি প্রথমেই বলছি এই বিলটার ভেতরে এরকম অনেক কিছু আছে, আমি আসছি সেই প্রসঙ্গে। যেটাতে আপনারও মনে হবে যে এটা সিলেক্ট কমিটিতে যাওয়া উচিত। স্যার, সুখবিলাসবাবু বলেছেন এটা নিয়ে। পরশবাবু যেটা বলেছেন যুগান্তকারী টুগান্তকারী, তা নয়, তাহলে ভাষা শিখতে হবে। ১৯৫৫ সালের একটা এ্যাক্ট, সেটা

Repeal হচ্ছে। যেমন যেমন technology develop করছে, তেমন তেমন Repeal হয়েছে, এর আগে যতবার হয়েছে। এই প্রথমবার স্যার দেখা যাচ্ছে যখন এ্যামেন্ডমেন্ট হচ্ছে তখন technology শুধু development করছে বলে বিলটাকে তার সঙ্গে update করতে হবে এই উদ্দেশ্যে নয়, এর ভিতরে আরো কোনো উদ্দেশ্য আছে, সেই উদ্দেশ্যে বাড়তি যুক্ত করা হচ্ছে। এবারে এটা হচ্ছে স্যার ব্যতিক্রমী বিষয়। স্যার, ২নংএ যেখানে application, applicationএ আপনি দেখুন স্যার, কতগুলো এরিয়াকে বাদ দিয়ে দেওয়া হচ্ছে। Mine area বাদ, Factories Act বাদ, Premises of the Central Government বাদ, Premises owned or controlled by the Public Works Department of the Government of West Bengal বাদ। এই এতগুলো বাদ স্যার। এখানে পূর্ণেন্দুবাবু আছেন, উনি শ্রমিক আন্দোলনের লোক। আমার বিশ্বাস উনি নিশ্চয় খনিতে গেছেন। স্যার, miningএ দুর্ঘটনা ঘটে গেলে সেটা mining এর হোক, আর সেটা Central Government এর হোক, তার দায় কি আমাদেরকে রাজ্য সরকারকে নিতে হবে না, নাকি রাজ্য সরকার সমালোচিত হবে না। সেই জায়গাতে দাঁড়িয়ে এই এত ক্ষেত্রকে বাদ কেন দেওয়া হচ্ছে, এটা যদি আপনি বলেন স্যার। এখানে ৫ নং নিয়ে আমি আসছি শেষে। এটা আমি এখনই বলে নিতাম। কিন্তু পরশবাবু একটা কথা বলেছেন বলে এটা শেষেই বলব, এখন আর বলছি না।

[2:00 – 2:10 p.m.]

স্যার, এই ৪ নম্বর পয়েন্টটা দেখুন, যেখানে authorities under the Act, 'For the purpose of this Act, the State Government may authorise the Chief Electrical Inspector to perform such duties and discharge such function, as may be prescribed তার মানে স্যার, as may be prescribed। তারপরে ৪(২)-তেও বলেছেন as may be prescribed। রুলের চেহারা কি আপনি জানেন ? আর রুলস্ আপনাকে ফ্রেম করতে হবে। চন্দ্রিমাদি আমাদের এখানে Allied Medical Act আপনি কবে এনেছিলেন মনে আছে? এটা ২০১৫ সালে এনেছিলেন। তার রুল আপনি কবে লে করেছেন ? তার রুল লে করেছেন আপনি আজকে। চার বছর লেগে গেল এটা লে করতে। স্যার, ভোকেশনাল অ্যাক্ট পূর্ণেন্দু বাবুর মাথার যন্ত্রণা। সব গণতান্ত্রিক আন্দোলনকে আপনারা এইভাবে মারবেন। ভোকেশনাল টীচাররা তাদের মাইনে বাড়াবার জন্য যখন এসেছে তখন তাদের পুলিশ দিয়ে আপনারা পেটাচ্ছেন। আর সেই ভোকেশানালের যে অ্যাক্ট হলো, তার রুলটা আজও অবধি লে হলোনা। এর রুলটা কবে লে হবে জানিনা, এদিকে as may be prescribed বলে বসে আছেন। এটা হচ্ছে রুলের নমুনা স্যার। এটা আপনি দেখবেন। স্যার এখানে বলছেন- Cause 5 and 6, permission to install lift, escalator or travelator, স্যার, এখানে বলছেন 'No owner of any premises shall on or after the commencement of this Act, install lift or escalator or travelator in such premises except under, and in accordance with the permission granted under this Act,' স্যর, এটা যখনই লাগু হয়ে গেল, তখনই এটাও চালু হয়ে গেল। তাহলে এর

একটু আগে, একটু পরে এগুলোর কি হবে। ৫(২) এখানে বলা আছে 'Every application for permission to install lift or escalator or travelator shall be made to the Chief Electrical Inspector in such form, specifying such particulars and on payment of such fees in such manner, as may be prescribed। এইগুলো সবটা বলেছেন as may be prescribed, স্যার এখানে সব গুরুত্বপূর্ণ বিষয়গুলো as may be prescribed। আর এই রকম যদি চার বছর, পাঁচ বছর পরে রুলস আসে তাহলে কি ডেঞ্জারাস হবে আপনি বুঝুন। স্যার, ৩ নম্বরে কি বলা হচ্ছে দেখুন, On receipt of an application under sub-section (2), the Chief Electrical Inspector shall, after making such inspection as he deems necessary, either grant or refuse to grant permission এখানে কোন টাইম লিমিট দিচ্ছেন না। আপনি কত দিনের মধ্যে এই পারমিশানটা দেবেন, আর পারমিশান যদি নাও দেন রিফিউজও করেন, তাহলে সেটা কতদিনের মধ্যে এটা আপনাকে বলতে হবে। আপনাকে একটা টাইম লিমিট দিতে হবে। স্যার, আপনি ৬(৩) দেখুন, একই বিষয় 'On receipt of an application under sub-section (2), the Chief Electrical inspector shall, after making such inspection as he deems necessary, either grant or refuse to grant licence এখানেও আপনার পারমিশান বা গ্র্যান্টিং এর টাইম লিমিট বলা নেই, যেটা উনি মনে করবেন বলবেন। এটা লিখিতভাবে থাকলে মনে হয় ভালো হয়। এখন মুখ্যমন্ত্রী খুব মুশকিলে পড়ে গেছেন, ওনাকে বলতে হচ্ছে সিভিক ভলানটিয়াররা গাড়ির কাগজপত্র দেখতে পারবেন না। বাঁকিটা বলতে পারছেন না যে ওঁরা টাকা-পয়সা নিতে পারবেন না। তাই আমার মনে হয় লিখিতভাবে এটা থাকলে ভালো হত। স্যার, আমি শেষ করব যেটা বলে এখানে যেটা এনেছিলেন ৫ নম্বরে, exemption দিয়েও আর আপনি বলছেন if any premises or any Clause or Sub-Clause of elevating device as the State Govt. May by notification exempt। এই exemption কেন দিচ্ছেন। একবার যাবেন হরিশ মুখার্জী স্ট্রীটে সেখানে এস্কালেটর হয়েছে, এই রকমই অনুপ্রাণিত হয়ে কেউ কেউ করতে চাইছেন সেইজন্য exempt কথাটা রাখতে চাইছেন। স্যার, আপনি আইনের লোক, আমি খুব বেশী জানিনা, এটা পরে থাকে। Power to remove difficulty' এটা আগে থাকে আর রিপিলটা পরে থাকে, এখানে কিন্তু এটা আগে এসেছে, ওটা পরে গেছে। তার মানে এখানে ওনারা কি করতে চাইছেন জানিনা, আর এখানে যেটা বলেছেন, রুল যদি না হয় তাহলে কি করে হবে। তবে ২০২১-এর আগে সব কিন্তু শেষ করতে হবে।

শ্রী জ্যোর্তিময় কর : স্যার, Bill No. 20 of 2019, The West Bengal Lift, Escalators and Travelators Bill, 2019. স্যার,অ্যাকচুয়ালি এটা মন্ত্রী শোভনদেবের নবকলেবর প্রাপ্তি। মানে। এই লিফ্টের মাধ্যমে নবকলেবর প্রাপ্তি। গীতায় শ্রীকৃষ্ণ বলেছেন অর্জুনকে, দেখো, যখন, কাপড় যেমন ছিঁড়ে যায়, তখন নতুন কাপড় পরে। তেমনি যখন আইনটা জরাজীর্ণ হয়ে যায়, যুগোপযোগী হয়না অবস্থা পাল্টায় তখন তাকে টেনে নিয়ে গিয়ে লাভ নেই। Vasamsi jirnani

yatha navani grahnati naro parani tatha sarirani vihaya jirnany anyani samati navani dehi। সেইজন্যে বলছিলাম ছিন্নপত্রে তিনি আবদ্ধ থাকেননি। আবার নতুন করে সব কিছু আবদ্ধ করেছেন। এখন ডঃ বর্মা বা বিরোধীদের অবস্থানটা হচ্ছে এই, তারা এই নতুনের যে যুগ- নতুনের যে গন্ধ, নতুনের যে স্পর্শ, নতুনের যে ঘ্রাণ, নতুনের যে স্পন্দন, নতুনের যে আহ্বান কোনটাই তাঁরা মানিয়ে নিতে পারছেন না। এটা ম্যাল অ্যাডজাস্টমেন্ট হয়ে যাচ্ছে। নাহলে ডঃ বর্মা আপনার মতো লোক কি করে বললো, স্যার, এই যে একটা আবর্তে থেকে থেকে অভ্যেস হয়ে গেছে, ঐ খানিকটা মৎস্যগন্ধা নারীর মতো। মাছের গন্ধ ছাড়া এদের ঘুম আসছে না। যাইহোক, ডঃ বর্মা আপনি কি করে বললেন, যে, পি.ডব্লু.ডি., Central Government can state make act which will touch Central Government. এতো হয়না। সেন্ট্রাল গভর্নমেন্টকে টাচ করবে স্টেট গভর্নমেন্ট এমন কোনো আইন করা যায় না। এইজন্যই সম্ভবত – সম্ভবত কেন - যথার্থ কারণেই, আমি স্টেট একটা আইন করলাম, যেটা সেন্ট্রালের পারভিউতে ঢুকে গেলো এটা হয় না। আর যথার্থ কারণেই, পি.ডব্লু.ডি. ইঞ্জিনিয়ার দিয়েই সৃষ্টি, ইঞ্জিনিয়ার দিয়েই মৃত্যু। সুতরাং পি.ডব্লু.ডি.-র এতো ইঞ্জিনিয়ার তাদের আবার উপদেশ দেওয়ার মতো, যথার্থই তিনি করেছেন, যান নি। আর একটা আপনি প্রশ্ন তুলেছেন আমজাদ সাহেব, যেগুলি সেন্ট্রাল অ্যাক্ট, যেগুলি declared as central act যেমন – এডুকেশান অ্যাক্ট সেন্ট্রাল অ্যাক্ট, যেগুলো এক্সক্লুসিভ অ্যাক্ট। সেগুলোতে আপনি সেন্ট্রাল অ্যাক্টকে অ্যাটাচ করতে পারবেন না। ঠান্ডা মাথায় ভাবুন, আপনি পারবেন না। আপনি অ্যাটাচ করতে পারবেন না। সুতরাং সেন্ট্রাল গভর্নমেন্টে করা যাবে না। আর আমজাদ সাহেব আপনি এমনভাবে বললেন যেন আজকে আইনটা হয়ে গেলো, আর আজকেই এফেক্ট পেয়ে গেলো। আইন হলে গভর্নরের কাছে যাবে, কিছু বিল রাষ্ট্রপতির কাছে যাবে। আপনি যেটা চন্দ্রিমাদিকে বললেন, আপনি জিজ্ঞেস করলেন না ? গভর্নর বা রাষ্ট্রপতি যে বিল নিয়েছেন সেটা সই করছেন কখন? পদে পদেই তো আপনার সেন্ট্রাল গভর্ণমেন্ট বিরোধিতা করছে। আইনটা বিধানসভায় পাস হয়েছে কবে দেখেই আপনি ডেট ক্যালকুলেট করে গেলেন? কিন্তু সেই আইনটা যখন গভর্ণর বা রাষ্ট্রপতি তাঁদের অ্যাসেন্ট দেন তারপর থেকেই গভর্ণমেন্টকে ডেট অফ এগজিকউশান অথবা ডেট অফ এন্যাক্টমেন্টটা কবে থেকে লাগু হবে সেটা ডিক্লেয়ার করতে হয়। কতগুলো ভাবনাচিন্তা আছে। সুতরাং এগুলোকে একদিকে আপনারা বলছেন যে তাড়াতাড়ি করা দরকার, আর এক দিকে বলছেন যে সিলেক্ট কমিটিতে নিয়ে যেতে হবে। হুইচ ওয়ান ইজ কারেক্ট? তাড়াতাড়ি যদি করতেই হয়, কি এমন আছে এতে? আপনার, যেখানে আমাদের সঞ্চালনশীল সিঁড়ি সেটা ছিলো, এখন তার টেকনিক্যালিটি পাল্টেছে। পর্বত আরোহণের জন্য ইলেকট্রিকবাহী সিঁড়ি। এগুলো ছিলো না, এগুলো বিলের মধ্যে এসেছে। আর তাছাড়া সবসময় তো থাকবে, যদি কোনো বেটার টেকনোলজি বেরোয় তাহলে আমাদের মন্ত্রী মহাশয় আটকে রাখবেন কেন? তাকে ফ্রি করে দেবেন। তুমি সেক্ষ সাপোর্টেড হয়েছো, সেইজন্যেই তো বলেছেন any other authority as the State Government may deem fit, তাকে ছেড়ে দেবেন এবং এই যে খুঁটিনাটি ব্যাপারগুলো আপনারা তুলছেন, কতদিনের মধ্যে হবে, কতদিনের মধ্যে সেট্‌লমেন্ট

হবে? অ্যাগ্রিভড্ হলে কতদিনের মধ্যে অ্যাপিল হবে? কতদিনের মধ্যে তার সেট্‌ল্‌মেন্ট হবে? এগুলো তো সবই রুলে চলে যাবে। আপনি রুলের প্রতিপাদ্য বিষয়কে অ্যাক্টে নিয়ে চলে এলেন কেন? এগুলো একটু জড়ানো হয়ে গেছে এক-একটা। সুতরাং আমি মনে করি এতো ক্লামজি করে লাভ নেই। জল ঘোলাটে করে লাভ নেই আমজাদ সাহেব। যখন একটা ভাল জিনিস এসেছে, আমি যে বলি না সবসময়, আদানস্য, প্রদানস্য, কর্তব্যস্য চ কর্মণঃ, ক্ষিপ্রম্ অক্রিয়মানস্য কালঃ পিবতি তদ্রসম্। বুঝতে পারছেন বিচার্য কোনগুলি, আপনি কালকে ড্যামেজ করে দিয়ে আসল, কস্তিনস্যকে বাড়িয়ে দিয়ে লাভ নেই। মন্ত্রী মহাশয় যে নব কলেবর লাভ করতে যাচ্ছেন তাঁকে নবকলেবর হতে দিন। সুতরাং দেখা যাক এই যে আইনটা এসেছে এই আইনটা আধুনিক প্রযুক্তির সঙ্গে, এবং বিশেষ করে আজকে গভর্ণমেন্টে যতটা না advanced, private sector-কে আরও বেশি privilege দিতে হবে। private sector-কে আরও বেশি যদি privilege না দেন দুরন্ত কাজ করার প্রবণতা, modern technology, এই সময় যদি না দেন....(এই সময় মাননীয় বিধায়ক অসিত মিত্র কিছু বলতে ওঠেন) তাহলে সেখানে তার যে amenity তাকে দিতে হবে আরও modern amendments, modern establishments, modern technology এইগুলোই দিতে হবে। অসিতদা আপনার যুগ, আমার যুগ শেষ – আমার যুগ, আপনার যুগ শেষ। এখন যে economy যেখানে rapid সমস্ত action চাই, আধুনিক technology চাই, আধুনিক device চাই, আধুনিক metallurgy চাই আপনি দেবেন। (এই সময় মাননীয় বিধায়ক তন্ময় ভট্টাচার্য কিছু বলতে ওঠেন) সুতরাং, স্টেট গভর্ণমেন্টে..... (নয়েজ)

[2:10 – 2:20 p.m.]

মিঃ স্পিকার : আপনি তন্ময়বাবুর কথার উত্তর দেবেন না, আপনি বিলের উপরে বলুন। তন্ময়বাবু পাশ থেকে কেন বলছেন আমি জানি না। আপনি বক্তার লিস্টে আসলে আপনাকে বলতে দিতাম।

শ্রী জ্যোর্তিময় কর : ওনার ভাল লেগেছে তাই বলছেন স্যার। উনি মহাকালের বাণী শুনতে পেয়েছেন বলেই বলছেন। সুতরাং এই বিলে সর্বাত্মক দিক দিয়ে যাকে বলা হয় all inclusive, all conclusive এবং আধুনিক দৃষ্টিভঙ্গি থেকে নেওয়া আছে এবং যেটা দেওয়া আছে সব, আরও ভাল করা আছে। এই যে আমাদের শ্রদ্ধেয় সভাপতি বলছিলেন, যে lift ছিঁড়ে গেল, তার জন্য কি electric department দায়ী হবে ? good faith-এ যেটা কাজ করা হবে, তার জন্য কোন employee পানিশমেন্ট পাবেন না। এটা free and fair যে কাজ করার একটা সুযোগ দেওয়ার জন্য, সেটারও এই অ্যাক্টে accommodation আছে। West Bengal Lifts and Escalators Act, 1955, totally repealed হয়ে গেল। ভেরি গুড। পুরানো আইনের সঙ্গে নতুন আইনের সংজ্ঞায় সব চাইতে দরকার হচ্ছে inclusive of travelators – এটা ছিল না। এই যে বৈদ্যুতিক পদ সঞ্চালন এটা ছিল না। তাতে নতুন আইনের দরকার ছিল। এটা তো আটকে রাখা যাবে না। তারপর regulation and installation, maintenance,

working life, escalators, travelators এগুলোর specific আইন ছিল না, সেইজন্য আইনটার দরকার ছিল। Application for installation, operation of lifts, mechanism, তারপর inspection, যদি inspection না হয় আবার complete হওয়ার পর আরও একবার complete for inspection অল থ্রু, অর্থাৎ from beginning to end, application করার কাজ থেকে lift installation বা installation পরে inspection, একটা comprehensive touch এই Bill-টার মধ্যে আছে। যেখানে আর কোন কিছু নেই স্যার, সেই জন্য আমি এই Bill-টাকে সম্পূর্ণ সাপোর্ট করছি এবং কালহরণ না করে Select Committee-তে না পাঠিয়ে আজকেই আমার আবেদনে আমরা বলছি, আজকেই আমাদের এই Bill-টা pass হোক, সেই জন্য আমার বক্তব্য রেখে আমার নিবেদন শেষ করছি; ধন্যবাদ স্যার।

Shri Manas Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, The West Bengal Lifts, Escalators And Travelators Bil, 2019 যেটা আজকে মাননীয় মন্ত্রী পেশ করেছেন, এটা আমি জ্যোর্তিময়বাবুর সঙ্গে – আমি কেন যে কোন মানুষই এই বিলটাতে সহমত, যে সমাজ সভ্যতার অগ্রগতির সঙ্গে সঙ্গে এবং প্রযুক্তির অগ্রগতির সঙ্গে সঙ্গে মানুষের জীবনযাপনের ধারা পরিবর্তন হয়, অনেক কিছু যুক্ত হয় এবং সেই যুক্ত হয় বলেই সরকারী আইনেও বিভিন্ন সময় পরিবর্তন করতে হয়, যেটা এর আগে সুখবিলাসবাবু বলেছেন যে; বেশ কয়েকবার amendment হয়েছে। এবারের amendment-এ একটা নতুন প্রযুক্তি বাজারে এসেছে সেটা হচ্ছে travelators, এতদিন escalators ছিল, এখন travelators এটা খুব ব্যবহৃত হচ্ছে। এটা যুক্ত হবে এটাতে তো আমাদের কোন আপত্তি নেই। যে বিষয়ে আমরা বলতে চাইছি, যে আপনারা বলছেন সভ্যতার অগ্রগতি হচ্ছে, প্রযুক্তির অগ্রগতি হচ্ছে তাহলে কেন 1948-এর যে Act, সেই Act-এর, উপর ভিত্তি করে 1952-র যে Act, সেই Act-এর উপর ভিত্তি করে দুই নম্বর pointএ, আপনি mines, PWD, কেন্দ্রীয় সরকারী দপ্তর তাদেরকে বাইরে রাখলেন ?

আমাদের দৈনন্দিন জীবনের অভিজ্ঞতায় সে কেন্দ্রীয় সরকার হোক বা রাজ্য সরকার হোক এইসব দপ্তরে যে লিফ্ট ইত্যাদি থাকে, ঘন ঘন শুনবেন খারাপ। পি ডব্লু ডি করছে বলেই, সরকারী দপ্তর বলেই বা কেন্দ্রীয় সরকারের দপ্তর বলেই তার উপর আইন লাগু করা যাবে না, এমনটা নয়, কারণ সেটা আমাদের রাজ্যের জুরিসডিকশানের মধ্যেই। কিন্তু যেটা খুব মারাত্মক, 2(V) in any premises or any class or sub-class of elevation device as the State Government may, by notification, exempt." এত ক্ষমতা কেন্দ্রীভূত করছেন কেন ? এখানে তো নির্দিষ্ট করা উচিত কোন্ কোন্ বিষয়ের উপর দাঁড়িয়ে রাজ্য সরকার তাকে exemption দিতে পারে। exemption দেওয়ার ব্যাপারে এত ক্ষমতা দিল্লীতে দেখছি আমরা একটা সরকার, সমস্ত ক্ষমতা নিজের হাতে কুক্ষীগত করছে। আর এখানে যদি সেই একইভাবে আপনারা চলেন, তাহলে তফাতটা কোথায় থাকে। এই বিলের ২ নং ধারায় যে বিষয়টা বলা হয়েছে, সেই বিষয়ে আমার নির্দিষ্ট প্রস্তাব যে, সিলেক্ট কমিটি এটা বিবেচনা করুক। সিলেক্ট কমিটি বিবেচনা করে একটা comprehensive মতামত তারা দিক। আইন ভালো, কিন্তু আবার যেন ছ'মাস পরে, এক বছর

পরে আবার নতুন করে এই আইন পরিবর্তন করতে না হয়। এখানে বলার সময়ে ছড়াছড়ি কথাটা এসেছে। ঠিকই বলেছেন পরশবাবু, ছড়াছড়ি হচ্ছে। লিফটের ছড়াছড়ি হচ্ছে, এসক্যালেটরের ছড়াছড়ি হচ্ছে, আবার মন্দ লোকে, সংবাদমাধ্যম পরিবেশন করছেন যে নব্য যারা বড়লোক হচ্ছে, সেই বড়লোকেরা তাদের নিজেদের রাজপ্রাসাদসম বাড়িতে এসক্যালেটর লাগাচ্ছেন। সেই বাড়িটি শুনছি হরিশ চ্যাটার্জী স্ট্রীটে, সে লাগানো ভালো, লাগানোয় কোনো আপত্তি নেই, বিলাসবহুল জীবনে কোন আপত্তি নেই, কিন্তু অর্থের উৎসটা কী, সম্পত্তির উৎসটা কী ? সেই উৎসটা নিয়ে আমাদের প্রশ্ন। এই প্রশ্নের উপর দাঁড়িয়ে, ব্যবহার করা উচিত– ওখানে মাননীয় মন্ত্রী বলছেন। সাধারণতঃ মন্ত্রীদের সদস্যদের বক্তব্যের সময় ডিসটার্ব করা উচিত নয়, এটাতেই আমরা সাধারণভাবে অভ্যস্ত। আপনারা ২ নং আইনটা যেখানে রাখলেন, সেখানে বলছেন সমাজ সভ্যতার অগ্রগতি, আর পড়ে আছেন সেই ১৯৪৮ সালের আইন, সেই ১৯৫২ সালের আইন, ১৯৫৫ সালের আইন। তাহলে সেদিন যে খনিতে দুর্ঘটনা হত, আজকে কি খনিতে দুর্ঘটনা কম হয় ? সেই দুর্ঘটনার উৎস কী ? তাহলে সেখানে যে এসক্যালেটর আছে, ওখানে যে আধুনিক ব্যবস্থা আছে, সেখানে যে লিফ্ট আছে, সেই ব্যবস্থায়, আমাদের সরকারের নজরদারির বাইরে থাকবে ? কেন সরকারী নজরদারির বাইরে থাকবে ? সরকারী প্রপার্টি বা কেন নজরদারীর বাইরে থাকবে ? আমার নিজের অভিজ্ঞতা যখন আমরা সরকারে ছিলাম, তখনও দেখেছি, পি.ডব্লু.ডি.-র সবচেয়ে দুর্বল জায়গা ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্ট। আপনি সেই ডিপার্টমেন্টকে দায়িত্ব দিচ্ছেন, দিন। কিন্তু তারা যে লিফট ইনস্টল করছে, তারা যে কাজগুলো করছে, তা দেখার জন্য, তা দেখভাল করার জন্য, তারা প্রপার্লি করছে কি না, মেইনটেনেন্স করছে কি না, তা দেখভাল করার জন্য একটা ব্যবস্থা এখানে রাখা উচিত। এর সঙ্গে সঙ্গে আমি বলব স্যার, এই যে ২(৫), এর সঙ্গে আমি একটা মাননীয় মন্ত্রীকে বলব, মিলিয়ে নেবেন, দেখবেন, আমি ভুল হতে পারি, আপনি ঠিক হতে পারেন। ২ নং - ৬৩(৯৪৮) বলেছেন, আমি এই আইনটা কালকে খুঁজে বের করার চেষ্টা করছি, এটা আমি পাই নি, এটা দেখে নেওয়া দরকার। আর সবার উপর আরও আপনাকে অ্যামেন্ডমেন্ট করতে হবে, আরও নতুন প্রযুক্তির বিকাশ হবে, সেই প্রযুক্তি ব্যবহার করতে হবে আমাদের, এটাই স্বাভাবিক।

[2:20 – 2:30 p.m.]

সেই প্রযুক্তি ব্যবহারের সময় আবার আপনাকে অ্যামেন্ডমেন্ট আনতে হবে। কিন্তু যে বিলটি মে মাসে তার অবজেক্টস্ ঠিক করেছিলেন তখন অধিবেশন চলছিল তখন আনলেন না কারণ তাড়াহুড়োর কিছু নেই। আর তাড়াহুড়ো নেই বলেই, আমি আপনার কাছে অনুরোধ করবো যে, এই বিষয়টি সিলেক্ট কমিটির কাছে পাঠান। সিলেক্ট কমিটি বিচারবিবেচনা করে তাঁরা একটা comprehension opinion দিক এবং সেই comprehension opinion, আপনি টাইম বেঁধে দিন সেটা পনেরো দিন হতে পারে, একমাস হতে পারে সেই টাইমের মধ্যে তাঁরা দেবেন। তারপরে বিধানসভায় এটা অনুমোদন করুন। তাহলে ঐ জ্যোতির্ময়বাবুর যে কথা, সমাজ

সভ্যতার অগ্রগতির সঙ্গে প্রযুক্তির অগ্রগতিটাকে আমাদের ব্যবহার করতে হবে যে ভাবনা সেই ভাবনাটা অনেক বেশি আন্তরিক হবে, অনেক বেশি যুক্তিসঙ্গত হবে, অনেক বেশি সময়োপযোগী হবে। এই কথা বলে, আমি এই বিলকে সিলেক্ট কমিটিতে পাঠানোর সাজেশান রেখে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

Mr. Speaker : প্লীজ, প্লীজ একটি ক্ল্যারিফিকেশান আছে।

Smt. Chandrima Bhattacharya : আমি স্যার, অতটা জানি না। আমি বলি, ২০১৫-র অ্যাক্টের একটা অ্যামেন্ডমেন্ট এসেছিল ২০১৯-এ, The West Bengal Allied And Para Medical Council Amendment Act, 2019. আগের রুলস্ লে করা ছিল। অ্যামেন্ডমেন্ট হলে relay করেছে স্যার। আজকে এটা দেখলে বুঝবেন যে, এটা relay। ওটা উনি দেখেননি।

...(নয়েজ)...

Mr. Speaker : She has explained it. এটা এমন কোনো ব্যাপার নয়। প্লীজ, মাননীয় মন্ত্রীকে বলতে দিন। প্লীজ, আপনারা বসুন।

Shri Sobhandeb Chattopadhyay : মাননীয় স্পিকার স্যার, আজকে The West Bengal Lifts, Escalators And Travelators Bill, 2019 এই বিধানসভায় পেশ করা হয়েছে। পূর্ববর্তী একটি আইন ছিল সেই আইনটিকে বাতিল করে দিয়ে এই নতুন আইনটি বিধানসভায় পেশ করা হয়েছে। সকল সদস্য আলোচনায় অংশগ্রহণ করেছেন এর অনুমোদন দেওয়ার জন্য। যাঁরা বলেছেন, শ্রী সুখবিলাস বর্মা, শ্রী পরশ দত্ত, শ্রী শেখ আমজাদ হোসেন, শ্রী জ্যোতির্ময় কর, শ্রী মানস মুখার্জী – প্রত্যেককেই ধন্যবাদ জানাচ্ছি যে, তাঁরা নিজ নিজ দৃষ্টিভঙ্গি দিয়ে তাঁদের মতামত দিয়েছেন। কিন্তু বেসিক্যালি এই আইনটার বিরোধিতা কেউ করেননি। আইনে কোন কোন জায়গায় তাঁদের বিশেষ বিশেষ মতামত ছিল, থাকতেই পারে এবং সবাই আমরা গণতন্ত্রে একমত নই, হতে পারি কোন কোন জায়গায়। বিধানসভাই তো সেই জায়গা যেখানে আমরা আমাদের যা চিন্তা ভাবনা তার বহিঃপ্রকাশ করতে পারি। আমি ধন্যবাদ জানাচ্ছি এই জন্য যে তাঁরা তাঁদের সেই কথাগুলো জানিয়েছেন বলে। দু'টি বিষয় খুব গুরুত্বপূর্ণ ভাবে বলা হয়েছে। সেটা হচ্ছে যে, একেবারে শুরুতেই দু'নম্বরে যে ধারা এবং সেইটা বেশি গুরত্ব পেয়েছে আলোচনায় যে, Nothing in this Act shall apply to installation and working of any lift, escalator or travelator আমি এটাতে আসবো। কিন্তু এটা আপনারা প্রত্যেকেই স্বীকার করেছেন যে, নতুন যে প্রযুক্তি এসেছে সেই প্রযুক্তিকে ব্যবহার করতে হবে এবং তার জন্য আইনের পরিবর্তন দরকার। এই যে আইন পরিবর্তন কেন করা হ'ল, সুখবিলাসবাবু বললেন। কেউ কেউ বললেন যে, কেন পরিবর্তন করা হ'ল। এখানে স্পিকার সাহেব আছেন, অনেক আইনজ্ঞ এখানে আছেন। ভারতবর্ষের সংবিধান বোধ হয় ১০২ বারের বেশি পরিবর্তন হয়েছে। অ্যামেন্ডমেন্ট হয়েছে। অ্যামেন্ডমেন্ট করতে হয়েছে। বেসিক জিনিসটাকে তো চেঞ্জ করতে

পারা যায়নি। সেটা তো কনস্টিটিউশনের ব্যাপার, কখনও হয়না। অ্যামেন্ডমেন্ট হয়েছে। পৃথিবী যত এগোবে, প্রযুক্তি যত উন্নত হবে, সমাজ যত পরিবর্তন হবে, মানুষের চাহিদা যত বাড়বে, প্রয়োজন যত বাড়বে, বিজ্ঞানও তাই বলে, মানুষের প্রয়োজনকে মিট করতে হবে। সেটা মিট করতে গিয়ে আজকে এই যে ট্রাভেলেটর, ট্রাভেলেটর সম্বন্ধে একটা সময়ে আমাদের কোন ধারাই ছিলনা। একটা সময় আমাদের বাড়িতে রেডিও ছিল কিন্তু টি.ভি ছিলনা। আমরা অন্য লোকের বাড়িতে টি.ভি. দেখতে যেতাম। এখন এমন একটা বস্তি এবং বস্তির খুপড়ি ঘর নেই যেখানে টি.ভি. নেই। বিজ্ঞান-প্রযুক্তির উন্নতি হচ্ছে। আগে আমাদের বাড়িতে একটা মেন সুইচ থাকতো। ঐ মেন সুইচ অফ বা অন করে কাজ করতে হত। কিন্তু এখন যদি ইলেকট্রিক্যাল কোন প্রব্লেম হয় তাহলে একটা আলাদা পদ্ধতি করা আছে। সম্ভবত তাকে এম.সি. বলে। সেটা সঙ্গে সঙ্গে অফ হয়ে যায়। ন্যাচারালি প্রযুক্তির যেভাবে উন্নতি হচ্ছে আমরাও সেই ভাবে করছি। এটা '৫৫ সালের আইন। এব্যাপারে আপনারা সবাই বলেছেন। এর মাঝখানে তিনবার অ্যামেন্ডমেন্ট হয়েছিল। কিন্তু এখন নতুন আইনে আমরা একটা, আমাকে সকালবেলায় অশোক বলছিল, এর জন্য বিল আনার কী দরকার ছিল? একটা 'ট্রাভেলেটর' শব্দ ঢুকবে তার জন্য বিল আনার কী দরকার ? গত বিলটাতে কিন্তু ২২টা ধারা ছিল। এটাতে ২১টা ধারা আছে। এমন কিছু কাটছাঁটও করা হয়নি, এমন কিছু নতুন ঢোকানোও হয়নি। শুধু আজকের যে প্রযুক্তি তাকে আমরা কীভাবে কাজে লাগাতে পারি তার ব্যবস্থা করেছি। এখন যেটা বলার, একটু আগে পরশ দত্ত বলছিলেন যে, কটা লোকের বাড়িতে লিফ্ট ছিল। বর্তমানে আমাদের রাজ্যে ৩৭,৭৩১টা লাইসেন্সপ্রাপ্ত লিফ্ট আছে। আর, এসকালেটর আছে ৪৯০টা। ট্রাভেলেটর আছে এয়ারপোর্টে এবং হাইকোর্টে। এই সমস্ত জিনিসকে যদি একটা পরিকল্পিত আইনের মধ্যে না নিয়ে আসা যায়, যদি অলপ্রুফ আইনের মধ্যে না নিয়ে আসা যায় তাহলে এতে যে প্রযুক্তি ব্যবহার হচ্ছে সেটা ভুল হচ্ছে কিনা, সেটা ঠিক মত লাগানো হচ্ছে কি না, কোন দুর্ঘটনা ঘটবে কি না, মানুষের নিরাপত্তা বিঘ্নিত হবে কি না – এগুলো দেখার জন্য এই আইনটা। এটা নিয়ে এত ভয় পাওয়ার কোন কারণ নেই যে কাকে ছাড় দেওয়া হচ্ছে বা নাড়া দেওয়া হচ্ছে। আমাদের রাজ্যে ৪৭৯টা লাইসেন্সপ্রাপ্ত ফার্ম আছে যাদের মাধ্যমে আমরা এই কাজগুলো করি। আমাদের ইনফ্রাস্ট্রাকচার খুব দুর্বল। আমাদের যে ইনফ্রাস্ট্রাকচার তা দিয়ে আমরা এতবড় রাজ্যের সমস্ত জায়গায় কাজের তদ্বির করতে পারিনা। কোন প্রয়োজনও নেই। সে জন্য লাইসেন্সপ্রাপ্ত ফার্ম আছে। আর এসকালেটরের জন্য আছে ২০টা লাইসেন্সপ্রাপ্ত ফার্ম। এখন ট্রাভেলেটরের কিছু নেই। এই আইনটা তৈরি করার পর আমরা সেখানেও লোক নিয়োগ করবো। তার জন্য যে প্রযুক্তি ব্যবহার হয় তার জন্য দক্ষ লোক আমাদের দপ্তরে আনবো। তার পর তাঁরা সেগুলো পরিদর্শন করতে পারবেন।

বার বার যেটা বলছেন, মাইন অ্যাক্টে যেটা আছে সেটা কেন বাদ যাবে? তারপরে ফ্যাক্টরি থেকে কেন বাদ যাবে? সেন্ট্রাল গভর্ণমেন্টের অফিস কেন বাদ যাবে? গভর্ণমেন্ট যখন যেমন মনে করবে কাউকে সুযোগ দেবে। প্রথমে বলি, P.W.D. এগুলো তো বাদ যাবেই কারণ সেন্ট্রাল

গভর্ণমেন্টের যে অ্যাক্ট আছে সেই অ্যাক্ট অনুযায়ী চলে। যেমন রেলওয়ে। এরা যদি স্টেশনে একটা এসকালেটর লাগায় তাতে আমাদের প্রভিশন লাগেনা। তারা তাদের নিজস্ব যে আইন আছে, সেন্ট্রাল যে অ্যাক্ট আছে, সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথোরিটি আছে তাদের মাধ্যমে তারা সেটা পায়। ফলে আমাদের এই রাজ্যে কেন্দ্রীয় সরকারের যে বিল্ডিংগুলো আছে তারা যদি তাদের ওখানে লিফ্ট লাগায়, এসকালেটর লাগায় বা ট্রাভেলেটর লাগায় তার জন্য আমাদের অনুমোদন লাগবে না।

[2:30 – 2:49 p.m.]

দুই হচ্ছে পাবলিক ওয়ার্কস্ ডিপার্টমেন্ট, একইভাবে পি.ডব্লুউ.ডি.-র একটা ইলেকট্রিক্যাল ডিভিশন আছে। সেটা দুর্বল কি শক্তিশালী, যদি দুর্বল হয় শক্তিশালী করতে হবে। কিন্তু বাধ্যবাধকতার মধ্যে কোন ভুল নেই। তারা নিজস্ব জায়গায় আছে কারণ আমার দপ্তরটাও এই একটু আগে আপনাদের বললাম যে সংখ্যায় লিফ্ট আছে সাঁইত্রিশ হাজারেরও বেশি, এসকালেটর আছে সাড়ে চারশো পাঁচশোর মতন এই সম্পূর্ণ জায়গাটাকে দেখাশোনা করার প্রয়োজন নেই যতটা ইনফ্রাস্ট্রাকচার অলরেডি আছে, পি.ডব্লুউ.ডি.-র আছে, পি.ডব্লুউ.ডি.-র আছে আমরা তাই সেগুলোকে ছাড় দিয়েছি। লাস্ট যেটা আপনারা বলেছেন in any premises or in any class or sub-class of elevating device as the State Government, may by notification, exempt যে সরকারের ক্ষমতা থাকে, সরকার যদি মনে করে কোন একটা জায়গায় সেটা মানুষের জন্য, সমাজের অগ্রগতির জন্য যদি মনে হয় এই জায়গাটাকে এক্সাম করতে হবে, আমরা প্রতিনিয়ত আমাদের জমি সংক্রান্ত যে মন্ত্রীদের সাব কমিটি আছে সেখানে আমরা দেখতে পাচ্ছি কতগুলো জায়গায় আইন হল প্রতিবন্ধক। শিল্প স্থাপনের ক্ষেত্রে প্রতিবন্ধক, পরিবর্তন করতে হচ্ছে, স্বেচ্ছায় পরিবর্তন করতে হচ্ছে। ফলে এটা সরকারের অধিকারের মধ্যে থাকা উচিত। যখন যে সরকারে থাকবে সে যে আইনটাকে প্রতিবন্ধক মনে করবে ভারতবর্ষের সংবিধান যদি ১০২ বার পরিবর্তন হয়ে থাকে, তাহলে দেশের আইনে এমন প্রভিশান থাকার দরকার যে আইন পরবর্তীকালে আমার এগিয়ে যাওয়ার পথে কোন প্রতিবন্ধক না হয়। স্যার, এই বিলের মধ্যে মেইন যে তিনটে ইস্যু সেটা আমি তুলে ধরছি। এক – ট্রাভেলেটরকে এই বিলের মধ্যে আনা হয়েছে।

মিঃ স্পিকার : হাউসের অনুমতি নিয়ে ১০ মিনিট সময় বাড়ানো হল।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ট্রাভেলেটরকে এই আইনের মধ্যে আনা হয়েছিল সবাই বলেছেন, নতুন করে বলার কিছু নেই। সমস্ত রকম লিফ্টে আধুনিক প্রযুক্তি সহ স্থাপন, রক্ষণাবেক্ষণ সুরক্ষাবিধি এর মধ্যে সংযুক্ত করা হয়েছে যেটা আগে ছিল না। যেটাকে বলা হয় Bureau of Indian Standard। এটা আগের বিলে ছিল না তাই এটাকে আমরা এই বিলের মধ্যে অন্তর্ভুক্ত করলাম। তিন– এখন অ্যাপ্লিকেশান নেওয়া, টাকা জমা দেওয়া যা কিছু আপনারা আগের থেকে জানেন যে অমিত মিত্র যখন প্রথম অর্থমন্ত্রী হয়েছিলেন তিনি চেয়েছিলেন যে আমাদের রাজ্যের সমস্ত কিছুই অনলাইনে হোক। এখন অনলাইন সিস্টেম, আগে গিয়ে ঘণ্টার

পর ঘণ্টা দপ্তরের সামনে লাইন দিতে হত এখন আর লাইন দেওয়ার দরকার নেই। যা কিছু হবে সমস্তটাই অনলাইনে হবে। এছাড়া আরেকটা জিনিস আপনাদের বলা দরকার এটা আপনারা খেয়াল করেছেন কিনা জানি না সেটা হচ্ছে আগে লিফ্টের পাশে একটা মেশিন রুম তৈরি করতে হত। তাতে ছাদের কিছুটা অংশ চলে যেত। এখন যে নতুন আইন হল সেই আইনে লিফ্ট যেখানে লাস্ট ল্যান্ডিং করে তার থেকে এক মিটারের স্পেস থাকে। এখন সেটা দু মিটার করার কথা বলা হয়েছে। মেশিন রুমে যে অপারেটর্সগুলো ব্যবহার করা হয় এখন আর লিফ্টের আলাদা রুম না করে ওই এক্সট্রা আড়াই মিটার যে বাড়িয়ে দেওয়া হয়েছে সেখানেই সেগুলোকে রাখা যাবে। ফলে এক্সট্রা কোন রুম দরকার হবে না। ইলেকট্রিসিটির ডাইরেক্টরেট যেটা আছে তারা যে নিয়ম তৈরি করা হল সেই মত তারা তাদের পারমিশান দেবে। অ্যাপ্লাই করা হল, অ্যাপ্লাই করার পর তাকে কাজ করার অনুমতি দেওয়া হবে, কাজ করার অনুমতি পেয়ে সে কাজ কমপ্লিট করে সে যখন দপ্তরকে জানাবে তখন দপ্তর ইঞ্জিনিয়ারদের পাঠিয়ে তারা দেখবে যে সমস্ত কাজগুলো যথাযথভাবে হয়েছে কি না, হলে তবে পারমিশান দেবে। তার আগে সেই লিফ্ট অপারেট করা যাবে না। এই লিফ্ট, এসকালেটর এবং ট্রাভেলেটর যারা সার্ভিসিং করবেন, যারা মেইনটেন্যান্স করবেন তাদেরকে এই বিলের মধ্যে দেওয়া আছে যে তাদেরকে আমরা লাইসেন্স দেব।

তিন, যাঁরা রক্ষণাবেক্ষণ করবেন, অর্থাৎ যে কোম্পানীর হয়ে ঐ লিফ্টগুলো দেখার জন্য যে লোক লাগানো হয়, দেখবেন লিফ্টের জন্য লোক লাগানো হয় তাদেরকেও আমরা লাইসেন্স দেবো আমাদের ডিপার্টমেন্ট থেকে। চার নম্বর ধারায় আছে যিনি বিদ্যুৎ পরিদর্শক আছেন তাঁর সুপারিশ অনুযায়ী আমরা ভবিষ্যতে রুল নিয়ে কথা হল ৪ বছর, ৩ বছর ইত্যাদি এবং তার জন্য আমাদের মাননীয় মন্ত্রী আপনাদের জানিয়ে দিয়েছেন যে রুল করার জন্য কিছুটা সময় লাগেই এবং সেই রুল এমনভাবে করা দরকার যাতে ভবিষ্যতে বার বার সেটাকে পরিবর্তন করতে না হয়, তার জন্য একটু সময় লাগেই। যখন আপনারা ক্ষমতায় ছিলেন, একইভাবে হয়েছে। আমরা আছি এইভাবে হবে। আগামীদিনে যদি কেউ আসে সে একইভাবে করবে। লিফ্ট বসানোর এক মাসের মধ্যে আমরা লাইসেন্স দেওয়ার ব্যবস্থা করেছি। আগে এটা ছিল না, আগে মাসের পর মাস যারা বাড়িতে লিফ্ট বসাবে তাদের ঘুরতে হত দপ্তরে। এটা আমাদের মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছিলেন, এটা এই আইন আসার আগেই আমরা বলেছি যে লিফ্ট বসানোর এক মাসের মধ্যেই (এ ভয়েস : বিলটা কতদিনের মধ্যে পাস হবে ?) বেশি দিন লাগবে না। রাজ্যপাল অথবা রাষ্ট্রপতির অ্যাসেন্ট পেয়ে গেলে তারপর ৬ মাস বা ১ বছরের মধ্যে হয়ে যাবে। কোন কোন ক্ষেত্রে বেশি লাগে হয়তো। কিন্তু সেটা সবসময় ছিল। এই রকম নয় যে তৃণমূল সরকার বা মা-মাটি-মানুষ সরকার আছে বলে তখনই হচ্ছে। এটা চিরকালই হয়ে আসছে সেইভাবেই চলবে। নয় নম্বর ধারায়, আমাদের যাঁরা পরিদর্শক আছেন তাঁদের এই ক্ষমতা নিশ্চিতভাবে দেওয়া হয়েছে বিলে তাঁরা যখন মনে করবেন গিয়ে ভিজিট করতে পারেন। সেটা এসকালেটর হতে পারে, লিফ্ট হতে পারে, সেটা ট্রাভেলেটর হতে পারে। যখন মনে করবেন – কোন কমপ্লেন এল, লিফ্ট আটকে যাচ্ছে যদি কোন প্রব্লেম আসে তাহলে তাঁরা যখন মনে

করবেন তখন তাঁরা সেখানে যেতে পারবেন। ১১ নম্বর ধারায় লেখা আছে একইভাবে যদি কোন ত্রুটি ধরা পড়ে সেটা সারাবার জন্য সময় দিতে পারেন অথবা বন্ধ করার নির্দেশ দিতে পারেন। এ সত্ত্বেও যদি কোন দুর্ঘটনা হয় তাহলে যেখানে দুর্ঘটনা ঘটবে সেটা কলকাতা হলে কলকাতা পুলিশ কমিশনার, জেলায় হলে ডি.এম.-কে খবর দিতে হবে এবং এটা বাধ্যতামূলক। আইনে রাখা হয়েছে এই জন্য। এই ধারাগুলো যদি কেউ না মানেন যাঁরা এইগুলো ব্যবহার করছেন, তাহলে তাঁদের ১০ হাজার টাকা পর্যন্ত জরিমানার প্রভিশান এই বিলের মধ্যে রাখা হয়েছে। মোটামুটিভাবে স্যার, আমি বিল সম্পর্কে বললাম এবং যে সমস্ত কথা আমাদের বিরোধী দলের সদস্যরা বলেছেন, আমি নিশ্চয় মাথায় রাখবো আপনাদের কথা কারণ আমি এটা মনে করি না যে বিরোধীরা বলল বলে সব ভুল বলল, আর আমাদের যারা বলল তারা সব ঠিক বলল – এই কথা মনে করি না। এটাই সেই হাউস যেখানে আমরা সকলের কাছ থেকে মতামত নিতে পারি। আমি ২-১টি অ্যামেন্ডমেন্ট নেবো ঠিক করেছি। যেগুলো জেনুইন, সেই অ্যামেন্ডমেন্ট আমাকে নিতে হবে। তার মধ্যে কোন অসুবিধা নেই। আমি আশা করি, আপনারা সকলে মিলে মানুষের প্রয়োজনের কথা ভেবে, নিরাপত্তার কথা ভেবে আগামীদিনের প্রযুক্তিকে আমাদের বর্তমান ব্যবস্থার মধ্যে যুক্ত করার যে সুযোগ সেই সুযোগ আপনারা করে দেবেন। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে শেষ করলাম।

Mr. Speaker : The question before the House is that the Bill be taken into consideration. As many as are of that opinion will please say 'Aye'- and as many as are of the contrary opinion will please say 'No'. 'Ayes' have it. 'Ayes' have it.

CLAUSE 2

Mr. Speaker : There is one amendment to Clause 2, being amendment no. 3, by Dr. Sujan Chakraborty. The amendment is in order. I now call upon Dr. Chakraborty to move his amendment.

Dr. Sujan Chakraborty : I beg to move that in sub-clause (v) of clause 2, in line 2, after the words and "by notification, exempt.", the words and sign "The notification so made shall be laid before the State Legislature." be inserted

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I cannot accept the amendment.

Mr. Speaker : Now, the question before the House is the Amendment No. 3 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion, please say Aye.

As many as are of the contrary opinion, please say No.

Noes have it. Noes have it.

Now, the question before the House is that Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSES 3 TO 9

Mr. Speaker : There is no amendment to Clauses 3 to 9. So, I put Clauses 3 to 9 do stand part of the Bill.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 10

Mr. Speaker : There are two (2) amendments to Clause 10 being amendment Nos. 4 and 5, to be moved by Dr. Sujan Chakraborty. Now, I call upon Dr. Sujan Chakraborty to move his amendments.

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that in sub-clause (1) of clause 10, in line 4, for the words "every five", the word "a" be substituted; and

I also beg to move that in sub-clause (5) of clause 10, in line 2, after words "of police", the sign and word "Kolkata" be inserted.

পাঁচ বছরে ইন্সপেকশান কেন, প্রত্যেক বছরে দেওয়া উচিত। লিফ্ট, গণ্ডগোলে পড়ে যাবে। নাহলে ভুল থেকে যাবে।

Shri Sobhandey Chattopadhyay : আমরা যাদের লাইসেন্স দিই, তাদের লাইসেন্সটা নির্ভর করে তাদের প্রতি বছর তাদের আন্ডারে যতগুলো লিফ্ট পড়বে, এসকালেটর্স পড়বে, তাদেরকে প্রতি বছর আমাদের দপ্তরে দিতে হবে, তবে তারা রিন্যুয়্যাল পাবে। ফলে আলাদা করে এক বছর লেখার দরকার পড়ে না। এটা পাঁচ বছর – কেন্দ্রীয় সংস্থা, যেটা আছে আমাদের সেন্ট্রাল গভর্ণমেন্ট, তারা পাঁচ বছর, ওদের সঙ্গে সমতা রেখেই আমরা করেছি।

Dr. Sujan Chakraborty : যদি প্রত্যেক বছরই করেন তাহলে পাঁচ রাখার দরকারটা কি ? আর দ্বিতীয়টা বলুন।

Shri Sobhandeb Chattopadhyay : ওটা ডিপার্টমেন্ট করবে। আর এজেন্সি কাজটা করছে, করে আমাদের রিপোর্ট দিচ্ছে।

Therefore, Sir, I cannot accept the Amendment No. 4 but I accept the Amendment No. 5.

Mr. Speaker : Now, the question before the House is that the amendment No. 4 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Noes have it. Noes have it.

Now, the question before the House is the amendment No. 5 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

Now, the question before the House is Clause 10, as amended, do stand part of the Bill.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 11

Mr. Speaker: There is no amendment to Clause 11. So, I put Clause 11 do stand part of the Bill.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

CLAUSE 12

Mr. Speaker : There are Two (2) amendments to Clause 12 being amendments Nos. 6 and 7 to be moved by Dr. Sujan Chakraborty. Now, I call upon Dr. Sujan Chakraborty to move his amendments.

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that in sub-clause (1) of clause 12, in line 7, for the word "Calcutta", the word "Kolkata" be substituted; and

I also beg to move in sub-clause (3), in line 2, after the words "of police", the sign and word "Kolkata" be inserted.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I accept both the amendments.

Mr. Speaker : Now, the question before the House is the amendment no. 6 moved by Dr. Sujan Chakroborty.

As many as are of that opinion please say Aye.

As many as are of the contrary opinion please say No.

Ayes have it. Ayes have it.

Mr. Speaker : Now, the question before the House is the amendment no. 7 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Ayes have it, Ayes have it.

Now, the question before the House is Clause no.12, as amended, do stand part of the Bill.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Ayes have it, Ayes have it.

CLAUSES 13 – 21

Mr. Speaker : There is no amendment to clause nos.13 to 21. The question before the House is clauses 13-21 do stand part of the Bill.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Ayes have it, Ayes have it.

CLAUSE 1

Mr. Speaker : There is one amendment to clause 1, being amendment no.2, by Dr. Sujan Chakraborty. Dr. Chakraborty may now move his amendment.

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that in sub-clause (3) of clause 1, for the words, "on such date as the State Government may, by notification in the Official Gazette," the words "at once" be substituted.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I cannot accept the amendment.

Now, the question before the House is the amendment no.2 moved by Dr. Sujan Chakraborty.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Noes have it, noes have it.

Now, the question before the House is Clause no.1 do stand part of the Bill.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Ayes have it, Ayes have it.

The Enacting Formula, The Preamble and The Title of the Bill

Now, the question before the House is the Enacting Formula, the Preamble and the Title of the Bill, do stand part of the Bill.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Ayes have it, Ayes have it.

Mr. Speaker : Now Third Reading. I call upon the Hon'ble Minister Shri Sobhandeb Chattopadhyay to move the motion.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that the West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019, as settled in the Assembly, be passed.

Mr. Speaker : The question before the House is the motion of Shri Shobhandeb Chattopadhyay.

As many as are of that opinion, please say 'Aye.'

As many as are of the contrary opinion, please say 'No.'

Ayes have it, Ayes have it.

The Bill is passed, the Bill is passed.

ADJOURNMENT

The House was then adjourned at 2/49 p.m. till 11.00 a.m. of Wednesday, the 28th August, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, the 28th August, 2019 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 21 Ministers-in-Charge, 17 Ministers of State and 178 Members.

[11:00 – 11:10 a.m.]

Starred Questions
(to which oral answers were given)

মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪) **শ্রী রুনু দত্ত** ঃ পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

কয়লাখনি অঞ্চলে খাস জমির অভাবে মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প সঠিকভাবে রূপায়ণ করা সম্ভব হচ্ছে না। এই ব্যাপারে সরকারের বিকল্প ভাবনা কীরূপ?

শ্রী সুব্রত মুখার্জী : পশ্চিম বর্ধমান জেলার কয়লাখনি অঞ্চলে ১০০ দিনের কাজ খাস জমির অভাবে রূপায়িত হচ্ছে না এমন কোনও তথ্য বিভাগের কাছে নেই। মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্পে অনুমোদিত কাজের তালিকায় এমন বহুবিধ কাজ আছে যা শুধুমাত্র খাস জমির উপর নির্ভরশীল নয়। এই প্রকল্প যেমন সর্বসাধারণের ব্যবহার্য জমিতে রূপায়ণ করা যায় তেমনই অনেক কাজ স্বনির্ভর দলের বা কোনও পরিবারের ব্যক্তিগত জমিতেও করা সম্ভব। প্রয়োজনে সংশ্লিষ্ট জেলা অনুমোদিত কাজের তালিকা থেকে বিকল্প কাজ হাতে নিতে পারে।

শ্রী রুনু দত্ত : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই এবং তার সাথে সাথে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছেও জানতে চাইছি যে বিষয়টা সেটা হচ্ছে, কয়লা খনি এলাকায় কয়লা উৎপাদন যেখানে দীর্ঘদিন ধরে শেষ হয়ে গিয়েছে, abandon হয়ে আছে, এইরকম বহু জমি, যে জমিতে আপনি কাজ করছেন তার চেয়ে অনেক বেশি জমি সেখানে। পড়ে আছে, সেগুলো ব্যবহার হচ্ছে না। একটা সময় এই খাস জমিগুলো আপনাদের কাছ থেকে। অথাৎ কোন সরকারের কাছ থেকে অনুমোদন নেওয়া হয়েছে। সেখানে কয়লা উৎপাদন শেষ হয়ে যাওয়ার পর সেইসব খাসজমি মালিকের কাছে অথাৎ গভর্ণমেন্টের কাছে ফিরে এসছে। আমি জানতে চাইছি সেই জমিতে এম.জি.এন.আর.ই.জি.এ -র কাজ যদি

করা হয় তাহলে সেখানে বহু ছেলে মেয়ে কাজ করতে পারে। আপনি কি এই বিষয়ে কোন পরিকল্পনা নিয়েছেন ?

শ্রী সুব্রত মুখার্জী : এই খনি অঞ্চলে একটা বিজ্ঞান ভিত্তিক টেকনিক্যাল ব্যাপার আছে, তবে যেসব কাজ আমরা করি সেইসব কাজ যদি ওখানে করা সম্ভব হয় তাহলে নিশ্চয়ই কিছু কিছু কাজ করা যায়।

শ্রী রুনু দত্ত : স্যার, আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, এইসব ল্যান্ডে বনসৃজন করা যেতে পারে এবং প্রচুর ছেলে এম.জি.এন.আর.ই.জি.এ - তে কাজ করতে পারে। এছাড়া ওখানে অনেক খাদান আছে, যেখানে প্রচুর পরিমানে জল আছে। সেই খাদানকে ঘিরে আপনি পার্ক তৈরী করতে পারেন। ফলে। সেখানেও ছেলেরা কাজ পাবে এবং সেটা একটা দর্শনীয় স্থান হবে। এছাড়া স্যার এই পানীয় জলে আপনি মাছের চাষ করতে পারেন অথবা আমাদের অঞ্চলে পানীয় জলের খুব অভাব আছে। যদি এই জলকে পরীক্ষা করে পানীয় জলে রূপান্তরিত করে পঞ্চায়েতের মাধ্যমে এই জল সরবরাহ করেন। তাহলে খুব সুবিধা হয়। তাই আমি অনুরোধ করব এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন। এবং জরুরীভাবে এই কাজগুলো গ্রহণ করবেন কারণ অনেক দিন ধরে এই খনিগুলো পড়ে আছে। তাই এই ব্যাপারে আপনি ই.সি.এল কর্তৃপক্ষের সাথে একটু কথা বলবেন তাহলে। এম.জি.এন.আর.ই.জি.এ - তে এই কাজ করতে পারবেন। ফলে অনেক ছেলে কাজ পাবে এবং একটা স্থায়ী সম্পদ গড়ে উঠবে।

শ্রীমতী জাহানারা খান : পশ্চিম বর্ধমান জেলার তপসী, বাহাদুরপুর ইত্যাদি বেশ কিছু পঞ্চায়েত আছে যেখানে মানুষ নারেগার কাজ করেছে, কিন্তু দেড় দু বছর ধরে সেই পয়সা পায়নি। বেশ কিছু জায়গায় পোড়া সম্প্রদায় আছে, আদিবাসী এলাকা, সেইসব জায়গার মানুষ রাজনীতির রঙ দেখার কারণে কাজ পাচ্ছে না। আবার কিছু কিছু মানুষ ১৭/১৮ দিন কাজ করেছে, কিন্তু টাকা পায়নি। সিস্টেমটা কি তুলে দেওয়া হয়েছে, নাকি এর মধ্যে কোন দুর্নীতি আছে যদি অনুগ্রহ মাননীয় মন্ত্রী মহাশয় বলেন।

শ্রী সুব্রত মুখার্জী : নারেগার কাজ যে সিস্টেমে হয়, সেই সিস্টেমে টাকা পাবে না, এটা হতে পারে না, পাবে। সব কিছু হিসেব আমাদের কাছ থেকে করে নিয়ে দিল্লীতে যায়, কাজের যে টাকা, সেটা যে কাজ করেছে তার কাছে সরাসরি চেকে চলে যায়। আমরা টাকার অঙ্কটা জানি, কিন্তু চেকটা চোখে দেখি না। এতটাই স্বচ্ছতা থাকে। কিন্তু অনেক সময় দিল্লী টাকা পেন্ডিং রাখে, তুলে রেখে দেয়। আমি আগেই বললাম, এই কাজ করেও আমরা এখনও ৩০০/৪০০ কোটি টাকা পাইনি, সেটা তো দিতে পারছি না, কিন্তু পাবে। আমি জানি, কাজের যে ধারা তাতে নিশ্চয় পাবে। তবে দেরী হওয়াতে আমাদের ক্ষতি হয়, কাজের ক্ষতি করে এবং অনাদায়ী থাকলে মানুষের মধ্যে হতাশা আসে। কেন্দ্রীয় সরকারকে বহুবার বলেও এটার সুরাহা করতে পারিনি।

শ্রী সুজিত চক্রবর্তী : আমি ইতিপূর্বেও মাননীয় মন্ত্রীকে বলেছি, গ্রাম পঞ্চায়েতগুলোতে জীবিকা সেবক আছে, তাদের একটা নির্দিষ্ট প্রকল্পের জন্য নিয়োগ করা হয়েছিল।

শ্রী সুব্রত মুখার্জী : ওখানে খালি জমিতে নারেগাতে যেসমস্ত কাজ আমরা করি, সেইসমস্ত কাজ যদি হয় তাহলে নিশ্চয় আমরা করব এবং আমি চেষ্টা করব এটাকে একটু পরীক্ষা করার। তবে জল তুলে অন্য কাজ করা, সেটা সম্ভব নয়। খনির মধ্যে জল এবং বালি না থাকলে পরিত্যক্ত খনি ধ্বসে পড়ার সম্ভাবনা থাকে। ওটা হবে কিনা জানিনা। তবে পরিত্যক্ত জমি বা আমাদের সরকারের জমি যদি থাকে তাহলে সেখানে সম্ভাব্য অনেক কাজ করা সম্ভব।

শ্রীমতী নার্গিস বেগম : নারেগাতে কেন্দ্রীয় সরকার ঠিক মত টাকা দিচ্ছে কিনা এবং দিলে কতটা বাকি আছে যদি অনুগ্রহ করে মাননীয় মন্ত্রী মহাশয় জানান।

শ্রী সুব্রত মুখার্জী : আমাদের যে টার্গেট থাকে বছরের প্রথমে, সেই টার্গেট অনুযায়ী সেই টাকা আমরা আল্টিমেটলি পেয়ে যাই। কিন্তু অনেক সময় দেরী করে ওরা টাকা দেয় এখনও, এই সময় পর্যন্ত বেশ কয়েক কোটি টাকা আমাদের বকেয়া পড়ে আছে। ঠিক পরিমাণটা মনে নেই, প্রায় ৩০০/৪০০ কোটি টাকামত আমরা এখনও পাব।

শ্রী প্রদীপ সাহা : গোটা রাজ্যে রাস্তা-ঘাটের চারপাশে আমরা দেখতে পাচ্ছি। পার্থেনিয়ামের বন তৈরী হয়েছে, যা শরীরের পক্ষে খুব ক্ষতিকর। মহাত্মা গান্ধী গ্রামীণ কর্মসংস্থান প্রকল্পের সঙ্গে যুক্ত করে সারা রাজ্যে এই পার্থেনিয়াম নিধনের কাজ করা যায় কি ?

শ্রী সুব্রত মুখার্জী : আপনি বলেছেন, আমি এটা মনে রাখব এবং আমাদের দপ্তরে বসে আলোচনা করব যাতে এর জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া যায়।

শ্রীমতী জাহানারা খান : পশ্চিম বর্ধমান জেলার তপসী, বাহাদুরপুর ইত্যাদি বেশ কিছু পঞ্চায়েত আছে যেখানে মানুষ নারেগার কাজ করেছে, কিন্তু দেড় দু বছর ধরে সেই পয়সা পায়নি। বেশ কিছু জায়গায় পোড়া সম্প্রদায় আছে, আদিবাসী এলাকা, সেইসব জায়গার মানুষ রাজনীতির রঙ দেখার কারণে কাজ পাচ্ছে না। আবার কিছু কিছু মানুষ ১৭/১৮ দিন কাজ করেছে, কিন্তু টাকা পায়নি। সিস্টেমটা কি তুলে দেওয়া হয়েছে, নাকি এর মধ্যে কোন দুর্নীতি আছে যদি অনুগ্রহ মাননীয় মন্ত্রী মহাশয় বলেন।

শ্রী সুব্রত মুখার্জী : নারেগার কাজ যে সিস্টেমে হয়, সেই সিস্টেমে টাকা পাবে না, এটা হতে পারে না, পাবে। সব কিছু হিসেব আমাদের কাছ থেকে করে নিয়ে দিল্লীতে যায়, কাজের যে টাকা, সেটা যে কাজ করেছে তার কাছে সরাসরি চেকে চলে যায়। আমরা টাকার অংকটা জানি, কিন্তু চেকটা চোখে দেখি না। এতটাই স্বচ্ছতা থাকে। কিন্তু অনেকসময় দিল্লী টাকা পেন্ডিং রাখে, তুলে রেখে দেয়। আমি আগেই বললাম, এই কাজ করেও আমরা এখনও ৩০০/৪০০ কোটি টাকা পাইনি, সেটা তো দিতে পারছি না, কিন্তু পাবে। আমি জানি, কাজের যে ধারা তাতে নিশ্চয় পাবে। তবে দেরী হওয়াতে আমাদের ক্ষতি হয়, কাজের ক্ষতি করে এবং অনাদায়ী থাকলে মানুষের মধ্যে হতাশা আসে। কেন্দ্রীয় সরকারকে বহুবার বলেও এটার সুরাহা করতে পারিনি।

শ্রী সুজিত চক্রবর্তী : আমি ইতিপূর্বেও মাননীয় মন্ত্রীকে বলেছি, গ্রাম পঞ্চায়েত গুলোতে জীবিকা সেবক আছে, তাদের একটা নির্দিষ্ট প্রকল্পের জন্য নিয়োগ করা হয়েছিল।

কিন্তু ঘটনা হচ্ছে তাদেরকে দিয়ে এখন পঞ্চায়েতে বিভিন্ন ধরণের কাজ করানো হচ্ছে। অথচ পঞ্চায়েত দপ্তর থেকে ২৭ মাস হয়ে গেল তাদের কোনো অনারারিয়াম বা বেতন দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে আগেও বলেছি এবং আবারও বলছি আপনি যদি একটু পরিষ্কার করে বলেন ব্যাপারটা কি তাহলে ভালো হয়।

[11:10 – 11:20 a.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মূল প্রশ্নের সঙ্গে সঙ্গত না হলেও আপনি একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করেছেন, আমি আপনাকে উত্তর দিয়ে দিচ্ছি। জীবিকা সেবক এটা আউট রাইট কেন্দ্রীয় সরকারের প্রকল্প। তাদের প্রকল্প, তাদের অর্থের বিনিময়েই। আমাদের কোনো কন্ট্রিবিউশান ছিল না। আমরা বিভিন্ন কাজ তাদের দিয়ে করাতাম এবং অনেক সময় তারা অপরিহার্য কাজও করত। সেই জন্য হঠাৎই কেন্দ্রীয় সরকার এই প্রকল্পটা উইথড্র করে নিয়েছে। তার পরেও আমরা আমাদের রাজ্য সরকারের টাকায় বেশ কয়েক বছর ধরে চালাতে পেরেছি। কিন্তু সম্প্রতি এখন আমরা অপারগ হয়ে যাচ্ছি। জীবিকা সহায়করা সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের প্রকল্পের কাজ করতেন এবং কেন্দ্রীয় সরকারের এটা প্রকল্প। কাজেই তারা যদি তুলে নেয় এবং টাকা না দেয় তাহলে আমাদের পক্ষে দীর্ঘদিন এটাকে চালানো সম্ভব নয়। আশা করি আপনারা এই ব্যাপারটা বুঝবেন।

শ্রী সুজিত চক্রবর্তী : স্যার, আমি আপনাকে এখানে রিকোয়েস্ট করব আমরা একেবারে গ্রামপঞ্চায়েতগুলোতে ঘুরে দেখেছি এই জীবিকা সেবকরা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজের সঙ্গে পঞ্চায়েতে যুক্ত আছে। আমার বক্তব্য এদের এখুনি যদি আপনি বাদ দিয়ে দেন তাহলে প্রচুর ছেলে-মেয়ে কাজ হারাবে। সেই জন্য বলছি আমাদের রাজ্য সরকারের কিছু তো দায়বদ্ধতা আছে। সেই দিক থেকে আপনি যদি বিষয়টা দেখেন তাহলে ভালো হয়।

শ্রী সুব্রত মুখার্জী : আপনি ঠিকই বলেছেন এরা ভালো কাজ করে। ওরা ছেড়ে দেওয়ার পরেও আমরা বিভিন্ন জায়গা থেকে অর্থ জোগাড় করে এদের রেখে দিয়ে কাজ করিয়েছি। কিন্তু এখন এই মুহূর্তে এমন জায়গায় গিয়েছে দিল্লি একটা ফুটো পয়সাও এখানে দিচ্ছে না। ওরা বলে দিয়েছে "এই প্রজেক্ট আমরা তুলে নিলাম।" আমাদের অসহায়তাটা আপনি উপলব্ধি করবেন। ওদের কাজের ব্যাপারে আমাদের কোনো অভিযোগ নেই। ওরা ভালো কাজ করে, প্রয়োজনীয় কাজ করে। এখন তার পরেও রাজ্য সরকারের পক্ষে রাখা। যায় কি না সেটা ভাবনার মধ্যে আছে। এখুনি আমরা পারছি না।

শ্রী উদয়ন গুহ : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন অনেক গ্রামপঞ্চায়েত এলাকায় জবকার্ড হোল্ডাররা কাজ পাচ্ছেন। কিন্তু নির্দিষ্ট সংখ্যক জবকার্ড হোল্ডার

কাজ পাচ্ছেন। তার বাইরে যাদের জবকার্ড আছে তারা কাজ পাচ্ছে না। এই যে যাঁরা কাজ পাচ্ছেন, তাঁরা বার বার কাজ পাচ্ছেন। কিন্তু তার বাইরে যে জবকার্ড হোল্ডাররা রয়েছে তাদের কাজ দেওয়ার ক্ষেত্রে আপনার দপ্তর কি চিন্তাভাবনা করছে এটা যদি একটু দয়া করে জানান।

শ্রী সুব্রত মুখার্জী : নারেগার কাজ করতে গেলে তাকে জবকার্ড নিতেই হবে কারণ জবকার্ড না পেলে তার এনরোল্ড হবে না।

শ্রী উদয়ন গুহ : আমি বলছি যারা জবকার্ড হোল্ডার তাদের একটা অংশ কাজ পেয়েছে। বাকি একটা অংশের জবকার্ড আছে, কাজ করতে ইচ্ছুক এবং শারীরিকভাবেও সক্ষম কিন্তু কাজ পাচ্ছে না। তাদের কাজ দেওয়ার ক্ষেত্রে দপ্তর কি চিন্তাভাবনা করছে?

শ্রী সুব্রত মুখার্জী : শুনে রাখুন এই প্রজেক্টটার সম্বন্ধে আপনাকে একটু ওয়াকিবহাল করাই। গ্রামে থাকলে নারেগার কাজ পাওয়াটা একটা সাংবিধানিক অধিকার। আমরা যদি কাজ দিতে না পারি তাহলে তাদের বাড়িতে গিয়ে বিনা কাজে টাকা দিয়ে আসতে হবে, এতটাই এটা গুরুত্বপূর্ণ। সুতরাং কাজ যদি না পায় এবং সে যদি বলে আমি ১৫ দিনের মধ্যে কাজ চেয়েছি পাইনি, তাহলে তার বাড়িতে গিয়ে টাকা দিয়ে আসতে হবে এবং সেই টাকাটা রাজ্য সরকারকে দিতে হবে। কাজ করলে কেন্দ্রীয় সরকার দেবে এবং কাজ না করলে সেই টাকাটা রাজ্য সরকারকে দিতে হবে। কাজেই আমরা খুবই সিরিয়াস যাতে কাজ চাইলেই কাজ পায়।

শ্রী উদয়ন গুহ : কয়েকটি জেলাতে জেলাশাসকরা নিজেদের জেলার ম্যানডেজটাকে বাড়তি দেখাতে গিয়ে ওই একই ব্যক্তিকে বার বার করে কাজ দিচ্ছেন। এটা আপনি একটু লক্ষ্য করবেন।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : আমরা একই লোককে বারবার কাজ দেওয়ার কথা জানি না। আপনি যদি নির্দিষ্টভাবে এই অভিযোগটা করেন তাহলে আমি ডি.এম -এর কাছে কৈফিয়ত চাইব।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : ধন্যবাদ, স্যার। মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, যদিও এই প্রশ্নের সঙ্গে এটা রিলেটেড নয় তবুও এটা খুব গুরুত্বপূর্ণ প্রশ্ন। আমাদের পঞ্চায়েতের মাধ্যমে যে চৌকিদারি ট্যাক্স নেওয়া হয় সেই চৌকিদারি ট্যাক্স বিভিন্ন গ্রাম পঞ্চায়েত বিভিন্ন রকম ট্যাক্স নিচ্ছে। এর ফলে জনসাধারণের মধ্যে ভীষণ অসন্তোষ তৈরি হচ্ছে। যদি এটা নির্দিষ্ট করা হয় তাহলে আমরা এই সমস্যা থেকে মুক্তি পাব। আপনি যদি স্যার, এটা নিয়ে কোন চিন্তা ভাবনা করেন।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : বিভিন্ন পঞ্চায়েত বিভিন্ন রকম ট্যাক্স নিতে পারে না। যদি নির্দিষ্ট করে আপনি আমাকে অভিযোগ লিখে দেন বা মুখে বলেন আমি নিশ্চয়ই দেখব।

মিঃ স্পীকার : গীতারাণী ভুঞ্যা আপনার *১০ প্রশ্নটা হেল্ড ওভার হয়েছে। মাননীয় মন্ত্রীর মা অত্যন্ত অসুস্থ হয়ে পড়েছেন, তিনি আমাকে একটা চিঠি পাঠিয়েছেন। তাঁর মায়ের

চিকিৎসার জন্য হাসপাতালে যোগাযোগ করছেন সেই জন্য উনি আসতে পারছেন না। *১০ এবং *১৩ দুটোই মাননীয় মন্ত্রী শ্রী স্বপন দেবনাথের ছিল, এই দুটো কোশ্চেন হেলত ওভার করা হল। নেকস্ট কোশ্চেনটা আমাকে অখিল গিরি অনুরোধ করেছেন তাঁকে প্রশ্নটা দেওয়ার জন্য, শোভনদেব চট্টোপাধ্যায় চলে যাবেন, তার পরে আমি তন্ময় বাবুর প্রশ্নটা নেব।

দীঘায় কেবল লাইন স্থাপন

*১২। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭) **শ্রী অখিল গিরি** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

দীঘা পর্যটন কেন্দ্রে পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ দপ্তরের পক্ষ থেকে চলা কেবল লাইন-এর কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : জানুয়ারি ২০২০-এর মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। দীঘা পর্যটন কেন্দ্র যে আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিভিন্ন উন্নয়নমূলক কাজ কর্ম করছেন, তার মধ্যে অতিরিক্তভাবে এটা যোগ হয়েছে। যে দীঘা পর্যটন এলাকা নিয়ে কেব্‌ল্ লাইনের কাজ চলছে। কিছুদিন আগে আপনি নিজেও ওখানে গিয়েছিলেন। কাজের তদারকি করেছেন, দেখেছেন। আমি শুধু আপনার কাছে জানতে চাই এই পর্যটন কেন্দ্রে যে কেরল লাইনের কাজ কর্ম করছেন, এটা খুবই প্রয়োজনীয়। এখানে লক্ষ লক্ষ পর্যটক আসেন। এতে দৃশ্য দূষণ কম হবে এবং দুর্ঘটনাজনিত ঘটনাও অনেক কম হবে। কিন্তু আমি আপনার কাছে জানতে চাই যে কতটা এরিয়া নিয়ে আপনি কাজ করছেন এবং এই প্রজেক্টের যে কাজ, আপনি বললেন যে ২০২০ নাগাদ শেষ হবে। এটার জন্য রাজ্য সরকারের কত টাকা খরচ হচ্ছে সেটা যদি আপনি দয়া করে জানান।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় সদস্য, আপনার অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাই, আপনারা সকলেই জানেন যে দীঘায় কিছুদিন আগে আন্তর্জাতিক মানের একটি সেন্টার তৈরি হয়েছে যেখানে সারা পৃথিবীর মানুষ আসতে পারবেন এবং সেখানে যে কোন ধরণের কনভেনশন, কনফারেন্স করতে পারবেন। মুখ্যমন্ত্রী সম্প্রতি বলেছেন যে এমনভাবে করা হয়েছে ওই পর্যটন কেন্দ্রের সঙ্গে যুক্ত করে দেওয়া হয়েছে থাকবার জায়গাও। এমন একটি গুরুত্বপূর্ণ জায়গাকে যাতে করে দুর্ঘটনা না ঘটে, নিরাপত্তা বাড়ে এবং উন্নত মানের বিদ্যুৎ পৌঁছনো যায়, লো ভোল্টেজ যাতে না থাকে, এগুলো সবই মুখ্যমন্ত্রী আমাদের উপরে নির্দেশ দিয়েছেন যে দীঘাকে যখন আন্তজাতিক মানের পর্যটন কেন্দ্র গড়ে তোলা হচ্ছে, সেই জন্য যাবতীয় ব্যবস্থা - রাস্তাঘাট থেকে শুরু করে দেখার দায়িত্ব বিভিন্ন দপ্তরকে দিয়েছেন। বিদ্যুৎ দপ্তরের উপরে যে দায়িত্ব উনি দিয়েছেন তাতে আমরা ঠিক করেছি যে ৩৪বর্গ কিলোমিটার অঞ্চল জুড়ে আন্ডার গ্রাউন্ড কেবলিং হবে। তার কাজ চলছে। সম্প্রতি মুখ্যমন্ত্রী গিয়েছিলেন, আমি নিজেও কাজ দেখবার

জন্য গিয়েছিলাম, কাজ কতটা দ্রুততার সঙ্গে এগোচ্ছে এবং আমরা ২০২০'র মধ্যে কাজ সম্পূর্ণ করব। এটা নিশ্চিতভাবে বলতে পারি এবং এই প্রজেক্টের জন্য ১০৭কোটি টাকা খরচ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। অন্যান্য আরও অনেকগুলো প্রজেক্ট নেওয়া হয়েছে কিন্তু এর জন্য আমরা ১০৭কোটি টাকা খরচের সিদ্ধান্ত নিয়েছি।

[11:20 – 11:30 a.m.]

শ্রী অখিল গিরি : স্যার, আমার অতিরিক্ত শেষ প্রশ্ন- এই দীঘা পর্যটন কেন্দ্রের জন্য নগর উন্নয়ন দপ্তর থেকে যে কমিটি হয় সেটা হল দীঘা উন্নয়ন পর্ষদ। এর মধ্যে দীঘা শংকরপুর, মন্দারমণি এবং তাজপুর এই চারটি জায়গা চিহ্নিত করা হয়েছে। ইতিমধ্যেই এই এরিয়াকে বাড়ানোর জন্য সরকারের কাছে প্রস্তাব দেওয়া হয়েছে। আপনি এই যে ৩৪ বর্গকিলোমিটার এরিয়াটা বললেন, এটা দীঘা এবং শংকরপুরের মধ্যে সীমাবদ্ধ। বাকী মন্দারমণি এবং তাজপুর এই দুটি জায়গা বাকী থেকে যাচ্ছে এবং যদি ভবিষ্যতে কোনদিন এর এরিয়া বাড়ানো হয়, পর্যটন কেন্দ্রের যদি এরিয়া বাড়ানো হয়, কেননা অনেক ডেভল্পমেন্ট হচ্ছে, পর্যটকরা বেশী যাচ্ছে, এরিয়া বাড়ছে, তাহলে কি আপনার এই কেব্‌ল্ লাইনের প্রজেক্টটা হচ্ছে, এর এরিয়া কি বাড়বে?এই ব্যাপারে হাউসে অবগত করবেন কি?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনি যথার্থ বলেছেন যে, দীঘার কথা আমি উল্লেখ করেছি। এবং দীঘার সঙ্গে এই যে প্রজেক্টটা ৩৪বর্গকিলোমিটার এর মধ্যে কিন্তু শংকরপুরকেও ধরা হয়েছে। শংকরপুরও অত্যন্ত গুরুত্বপূর্ণ স্পট হয়ে উঠেছে আস্তে আস্তে। এই মুহূর্তে আমরা যে টাকা খরচ করছি, তার মধ্যে মন্দারমণি এবং তাজপুর নেই। তবে আমার মনে হয় আমাদের সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গকে পর্যটনের ক্ষেত্রে আরও অনেক বেশী আকর্ষণীয় করে তোলার জন্য সমুদ্রভিত্তিক যে সমস্ত পর্যটনকেন্দ্রগুলি আছে এবং পাহাড়ভিত্তিক পর্যটনকেন্দ্রগুলি আছে, সেগুলিকে আরও বেশী গুরুত্ব দেওয়া হচ্ছে। কিন্তু আপাততঃ যে প্রজেক্ট গ্রহণ করা হয়েছে, তার মধ্যে মন্দারমণি এবং তাজপুর নেই। কিন্তু আপনি যে আবেদন করলেন, সেই ব্যাপারটি আমি যথাযথ জায়গায় জানাব।

শ্রী অখিল গিরি : দীঘাতে যে রাস্তাটি তৈরী হচ্ছে মেরিন ড্রাইভে সমুদ্রের পাশ দিয়ে প্রায় ৩০ কিলোমিটার রাস্তা, ২২০কোটি টাকা দিয়ে তিনটি ব্রীজ তৈরী হচ্ছে, এতে দুটি জায়গা কভার হচ্ছে। এবং দুটি জায়গা বাদ পড়ে যাচ্ছে, এখানে একেবারে সমুদ্রের ধার দিয়ে পর্যটকরা যেতে পারবেন। তাই আমার প্রশ্ন- এই কেব্‌ল্ লাইনটা মন্দারমণি এবং তাজপুর পর্যন্ত যাতে যেতে পারে তার জন্য কোন ব্যবস্থা নেবেন কি?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আমার মনে হয় আপনি যথার্থই বলেছেন যে ২২০ কোটি টাকা মুখ্যমন্ত্রী দিয়েছেন তিনটি ব্রীজ করার জন্য। এই তিনটি ব্রীজ যেখানে যুক্ত করছে, তার মধ্যে মন্দারমণি ও তাজপুর পড়ছে। স্বাভাবিকভাবে এই সমস্ত জায়গায় আন্ডারগ্রাউন্ড কেবলিং করলে ভালো হত। এই প্রসঙ্গে আপনাদের আমি জানিয়ে রাখি যে, আমাদের সরকার আমাদের

মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন মোট৭৭টি শহরে আমরা আগামী ২৪-২৫ সালের মধ্যে আন্ডারগ্রাউন্ড কেবলিং করব। তাতে তাজপুর এবং মন্দারমণি যাতে অন্তর্ভুক্ত হয়, সেই ব্যাপারে আমি নিশ্চয় যথাযথ জায়গায় - জানাব এবং আমার আশা আগামী দিনে হয়ত ওখানে যেহেতু রাস্তা তৈরী হচ্ছে, এটা অটোমেটিক্যালি চলে আসবে।

শ্রীমতী শাওনী সিংহরায় : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন-সারা বাংলার পর্যটন কেন্দ্রগুলির মধ্যে মুর্শিদাবাদ জেলার হাজারদুয়ারি অন্যতম। আমি আপনার কাছে। ঐকান্তিকভাবে আবেদন রাখছি যেভাবে আজকে দীঘা পর্যটনকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহের জন্য আপনি চিন্তাভাবনা করছেন, এই ধরণের কোন চিন্তাভাবনা মুর্শিদাবাদ জেলার হাজারদুয়ারিকে কেন্দ্র করে আছে কিনা দয়া করে জানালে উপকৃত হব।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : যে ৭৭টি শহর অন্তর্ভুক্ত করা হয়েছে ২০১৮-১৯থেকে ২০২৪ ২৫ পর্যন্ত, তাতে আমার মনে হয় যে মুর্শিদাবাদ অবশ্যই আছে। তবে আমি এই মুহূর্তে এই লিস্টটা খুঁজে পাচ্ছিনা। এই লিস্টের মধ্যে ৭৭ টা নাম আছে। আপনি যদি এখানে আসেন, আমি লিস্টটা দেখে আপনাকে জানিয়ে দেব।

শ্রী সমর হাজরা : স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন এই দীঘা শংকরপুর ছাড়াও আরও ৭৭ টি শহর। মন্দারমণি এবং শংকরপুর ছাড়া এই রাজ্যের কতগুলি শহরতলিতে আপনি বিদ্যুৎ সংযোগ করবার ব্যবস্থা নিয়েছেন আমাদেরকে অবগত করবেন কি?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : শুধু দীঘা, মন্দারমনি নয়, অলরেডি কাজ চলছে। দীঘা, নবদ্বীপ, বোলপুর, কোচবিহার, চুঁচুড়া, কৃষ্ণনগর। যেটা বললাম যে, ২০১৮-১৯ থেকে ২০২৪-২৫ সাল পর্যন্ত আমরা পশ্চিমবঙ্গের গুরুত্বপূর্ণ ৭৭টি যে শহর, সেই শহরগুলোতে আমরা আন্ডারগ্রাউন্ড কেবলিং করবো। এটা কিন্তু আলাদা করে হচ্ছেনা। দীঘা ধরাই ছিল এর মধ্যে। এর সঙ্গে শঙ্করপুর আছে। মন্দারমনি এবং তাজপুরের কথা যেটা বলেছেন - আমার মনে হচ্ছে। পরিকল্পনা আসবে এই জন্য যে, মুখ্যমন্ত্রী ২২০ কোটি টাকা দিয়েছেন এই চারটে পর্যটন কেন্দ্রকে যুক্ত করার জন্য। সমুদ্রের পাশ দিয়ে রাস্তা তৈরি করে দিয়ে - বীচের পাশ দিয়ে রাস্তা যাচ্ছে। ফলে আমার ধারণা যে, দীঘা-শঙ্করপুরের সঙ্গে মন্দারমনি, তাজপুরও এর সঙ্গে যুক্ত হবে।

শ্রী রফিকুল ইসলাম : স্যার, হরিরামপুর বিধানসভার দুটো ব্লক স্বাস্থ্য কেন্দ্র - হরিরামপুর এবং রসিদপুর। যে ট্রান্সফর্মার দিয়ে এই হাসপাতালে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে, ঐ একই ট্রান্সফর্মারে ডোমেষ্টিক্ বহু কানেকশনও আছে। ডোমেষ্টিক্ কানেকশনে একটু ফল্ট হলেই গোটা হাসপাতালটা অন্ধকারে ডুবে যায়। আমরা ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করেছিলাম যাতে হাসপাতালে আলাদা ট্রান্সফর্মারের সংযোগ দেওয়া হয়। শুধুমাত্র হাসপাতালের জন্য। কিন্তু ইলেকট্রিক ডিপার্টমেন্ট এর জন্য অনেক টাকা দাবী করছে এবং স্বাস্থ্য দপ্তর আর বিদ্যুৎ দপ্তর সমন্বয় করে ব্লক স্বাস্থ্য কেন্দ্রগুলোর এই যে বিদ্যুতের সমস্যা আছে, এগুলোর সমাধানের উদ্যোগ নেবেন কি ?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : আপনি যে কথা বললেন, এক বছর বা দেড় বছর আগে চন্দ্রিমা ভট্টাচার্যের সঙ্গে আমার দপ্তরে বসে এই সংক্রান্ত একটি দীর্ঘ আলোচনা হয়। দুই দপ্তরেরই প্রিন্সিপ্যাল সেক্রেটারীরা ছিলেন এবং আমার ইউটিলিটির যাঁরা চেয়ারম্যান, তাঁরাও ছিলেন। এই সিদ্ধান্ত সরকার নিজেই গ্রহণ করেছে যে, পশ্চিম বাংলায় যত বড় বড় হাসপাতাল আছে, সেই সমস্ত বড় হাসপাতালগুলোতে ডেডিকেটেড্ লাইন, যেটা আপনি চাইছেন - অন্য জায়গায় যদি কোনো কারণে বিদ্যুৎ চলেও যায়, হাসপাতালগুলোতে যেন কোনোভাবে বিদ্যুৎ না যায়। কেননা হাসপাতালে বিদ্যুৎ থাকা অত্যন্ত গুরুত্বপুর্ণ। এই নিয়ে একটা সিদ্ধান্ত আমরা অলরেডি করেছি। সেই সিদ্ধান্ত অনুযায়ী এখন যতগুলো বড় জেলা হাসপাতাল আছে এবং রাজ্য সরকারের আরো অন্যান্য যে হাসপাতাল আছে, সেগুলোকে আমরা ডেডিকেটেড্ লাইন দিচ্ছি, যাতে কোনো অবস্থাতেই - অপারেশন চলতে চলতে আলো চলে গেলে সেই মানুষটার মৃত্যু পর্যন্ত ঘটতে পারে। এই জন্য প্রত্যেকটা হাসপাতালেই পর্যায়ক্রমে আমরা ডেডিকেটেড্ লাইন দেওয়ার চেষ্টা করছি, যাতে কোনো ভাবেই বিদ্যুতের জন্য কোনো অসুবিধা না হয়।

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, আই.সি.ডি.এসের যে সেন্টারগুলো আছে, ম্যাক্সিমাম জায়গায় কারেন্ট নেই। ফলে অসুবিধা হয়। সেই জায়গাটাকে সংযোগ করার কোনো চিন্তা-ভাবনা আছে কি কারেন্ট দেওয়ার ক্ষেত্রে ?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া মুখ্যমন্ত্রী ক্ষমতায় এসেই একটা প্রোগ্রাম ডিক্লেয়ার করেছেন আপনারা জানেন - প্রথম ছিল 'সবার ঘরে আলো' টুয়েন্টি ফোর ইন্টু সেভেন। সেটা আমরা প্রায় পৌঁছে গেছি। রাজ্যের সবকটা মৌজায় আমরা বিদ্যুৎ দিয়ে দিয়েছি। দ্বিতীয় প্রোগ্রাম যেটা মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন সেটার নাম হ'ল 'আলোশ্রী'। 'আলোশ্রী' প্রকল্পের ক্যারেক্টারটা হ'ল এই যে, যে দপ্তরের আন্ডারে এটা পড়বে, তারা আমাদের টাকাটা দেবে। পর্যাপ্ত টাকা আমাদের দপ্তরের নেই। সুতরাং মুখ্যমন্ত্রী বলে দিয়েছিলেন যে, যদি স্বাস্থ্য দপ্তরের কাজ হয়, তাহলে স্বাস্থ্য দপ্তরেকে আমরা বিদ্যুৎ লাইন দিয়ে দেবো, কিন্তু টাকা দিতে হবে স্বাস্থ্য দপ্তরকেই। এটা যদি পঞ্চায়েত দপ্তরের কাজ হয়, তাহলে পঞ্চায়েত দপ্তরের বাজেট থেকেই সেই টাকাটা আমার দপ্তরকে দিতে হবে। আমরা সেই লাইন দিয়ে দেবো। সারা পশ্চিমবঙ্গে অসংখ্য আই.সি. ডি.এস.-এর সেন্টার আছে এবং অধিকাংশ ক্ষেত্রেই দেখা যাবে যে এটা একটা ক্লাবে আছে। আমি একটা বিদ্যুতের লাইন দিলাম, সেটা ভোগ করবে ক্লাব।

[11:30 – 11:40 a.m.]

... অনেক লোকের বাড়ীর নীচে I.C.D.S.-এর সেন্টার আছে। এটা খুব জটিল ব্যাপার, আইনেরও প্রশ্ন আছে এবং আমাদের পক্ষে এভাবে বিদ্যুৎ দেওয়ারও অসুবিধা আছে। তার পরেও যদি মনে হয় তাহলে I.C.D.S. মন্ত্রী শশী পাঁজার আন্ডারে আছে, এটা আমরা মন্ত্রীর সঙ্গে আলোচনা করবো, মুখ্যমন্ত্রীর সঙ্গে নিশ্চয়ই আলোচনা করতে হবে। এটা অত্যন্ত জটিল একটা

প্রস্তাব, এই প্রস্তাবটা কিভাবে সলিউশান করা যায়, করা যায় কি আদৌ যায় না, সেটা আমরা আলোচনা করে নেব।

মিঃ স্পীকার : * প্রশ্ন ১১, শোভনদেব চট্টোপাধ্যায়ের আরও অনেক প্রশ্ন আছে, আপনারা সাপ্লিমেন্টারী করতে পারবেন, আমি সুব্রতদাকেও অনুরোধ করেছি যে জন্য যে, সুব্রতদার দপ্তরের ব্যাপারে অনেকেই হাত তুলেছিলেন, কিন্তু আমি সবাইকে এ্যাকোমোডেট করতে পারি নি। যদি সময় হয় আমি নিশ্চয়ই চেষ্টা করবো সুব্রতদার দু-একটা প্রশ্ন এ্যাকোমোডেট করার জন্য, আমি নামগুলো লিখে রেখেছি।

পৌরসভায় শূন্যপদের সংখ্যা

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪) **শ্রী তন্ময় ভট্টাচার্য** ঃ নগরোন্নয়ণ ও পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩০শে জুন, ২০১৯ সাপেক্ষে রাজ্যে পৌরসভাগুলিতে শূন্যপদের সংখ্যা কত; এবং

(খ) এই শূন্যপদ পূরণে কী কী উদ্যোগ নেওয়া হয়েছে?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, তন্ময়বাবুর প্রশ্ন হলো যে, ৩০শে জুন ২০১৯ সাপেক্ষে রাজ্য পুরসভাগুলিতে শূন্যপদ কত সংখ্যক আছে। স্যার, এই ব্যাপারে একটু বলে রাখি, ১১৮ টা পৌরসভায় মোট শূন্যপদ আজকের দিনে যেটা – ২০১১ সালে যখন তৃণমূল সরকার ক্ষমতায় আসে, তখন ছিল প্রায় ১২ হাজার। আর এই ৮ বছরে ১৭% বৃদ্ধি পেয়েছে। এটার প্রশ্ন হলো স্যার, বামফ্রন্ট সরকার যাবার সময় প্রচুর পরিমাণ এটা রেগুলারলি প্রচুর পরিমাণ ক্যাজুয়াল ঢোকাত, আর সেই ক্যাজুয়ালগুলোকে নোটিফিকেশান করে সেইগুলোকে পার্মানেন্ট করা হতো উইদাউট এনি ইন্টারভিউ। এবং এই নোটিফিকেশান একবার ১৯৯২, একবার ২০০২ সালে হয়েছিল। ২০০৯ সালে যখন এই নোটিফিকেশানটা হলো, এটা চ্যালেঞ্জ হলো সুপ্রীম কোর্টে। সুপ্রীম কোর্টে বললো যে না, এই রুলটা মানা যাবে না। এবং তার পর থেকে ক্যাজুয়ালগুলোকে আর পার্মানেন্ট করা হয় নি। এই বিশাল ক্যাজুয়াল ওয়াকার অর্থাৎ যদি স্যার, শূন্যপদ আমাদের প্রায় ৩১,৯৫৩, আর শুধু কলকাতা পৌরসভায় ২৬ হাজার পোষ্ট আছে। আর কলকাতা পৌরসভায় ক্যাজুয়াল বামফ্রন্টের দয়ায় ২৭ হাজার ক্যাজুয়াল কর্মী আছে।

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী আপনি আপনার রিপ্লাইটা একবার দেখবেন। আপনার যে রিটিন রিপ্লাইটা আপনি দিয়েছেন সেটা একটু দেখে নেবেন। আপনি, গোয়িং বিয়ন্ড দ্যাট্।

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, ওটার মধ্যে দিয়েই বলছি স্যার। শূন্যপদে এখন কর্মরত আমাদের যেটা বললাম ৩১ হাজার, তার মধ্যে প্রায় ১৭,৯১৩ টা কর্মী আছে, ১৪ হাজার শূন্যপদে। কিন্তু আমাদের পৌরনিগমে প্রায় ৫৭, ৩০৫ টি পদ, তার মধ্যে ২৪,০৩৫ জন কর্মরত আছেন, আর ৩৩ হাজার শূন্যপদ আছে। এই ৩৩ হাজারের মধ্যে স্যার ২৬ হাজার ক্যাজুয়াল ওয়াকার। যেটা বলছিলাম কলকাতা কর্পোরেশনে শুধু ২৭ হাজার ক্যাজুয়াল ওয়ার্কার আছেন।

27 thousand। টোটাল সব মিলিয়ে প্রায় ৩৩ হাজার ক্যাজুয়াল ওয়ার্কার ঢুকিয়ে দিয়ে গেছে এটার মাইনে প্রত্যেকটা মিউনিসিপ্যালিটিকে দিতে হচ্ছে বামফ্রন্টের পাপের জন্য। প্রত্যেকটা মিউনিসিপ্যালিটিকে দিতে হচ্ছে। নাগরিক পরিষেবার থেকেও বেশী, নাগরিক পরিষেবার থেকেও বেশী মাইনে দিতে প্রত্যেকটা মিউনিসিপ্যালিটির সব কিছু চলে যায়। যাঁরা মিউনিসিপ্যালিটি চালান আপনাদের ওখানে অনেকে আছেন, জিজ্ঞাসা করুন। কাজ করতে পারছে না এতো রেখে দিয়ে গেছে। আমরা চেষ্টা করছি, এই কিছু দিনেই প্রায় ১৭% বৃদ্ধি করেছি এবং আবার কি হয়েছে, অনেক পদ যেগুলো উঠে গেছে, সেই পদটাও এর মধ্যে আছে।

সেগুলোকে আমরা রিঅ্যাসেসমেন্ট করছি। রিক্রুটমেন্ট রুলটাতে সেটা ক্যালকাটা কপোরেশন হোক বিভিন্ন জায়গায় রাজ্য সরকারের অনুমোদন নেই, এই এ্যাসেম্বলির অনুমোদন নেই। অথচ বামফ্রন্ট আমলে লোক নিয়ে গেছে উইদাউট স্যাংশন অফ দিস এ্যাসেম্বলি। কিন্তু আমরা চেষ্টা করছি স্যার, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মধ্য দিয়ে, পৌরসভাগুলোর আমাদের লোকাল বডি যেগুলো সেগুলোর মিউনিসিপ্যাল ডাইরেক্টরেটের মধ্য দিয়ে, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মধ্য দিয়ে স্বচ্ছভাবে যাতে রিক্রুটমেন্টগুলো হয়। কিন্তু ডেফিনিটলি যা পোস্ট স্যাংশন তার থেকে বেশি ক্যাজুয়াল ওয়াকার আছে। অথচ একটা মিউনিসিপ্যালিটি শুধু যেন চাকরি দেওয়ার মেশিন কোন পরিষেবা দেওয়ার মেশিন নয়। এর মধ্যে দিয়ে আমাদের স্যার, এই কাজটা করতে হচ্ছে।

শ্রী তন্ময় ভট্টাচার্য : সাপ্লিমেন্টারির আগে আমি আমার মূল প্রশ্নটা আর একবার করছি কারণ আমি মাননীয় মন্ত্রীর উত্তর কিছু বুঝিনি। আমি একটা সংখ্যা জানতে চেয়েছি। শূন্যপদের সংখ্যা কত? মাননীয় মন্ত্রী তাঁর উত্তরে সাড়ে সাত মিনিটের বক্তৃতা করেছেন। পথসভার জায়গা বিধানসভা না। বামফ্রন্টকে গালাগাল করার জায়গা বিধানসভা নয়। ...(গোলমাল)... থামুন, থামুন। ফলে আমি আমার মূল প্রশ্নটা আর একবার করছি। শূন্যপদের সংখ্যা কত? শূন্যপদের সংখ্যা কত আমি একটা আর একবার জানতে চাইছি। শুধু সংখ্যাটা বলুন সাপ্লিমেন্টারি তারপরে করব।

মিঃ স্পীকার : আপনি শুনুন, আপনার এখানে (ক) প্রশ্নের মোট শূন্যপদের সংখ্যা। ৩৩,২৭০। এটা লেখা রয়েছে।

শ্রী তন্ময় ভট্টাচার্য : উনি বললেন ৩১ হাজার।।

মিঃ স্পীকার : না, উনি ৩৩ হাজার বলেছেন। আপনার এটা পরিষ্কার লেখা রয়েছে। এটা বোঝার কিছু নেই তন্ময়বাবু। আপনিও যদি দেড় মিনিট সমালোচনা করে বক্তৃতা করেন তাহলে তো মুসকিল। আপনি সাপ্লিমেন্টারি করুন, এখানে লেখা রয়েছে পরিষ্কার করে।

শ্রী তন্ময় ভট্টাচার্য : দ্বিতীয় যেটা - স্যার, আপনি মন্ত্রীকে প্রোটেকশন দেবেন আমাদের কথা শুনবেন না।

মিঃ স্পীকার : না, না, আমি কাউকে প্রোটেকশন দিচ্ছিনা। যা লেখা আছে আমি তাই বললাম। আপনি সাপ্লিমেন্টারি করুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : আরে ববি সাপ্লিমেন্টারিটা করতে দাও তারপরে উত্তর দাও।

শ্রী সুব্রত মুখার্জী : সিনিয়র মন্ত্রী তাঁকে প্রশ্ন করছেন ডাক নাম ধরে ববি উত্তর দিন, এটা কি ধরনের অসভ্যতা। ...(গোলমাল)...

শ্রী তন্ময় ভট্টাচার্য : আমি সুব্রতদার সমালোচনা গ্রহণ করছি। আমি সুব্রতদার সমালোচনা গ্রহণ করছি। সুব্রতদার সমালোচনা গ্রহণ করছি, ব্যক্তিগতভাবে মাননীয় মন্ত্রী ফিরহাদ হাকিমের সঙ্গে এই সম্বোধনের সম্পর্ক করে ফেলেছি। সুব্রতদা সিনিয়র মন্ত্রী সমালোচনা করেছেন, গ্রহণ করছি। ...(গোলমাল)... স্যার, এই বিধানসভায় তুমি-তুমি হয়েছিল। ...(গোলমাল)...

মিঃ স্পীকার : আমি জানি না, ফিরহাদ হাকিম মাননীয় মন্ত্রী আপনি কি রাগ করেছেন এই কথাটা শুনে? আপনি বলতে পারেন। আপনি যদি রাগ না করে থাকেন এতে কিছু ব্যাপার নেই, he has not taken any exception. প্লিজ আপনি পুট করুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, শ্রদ্ধেয় সুব্রতদার সমালোচনা গ্রহণ করছি, জ্যোতিবাবু এবং সিদ্ধার্থ রায় তুমি-তুমি করে কথা বলতেন এই বিধানসভায়। আচ্ছা যাই হোক। আমার প্রশ্ন যেটা সাপ্লিমেন্টারি সেটা হচ্ছে, এই মুহূর্তে বরাহ্নগর পৌরসভায় শূন্যপদ পূরণের জন্য ইন্টারভিউ হচ্ছে। আজকেও হচ্ছে। ভালো উদ্যোগ নতুন লোক নেওয়া হচ্ছে। কোন আপত্তি নেই। ভালো উদ্যোগ নতুন লোক নেওয়া হচ্ছে, শব্দ শুনুন। ভালো উদ্যোগ নতুন লোক নেওয়া হচ্ছে। আমার যেটা জিজ্ঞাসা সেটা হচ্ছে যে, বিজ্ঞাপন হয়েছিল এ্যাপ্লিকেশন হয়েছে পরীক্ষা হয়েছে। পরীক্ষায় যাঁরা উত্তীর্ণ হলেন তাঁদের নামের তালিকা কোথাও টাঙানো হয়নি। এটা মাননীয় মন্ত্রী জানেন কিনা? জানলে এটা স্বচ্ছতা কিনা?

শ্রী ফিরহাদ হাকিম : এখন স্যার, ব্যাপারটা হচ্ছে যে, একটা ডিপার্টমেন্ট আমি নিয়েছি। সেই ডিপার্টমেন্টের এ্যাসেম্বলিকে অবমাননা করে যদি কিছু হয়ে থাকে আর সেটা বললে যদি সদস্য রেগে যান আমার কিছু করার নেই।

[11:40 – 11:50 a.m.]

কিন্তু এই হাউসের সদস্য হিসাবে এই এ্যাসেম্বলীর গরিমা রক্ষা করাটা যেমন আপনার কাজ, আমার কাজ, সেইটাই দুঃখের কথা মেম্বারদের সামনে বললাম যে কিভাবে আপনারা এই সময়টা চালিয়েছেন আর কিভাবে স্বেচ্ছাচারিতা করেছেন।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : সেটা অন্য সময়ে বলা যায়, প্রশ্নের উত্তরে না। ওটা অন্য সময়ে বলা যায়, প্রশ্নের উত্তরে না।

মিঃ স্পীকার : আপনি ওনাকে উত্তরটা দিতে দিন।

শ্রী ফিরহাদ হাকিম : এখন ব্যাপারটা হল যে, আমাদের

(ভয়েস : সুব্রতবাবু ঐ সময়ে ঢুকিয়ে গেছে)

মিঃ স্পীকার : পাসিং কমেন্ট করবেন না।

শ্রী ফিরহাদ হাকিম : সুব্রতবাবুর সময়ে, একটাও রিক্রুটমেন্ট রুলের বাইরে রিক্রুটমেন্ট করেননি। সুব্রতবাবুর সময়ে রিক্রুটমেন্ট আপনারা ছাড়েননি। সেই সময়ে যিনি মন্ত্রী ছিলেন, তিনি – সুব্রতবাবু রিক্রুটমেন্ট যেটা করতে চেয়েছিলেন, সেই রিক্রুটমেন্ট করেননি সেই সময়। একটাও রিক্রুটমেন্ট করতে দেননি আপনারা। কিন্তু এটা ঠিক স্যার যে আমাদের সরকার আসার পরে স্বচ্ছতার সাথে উপরের পোস্টগুলো আমরা মিউনসিপ্যাল সার্ভিস কমিশনের থ্রু দিয়ে করেছি যেটার বিল এই হাউসেই পাস হয়েছে। এবং কিছু পোস্ট যেগুলো লোকাল দরকার হয়, সেগুলো পৌরসভার হাতে ডি এল বি দেয়, ডাইরেকটরেট অফ লোকাল বডিজ এবং তারা প্যানেল করে, পরীক্ষা নিয়ে, ফল প্রকাশ করে। মিউনিসিপ্যালিটিতে সেই ফল টাঙানো থাকে। সেই ফলের বেসিসে আবার যারা যারা প্রথম দিকে থাকেন, তাদের যে কয়টা পোস্ট ইন্টারভিউ নিয়ে, সেখানে এই পরীক্ষায় পাস করে সেটার ইন্টারভিউ করেন। এবং বরানগর পৌরসভার ক্ষেত্রেও এই একই নিয়ম চালু আছে। লিস্ট অফ সাকসেসফুল ক্যান্ডিডেট টাঙানো থাকবে, এস এম এস এর মাধ্যমে বা চিঠি দিয়ে সেই বাড়ীতে তাদের খবর দেবে। ইন্টারভিউতে আসবে, ইন্টারভিউতে যারা উত্তীর্ণ হলেন তাদের আবার রেজাল্ট টাঙানো থাকবে এবং তারপর তাদের জয়েনিং লেটার বাড়ীতে যাবে।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : ধন্যবাদ স্যার। মাননীয় মন্ত্রী সঠিক বলেছেন। লিস্ট অফ সাকসেসফুল ক্যান্ডিডেট টাঙানো থাকবে। আমি মাননীয় মন্ত্রীর নোটিশে আনছি, বাকি সব যা যা বলেছেন, পালিত হচ্ছে। কিন্তু বরানগর পৌরসভার ক্ষেত্রে যে ইন্টারভিউ চলছে, আজও চলছে, লিস্ট অফ সাকসেসফুল ক্যান্ডিডেট টাঙানো হয়নি। আবেদন – আপনি আপনার দপ্তর থেকে খবর নিন এবং ইমিডিয়েট টাঙাতে বলুন। সাপ্লিমেন্টারী ২, কোন একটি পৌরসভার ক্ষেত্রে, কোন একটি শূন্যপদ তাতে একজন চাকরি করেছেন ৩০বছর/৩৫বছর।

মিঃ স্পীকার : আপনি হাইপোথেটিক্যালি কোয়েশ্চেন করবেন না। কোন একটি পৌরসভার ক্ষেত্রে, কোন একটি শূন্যপদে, ইট ইজ রঙ, হাইপোথেটিক্যালি। আপনি স্পেশিফিক্যালি বলুন।

শ্রী তন্ময় ভট্টাচার্য্য : স্যার, এ্যাকসেপ্টেড, স্পেশিফিক। বরানগর পৌরসভার সচিব, বাম আমল থেকে সেই পদে কাজ করেছেন এই আমলেও কাজ করেছেন, এই বছরের ৩১শে জানুয়ারী রিটায়ার করেছেন। মাননীয় মন্ত্রী বিষয়টা জানেন, তিনিও সংশ্লিষ্ট দপ্তরকে চেয়ারম্যানের সঙ্গে থেকে বলেছেন বিষয়টা দেখতে। তিনি পেনশান পাচ্ছেন না। অভিযোগ উঠছে, আইদার বাম আমলে অর এই আমলে যে কোন আমলেই হোক না কেন, এই পদটা ঐ এম.এ. ডি, এল, বি .কি বলে, তাদের যে স্যাংশান নেওয়ার, সেই স্যাংশান নেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী নিজেও

ব্যক্তিগতভাবে তাঁকে চেনেন এবং বারবার বিষয়টা দেখেওছেন। কিন্তু এখনও সেটা পেন্ডিং অবস্থায় পড়ে আছে। যেহেতু মাননীয় মন্ত্রী জানেন, আমার মাননীয় মন্ত্রীর কাছে নির্দিষ্ট আবেদন এবং প্রশ্ন যে তাঁর জানা বিষয়, নির্দেশও দিয়েছেন করতে, কিন্তু হয়নি। তিনি কি আর একটু বাড়তি উদ্যোগ নিয়ে দেখবেন ?

শ্রী ফিরহাদ হাকিম : স্যার, আমি ধন্যবাদ জানাই যে, তন্ময়বাবু আমি যেটা প্রথমে শুরু করেছিলাম যে গভর্ণমেন্ট এর স্যাংশান না নিয়ে পৌরসভায় রিক্রুটমেন্ট হয়েছে, এবং সেটা উনি মানলেন যে হ্যাঁ, যে ব্যক্তির কথা বলছেন সেটা গভর্ণমেন্ট-এর রুলস্ এর বাইরে গিয়ে তার পার্মিশান না নিয়ে, এম.এ.ইউ.ডি.-র, তখন এম.এ.আলাদা ডিপার্টমেন্ট ছিল, তার পার্মিশান না নিয়ে ডাইরেকটার অফ লোকাল বডিজকে অন্ধকারে রেখে সেই লোকটাকে অনৈতিকভাবে তাঁকে এ্যাপয়েন্টমেন্ট সেই সময়ে দেওয়া হয়েছিল।

এটাও ঠিক যে, একটা মানুষ রিটায়ার্ড করেছে, তার তো এখানে কোনো দোষ নয়, মিউনিসিপ্যালিটি তাকে চাকরি দিয়েছে, সে সিপিএম করত, কি অন্য কোনো পার্টি করত, একটা মানুষ তো, গরীব মানুষ, সে চাকরি করেছে, রিটায়ার্ড করেছে। এবার। সেই রুলসের ভায়োলেশানের জন্য তার জীবনটা আজকে সংশয় হয়ে দাঁড়িয়েছে। সেই রুল্স্টা না মানার জন্য, সেইসময় গায়ের জোরের জন্য, হিমালয় পর্বত সরে যেতে পারে, বামফ্রন্ট সরবে না, যা ইচ্ছে করব, সরকারী রুলস মানব না, তার জন্য আজকে তাকে বিপদে ফেলে দেওয়া হচ্ছে। আমি। চিঠি লিখেছি, সার্ভিস রেগুলেশানটা সেইসময় করা হয়নি, সেই রেগুলেশানটা যাতে এখন করা হয় এবং ফাইনান্স দপ্তরের কাছে আমি পার্মিশান চেয়েছি যে এই কেসগুলো যাতে করা হয়, নাহলে লোকগুলো বিপদে পড়ছে। এই লোকগুলো, ঠিক, আমার কাছে অনেকে এসেছেন, হার্ডকোর সি পি এমের মানুষ, হেনতেন, এসব ছেড়ে দিন, একজন মানুষ তার রিটায়ারমেন্টের পরে তার পরিবার চালাতে পারছেন না। আমি নিজে ফাইনান্স মিনিস্টারকে রিকোয়েস্ট করেছি, আশা করছি আমি ফাইনান্স থেকে পাব এবং যে অন্যায়, যে পাপটা বামফ্রন্ট করেছে সেটাকে আমি শুদ্ধ করতে পারব।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, যে কোনো পৌরসভাতে, আমারও পৌরসভা আছে, এই ক্যাজুয়াল কর্মীর ব্যাপারটা একটা সেনসিটিভ ইস্যু। কয়েকদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে এই ধরনের নিয়োগ করা যাবে না। আমার স্পেসিফিক প্রশ্ন, মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে নিয়োগের যে ব্যবস্থা হচ্ছে, এটা একটা প্রসেসের মধ্যে হবে। যারা ক্যাজুয়ালে কাজ করছে, এই কমিশানে তাদের হতেও পারে, আবার না হওয়ারই চান্স বেশি। এই বিষয়ে যারা ক্যাজুয়াল হিসাবে আছে তারা সারা জীবনই ক্যাজুয়ালভাবেই কাটাবে না মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে ২-৪জনকে এ্যাকোমোডেট করা যাবে। যদি না করা যায় তাহলে তারা কি বেআইনিভাবে থাকবে নাকি তাদেরকে আপনি বের করে দেওয়ার নির্দেশ দেবেন ?

শ্রী ফিরহাদ হাকিম : এটা আমাদের সরকারের কাছে একটা উভয়সংকট হয়ে দাঁড়িয়েছে। তার কারণ আপনি জানেন যে মুখ্যমন্ত্রী একজন মানবিক মুখ্যমন্ত্রী। কারোর চাকরি যাক, কারোর কাল থেকে সংসার বন্ধ হয়ে যাক, এটা মুখ্যমন্ত্রী চান না, আমাদের সরকার, আমরা কেউই চাই না। এখন সুপ্রিম কোর্টের যে রুলিংটা আছে, যেটা ২০০৯ সালের রিক্রুটমেন্টে সেই পোস্টগুলো আবার স্যাংশান করতে গিয়ে, আপনি জানেন, আপনি পুরোনো মেম্বার, ২০০৯ সালের সুপ্রিম কোর্টের যে নির্দেশ আছে সেটাকে রাজ্য সরকার কি করে অবমাননা করবে ? তাই এটাতে আমরা ফেঁসে গেছি। আমি জানি যে অনেক টাকা সরকারকে সাপোর্ট দিতে হচ্ছে মিউনিসিপ্যালিটি চালানোর জন্য, মিউনিসিপ্যালিটির নিজের যে রেভিনিউ সেই রেভিনিউটা মাইনে দিতে চলে যাচ্ছে। কিন্তু এতগুলো লোককে আমি রিক্রুটমেন্ট করে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে নেওয়া যায় না কারণ এগুলোকে উইদাউট ইন্টারভিউ নেওয়া হয়েছিল। আবার তাদের পার্মানেন্টও করতে পারছি না, যেহেতু সুপ্রিম কোর্টের রুলিংটা রয়েছে। এই অবস্থার সাথে আমরা চেষ্টা করে যাচ্ছি যতটা পারা যায় মিউনিসিপ্যালিটির তরফ থেকে সাপোর্ট দিয়ে মিউনিসিপ্যালিটিকে অন্যভাবে আমরা সাপোর্ট দিচ্ছি, যাতে তারা ওদের মাইনে দেয়। এছাড়া আমার সামনে তো কোনো উপায় নেই।

শ্রী বিশ্বনাথ চৌধুরি : মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন যে বালুরঘাট মিউনিসিপ্যালিটিতে কত লোক নিয়োগ করা হয়েছে এবং যাদের কোনো পরীক্ষা নেওয়া হয়নি বা কোনো কিছু করা হয়নি এইরকম কত লোককে নিয়োগ করা হয়েছে ?

শ্রী ফিরহাদ হাকিম : এই সংখ্যাটা সব মিলিয়ে প্রায় ৩০ হাজারের বেশি। কিন্তু পার্টিকুলার বালুরঘাটের হিসেবটা আমার কাছে নেই। আমি আপনার কাছে পাঠিয়ে দেব।

মিঃ স্পিকার : প্লিজ, আপনি রিটেন কোয়েশ্চেন করবেন।

শ্রী অসিত মিত্র : স্যার, আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে একটি প্রশ্ন রাখছি, সেটা হল, আপনি ঠিকই বলেছেন যে সুপ্রিম কোর্টের রায় আছে, ক্যাজুয়াল কর্মীদের সম্পর্কে কি হবে না হবে। আপনি জানেন, কিছুদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রী সহৃদয়তার পরিচয় দিয়ে হাওড়া কর্পোরেশানের পাশে বসেই তিনি বলেছেন, আমি এগুলো করব। তার আগে তিনি একটি কথা বলছিলেন, একদম সঠিকভাবেই বলছিলেন, এত যে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হচ্ছে, হাজার বা চারশো বা যা কিছু,

[11:50 a.m. – 12:00 Noon]

এই পদগুলোর ফাইনান্সের অনুমোদন নেই, অথবা আপনার দপ্তরেরও অনুমোদন নেই। সেগুলো এর পরে কি বন্ধ হয়ে যাবে ? এর পর থেকে কি একটা প্রসিডিওরের মধ্যে আসবে ? আর যে কথা মাননীয় সদস্য নেপাল মাহাতো বলছিলেন, তার উত্তরে আপনি বললেন, কিভাবে কি করা যায়। মাননীয়া মুখমন্ত্রী যেটা বলেছেন সেটাকে যদি সঠিক পথে এগিয়ে নিয়ে যাওয়া

যায়, এ সম্পর্কে একটা ভাবনাচিন্তা আপনাকে করতে হবে। এটা করতে আপনার কতদিন সময় নেবেন বা কিভাবে করবেন।

শ্রী ফিরহাদ হাকিম : সেদিন হাওড়ার সভায় আপনি ছিলেন, তারপর থেকে প্রত্যেকটি পৌরসভাকে আমরা ডাইরেক্টলি জানিয়ে দিয়েছি, এই ছেলেগুলোকে নেওয়া মানে – এখন তো মনে হচ্ছে চাকরি হয়ে গেছে, কিন্তু এদের ভবিষ্যৎটা অন্ধকার করে দেওয়া হচ্ছে সে যে মিউনিসিপ্যালিটিই নিয়ে থাকুক। তার কারণ তার গ্র্যাচুইটি নেই, তার প্রভিডেন্ট ফান্ড নেই, তার রিটায়ারমেন্ট বেনিফিট নেই, কিছুই নেই। অ্যাকসিডেন্ট হলে তারও বেনিফিট নেই। এই কেসগুলো সব বামফ্রন্টের আমলে হয়েছে। ৪৪৯ বাদে টোটালটাই কিন্তু বামফ্রন্টের আমলে হয়েছে। এখন আমরা বলেছি আমাদের অ্যাপ্রুভাল ছাড়া কোনো মিউনিসিপ্যালিটি একটা লোকও নিতে পারবে না। যদি কোনো মিউনিসিপ্যালিটি নেই, তাহলে রাজ্য সরকারের যে সাপোর্ট তাদের সেটা বন্ধ করে দেওয়া হবে। প্রত্যেকটি মিউনিসিপ্যালিটিকে চিঠি দেওয়া হয়েছে, বলা হয়েছে এনাফ ইজ এনাফ। এর পরে যা রিক্রুটমেন্ট করতে হবে তা সরকারের কাছ থেকে অনুমোদন নিয়ে করতে হবে। এই ব্যাপারে আমরা প্রচণ্ড strict, সেদিন মুখ্যমন্ত্রী যখন বলেছিলেন, তখন সেখানে আপনিও ছিলেন।

সুন্দরবনে পূর্ণাঙ্গ বিদ্যুতায়ন

*১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬১) **শ্রী সমীর কুমার জানা** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) সুন্দরবনের দ্বীপাঞ্চলগুলিতে পূর্ণাঙ্গভাবে বিদ্যুদয়ন করতে কতদিন সময় লাগবে বলে আশা করা যায়; এবং

(খ) উক্ত অঞ্চলে এ.বি.কেবল লাইন টানার কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : ক) সুন্দরবনের দ্বীপাঞ্চলগুলিতে বিদ্যুতায়নের কাজ ডিসেম্বর, ২০১৯-এর মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

খ) সুন্দরবনের অন্তর্ভুক্ত বিভিন্ন অঞ্চলে WBSEDCL ইতিমধ্যেই আনুমানিক ৬৯০ কিলোমিটার নতুন এল.টি.এ.বি কেবল্ লাইন টানা হয়েছে এবং ভবিষ্যতে আরও ১৮৩৫ কিলোমিটার লাইন টানার দীর্ঘমেয়াদী পরিকল্পনা আছে।

শ্রী সমীর কুমার জানা : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বলেছেন সুন্দরবনের দ্বীপাঞ্চলগুলিতে বিদ্যুতায়নের কাজ ডিসেম্বর, ২০১৯ সালের মধ্যেই শেষ হয়ে যাবে। এই বিষয়ে আমি মন্ত্রীমহাশয়ের কাছে আলোকপাত করতে চাই, যে সমস্ত এজেন্সি L&T, SDP, Sterling, Dindayal Yojana এরা কাজ করছে। কিন্তু এঁদের ম্যান পাওয়ারটা ঠিকভাবে না থাকার জন্য, যে সময়ের মধ্যে কাজটা কমপ্লিট করার কথা সেটা তাঁরা করতে পারছেন না। এঁদের যে পেন্ডিং কাজ থেকে গেছে সেই কাজগুলোকে রিভাইস্ড এস্টিমেট করে

আবার কাজ করতে হচ্ছে। ফলে কাজটা বিলম্বিত হয়ে যাচ্ছে। ফলে যেটা ডিসেম্বরের মধ্যে শেষ হওয়ার কথা, স্বাভাবিকভাবে এঁদের ম্যান পাওয়ার ঠিক না থাকার জন্য ঐ সময়ের মধ্যে শেষ হয়তো করা যাবেনা। এই ব্যাপারে কি কোনো উদ্যোগ গ্রহণ করা যাবে।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় সদস্য জানেন যে আমরা যখন কোন কোম্পানিকে কাজ দিই তার অনেকগুলো ফর্মালিটি মেইনটেইন করতে হয়। তাদের সঙ্গে আমাদের একটা চুক্তি হয়, সেই চুক্তিতে লেখা থাকে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ শেষ করতে হবে। না হলে তাদের উপরে পেনাল্টি ইমপোজ করা হবে।

তাদের যে গ্যারেন্টি থাকে আমরা তার থেকে টাকা কেটে নিই। এই ধরনের ব্যবস্থা আছেই এবং এই বড় বড় কোম্পানীগুলো কাজ নিয়ে তারা কিছু ছোটো কোম্পানীর কাছে সাবে কাজ দেয়। প্রব্লেমটা সেইখানেই যে কিছু কিছু এইরকম কোম্পানী আছে যারা নির্দিষ্ট সময়ে কাজ শেষ করতে পারে না। এক্ষেত্রে দু দিক দিয়ে অসুবিধে হয়। একটা হচ্ছে মেন যে কনট্রাক্টর তাকে, ভেন্ডার, তার ওপর আমরা শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে থাকি। আমরা প্রায়ই নিই। অনেকের কাছ থেকেই তার পেনাল্টি ইমপোজ করা হয় কিন্তু আমরা দেখেছি, কোনো কোনো ক্ষেত্রে অসুবিধে হয়। তার ফলে তার নীচে যে লোকটা আছে, সাবে আছে সে কাজটা করে না। সেও কাজ করে না, কিন্তু প্রিন্সিপ্যাল যে ভেন্ডার সে টাকা দেয় না। তার ফলে মানুষের অসুবিধে হয়। এই দু রকম অসুবিধে আমাদের ফেস করতে হয়। তবু আমরা জানি যেখানে যেখানে আপনারা জানেন বোধহয়, আপনাদের ওখানে যে কেব্‌লিং করছিলেন তাদের মধ্যে এ টু জেড বলে একটি কোম্পানীও আছে। তাদেরকে শাস্তিমূলক ভাবে, বড় কোম্পানী কিন্তু কাজ নির্দিষ্ট সময়ে শেষ করতে না পারার জন্য তার ওপর আমরা পেনাল্টি ইমপোজ করেছিলাম বহু টাকার। আমরা চেষ্টা করছি, এটা সম্পূর্ণ আমাদের হাতের মধ্যে নয়। কাজটা, আমরা চেষ্টা করছি নির্দিষ্ট সময়ে কাজটা শেষ করবো। কিন্তু এরপরেও কিছু সমস্যা থেকে যায় যেটা আমাদের সম্পূর্ণ হাতের মধ্যে নয়। কাজের সময়ে চুক্তি করে অনেক ক্ষেত্রে দেখা যায় কনট্রাক্টার সেই কাজ কমপ্লিট করতে পারে না। আমরা চেষ্টা করছি আর একটা টেন্ডার প্রসেস করার। তাদের আবার কাজ দেওয়ার, আবার সাবে কাজ দেবে। এই যে, জায়গাগুলো অনেক দীর্ঘ সময় লেগে যায়। তাইজন্যে আমরা চেষ্টা করি, যাকে কনট্রাক্ট দিয়েছি তাকে আর একটা এক্সটেনশান টাইমের, সেটা দিয়ে বললাম এর মধ্যে নির্দিষ্ট সময়ে কাজটা শেষ করতে হবে।

মিঃ স্পিকার : বঙ্কিম বাবু আপনি বলুন। বঙ্কিম বাবুর একটা * প্রশ্ন আছে। আমি সেটা এর সঙ্গে নিয়ে নেবো। আপনি সাপ্লিমেন্টারী করুন বঙ্কিমবাবু।

রাজ্যে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের সংখ্যা

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭১) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ বিদ্যুৎ ও অচিরাচরিত শক্তি উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জানুয়ারি, ২০১৩ থেকে ৩১শে ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত রাজ্যে কয়টি নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপিত হয়েছে;

(খ) তন্মধ্যে, কতগুলিতে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে; এবং

(গ) এক্ষেত্রে উৎপাদিত বিদ্যুৎ-এর পরিমাণ কত?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য বঙ্কিম চন্দ্র হাজরা প্রশ্ন করেছেন -

(ক) একটিও নয়। তবে এই সময়কালে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড - এর অধীন সাগরদিঘি তাপবিদ্যুৎ কেন্দ্রে ৫০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৩ নং ও ৪ নং ইউনিট (মোট ৫০০ গুণিতক ২ মেগাওয়াট) এবং ডিপিএল - এ ২৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন ৮ নং ইউনিট বহাল হয়েছে।

(খ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড - এর ৩ নং ইউনিট ০১.০৭.২০১৬ থেকে ও ৪ নং ইউনিট ২০.১২.২০১৬ থেকে এবং ডিপিএল-এর ৮নং ইউনিট ৩০.০৪.২০১৪ থেকে বাণিজ্যিক উৎপাদন শুরু করেছে।

(গ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিমিটেড - এর ৩ নং ও ৪ নং ইউনিট থেকে মোট উৎপাদিত বিদ্যুৎ - এর পরিমাণ ৩১.১২.২০১৮ নিরিখে ৩২৫৬.২৫৯ মিলিয়ন ইউনিট এবং ডিপিএল-এর ৮ নং ইউনিট থেকে ৩১.১২.২০১৮ নিরিখে মোট উৎপাদিত বিদ্যুৎ এর পরিমাণ ৪৯৯৭.৩২৬ মিলিয়ন ইউনিট।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেব্‌ল্ স্পিকার স্যার, মাননীয় মন্ত্রীকে আমার অতিরিক্ত প্রশ্ন, মাননীয় মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছেন, যে আমাদের রাজ্যের উৎপাদিত বিদ্যুতের পরিমাণ ৪৯৯৭.৩২৬ মিলিয়ন ইউনিট। আমি ওনার কাছে জানতে চাইছি, রাজ্যের যে উদ্বৃত্ত উৎপাদিত বিদ্যুৎ, বণ্টণ করার ক্ষেত্রে রাজ্য সরকার কী কী পদক্ষেপ বা কোনো পরিকল্পনা গ্রহণ করেছেন কি না, যদি করে থাকেন দয়া করে এই হাউসকে জানালে তাহলে বাধিত থাকব।

অর্থাৎ আপনি যে উৎপাদিত বিদ্যুতের কথা লিখেছেন, যে পরিমাণ বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে সেই উদ্বৃত্ত উৎপাদিত যে বিদ্যুৎ, তা বণ্টন করার ক্ষেত্রে রাজ্য সরকার কী কী পদক্ষেপ বা পরিকল্পনা গ্রহণ করেছেন? যে উদ্বৃত্ত বিদ্যুৎ উৎপাদিত হচ্ছে, তার বণ্টন ব্যবস্থার ক্ষেত্রে কী কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : এটা সারা ভারতবর্ষে একটা নেটওয়ার্কের মধ্যে আছে। বিদ্যুতের নেটওয়ার্ক আছে যেটাকে আমরা বলি, পাওয়ার গ্রিড কপোরেশন কেন্দ্রীয় সরকারের। সেই পাওয়ার গ্রিডের সঙ্গে আমাদের ডব্লু.বি.এস.ই.ডি.সি.এল. - এর যে পাওয়ার সিস্টেম সেই সিস্টেমটাও যুক্ত আছে। যখন আমাদের পাওয়ারের প্রয়োজন - ধরা যাক রাত্রিবেলায় আমি পুরুলিয়া পাম্প স্টোরেজ চালাব। আমি তখন দেড় টাকা দরে বিদ্যুৎ পাচ্ছি, পার ইউনিট পাচ্ছি। অনেকে আছে এক্সেস বিদ্যুৎ বিক্রি করে দেয় কম দামে। আমি সেই টাইমটাকে অ্যাভেল করে সেই বিদ্যুৎটা কিনে নিই। দিয়ে

আমি আমার পুরুলিয়া পাম্প স্টোরেজে বিদ্যুৎ দিই, সেখানে সাড়ে তিন টাকা লাগবে। আমি দেড় টাকা বা দু টাকা দরে বিদ্যুৎ পেলাম। আমি বিদ্যুৎটা কিনে নিয়ে রাত্রিবেলা জলটাকে আপার ড্রেনে তুলে নিলাম। এটা আমরা দিই। আমাদের যখন এক্সেস বিদ্যুৎ হয়, আমরাও গ্রিডে দিই। এছাড়া আমরা বাংলাদেশকে ২০০ মেগাওয়াট বিদ্যুৎ বিক্রি করি যেটা এক্সেস বিদ্যুৎ সেটা প্রতিদিন, সেই বিদ্যুৎ বিক্রি করি ওদেরকে। ফলে এক্সেস বিদ্যুৎ যেটা আছে তার প্রপার ইউটিলাইজেশান হয়। আমরাও বিক্রি করি অন্যান্য রাজ্যকে। বিভিন্ন রাজ্যও আমাদের থেকে নেয়। আবার আমাদেরও সুবিধামতো যখন আমি কম দামে বিদ্যুৎটা পাই, আমরাও বিদ্যুৎটা কিনি।

[12:00 Noon – 12:10 p.m.]

श्री मनोज तिग्गा : धन्यवाद सर, आपके माध्यम से विधुत मंत्री से मेरा एक एक प्रश्न है कि 2016 में चाय वगान मे जैसे कि धुमचीपाड़ा, हण्टापाड़ा, गंगारामपुर यहाँ पर कह दिया कि आपको बिल देना नही पड़ेगा लेकिन अभी वगान मे लेवर कॉलोनी में एक ट्रान्सफरमर से मास्टर मीटर है, वहाँ पर अभी 50 लाख, 57 लाख, 60 लाख जैसे बिल आया है। अभी लाइन काटने के कगार पर है तो इस समस्या का समाधान के लिये आप क्या सोचते है ?

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : চা বাগানের প্রশ্নটা আপনি জানেন, আপনি ওখানকার মানুষ, ওখান থেকে নিবাচিত হয়েছেন। চা বাগানের সমস্ত দায়িত্ব চা বাগানের মালিকের। সমস্ত দায়িত্ব চা বাগানের মালিকের এবং সেটা চুক্তির মধ্যেই আছে। কাজ দেওয়া থেকে শুরু করে, চিকিৎসা দেওয়া থেকে শুরু করে তাদের রেশন দেওয়া থেকে শুরু করে - মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রকম বন্ধ যে সমস্ত চা বাগানগুলো ছিল, সেখানে রাজ্য সরকারের যে infrastructure আছে তার মাধ্যমে চাল, চিকিৎসা ইত্যাদির ব্যবস্থা নিয়েছেন। কিন্তু বিদ্যুতের দাম দিতে হবে না, এটা একটা রাজনৈতিক প্রচার। বিদ্যুৎ আমরা কাউকে বিনা পয়সায় দিই না। কাউকে দিই না পায়সাও দিই না, রাজ্য সরকারকেই দিই না। আমার দপ্তর স্বাস্থ্য দপ্তরকে দেয় না। ফলেই বিদ্যুৎ বিনা পয়সায় দেওয়া যাবে না। এটা একটা রাজনৈতিক প্রচার। কিছু কিছু দল বাড়িতে একটা পতাকা পুঁতে দিয়ে আসছে, দিয়ে বলছে - আপনাকে বিদ্যুতের দাম দিতে হবে না। ফলে আমাদের পক্ষে এটা সম্ভব নয়। আমরা তবুও আপনি বলেছেন, যখন আপনি আমার সঙ্গে দেখা করবেন বিস্তারিত বিষয়টা আমি জেনে আপনাকে জানাব।

মিঃ স্পিকার : আমাদের প্রশ্নোত্তর পর্বের সময় শেষ হয়ে গেছে, রাম শঙ্করবাবু আপনি অনেকক্ষণ ধরে হাত তুলছিলেন, সুব্রত মুখার্জীকে একটা প্রশ্ন করার জন্য। মাননীয় মন্ত্রীকে আমি অনুরোধ করেছি, আপনি একটা প্রশ্ন করুন, আপনি অনেকক্ষণ ধরে হাত তুলছিলেন, আমি আপনাকে দিতে পারিনি।

শ্রী রাম শঙ্কর হালদার : ধন্যবাদ স্যার, আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে একটা প্রশ্ন করতে চাই, প্রশ্নটা হচ্ছে যে, আমাদের রাজ্যে টোটাল যে ৩৪১টা ব্লক আছে, টোটাল ব্লক এবং আমাদের রাজ্যে মোট কতগুলো জব কার্ড আছে ? এবং কতগুলো Infrastructure-এর কাজের সঙ্গে

যুক্ত, তার কি তথ্য আপনার কাছে আছে ? এই তথ্য যদি আপনার কাছে থাকে তাহলে দেখবেন এই cut money, দুর্নীতি এইসব ধরবার যা চেষ্টা করছেন এবং এই সরকার একটা উদ্যোগ নিয়েছেন, সেখানে কিন্তু এই দুর্নীতির ইসু ধরা পড়বে আপনি নিয়েছেন কি না।

শ্রী সুব্রত মুখার্জী : স্যার, এখানে সাধারণভাবে cut money বলতে যা বোঝাতে চাইছেন, তা নেবার। স্কোপ খুব কম। তার কারণ, জব কার্ড পরে পেমেন্টটা হয়, ডাইরেক্ট কেন্দ্রীয় সরকার, আমরাও সেই পেমেন্টটা। চোখে দেখি না। যে কাজ করেছে, আগে সরাসরি তার কাছে চলে আসে। সুতরাং এই যে কথায় কথায় cutsmoney, cut money - cut money কিরকম হতে পারে, এই কাজ আর এর সঙ্গে কোনো সম্পর্ক নেই। আমি জব কার্ডটা নেওয়ার সময়, কেউ হয়তো বলবে তুমি দুটো পয়সা দিয়ে দাও - তাহলে জব কার্ডটা দেওয়া হবে। ....(নয়েজ)....

শ্রী রাম শঙ্কর হালদার : না, টোটাল কত কার্ড এবং কত ইউটিলাইজ হয় সেটা বলুন ?

মিঃ স্পিকার : আপনি একটা গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর দিচ্ছেন, আমারও জানার দরকার আছে।

শ্রী সুব্রত মুখার্জী : আজকে আমার তৈরি হয়ে আসার কথা, specifically বর্ধমান জেলা, আপনি টোটাল NRGA'র কাজ যদি বলেন, আমার এবারের estimate আমরা পেয়েছি, ৩০ হাজার কোটি man-day-s। এইটুকু আপনাকে জানিয়ে রাখলাম।

মিঃ স্পিকার : Question Hour is over.

LEAVE OF ABSENCE UNDER RULE 242

Mr. Speaker : Hon'ble Members, I have received an application from Shri ARINDAM BHATTACHARYA desiring permission of the House to remain absent from the sittings thereof under Clause (4) of Article 190 of the Constitution of India. I read it out.

"Respected Sir,

As a research student of Governance and Policy Analysis of the United Nations University and Maastricht University, Netherlands, I am invited to the United Nations Civil Society Conference at Salt Lake City, Utah, United States of America. The conference is from 26th August, 2019 to 28th August, 2019. I humbly request you to grant me the leave of absence for 5 days, as I shall be back in town on 30th August, 2019 after attending the conference.

Thanking you,
Sincerely
ARINDAM BHATTACHARYA".

I now ask whether Shri ARINDAM BHATTACHARYA has the permission of the Assembly asked for by him.

There is no dissentient voice. I declare that Shri ARINDAM BHATTACHARYA has the permission of the Assembly to remain absent from the sittings of the House for the period from the 26th August, 2019 till the 30th August, 2019.

CALLING ATTENTION (NOTICES)

Mr. Speaker : Today, I have received Four (4) notices of Calling Attention on the following subjects, namely :

	Subject		Name
(i)	Reported incident of death of some people in an accident on 23.08.2019 at Kachua in Basirhat Block-II	:	Shri Abdul Mannan and Shri Dulal Chandra Bar separately
(ii)	Urge for beautification of Piyali Tourism Centre and setting up of a Tourism Centre at Kishori Mohanpur in Kultali Assembly Constituency area	:	Shri Ram Sankar Halder (Selected)
(iii)	Urge for setting up of a Fire Brigade Station in Jamuria Assembly Constituency area	:	Smt. Jahanara Khan
(iv)	Urge for appointment of a doctor for daily treatment in Beliatore Veterinary Hospital in Barjory Assembly Constituency area	:	Shri Sujit Chakraborty

I have selected the notice of Shri Ram Sankar Halder on the subject of Urge for beautification of Piyali Tourism Centre and setting up of a Tourism Centre at Kishori Mohanpur in Kultali Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Subrata Mukherjee : Hon'ble Speaker, Sir, এই যে প্রশ্ন রাম শঙ্কর হালদার মহাশয় এখানে রেখেছেন, Urge for beautification of Piyali Tourism Centre and setting up of a Tourism at Kishori Mohanpur in Kultali Assembly Constituency area" এটা স্যার আমি পরে লিখিত উত্তর দিয়ে দেব।

GOVERNMENT BUSINESS

LAYING OF REPORT

Report of the Examiner of Local Accounts, West Bengal

on the Accounts of the Panchayati Raj Institution

for the year 2016-2017

Shri Subrata Mukherjee : Sir, I beg to lay the Report of the Examiner of Local Accounts, West Bengal, on the Accounts of the Panchayati Raj Institutions for the year 2016-2017.

MENTION CASES

শ্রীমতী রমা বিশ্বাস : স্যার, আমাদের রাজ্যে internal complaints committee কতকগুলো জায়গায় হয়েছে, তার অবস্থা কি, এটা আমাদের একটু জানা দরকার কারণ সমস্ত জায়গাগুলোতে মেয়েরা কাজ করছে, অথচ internal complaints committeeগুলো তৈরি হয়নি। এটা তো punishable বিষয়। সেই জন্য আমি এই প্রশ্নটি করেছি, এই প্রশ্নের উত্তরটা আমরা জানা দরকার।

মিঃ স্পিকার : এখানে মাননীয় মন্ত্রী রয়েছেন, নিশ্চয়ই উনি এটা দেখবেন। Security of women তো ? এটা একটা vital subject, আপনি রেজ করেছেন। বিশাখা মামলার পরিপ্রেক্ষিতে যে কমিটি সেট করতে হয়, মাননীয় মন্ত্রী নিশ্চয়ই বিষয়টা দেখবেন।

শ্রী নগেন্দ্রনাথ রায় : মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বাণিজ্য উদ্যোগ এবং ক্ষুদ্র, ছোট, মাঝারি উদ্যোগ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কোচবিহার জেলায় যারা শিল্প কারখানার জন্য ভূমিচ্যুত এবং বাস্তুচ্যুত হয়েছে এবং যে সমস্ত কর্মপ্রার্থী, তাদের চাকরির ব্যবস্থা করবার জন্য এবং যাদের চাকরি হয়নি, তাদেরকে ন্যূনতম পক্ষে আট হাজার টাকা ভাতা প্রদানের জন্য আমি দাবি রাখছি।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমার বিধানসভা কেন্দ্রের বসিরহাট ব্লক ২ -এ কচুয়ায় লোকনাথধাম আছে। বিগত ২৩.০৮.২০১৯ -এ মারাত্মক একটা দুর্ঘটনা ঘটে। সরকারি মতে পাঁচ জন মানুষ মারা গেছে এবং বেসরকারি মতে প্রায় এগারো জন বা তার বেশি মানুষ মারা গেছে।

এতগুলো মানুষের অকালে প্রাণ হারিয়ে গেল, এর জন্য আমরা সকলেই দুঃখিত, ব্যথিত এবং মর্মাহত। ওই পরিবারগুলির সকল সদস্যা, সদস্যদের প্রতি সমবেদনা জানাই। আমার বলার বিষয় প্রতি বছর জন্মাষ্টমী তিথিতে প্রায় লক্ষাধিক মানুষ এখানে উপস্থিত হয়। কিন্তু যাতায়াতের যে ব্যবস্থা আছে এবং মন্দিরে প্রবেশের যে ব্যবস্থা আছে, তার রাস্তা খুবই সংকীর্ণ। সেই জন্য আমার বলার যে বিষয়টা হল যে, স্বরূপনগর বাজার থেকে` কাঁকড়া মির্জানগর railway station যে মূল রাস্তাটা আছে, সেটাকে যদি এক্সটেনশন করানো হয়, রাস্তার জায়গাও আছে, তাহলে এই লক্ষাধিক মানুষের যাতায়াতের সুবিধা হয় এবং মন্দিরে ঢোকার একটিমাত্র পথ, সেই পথ যদি প্রশস্ত করা হয়, তাহলেও সুবিধা হবে। মন্দিরে প্রস্থানের যে পথ আছে, সেটা খুবই সরু। সংস্কার হয়নি। সুতরাং এটা যদি সংস্কার করা হয়, তাহলে এখানে খুবই সুবিধা হবে। মাননীয় সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর কাছে এই বিষয়টা দেখার জন্য আমি আবেদন করছি।

[12:10 – 12:20 p.m.]

Smt. Jahanara Khan : ধন্যবাদ স্যার। আমি আপনার মাধ্যমে রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আসানসোল পুলিশ কমিশনারেট গঠন হওয়ার পর এলাকার মানুষ ভেবেছিলেন আইন-শৃঙ্খলা উন্নত হবে। কিন্তু ঐ এলাকায় প্রকাশ্য দিবালোকে পর পর যেভাবে খুন হচ্ছে তা দেখে ঐ এলাকার মানুষ ভীতসন্ত্রস্ত। প্রকাশ্য দিবালোকে খুন হলেন লক্ষ্মণ যাদব, অর্পণ মুখার্জী, নির্গুন দুবে, এক্স-এমএলএ দিলীপ সরকার, পুষ্প ঠাকুর, মুসকান খাতুন এবং গত ১০.০৮ তারিখে ক্লাস ইলেভেনের ছাত্রী প্রীতি কৌর টিউশান পড়তে গিয়ে নিখোঁজ হন। পুলিশকে জানানো সত্ত্বেও কিছু হয়নি। আসানসোলে মন্ত্রীর বাড়ি থেকে তিনশো মিটার দূরে এবং আসানসোল দক্ষিণ থানার পাঁচশো মিটার দূরে আসানসোলের অভিজাত এলাকায় ডাস্টবিনে ধর্ষণ করে বাম হাতের শিরা কেটে নৃশংসভাবে খুন করা হয়। গত শনিবারও বাড়ির সামনে তৃণমূল কাউন্সিলর খুন হন। পর পর এভাবে খুন আসানসোল সাব-ডিভিশানের মানুষ দুঃশ্চিন্তার মধ্যে আছে। পুলিশ কোনো খুনি অপরাধীদের ধরে শাস্তি দিতে পারছেন না। তাঁদের একমাত্র কাজ কয়লা, বালি, মোরাম থেকে অবৈধভাবে টাকা রোজগার। অবিলম্বে যাতে ঐ এলাকার মানুষ শান্তিতে বসবাস করতে পারে তার জন্য আইনশৃঙ্খলার উন্নত করার দাবি জানাচ্ছি এবং দোষী..... ...(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)....

Shri Mohosin Ali : স্যার, আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাইছি ৬২ নম্বর ভগবানগোলা বিধানসভার অন্তর্গত প্রধানমন্ত্রী গ্রামসড়ক যোজনায় বালিগ্রাম কামাড়পাড়া মোর থেকে রানীতলা পর্যন্ত যে রাস্তাটি আজ থেকে ছ'বছর আগে তৈরি হয়েছিল, তৈরির তিন মাসের মধ্যেই দু'টি কালভার্ট ভেঙে যায়। গত মার্চ মাসে রাস্তাটি সংস্কার করা হয়। এই রাস্তাটি সংস্কার করার দু'মাসের মধ্যেই আবার রাস্তাটি ভেঙে চৌচির হয়ে গেছে এবং ঐ কালভার্ট দু'টি মেরামত করা হয়নি। মানুষ জীবনের ঝুঁকি নিয়ে রাস্তা দিয়ে যাতায়াত করছে। যারা রাস্তাটি পুনঃ র্নিমাণ করেছে তাদের জন্য মানুষের জীবন ঝুঁকিপূর্ণ হয়েছে। অবিলম্বে রাস্তাটি সংস্কার করার জন্য দাবি জানাচ্ছি।

Shri Pradip Kumar Saha : স্যার, আপনার মাধ্যমে ভোকেশানাল বিভাগের মন্ত্রী রয়েছেন এখানে আ একটা গুরুত্বপূর্ণ বিষয় আলোচনায় তুলতে চাইছি। এই বিভাগের কদরটা এখন খুব বেড়েছে। আমি একটি স্কুলের প্রধান শিক্ষক। আমি লক্ষ্য করছি, আমার স্কুলের ছাত্র সংখ্যা এ বছরে একশোজন ভোকেশোনালে একাদশ শ্রেনিতে ভর্তি হয়েছে। অথচ আমরা লক্ষ্য করছি যে, এই শিক্ষকের অভাবে এটা শুকিয়ে যাবে। এতে ছাত্রদের চাহিদা বাড়ছে কারণ এটা একটা কর্মমুখী বিষয়। আমরা দেখছি যে, এক-এক জায়গায় টিচার নেই, কেউ অন্য জায়গায় চলে গেছে। একই টিচারকে দু'টি ইন্সটিটিউশানে দেওয়া হচ্ছে। কেউ পঞ্চাশ কিলোমিটার দূর থেকে আসছে এবং দু'টি ইন্সটিটিউশানে শিক্ষকতা করছে। তারপরে সে আসছে না। এরপর এত ছেলেমেয়ে ভর্তি হচ্ছে ভোকেশানালে সেখানে তাদের পঠনপাঠনে দারুনভাবে অসুবিধা হচ্ছে। স্বাভাবিকভাবে এই বিষয়টির ওপর ডিপার্টমেন্ট যেন গুরুত্ব দেয় তার জন্য অনুরোধ করছি। পাশাপাশি এটাও ঠিক স্যার, এই ক'দিন আগেই ভোকেশানালের টিচাররা আন্দোলনে গিয়েছিলেন ওনাদের বেতন বৃদ্ধির জন্যে। আমি মন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করেছিলাম। উনি দশ টাকা বাড়িয়েছেন এই ক'বছরে এক একটা ক্লাস পিছু। বলছিলেন, ফিন্যান্স পার্মিশান দিচ্ছে না। অর্থমন্ত্রীও আছেন। এটা দারুণ বিভাগ স্যার। ছেলেমেয়েরা কিছু করে খাচ্ছে এখান থেকে শিক্ষা নিয়ে। এই বিষয়টির ওপর যেন গুরুত্ব দেওয়া হয়। এটা বার বার করে অনুরোধ করছি।

Shri Sujit Chakraborty : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী তাঁকে আমি জানাতে চাই যে, অর্থ। দপ্তরের একেবারে নিজস্ব সেটা হচ্ছে জমি রেজিস্ট্রির যে ব্যাপারটা থাকে। এই জমি রেজিস্ট্রি দপ্তরে যে সমস্ত ডেটা-এন্ট্রি অপারেটর আছে সেই ডেটা-এন্ট্রি অপারেটররা বারো বছর ধরে কাজ করছে এবং তারা খুব দক্ষতার সঙ্গে কাজ করছে। রেজিস্ট্রি অফিসে যা যা করতে হয় সেই সমস্ত বিষয়ে তারা এন্ট্রি করে। কিন্তু এই সাতশোজন যে ডেটা-এন্ট্রি অপারেটর নিযুক্ত আছেন তাঁদের বেতন শুনলে অবাক হয়ে যাবেন। মাত্র ৬ হাজার ৭০২ টাকা অর্থাৎ, একজন অদক্ষ শ্রমিকের যা বেতন তার থেকেও কম।

এই ডাটা এন্ট্রি অপারেটররা সবাই কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত ছেলে এবং তারা এই দপ্তরে কাজ করছে। আমাদের রাজ্য সরকারের একটা নীতি রয়েছে। ... (নয়েজ) ... এদের বেতন মাসে ৬, ৭০২ টাকা।

মিঃ স্পিকার : মাননীয় মন্ত্রী মনে হয় শুনতে পাননি। আমি বলে দিচ্ছি। উনি বলেছেন, solving problems of data entry operator engaged in land registration offices. তাদের বেতনসংক্রান্ত ব্যাপারে উনি বলছিলেন। এটা একটু দেখবেন। সুজিতবাবুকে বলছি, ঠিক আছে আপনি বসুন, বিষয়টা রেকর্ডে চলে গেছে।

শ্রী দুলালচন্দ্র বর : মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রীকে আমার একটা আবেদন, যদি স্যার একটু আগে সুযোগ দিতেন তাহলে মাননীয় মন্ত্রী ডাইরেক্ট শুনতে পেতেন।***

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

মিঃ স্পিকার : আপনি প্রাসঙ্গিক কথা বলুন। আপনি সুপার স্পেশ্যালিটি হাসপাতাল সম্বন্ধে দিয়েছেন।

শ্রী দুলালচন্দ্র বর : বলতে বাধ্য হচ্ছি স্যার।***

মিঃ স্পিকার : যাবে না। This will not go. আপনি irrelevant কথা বলছেন। আপনি যেটা বলবেন বলেছেন সেটা বলুন।

শ্রী দুলালচন্দ্র বর : একটাও হাসপাতালে পরিকাঠামো নেই। একটাও হাসপাতালে ডাক্তার নেই। তার জ্বলন্ত প্রমাণ বনগাঁ-র সুপার স্পেশ্যালিটি হাসপাতাল। আমার জেলার মাননীয় মন্ত্রী এখানে বসে আছেন। আমি আপনার কাছে অনুরোধ করছি, আমার মন্ত্রী কালকেই বনগাঁ সুপার স্পেশ্যালিটি হাসপাতালে যান কী অবস্থা গিয়ে দেখুন। ডেঙ্গুতে আক্রান্ত কয়েক হাজার পেসেন্ট ঐ বনগাঁ হাসপাতালে। না আছে ট্রিটমেন্ট, না আছে ডাক্তার, না আছে পরিকাঠামো, নার্স এবং আমাদের দুর্ব্যবহার চোখে দেখা যায় না। আমি এই পবিত্র সদনে দাঁড়িয়ে আবেদন করছি স্বাস্থ্য দপ্তর অবিলম্বে ঐ হাসপাতালে যান।

Shri Ram Sankar Halder : মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুলতলি বিধানসভার কুলতলি ব্লকের মাঝ দিয়ে ৫৪ কিলোমিটার পাকা রাস্তা আছে। এর ৮-১০ কিলোমিটার বাদ দিয়ে বাকি রাস্তা খুবই খারাপ। প্রতিটা অধিবেশনে বলছি। আরেকটা রাস্তা, জয়নগর থেকে জামতলা। এই রাস্তা, গত বছর থেকে এই বছর পর্যন্ত ৮বার পথ অবরোধ হয়েছে। কখনও ধানের চারা রোপন করা হয়েছে। এই রাস্তার খুব খারাপ অবস্থা। একজন কন্ট্রাক্টরকে দেওয়া হয়েছে। কিন্তু গত বছর থেকে এখনও পর্যন্ত রাস্তা দুরবস্থার মধ্যে আছে। আমি পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে জয়নগর থেকে জামতলা এবং কিশোরী মোহনপুর থেকে হেড়োয়া এই রাস্তাগুলো মেরামত করা হয়।

মিঃ স্পিকার : এর পর শ্রী অসিত মিত্রের নাম আছে। উনি নেই। আমাকে বলে গেছেন। ঠিক আছে।

শ্রী ইদ্রিস আলি : অনারেব্‌ল্ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি আমার এলাকা উলুবেড়িয়া পূর্ব কেন্দ্রের তিনটি জুট মিলের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। তার মধ্যে একটা হচ্ছে কানোরিয়া জুটমিল। এই জুটমিল সি.পি.এমের আমলে ইনক্লাব জিন্দাবাদ বলতে বলতে বন্ধ হয়ে গিয়েছিল। আমাদের সরকার সেই জুটমিল খোলে। কিন্তু বর্তমানে যে অবস্থা তাতে মালিকপক্ষ বিশেষ কোনো রাজনৈতিক দলের সঙ্গে আঁতাত করে তিন হাজার শ্রমিকের মধ্যে আড়াই হাজারেরও বেশি শ্রমিককে ছাঁটাই করে দিয়েছে। মাত্র ৪০০ শ্রমিককে নিয়ে কাজ করাচ্ছে। কিন্তু যারা কাজ করেছে তাদের বেতনও দিচ্ছে না। সামনে দুর্গাপুজো।

*** 'অধ্যক্ষের আদেশক্রমে বাতিল'

আর দুটো মিল। লাডলো আর প্রেমচাঁদ জুটমিল। এই তিনটে জুটমিলের অবস্থাই খুব খারাপ। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, সামনে দুর্গাপূজো। তাই শ্রমিকদের কথা চিন্তা করে ইমিডিয়েটলি যাতে ঠিকভাবে মিলগুলো চলে, তাদের বেতন দেওয়া হয়, তাদের বোনাস দেওয়া হয় তার জন্য আমি আপনার কাছে প্রেয়ার জানাচ্ছি।

[12:20 – 12:37 p.m.]

শ্রী বিশ্বনাথ চৌধুরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রাণী সম্পদ বিকাশের মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব দক্ষিণ দিনাজপুর জেলায় বিভিন্ন যে সমস্ত সাবসেন্টারগুলো আছে সেখানে ডাক্তার প্রায় নেই। ডাক্তার না থাকার ফলে স্বাভাবিকভাবেই সেখানে চিকিৎসা করানোর জন্য যাঁরা গোরু ঘোড়া নিয়ে যাচ্ছেন তাঁরা সেখানে চিকিৎসা করাতে পারছেন না। একটা প্রচণ্ড অসুবিধার মধ্যে আছেন ইতিমধ্যে কয়েকটি পত্রিকাও বিশেষভাবে লিখেছে। আমি অনুরোধ করব আপনি যাতে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন এবং চিকিৎসক যাতে দেওয়া যায় তার ব্যবস্থাও অবশ্যই আপনি নেবেন এই অনুরোধ আপনার কাছে করছি।

শ্রী মনোজ চক্রবর্তী : ধন্যবাদ স্যার। স্যার আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সমস্যার সমাধান চাইছি। গতকাল রাত দশটার সময় আমার বিধানসভা কেন্দ্রের বদরপুর গ্রামে কিছু দুষ্কৃতিকারী সুজিত বিশ্বাস নামে এক কংগ্রেস কর্মীকে বোমা এবং গুলি মারে। সে হাসপাতালে ভর্তি আছে। অবিলম্বে এই দুষ্কৃতীদের গ্রেফতারের দাবি জানিয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

জিরো আওয়ার

শ্রী সমর হাজরা : স্যার, আপনার মাধ্যমে আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, খাদ্যমন্ত্রী উপস্থিত আছেন। মা-মাটি-মানুষের অনুপ্রেরণায় আপনারা রেশনের মাধ্যম দিয়ে আটাটা দিচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে আটাটা এত নিম্নমানের, অধ্যক্ষ মহাশয় আপনিও বলেছিলেন এটা একটু পরিবর্তন করতে। তাই আটার পরিবর্তে গম দেওয়া যায় কিনা সেই ব্যবস্থা যদি করেন মাননীয় মন্ত্রী যদি বলেন। আপনি আছেন তো বলুন না একটু।

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই এনএফএসের যে আটাটা, গমটা দেওয়া হয় সেটা আটা কম্পালসারি, দিতেই হবে। জাতীয় খাদ্য সুরক্ষায় গম দেওয়া যাবে না। গতকালকেও আপনি জানেন সংবাদপত্রে দেখেছেন সিমলা থেকে একটা টিম এসেছে, তারা আমাদের আটা দেখতে এসেছে কিভাবে আটা তৈরি করে আটা দিতে হবে। আমরা যেটা আজকের খাদ্য সুরক্ষা যোজনা ওয়ান, যোজনা টু –এটায় আমরা গম দিচ্ছি এটায় আটা দিচ্ছি না কারণ সরকার সিদ্ধান্তই নিয়ে নিয়েছে। এটা অলরেডি দেওয়া আরম্ভ করে দিয়েছি। কিন্তু জাতীয় খাদ্য সুরক্ষায় তো আটকাতে পারবেন না। আপনি যদি লোকটাকে বলেন

দুটাকায় দেব, তার পরে যদি লোকটাকে চার টাকায় ভাঙাতে বলেন তাহলে দাম হল ৬ টাকা। কোয়ালিটি নিয়ে আমরা অলরেডি কোয়ালিটি ল্যাবেও টেস্টিং করাচ্ছি। আমরা প্রায় ৯ জনকে বাতিল করে দিয়েছি। এর পরে যদি প্রয়োজন হয় আরো রেস্ট্রিকশান করবো। আমরা রেপুটেড সব ব্র্যান্ডেড কোম্পানিগুলোকে দিচ্ছি আটা তৈরি করার জন্য। যারা আশীবাদ তৈরি করছে, গনেশের আটা তৈরি করছে সে সব কোম্পানিকে ইনক্লুড করছি আমাদের দপ্তরে। তাদেরকে দিয়ে কাজটা করাতে চাইছি।

শ্রী শ্যামল মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাংলার গ্রাম সড়ক যোজনা জাতীয় স্তরে প্রধানমন্ত্রী সড়ক যোজনা। আমাদের সরকার আসার পরে এ যাবৎ ৩৫ হাজার ৬১২ কিলোমিটার রাস্তা নির্মাণ করার জন্য ১৬ হাজার ৫৬২ কোটি টাকা ব্যয় বরাদ্দ হয়েছে। আমাদের মাননীয় মন্ত্রী পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের দুর্বার গতিতে সেই কাজ চলছে। চারিদিকে চলছে ২৩ টা জেলার মধ্যে যেখানে গ্রামীণ এলাকা সেই কাজগুলো এখানে চলছে। একটা কথা বলবো এই সেন্ট্রাল গভর্ণমেন্ট আগের তুলনায় বরাদ্দ কমিয়ে দিল। আগে 90 পার্সেন্ট দিত সেন্ট্রাল গভর্ণমেন্ট আর স্টেট দিত 10 পার্সেন্ট। এখন করেছে 40-60। কিন্তু রাস্তাটা যখন হল দু বছর-আড়াই বছরের মধ্যে সেই রাস্তার মেইনটেনেন্সের জন্য কেন্দ্রীয় সরকার আর কোন টাকা দিতে চায় না। তার ফলে পুরোপুরি রাজ্য সরকারের ঘাড়ে এসে যাচ্ছে। তাহলে একপ্রকার কেন্দ্রীয় সরকারের এই বঞ্চনা, রাস্তার বেহাল অবস্থার জন্য কেন্দ্রীয় সরকারের আর্থিক বঞ্চনাটা চলছে।

আর বিজেপি-র প্রধানমন্ত্রী সারা পৃথিবী ঘুরে বেড়াচ্ছে। একটা আর্থিক দুরবস্থা, জরুরী অবস্থা চলছে। এটা তাদের মনে পড়ছে না। তাই বাংলার গ্রামীণ সড়ক যোজনার রাস্তাগুলো মজবুত করার জন্য, প্রধানমন্ত্রী সড়ক যোজনার যেখানে ৪০% টাকা রাজ্য সরকার দিচ্ছে। স্যার, আমি বলবো ডি.পি.আর.-টা বানানোর সময় আমি যেটা লক্ষ্য করছি দু-আড়াই বছর পর রাস্তা মেরামতির টাকা যদি কেন্দ্রীয় সরকার না দেয় তাহলে ডি.পি.আর. বানানোর সময় যথেষ্টভাবে ইঞ্জিনিয়ারদের বলে according to PWD schedule rate-টা অনুসরণ করে যাতে এই রাস্তার জন্য বাজেটে টাকা বরাদ্দ করা যায় তাহলে রাস্তা তৈরির পর আরো মজবুত হবে। আমি মাননীয় মন্ত্রী যিনি খুবই সিনিয়ার মানুষ, আমি তাঁকে বলবো রাস্তা কোন জায়গায় ১৫, ১৬, ১৮, ২০ কিলোমিটার, সবচেয়ে কম ১০ কিলোমিটার হচ্ছে। স্যার, আপনি বলবেন মাননীয় মন্ত্রীর দপ্তর যেন এই রাস্তাটা মনিটরিং করে। মনিটরিং করতে হবে, না মনিটরিং করলে কোটি কোটি টাকার রাস্তা যেখানে হচ্ছে সেটা মনিটরিং করলে আরো ভালভাবে গ্রামীণ সড়ক রাস্তা করতে পারবো। বিরোধীরা তো কোন কাজ করে নি। সিপিএম-কংগ্রেস ভাই ভাই। এরা তো সব মিলে গেছে, আর পেছন থেকে বিজেপি-র সমর্থন করছে। মমতা ব্যানার্জীর সরকার সবচেয়ে ভাল কাজ করছে। স্যার, আমি তাই বলবো বাংলার গ্রাম সড়ক যোজনার রাস্তার ব্যাপারে স্যার, আপনি একটু দায়িত্ব নেবেন যেন according to PWD schedule rate স্কীমগুলি করার জন্য কেন্দ্রীয় সরকার আইন সংশোধন করে।

শ্রী রুনু দত্ত : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই মুহূর্তে বাজারে পিঁয়াজের দাম অসম্ভব বেড়েছে। অসম্ভব বাড়ছে, প্রতিদিন বাড়ছে। প্রায় ৪০ টাকা কেজি হয়েছে। পিঁয়াজের দামের বিষয়টি দেখতে হবে। আমি মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যেন বিষয়টি দেখেন।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমি মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে একটা আবেদন রাখছি। আপনি যে আটা দিচ্ছেন সেই আটাটা গ্রামের কত শতাংশ লোক খাচ্ছে একটু দেখবেন কি ? ভুলভাবে নেবেন না, যা আমরা লোকাল্যি দেখছি, মানুষ ছাড়া গবাদি পশু মনে হয় বেশি সংখ্যক খাচ্ছে। একটু সার্ভে করে যদি দেখেন তাহলে খুব উপকার হয়।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আমি একটি বিষয় তুলছি। সঙ্গীত শিল্পী রানুদির গান চারিদিকে হচ্ছে। আমাদের এই বিধানসভা থেকে একটা প্রস্তাব নিয়ে তাঁকে কনগ্র্যাচুলেশান জানানো। ঐ রকম মানুষ উঠে এসেছে, খবর পাচ্ছি বোম্বেতে গিয়ে বিখ্যাত হয়েছেন। আমরা সবাই মিলে তাঁকে কনগ্র্যাচুলেশান জানাই। বিধানসভা যদি তাঁকে বার্তা দেয় তাহলে বিষয়টি অত্যন্ত ভাল হয়। সরকারও যদি তাঁর এই দিকটা দেখেন এই অনুরোধ করছি।

মিঃ স্পিকার : ঠিকই, আপনি বলেছেন, দেখছি ওনার সঙ্গীত বিভিন্ন জায়গায় বেরিয়েছে। ভাল সঙ্গীত পরিবেশন করছেন। উনি আরো করুন। তবে এটা বিধানসভাতে আলোচনা করার মত বিষয়বস্তু নয়।

শ্রী আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর কাছে এই মুহূর্তের একটা সমস্যার বিষয় আমি তুলে ধরবো। আমাদের ওখানে অনেক চাষী, ধান নেওয়া হয়েছে অনেক দিন আগে আপনিও জানেন। আমার পান্ডুয়া ব্লকের অন্তর্গত সরাই সমবায় সমিতির আন্ডারে যে ধান কেনা হয়। সেই সময় তাঁরা যে এনলিস্টিং করবেন, তাঁরা বলছেন আমাদের লোক কম ছিল তার জন্য ঠিকমত টাইমে টাইমে করা যায় নি। তারপর আপনি যখন ডিক্লেয়ার করেছেন, আর নেওয়া যাবে না তারপরে তাঁরা এগুলোকে এনলিস্টেড্ করেন নি। পরবর্তীকালে অনেক চাষী ধানের দাম পাচ্ছে না। ওদের সমবায় থেকে কিছু কিছু করে টাকা দিয়েছিল। গত তিন দিন আগে আমার কাছে একজন আসে, ৯২ বস্তা ধান নিয়েছে তার, ৪০ হাজার টাকা দিয়েছে। আমাদের হুগলী জেলার DCFS-এর সঙ্গে কথা বলেছি তিনি বলেছেন আপনার পি.এস.-কে নাকি জানিয়েছেন, আপনারা এটা দেখছেন। এই বিষয়টি দেখে যদি দ্রুত সমাধান করে দেন যাতে করে যাঁরা ধান বেচেছেন তাঁরা এখনও টাকা, পান নি, তাঁরা যেন দ্রুততার সাথে পান সেই বিষয়ে আপনি যদি উদ্যোগ গ্রহণ করেন। গোটা রাজ্যেই এই রকম আছে, সেটা দেখবেন, ধন্যবাদ।

মিঃ স্পিকার : মাননীয় সদস্যের বিষয়টি মাননীয় মন্ত্রী শুনে নিয়েছেন, ঠিক আছে।

শ্রী যোগরঞ্জন হালদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা যে, আমি গ্রামে গ্রামে ঘুরে দেখছি যে প্রকৃত গরিব মানুষ, তাদের ছোট রেশন কার্ড পাওয়া উচিত।

কিন্তু তারা ছোট কার্ড পায়নি, বড় কার্ড পেয়েছে, বেশি দামে তাদের খাদ্য সামগ্রী কিনতে হবে। এ ব্যাপারে তাদের প্রোটেকশান দেওয়ার জন্য কী করণীয় আছে জানাবেন কি ?

শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি যে ন্যাশানাল ফুড সিকিউরিটি অ্যাক্টে মানে খাদ্যসাথী প্রকল্পে পাঁচ রকম কার্ড আছে। একটা অন্ত্যোদয় অন্নপূর্ণা যোজনা, একটা SPHH, একটা PHH এবং আমরা যেটা প্রজেক্টে করেছি রাজ্য খাদ্য সুরক্ষা যোজনা ওয়ান এবং টু। কিছু লোক লেফ্ট আউট হয়েছে এটা অস্বীকার করার কোন জায়গা নেই। কিছু লোক দু'টাকার জায়গায় তের টাকা পেয়েছে চালের, ৯টাকা পেয়েছে গমের। মাননীয়া মুখ্যমন্ত্রী অ্যাডমিনিস্ট্রেটিভ মিটিংয়ে একটা সিদ্ধান্ত নিয়েছেন যে আগামী ৯ই সেপ্টেম্বর থেকে ২৬ শে সেপ্টেম্বর প্রত্যেকটা বি.ডি.ও অফিসে আমরা বিজ্ঞাপন দিয়ে, প্রত্যেকটা বি.ডি.ও. অফিসে যারা গরিব মানুষ, একদম লেফ্ট আউট, প্রত্যেকটা লোক কার্ড পাবে। যারা কার্ড পেতে চায়, দু'টাকায় যারা এনটাইটেল্ড, দশ হাজার টাকার তলায় যাদের ফ্যামিলি ইনকাম, যাদের বাড়িতে টুহুইলার নেই, মাইক্রোওভেন নেই, ফ্রিজ নেই, টি.ভি. নেই, তারা প্রত্যেকেই কার্ড পাবে। ৯ই সেপ্টেম্বর থেকে ২৬শে সেপ্টেম্বর আমরা অ্যাড করে প্রত্যেকটা বি.ডি.ও. অফিসে আমাদের ইন্সপেক্টরদের বসাচ্ছি। বি.ডি.ও.র, স্টাফেরা থাকবে, তৈরি করে আমরা নভেম্বরের ৩০ তারিখের মধ্যে সমস্ত কার্ড হ্যান্ড ওভার করে দেব তাদের কাছে।

মিঃ স্পিকার: এখন মাননীয়া মুখ্যমন্ত্রী বলবেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি কয়েকটি অ্যাডমিনিস্ট্রেটিভ মিটিংয়ে এটা বলেছি। তার কারণ হচ্ছে এটা ফ্যাক্ট, যখন এই কার্ডগুলো করা হয়েছে, যেমন ধরুন ডেটা অপারেটাররা অনেক সময় নাম লেখেন। অনেক সময় গভর্ণমেন্টের কিছু কিছু লোককে দায়িত্ব দেওয়া হয়, তারাও লেখেন। বিভিন্ন এজেন্সি থেকে লোক নেওয়া হয়, তাদের মাধ্যমেও লেখে। আন্তরিকতার অভাব থাকলে না অনেক সময়, আন্তরিকতা দিয়ে কাজ করা, আর আন্তরিকতা না দিয়ে জাস্ট ক্যাজুয়াল কাজ করা – দুটোর মধ্যে অনেক সময় পার্থক্য থেকে যায়। আমি বলছি না আন্তরিকতা নেই, নিশ্চয় আছে, অনেক লোক পেয়েছেন। কিন্তু আমি এখনও মনে করি চার-পাঁচ পার্সেন্ট লোক এখনও ডিপ্রাইভড্ আছে, অন্যান্যরা নিয়েছে কিন্তু তারা পায়নি। সেই জন্যই যেটা আমরা অলরেডি সিদ্ধান্ত নিয়েছি, যে তারিখটা ফুড মিনিস্টার অলরেডি বললেন, বি.ডি.ও. অফিসের সামনে ক্যাম্প করা হবে এবং সেটা মাইক্রোফোনে প্রচারও করা হবে, অমুক থেকে অমুক দিন ওই সময় আসুন, কাগজপত্র নিয়ে জমা দিন। যার জেনুইন কাগজপত্র থাকবে তাকে করে দেওয়া হবে। আর যার বিরুদ্ধে অভিযোগ থাকবে যে এই করেছে, তার পাওয়া উচিত না, সেটা গভর্ণমেন্ট রিভিউ করবে, অসুবিধার কিছু নেই, ইটস্ এ কনটিনিউয়াস প্রসেস। আমি সবচেয়ে আশ্চর্য্য এখানে সাড়ে নয় কোটি ম্যাক্সিমাম মানুষ হবে সব পপুলেশান নিয়ে, অফিসিয়াল্যি নয় কোটি বলে। কিন্তু এই ক'বছরে আরও বেড়েছে। সেক্ষেত্রে আমরা যদি দেখি নয় কোটি দশ লক্ষের মত কার্ডে আমায় এখন চাল দিতে হচ্ছে, তার মানে কি ?

তার মানে অনেক লোক নিয়েছে এবং ৫০ লক্ষ লোককে আমি এর মধ্য থেকে ৫০% দামে দিই, যারা এ.পি.এল, কার্ডের অধিকারী কিন্তু যদি তারা রেশন চায়, সেখানে রাজ্য সরকারের নিজের ফান্ড থেকে দিই। দেখুন কতকগুলো প্র্যাক্টিক্যাল প্রব্লেম আছে। আমি আশা করি মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তব্যটাকে কেউ যেন ডিস্টর্ট না করে কারণ এগুলি খুব সেনসেটিভ ইস্যু। অনেকে ইচ্ছামতো লিখে দেয়, অ্যাসেম্বলীতে বক্তৃতা দিলেও অনেক সময় সেটা নিয়ে ডিস্টর্ট করা হয়। আমি কেন বলছি এটা খুব সেনসেটিভ ইস্যু। অনেকে আছে জেনে রেখে দিন, আজকালকার দিনে এমন এমন গভর্ণমেন্ট এসে গেছে দিল্লিতে, এখানে-ওখানে, কখনও এন. আর.সি. হবে, কখনও সিটিজেনশিপ অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট হবে, লোকের মধ্যে একটা ভয় ঢুকে গেছে যে কখন আমায় তাড়িয়ে দেবে। আমি বাবা একটা ডকুমেন্ট রেখে দিই হাতে, রেশন কার্ডটা আমার একটা ডকুমেন্ট। আমি প্র্যাক্টিক্যাল লোক হিসাবে বলছি। তারও তো ভোটার লিস্টে নাম আছে, সেটাও তো একটা ডকুমেন্ট।

অনেকে রেশন নেয় না, কিন্তু কার্ডটা রেখে দিচ্ছে ভবিষ্যতের জন্য। যদি কখনও query হয় তাহলে আমি এই কার্ডটা দেখাব – এটাও একটা ব্যাপার আছে। এটা হচ্ছে genuine problem, এর ফলে এই সংখ্যাটা বাড়ছে। আমরা যদি একটা সার্ভে করি কারা রেশন নেয় আর কারা রেশন নেয় না। যারা রেশন নেয় তাদের একটা ক্যাটাগরি এবং যারা রেশন নেয় না অথচ কার্ড আছে - for their identity purpose। সে একটা কার্ড নিতেই পারে, ডিজিটাল রেশন কার্ড but not applicable for rationing system মানে ফুড নেওয়ার জন্য। আমরা এটা নতুন কিছু ভেবে করতে পারি এবং দরকার হলে আমি ফুড মিনিস্টারকে বলব অল পলিটিক্যাল পার্টি মিটিং ডাকুন, ডেকে কথা বলুন। এখানে কোন রাজনৈতিক কচকচানি থাকা উচিত নয় বলে আমি মনে করি। যেটা মানুষের পক্ষে ভাল হবে আর গরিব লোকের কোন ধর্ম হয় না, কোন জাত হয় না, রাজনীতি হয় না। গরিব, সে গরিব একটাই ক্যাটাগরি। সাধারণ মানুষ পাক এটা আমরা চাই। একটা All Political Party Meeting করে সাজেশন কে কি দিচ্ছে দেখে নিন। দেখে নিয়ে দরকার হলে আমার সঙ্গে কথা বলে নেবেন। সেক্ষেত্রে আমরা এই way-out করতে পারি কি না সেটাও দেখতে হবে। মানুষের যে practical problem হচ্ছে এটাও দেখে নিতে হবে।

মিঃ স্পিকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। একটি গুরুত্বপূর্ণ বক্তব্য উনি বললেন। প্রেস মিডিয়ার লোকেরা রয়েছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে, এই ব্যাপারটা খুব সেনসিটিভ ইস্যু। এটাকে অতিরঞ্জিতভাবে বা অন্য রকমভাবে সংবাদপত্রে প্রচার করা না হয়। মাননীয়া মুখ্যমন্ত্রী আসাতে দেখছি আমাদের হাউসটা অত্যন্ত প্রাণচঞ্চল হয়ে উঠছে। আমরা প্রায় শেষ লগ্নে পৌছে গিয়েছিলাম। আমাদের সকালের বিজনেস আর নেই।

(At this stage the House was adjourned till 02:30 p.m.)

.....[After Adjournment]....

[2:30 – 2:40 p.m.]

Mr. Speaker : Hon'ble Members, the business is the Resolution remembering 100 years of the ghastly incident in the history of pre-independence that took place Jallianwala Bagh in the city of Amritsar in Punjab.

Now, I rise to move the Resolution that "we, the Members of West Bengal Legislative Assembly remember with profound gratitude the immense sacrifices made by innocent and unarmed civilians in Jallianwala Bagh in the city of Amritsar in Punjab on the 13th April, 1919 when British troops under the command of Brigadier-General Reginald Dyer without any warning fired upon the gathering including men, women and children who assembled at the site of Jallianwala Bagh to celebrate the important Sikh festival of 'Baisakhi' and peacefully protest the arrest and deportation of two national leaders, Shri Satya Pal and Dr. Saifuddin Kitchlew.

This House cannot but recall with horror the cold-blooded massacre and inhuman butchery that took place on that horrible day one hundred years ago. Jallianwala Bagh, a public garden, walled on all sides had only five narrow entrances. General Dyer and his troops entered the garden and took up position on a raised bank and blocking the main entrance behind them, and with no warning, opened fire on the unarmed crowd for about ten minutes till the ammunition was almost exhausted. The inhuman cruelty of the act could be discerned by the fact that the troops fired towards the densest sections of the crowd in front of the available narrow exits resulting in innumerable deaths. Apart from the many deaths directly from the shooting, a number of people died in the stampede at the narrow gates and by jumping into the solitary well on the compound to escape the shooting. The wounded could not be moved from where they had fallen, as a curfew was declared, and more who had been injured then died during the night.

This House further remembers the 'unutterably monstrous' and one of the most dreadful, outrageous massacre in the history of mankind in which the total number of casualties could not be calculated for the reign of terror that was let loose immediately after the incident. The Hunter Commission

confirmed the deaths of 337 men, 41 boys and a six-week old baby. Then The Indian National Congress instituted a separate inquiry of its (won with conclusion differing considerably from the British Government inquiry. The casualty number quoted by them was more than 1500 with approximately one thousand being killed. The level of casual brutality, lack of accountability in such mass cold-blooded massacre stunned the entire nation as well as the world then, as it stuns us now even after a gap of a century. This incident shocked Rabindranath Tagore so much that he renounced his knighthood in protest against the inhuman cruelty of the British Army and stated that "such mass murderers are not worthy of giving any title to anyone...."

On this solemn occasion, this House while paying its respectful homage to all those who laid down their lives in the Jallianwala Bagh incident, recalls the sacrifice of the countless martyrs all over the country. This House also pays its tribute to the memory of all the martyrs of our freedom struggle and resolves to rise to the expectations and dreams of the great freedom fighters as also the expectation and the dreams of the millions who laid down their lives for the freedom of this country."

Now before I call up the names of the Members to participate in the discussion I request the Members to rise on the ocassion while participating in the deliberation of today-s proceedings.

(At this stage Hon-ble Members rose in their seats for two minutes)

(After two minutes)

জালিয়ানওয়ালা বাগের যে নারকীয় হত্যাকান্ড হয়েছিল ১০০ বছর আগে, ১০০ বছর পরেও সেই দাগ আমাদের মন থেকে মুছে যায়নি। এই নারকীয় হত্যাকান্ডের প্রতিবাদ হয়েছিল সেই দিনও। এখনও পর্যন্ত সেই নারকীয় হত্যাকান্ড আমাদের মনে দগদগে ঘা করে রেখেছে। আজকে ১০০ বছর পরে আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভা সেই নারকীয় হত্যাকান্ডের কথা স্মরণ করে এবং যাঁরা সেদিন সেই নারকীয় হত্যাকান্ডে প্রান দিয়েছিলেন, তাঁদের এবং তাঁদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জানাবার জন্য আজকে এই পশ্চিমবঙ্গ বিধানসভাতে একটা প্রস্তাব আনা হয়েছে। যে প্রস্তাবটা আপনাদের কাছে আমি পাঠ করে শোনালাম। আমি তাঁদের স্মরণে in memory of those martyrs আজকে এই রেজলিউশানটা পাঠ করলাম। আমাদের বিভিন্ন পরিষদীয় দলে যাঁরা নেতৃত্ব দেন - আজকে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উপস্থিত রয়েছেন, আমি সবার কাছে আবেদন করেছি যে নির্দিষ্ট সময়ের মধ্যে বক্তব্য রাখার চেষ্টা করবেন তাঁদের পরিবারের প্রতি

সমবেদনা জানানোর জন্য। আমি প্রথমেই মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তাঁর বক্তব্য রাখার জন্য।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভা অনেক ঐতিহাসিক ঘটনার সাক্ষী হয়েছে পূর্বেও। এই বিধানসভা থেকে অনেক ঐতিহাসিক নথিপত্র, বিখ্যাত দলিল, বিখ্যাত ঐতিহাসিক ঘটনা যা চিরস্মরণীয় এবং চিরবরণীয় হয়ে আছে এবং যা আগামী প্রজন্মের কাছে বিস্ময়ও। আমি নিশ্চয়ই বলব আমরা গভর্ণমেন্ট থেকে টোটালটা ডিজিটাল করছি। বিধানসভাও যতদিন থেকে চলে আসছে টোটালটা যদি ডিজিটাইজ্ড হয়ে যায় তাহলে, আমার মনে হয় সকলের বিশেষ করে আমাদের নিউ জেনারেশান এক মুহূর্তের মধ্যে এই জিনিসগুলো স্পর্শ করতে পারে। আমাদের বিধানসভার লাইব্রেরিতে থাকবে, দরকার হলে গভর্ণমেন্টের আরকাইভেও থাকবে, পুলিশ আরকাইভেও থাকতে পারে। অনেক নথিপত্র আমরা কিন্তু ইতিমধ্যে ডিজিটাইজ্ড করে দিয়েছি।

মিঃ স্পিকার : আমাদেরটাও হচ্ছে এখানে।

শ্রীমতী মমতা ব্যানার্জী : এটা খুব ভালো। এটা সবাই জানুক। জানা দরকার। আজকে বিশেষ করে মাননীয় অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি, কতজ্ঞতা জানাচ্ছি আমাদের সকলের পক্ষ থেকে। ১৯১৯ সালে যে ঘটনা ঘটেছিল এবং বিশেষ করে ১৩ এপ্রিল পাঞ্জাবি ক্যালেন্ডারে পাঞ্জাবি বৈশাখী যেটা বলা হয় - আমাদের এখানে বৈশাখী যেটা হয় সেটা ১৪ অথবা ১৫ তারিখে হয়। ওদেরটা ১৩ তারিখে হয়। সেই সময় সকলে যখন জমায়েত হয়েছিল একটা শান্তিপূর্ণ ধর্মীয় অনুষ্ঠানের মধ্যে দিয়ে, কালচারাল অনুষ্ঠানের মধ্যে দিয়ে। সেই সময় যে নিঃসংশয় বর্বরোচিত যে হত্যাকান্ড সংগঠিত হয়েছিল জেনারেল ডায়ারের নেতৃত্বে তা আজও আলোচনা করলে আমাদের সকলের খুব শিহরণ লাগে এবং আমরা খুব ভয়পাই এবং আঁতকে উঠি এই সমস্ত জঘন্য ঘটনার জন্য। দেশ স্বাধীন হয়েছে, ১৯০ বছর ব্রিটিশদের শাসন ও শোষণের বিরুদ্ধে সে সময় যে লড়াই হয়েছে এবং সেই লড়াইয়ে ইন্ডিয়ান ন্যাশানাল কংগ্রেসের গান্ধীজি, নেতাজি, মৌলানা আবুল কালাম আজাদ, ভগৎ সিং থেকে শুরু করে যাঁরা ছিলেন ...।

[2:40 – 2:50 p.m.]

বাবাসাহেব আম্বেদকর থেকে শুরু করে। লাল-বাল-পাল থেকে শুরু করে নেতাজী সুভাষ চন্দ্র বোস, সমস্ত মনীষিরা ছিলেন। আমাদের বাংলার অবদান সবচেয়ে বেশি। আমাদের সামাজিক আন্দোলন, আমাদের সংস্কার আন্দোলন, স্বাধিকার আন্দোলন, বঙ্গভঙ্গ আন্দোলন, সেইসমস্ত আন্দোলনের একদিকে যেমন স্বাধীনতা সংগ্রামীরা আছেন - আমরা মাতঙ্গীনি হাজরার কথা ভুলে যাইনি, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, যাঁর সম্বন্ধে বলা হয়, 'এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ, মরণে তাহাই তুমি করে গেলে দান', অথবা ক্ষুদিরাম বোসের কথা বলতে গিয়ে মনে পড়ে সেই বিখ্যাত গান, 'একবার বিদায় দে মা ঘুরে আসি, হাসি হাসি পরব ফাঁসি দেখবে ভারতবাসী। ' মাতঙ্গীনি হাজরার কথা মনে করলেই মনে পড়ে একটা ব্রীজ, মেদিনীপুরে গেলেই মনে পড়ে

সেই পিছাবনি ব্রীজ, যেখানে গুলি চলেছিল, কিন্তু তিনি পিছিয়ে যান নি। আন্দোলনটাই ছিল পিছাব না। গুলি খেয়ে মরতে হলেও মরব, কিন্তু আমরা পিছিয়ে যাব না। সেই পিছাবনি ব্রীজও আমরা স্মারক করব বা মিউজিয়াম করব বলে সিদ্ধান্ত নিয়েছি। এই বছরটায় বিশেষ করে তিনটে ঘটনা খুব গুরুত্বপূর্ণ। মহাত্মা গান্ধীর জন্মের দেড়শো বছর পূর্তি উৎসব ২ রা অক্টোবর থেকে শুরু হবে। আমাদের সরকার অবশ্য এক বছর আগে থেকেই শুরু করেছে। গত বছর ২ রা অক্টোবর আমরা বেলেঘাটায় গান্ধী ঘর থেকে আমাদের প্রোগ্রাম শুরু করেছিলাম। এবারেও হবে। কমিটি করে দেওয়া হয়েছে এই ব্যাপারে। সমস্ত স্কুল, কলেজ থেকে শুরু করে সর্বত্র এটা হবে। এই বছর ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মের ২০০ বছর পূর্তি এবং সম্ভবত ২৬ শে সেপ্টেম্বর তাঁর জন্মদিন। ২৬ শে সেপ্টেম্বর আমি নিজে যাব তাঁর পৈত্রিক ভিটেতে। আমাদের গভর্ণমেন্ট ইতিমধ্যে একটা কমিটি করেছে, সেই কমিটিতেও নানারকম প্রোগ্রাম নেওয়া হয়েছে কী করে আরও গর্বের সাথে আমরা এই বছরটা পালন করব। তৃতীয়, ১৯১৯ সালে জালিয়ানওয়ালা বাগের হত্যাকান্ড সংঘটিত হয়েছিল। সেই নারকীয় ঘটনার প্রতিবাদে বিশেষ করে আমাদের প্রাণের কবি, আমাদের বাংলার কবি, বিশ্বকবি, সারা বিশ্বের গর্ব, সংস্কৃতির গর্ব কবিগুরু রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করে লিখেছিলেন, 'এ মণিহার আমায় নাহি সাজে।' এই নাইট উপাধি ত্যাগ করে তিনি সারা বিশ্বের মধ্যে এক আলোড়ন সৃষ্টি করেছিলেন। এখন হয়ত সবাই ট্যুইট করলেই সব কিছু পেয়ে যায়, ফেসবুক করলেই পেয়ে যায়, কিন্তু তখন এটা অনেক দূরের কথা, অনেক পরে মানুষ জানতে পারত। তখনকার দিনের কত আন্দোলন, নীলকর আন্দোলন থেকে শুরু করে, কত আন্দোলন, আর এই রাওলাট আন্দোলনের ফলেই তো এটা হয়েছিল। এইভাবে যে অন্যায় অত্যাচার বৃটিশরা করেছিল, অসহায় বালক, নিরীহ মহিলা এবং নিরস্ত্র মানুষের উপর অত্যাচার করেছিল, সেই ঘটনা সারা বিশ্বে আলোড়ন ফেলে দিয়েছিল। আমরা স্বাধীনতা আন্দোলনের কথা বলতে পারি। ১৭৫৭ সালে পলাশির প্রান্তরে বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হয়েছিল। তার ঠিক ১০০ বছর বাদে ১৮৫৭ সালে সিপাহি বিদ্রোহ, যা ভারতবর্ষের ইতিহাসে প্রথম স্বাধীনতা আন্দোলনের সূচনা করেছিল - অনেক ঐতিহাসিক এটা বলে থাকেন। তারপর ১৯০৩ সাল হ'ল, ১৮৮৫ সাল হ'ল। ১৮৮৩ সালে উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম প্রেসিডেন্ট নির্বাচিত হন, তিনি এই বাংলার মানুষ ছিলেন। ১৯০৩ সালে বঙ্গভঙ্গ আন্দোলন শুরু হ'ল। ১৯০৫ সালে 'বাংলার মাটি বাংলার জল বাংলার বায়ু বাংলার ফল' গান গেয়ে রাখি বন্ধনের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ সহ সকলে রাস্তায় নামলেন বঙ্গভঙ্গ রোধের জন্য। তারই সাথে সাথে নানারকম সমাজ সংস্কারের কাজ চলেছে। রাজা রামমোহন রায় সতীদাহ প্রথা রদ করলেন। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাল্যবিবাহ রোধ করেছেন, বিধবা বিবাহ প্রচলন করেছিলেন, বর্ণপরিচয় রচনা করলেন। সামাজিক সংস্কারের যে আন্দোলন, নবজাগরণ। জাগো বাংলা, জাগো দেশবাসী, জাগো দেশমাতৃকা, জাগো জন্মভূমি। একদিকে রচিত হ'ল 'ধন ধান্য পুষ্পে ভরা', অন্য দিকে লেখা হ'ল 'বাঙলার মাটি বাঙলার জল।' একদিকে লেখা হ'ল ইকবাল সাহেবের, 'সারে জাঁহা সে আচ্ছা। ' লতা মঙ্গেশকর গেয়েছেন একটি গান ১৯৬২ সালে, ইন্দো-চায়না

যুদ্ধের পর, যে গানটা নিয়ে আমরা খুব আলোচনা করি। পণ্ডিত নেহেরু বললেন লতাজীকে, আপ ও গানা গাইয়ে, যিসমে হামারা দেশকো শহিদকো শ্রদ্ধাঞ্জলী দে সকতা হ্যায়। তখন লতা মঙ্গেশকর এই গানটা গেয়েছিলেন - 'এ মেরে বতন কো লোগো, যারা আঁখমে ভরলো পানি। যো শহিদ হুয়ে হ্যায় উনকি, যারা ইয়াদ কর কুরবানি। যব ঘায়েল হুয়া হিমালয় খতরে মে পড়ে আজাদি, যবতক থি শ্বাস লড়ে ও ফির আপনি লাশ বিছাদি। সঙ্গিন মে ধরকে মাথা শো গয়ে অমর বলিদানি, যো শহিদ হুয়ে হ্যায় উনকি, যারা ইয়াদ কর কুরবানি।'

স্বাধীনতার আগেও যেমন হয়েছে, স্বাধীনতার পরেও হয়েছে। এইসব দিনগুলো কিন্তু খুব ইমপর্ট্যান্ট। ঘটনাগুলো খুবই গুরুত্বপূর্ণ। এমন কি বাংলাদেশ যুদ্ধতেও আমাদের বাংলার অবদান সব থেকে বেশি। বাংলাদেশ যুদ্ধের সময়ে আমরা তখন ছোট ছিলাম কিন্তু আমাদের বেশ মনে পড়ে ওপার থেকে আমাদের মুজিবর রহমান ডাক দিচ্ছেন। আর এ পার থেকে ইন্ডিয়া কিভাবে তাদের হেল্প করেছিল। ওপার থেকে মুজিবর রহমান গান গাইতেন 'শোনো একটি মুজিবরের থেকে লক্ষ মুজিবরের কণ্ঠস্বরের ধ্বনি, প্রতিধ্বনি আকাশে, বাতাসে ওঠে রণি'। এই যে গান এখানকার লোকেরাও খুব গাইত বা ওখানে যেমন, 'আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি' বাংলাদেশ স্বাধীনতার আগে আমাদের এখানকার সকলে গলা মিলিয়ে এই গানটা গাইত। আর তখন রেডিওর খুব প্রচলন ছিল, রেডিওতে সবাই মুক্তিযুদ্ধের কথা শুনত। সুতরাং, স্বাধীনতা বলুন, নবজাগরণ বলুন, মুক্তিকামী আন্দোলনের কথা বলুন এমন কি জালিয়ানওয়ালাবাগের ঘটনা আমরা আজকে স্মরণ করছি সেখানে বাংলার অবদান অনেক। এটা তো ঠিক আজকে আমরা যদি আন্দামান - নিকোবরের কথা ভাবি তাহলে দেখব সেই জেলখানায় কারা বন্দী ছিলেন। তাহলে আমরা দেখব সবচেয়ে বেশি বন্দী ছিলেন - টু থার্ড বাংলার মানুষরা ছিলেন। স্বাধীনতা সংগ্রামীরা বন্দী ছিলেন। তার মধ্যে ম্যাক্সিমাম ছিলেন ছাত্ররা। তারা তাদের জেনারেশানটাকে নষ্ট করে দিয়েছে। তাঁরা তাঁদের জীবন স্যাক্রিফাইস করেছেন দেশের জন্য। পাঞ্জাবীরা ছিলেন দ্বিতীয় স্থানে। প্রায় ৮৫জন পাঞ্জাবী যাঁরা দ্বীপপুঞ্জে ছিলেন আন্দামান সেলুলার জেলে ছিলেন। আমি নিজে গিয়ে সেটা দেখে এসেছি। সুতরাং, বাংলা, পাঞ্জাবের সঙ্গে একটা রিলেশন প্রথম থেকেই আছে। বিশ্বকবি রবীন্দ্রনাথ বোধ হয় এই সত্যটা বুঝেছিলেন যার জন্য 'জনগণমন অধিনায়ক ' সঙ্গীতে এই লাইনটা আমরা বারবার বলি। তিনি শুরু করেছিলেন পাঞ্জাব থেকে, শেষ করেছিলেন বাংলায়। 'পাঞ্জাব, সিন্ধু, গুজরাট, মারাঠা, দ্রাবিড়, উৎকল, বঙ্গ। টোটালটা দেখবেন কিভাবে দেশটাকে সাজিয়ে নিয়ে এসেছিলেন। তখন কিন্তু আমরা জানতামও না যে এই ক্যারেক্টার হতে যাচ্ছে। অথবা সম্পূর্ণ একটা তৈরি হতে যাচ্ছে ঐক্যের মালার মত। সুতরাং, আমাদের দেশটা ঐক্যবদ্ধ। সকলের অবদান আছে। এই দেশটাতে যখন পাঞ্জাব অত্যাচারিত হচ্ছে তখন বাংলা এগিয়ে আসছে। বাংলা অত্যাচারিত হচ্ছে পাঞ্জাব এগিয়ে আসছে। উত্তরপ্রদেশ অত্যাচারিত হচ্ছে বিহার এগিয়ে আসছে। তামিলনাড়ুতে অত্যাচার হচ্ছে কেরালা এগিয়ে আসছে। এইটা হচ্ছে আমাদের দেশের ক্যারেক্টার এবং এই চরিত্র, এই ট্র্যাডিশান, এই ফিলোজফি, এই ভিশন, এই মিশন এটা চিরকাল চলছে চিরজনীন। কিন্তু আজকে যখন আমরা

আলোচনা করছি স্যার, আমরা খুব দুঃখের সঙ্গে এই কথা বলছি, দুঃখের সাথে নিশ্চয়ই এই কথা বলব যে আজকে দেশের যে চরিত্রটা, দেশ চরিত্র হারায় নি, একটা রাজনৈতিক দল রাজনীতির মধ্যে দিয়ে, সংকীর্ণ রাজনীতির মধ্যে দিয়ে, আমাদের রাজনৈতিক যে উদার মানসিকতাটা, ঐক্যের যে বাতাবরণ সেটাকে অনেকটাই নষ্ট করে দিয়েছে। আজকে যদি আমি মনে করি আমি যাই করব সবটাই আমি পার্টির নামে করব, দেশের আর কেউ নেতা নয়, কেউ মনীষী নয়, সবটাই আমি যা ইচ্ছে তাই করে যাব, এটা তো হয় না।

গান্ধীজি মারা গিয়েছিলেন কেন ? গান্ধীজিকে খুন করেছিলেন কারা ? যে মানুষটা সাম্প্রদায়িক সম্প্রীতি নিয়ে সব থেকে বেশি লড়াই করছিলেন সেই গান্ধীজিকে খুন হতে হয়েছিল। তারপরও যাঁরা সেদিন খুন করেছিলেন তাঁরা আজকে গর্ব করে বলেন, 'হাম তো দেশকে লিয়ে হামতো আজাদীকা লড়াই লড়া' কোথা থেকে লড়ল ? তখন তো কেউ ছিলই না এবং তখনকার সময়ে তো যারা আজাদীকে বিশ্বাসঘাতকতা করেছিলেন, তাঁরা আজকে বড় বড় কথা বলছেন। তাঁরা নাম বদলে দিচ্ছেন। ইতিহাসকে পাল্টে দিচ্ছেন। তাঁরা জিওগ্রাফিকে পাল্টে দিচ্ছেন। তাঁরা মনীষীদের নাম বদলে দিচ্ছেন। আমি মানি বা না মানি সেই সময়ে ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস আন্দোলন করেছে। এটা অস্বীকার করার কোন উপায় নেই। সেই সময়ে তাঁরা ছিলেন। তাঁরা করেছেন। গান্ধীজি বলুন, নেতাজী সুভাষচন্দ্র বোস বলুন তাঁরা আন্দোলন করেছিলেন। নেতাজী কংগ্রেস করতেন, করতে করতে এক সময়ে তিনি ফরোয়ার্ড ব্লকও করেছেন। কিন্তু যেটা ইতিহাস, সেটা ইতিহাস। পলিটিক্যাল পার্পাসে উই ক্যান নট চেঞ্জ আওয়ার হিস্ট্রী। আমরা জীবনে শুনি নি। এখন যেটা শুনছি সবটাই বদলে যাচ্ছে। বদল তো ভালোর জন্য হয়। বদল কখনো নিজের রাজনীতির স্বার্থে হয় না। বদল মানুষের জন্য হয়। বদল কখনো শুধুমাত্র পার্টিকুলার একটা ক্যারেক্টারকে প্রতিষ্ঠা করার জন্য হয় না। ঐক্যটা কি, দেশটা কি, ভারতবর্ষটা কি ? আমরা যা পড়ে এসেছি ছোটবেলা থেকে সে রবীন্দ্রনাথের যদি 'হে মোর চিত্ত, পুণ্য তীর্থে জাগো রে ধীরে, এই ভারতের মহামানবের সাগর তীরে, অথবা হেথায় আর্য, হেথা অনার্য, হেথায় দ্রাবিড় চীন, শক হুন দল পাঠান মোগল এক দেহে হল লীন'। প্রত্যেকটা যদি দেখেন ইভ্‌ন্ নজরুল ইসলাম, তাঁকে আপনি হিন্দু বলবেন, না মুসলমান বলবেন। যে লোকটা বলছে 'দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার, লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার', অথবা বলছেন বেদ বেদান্ত কোরাণ, পুরাণ, বাইবেল, ত্রিপিটক, গ্রন্থসাহেব, জেন্দ আবেস্তা পড়ে যাও যত সব 'যার মধ্যে দিয়ে রামকৃষ্ণের সর্ব ধর্ম সমন্বয় উঠে আসছে নজরুলের মুখ দিয়ে।

[2:50 – 3:00 p.m.]

নজরুলের মধ্য দিয়ে রবীন্দ্রনাথ উঠে এসেছেন। রবীন্দ্রনাথের মধ্য দিয়ে নেতাজী সুভাষচন্দ্র বোসের আদর্শ উঠে এসেছেন। গান্ধীজির মধ্য দিয়ে আমরা আমার বাংলার মাটিকে খুঁজে পাচ্ছি। অথচ আমার ভাবতেও খারাপ লাগে আমরা চাই কাল সেই দেশটার কী হবে। আমরা খুবই চিন্তিত। আমরা জানিনা জালিয়ানওয়ালাবাগের মত ঐতিহাসিক ঘটনা আরও বেশি করে ছাত্রছাত্রীরা পড়ুক। বেশি করে স্টুডেন্টরা জানুক। সিলেবাস পাল্টানো হচ্ছে। এতদিন পার্লামেন্ট

হয়ে গেল। জালিয়ানওয়ালাবাগ নিয়ে কোন একটা লাইভ কি করা যেতে পারত না। নিশ্চয় করা যেতে পারত। পালামেন্টে এতদিন অধিবেশন হয়ে গেল। আমরা তো নিশ্চয় একদিন করতে পারতাম। আজকে যদি নিজেদের ব্যাপার নিয়ে করতে পারা যায় তাহলে একটা দিন কেন করতে পারল না। স্যার, আপনি এখানে যে শুভ উদ্যোগ নিয়ে এটা করছেন, এই শুভ উদ্যোগটা কি দিল্লি একবারও নিয়েছে? আমার মনে হয় না যে নিয়েছেন। সুতরাং এই ধরনের অনেক ঐতিহাসিক ঘটনা আছে, যা আমরা দেখছি দিনে দিনে হারিয়ে যাচ্ছে। সুতরাং আমার মনে হয় আজকে সবচেয়ে বেশি আমরা জালিয়ানওয়ালাবাগকে সলিডারিটি জানাই। আমরা স্বাধীনতা সংগ্রামীদেরকে সলিডারিটি জানাই। আমাদের সমস্ত মনীষীদের সলিডারিটি জানাই। আমরা দেশের ঐক্যকে সলিডারিটি জানাই। দেশের জন্য যারা শহীদ হয়েছেন, তাদেরকে আমরা সলিডারিটি জানাই। এই কারণে আমরা বারবার করে বলি যে এই দেশ কিন্তু সবার দেশ। মানবতাই হচ্ছে আমাদের দেশের সবচেয়ে বড় ধর্ম। যে যে মানুষ তার নিজের মত ধর্ম পালন করবে। ধর্ম যার যার, মানবিকতা আর উৎসব কিন্তু সবার। এটা কিন্তু মনে রাখতে হবে এটা আমাদের সকলের। এটাই আমাদের ইতিহাস। এটাই আমাদের ভূগোল। এটাই আমাদের বিজ্ঞান। এটাই আমাদের ম্যাথামেটিক্স। এটাই আমাদের সাহিত্য। এটাই আমাদের সংস্কৃতি। এটাই আমাদের সভ্যতা। তাই জালিয়ানওয়ালাবাগের শহীদদের সম্মান জানিয়ে শ্রদ্ধা জানাই- যতদিন বেঁচে থাকব আমরা, যতদিন আমাদের জেনারেশন বেঁচে থাকবে, সংস্কৃতি সভ্যতা বেঁচে থাকবে। ইতিহাস জোর করে বদলানো যায় না। এটা আমি বিশ্বাস করি। আর বাংলা চিরকালই এই সমস্ত আন্দোলনের পক্ষে। আমার এখনও মনে পড়ে - হয়ত আদর্শগতভাবে আমার বিরোধিতা থাকতে পারে, তবে সবটাই বামপন্থাসত্ত্বা বিরোধী আমি নই, আমি আগেও বলেছি, এখনও বলছি-'তোমার নাম, আমার নাম, ভিয়েতনাম, ভিয়েতনাম। 'আমি ভিয়েতনাম গিয়েছিলাম। আমার খুব ভালো লাগত, তখন আমি ওখানে গিয়ে কথাটা বলেছিলাম 'আমার খুব ভালো লাগত এই যে ভিয়েতনামে একটা আন্দোলন হচ্ছে, কিন্তু বাংলা থেকে একটা অনুপ্রেরণা যাচ্ছে। 'ধরুন আফ্রিকায় যখন নেলসন ম্যান্ডেলার। আন্দোলন হল, আমাদের ভারতবর্ষে ইন্দিরা গান্ধী তখন 'জোট নিরপেক্ষ' এর চেয়ারম্যান ছিলেন। তখন আফ্রিকার নেলসন ম্যান্ডেলা থেকে শুরু করে আরাফত ভারতে এসেছিলেন। আমরা তখন। ইন্টারন্যাশানাল কনফারেন্সের আয়োজন করেছিলাম-আমি এক সময় অল ইন্ডিয়াতে জেনারেল সেক্রেটারী ছিলাম-সমস্ত পার্টিকে ডেকে আমরা সেই ঘটনাগুলি ভুলতে পারি না, সব দেশের মুক্তির সময়ে ভারতবর্ষের একটা ভূমিকা আছে, অথচ আজকে আমরা মুখ বুজে, কাশ্মীরে তফাতটা দেখতে পাচ্ছি না। আমি এখনও বলছি ৩৭০ নিয়ে বক্তব্য যদি অল পলিটিক্যাল পার্টির মিটিং ডাকা হত, আমরা আমাদের ওপিনিয়ন দিতে পারতাম। আমার পক্ষেও কেউ বলতে পারত, বিরুদ্ধেও কেউ বলতে পারত। আমি বলতে পারি ৩৫Aনিয়ে আমার একটা ওপিনিয়ন আছে। ৩৭০নিয়ে আমার একটা ওপিনিয়ন আছে। অল পলিটিক্যাল পার্টির সঙ্গে কথা বললে, এটা এমন কোন বড় ব্যাপার নয় যে মিটত না। মিটে যেত, এটা আমি বিশ্বাস করি। কিন্তু সেটা না করে বন্দুকের গুঁতোয় যেভাবে আই এ্যম সরি-এটা না বললে ভুল হবে, আজও এই নিষ্পেষণ,

এই শোষণ-আজকে ফারুক আবদুল্লাহ্ থেকে শুরু করে, ওমর থেকে শুরু করে, মুফতি মেহমুদ থেকে শুরু করে, আরও অনেকে আজকে পুরো বন্দুকের নলে, তাঁরা কোথায় আছেন আমি জানি না, কীভাবে আছেন জানি না, খারাপ লাগছে। কিন্তু কিছু করার নেই। কেউ গেলে কাউকে দেখাও করতে দিচ্ছে না। আমাদের প্রতিনিধিদল যারা গিয়েছিলেন সবাই মিলে, আপনাদেরও প্রতিনিধিরা ছিলেন অন্যান্যরাও ছিলেন, কাউকে দেখাও পর্যন্ত করতে দেওয়া হয়নি। আজও কিন্তু নিষ্পেষণ করছে। আজও কিন্তু এর থেকে আমরা যে বেরিয়ে এসেছি তা নয়। একটা ইতিহাস যা রেখে গিয়েছিল আমাদের মনে, যারা স্বাধীন করেছিলেন আমাদের দেশকে, আর একটা ইতিহাস আজকে নতুনভাবে তৈরি হতে যাচ্ছে। আজকের দিনে আমার একটা শঙ্কা আছে স্যার, আমি শঙ্কাটা ঐতিহাসিক দিন বলেই রেকর্ড করে যাচ্ছি। আমার মনে হচ্ছে কখনো কখনো আগামী দিনে আমরা কী তবে name of nation, name of so-called political slogan-One Policitical Party, One Election and One Leader'- আমরা কি প্রেসিডেন্সিয়াল ফর্মের দিকে যাচ্ছি! না, আমরা আন্দোলন করেছিলাম স্বাধীনতার জন্য। স্বাধীনতা আমাদের দেশে অক্ষুণ্ণ থাকবে। গণতন্ত্র অক্ষুণ্ণ থাকবে। এটা আমাদের সকলের মনে কিন্তু আজকে একটা দুর্ভাবনা, শঙ্কা তৈরি করেছে এবং আমি এখনও মনে করি ভারতবর্ষের গণতন্ত্র বেঁচে থাক, ভারতবর্ষের গণতন্ত্র দীর্ঘজীবী হোক, ভারতবর্ষের গণতন্ত্র পৃথিবীর ইতিহাসের কাছে একটা অমূল্য সম্পদ। এই সম্পদকে রক্ষা করব আমরা। জালিয়ানওয়ালাবাগের এই হত্যাকান্ডের তীব্র ধিক্কার জানিয়ে এবং যাঁরা এই আন্দোলন করেছেন তাঁদের সকলকে আমাদের সম্মান জানাই, আমাদের সালাম প্রণাম নমস্কার স্যালুট জানাই, তাঁদের কুরবানি বৃথা যাবে না, দেশ তাঁদের কুরবানিকে শ্রদ্ধার সাথে সম্মান করছে এবং এই উপলক্ষ্যে অ্যাসেম্বলী থেকে যেহেতু একশো বছর সেহেতু একটা যদি স্মারক তৈরি করতে পারেন, সেটাও ভালো হবে। জালিয়ানওয়ালাবাগের একটা স্মারক আমাদের বাংলায় তৈরি হোক। সেটা ভালো হবে এবং এটা ভালো মেসেজ হবে কারণ পাঞ্জাবী ভাইবোনেদের আমরা খুব ভালোবাসি, ওরাও আমাদের খুব ভালোবাসে।

এই বছর আরেকটা ইম্পর্ট্যান্ট ব্যাপার আছে। গুরু নানকজীর এটা হচ্ছে ৫৫০ বছর। এই উপলক্ষে আমিও ইনভিটেশন পেয়েছি সুলতানপুর থেকে - যেটা মেন গুরুদুয়ারা সমিতি পাঞ্জাবের, তারা আমাকেও ইনভাইট করেছে। সুতরাং আমি জানি এবং তাঁদের মিছিলও আসছে। তাঁরা আজকে থেকে বাংলায় ঢুকছে সারা ভারতবর্ষ ঘুরে গুরু নানকজীর ৫৫০ তম বর্ষ উপলক্ষে। সুতরাং গুরু নানকজীর প্রতি সম্মান জানিয়ে, ভগৎ সিং, গুরু নানক থেকে শুরু করে দেশের সমস্ত মনীষীদের প্রতি সম্মান জানিয়ে আপনি এই ব্যাপারটা নিয়ে এসেছেন এবং আমি দেখতে পাচ্ছি যে, এখানে কয়েকজন পাঞ্জাবী ভাইরা বসে আছেন। তাঁদের সবাইকে সস্রিয়াকাল বোল্‌কে ম্যায় আপ লোগোকো প্রনাম নিবেদন করতি হুঁ। পাঞ্জাববাসী কো ভি বোল দেনা কি, হাম লোগ আপ লোগোকে সাথ পুরি তরহা হ্যায়, রহেগা ভি পুরা। সরফরোশি কি তমন্না অব হামারে দিল মে হায়, দেখনা হ্যায় জোর কিতনা বাজুয়ে কাতিল মে হ্যায়। অনেক অনেক ধন্যবাদ। নমস্কার, জয়হিন্দ, বন্দেমাতরম, জয় বাংলা।

মিঃ স্পিকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রীকে। তিনি আমাদের পশ্চিমবঙ্গে একটা। স্মারক তৈরি করে রাখার কথা বলেছেন। এই প্রস্তাবটা আমরা গ্রহণ করলাম সবার অনুমতি নিয়ে, এটা আমরা করবো।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে বিশেষ বিষয়টি আপনি গ্রহণ করেছেন এবং আমাদের সকলের সঙ্গে আলোচনা করে গ্রহণ করার পর আমরাও মনে করেছি যে, জালিয়ানওয়ালাবাগ সম্পর্কে যে চিন্তা, যে ভাবনা এবং যে ইতিহাস তৈরি করে গেছে, সেই বিষয়টিকে আমরা সকলে যদি বিধানসভায় আলোচনা করি, তাহলে আমার মনে হয় সব থেকে ভালো হবে। আপনি এই রেজোলিউশন নিয়ে এসেছেন। তার জন্য আপনাকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং মাননীয়া মুখ্যমন্ত্রী আজকে সেই আলোচনার শুভ সুচনা করেছেন। তার জন্য তাঁকেও ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমরা যখন জালিয়ানওয়ালাবাগের কথা বলছি - জালিয়ানওয়ালাবাগের ঘটনাটা ঘটল কেন ? তার পেছনে যে ইতিহাসটা, সেই ইতিহাসটা হচ্ছে রাওলাট অ্যাক্ট্। রাওলাট অ্যাক্ট্ যখন ব্রিটিশ প্রবর্তন করলো, এটা একটা অত্যন্ত আক্রমণাত্মক এবং সেটা দিয়ে শুধুমাত্র স্বাধীনতা আন্দোলনকারী যাঁরা, তাঁদের আক্রমণ করা নয়, যে কোনো বিষয়, বিশেষ করে পুলিশের যে আইন - আমি একটা কথা শুধু বলব আপনাদের কাছে যে, এই রাওলাট অ্যাক্টের মাধ্যমে কিভাবে সেই আইনটাকে রাওলাট সাহেব দমন করতে চেয়েছিলেন। আমি এই কারণে বলছি স্যার যে, একটা মামলায় যদি কোনো রায় হয়ে যায়, যদি হাইকোর্ট কোনো মামলায় রায় দেয় যে, কারোর ফাঁসি হ'ল, অথবা তার যাবজ্জীবন কারাদন্ড হ'ল, তাহলে সেক্ষেত্রে রাওলাটে একটা কথা বলা ছিল, যে যদি এই রকম কোনো বড় রায় যদি দেওয়া হয়, তাহলে তারপর আর কোনো কোর্টে যাওয়া যাবেনা। আমি স্যার একটা মাত্র বললাম। তার কারণ, আমার পক্ষে অতগুলো আইন বলা সম্ভব নয়। স্যার, একটা ঘটনা ঘটেছিল। সেই ঘটনাটা কী ? না, কংগ্রেস যখন আন্দোলন করত, তখন কংগ্রেসের সঙ্গে মুসলিম লীগের সম্পর্কটা ভালো ছিলনা। কিন্তু আমি আপনাকে বলছি যে, এই ঘটনার আগেই জালিয়ানওয়ালাবাগে যে আন্দোলনটা কংগ্রেস শুরু করতে চেয়েছিল, সব থেকে বড় কথা মুসলিম লীগের সঙ্গে কংগ্রেসের একটা আপোস হয়ে গিয়েছিল এবং এটা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামীদের কাছে একটা খুব সুন্দর পরিবেশ তৈরি করেছিল। তার ফলে জালিয়ানওয়ালাবাগে তাদের যে আন্দোলন, সেই আন্দোলনটাকে অনেক বেশি শক্তিশালী করেছিল। মাননীয় মুখ্যমন্ত্রী ঠিকই বলেছেন যে, ইন্ডিপেন্ডেন্ট মুভমেন্ট, যেটা সত্যপাল এবং সইফুদ্দিন কিচরা - যাঁরা শুরু করেছিলেন, সেই আন্দোলনটার কিছুদিন পরে এই জালিয়ানওয়ালাবাগে আন্দোলন শুরু হয়।

[3:00 – 3:10 p.m.]

আমি আপনাকে আর একটা কথা বলি সেটা হলো এই জালিয়ানওয়ালাবাগে যখন কংগ্রেস সেই আন্দোলনটাকে নেতৃত্ব দিচ্ছে, তখন জালিয়ানওয়ালাবাগের মানুষ তারা ঠিক করেছিল আমরা যেমন করেই হোক এটাকে রোধ করবো। যে জায়গাটায় মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন, যেখানে

সকলে জড়ো হয়েছিল একটা আনুষ্ঠানিক ব্যাপার ছিল, আবার একটা আন্দোলন ছিল যে কিছুতেই এই সব আমরা মানবো না। এই আন্দোলনের জন্য তারা চেষ্টা করেছিল। তার ফলে সেখানে অত্যাচার শুরু হলো। স্যার, আমি আপনাকে বলছি যে সেই অত্যাচার শুরুর হওয়ার আগে দুজন ও'ডায়ার ছিলো। একজন ও'ডায়ার না। একজন ও'ডায়ার হচ্ছে যে সেনাবাহিনীকে কন্ট্রোল করতো, পুলিশকে কন্ট্রোল করতো, আর একজন ও'ডায়ার হচ্ছে যিনি পাঞ্জাবের গভর্ণর ছিলেন। এই দুজন ও'ডায়ার, তাঁরা এক হয়ে গেলেন এবং এক হয়ে তাঁরা ঠিক করলেন যে, যে দলই হোক না কেন, অত্যাচার হবে, যে ধরনের মামলা হবে, যে ধরনের ওঁরা আন্দোলন করবে, আমরা তার বিরুদ্ধে সব কিছু দিয়ে যুদ্ধ ঘোষণা করবো। এবং যে দিন মিটিংটা হল, সভাটা হল, তার আগে থেকেই তাঁরা প্রস্তুত হলেন এবং আপনাকে বলছি তাঁরা এই নির্মম, নির্বিচার আক্রমণ করলেন। মারধর, অত্যাচার, গুলির পর গুলি এবং সব থেকে বড় কথা ব্রিটিশ যাঁরা লড়াইটা করলেন, এই ও'ডায়ার ঠিক করলেন যে ইন্ডিয়ান সোলজারদের দিয়ে ইন্ডিয়ানদের মারবেন। যাঁরা মারলেন তাঁরা ইন্ডিয়ান সোলজার, তাঁরাই গুলি চালালো, তারাই মারলেন স্যার, আমার বলার সময় বেশি নেই, আমি শুধু এটুকু বলবো এর পর যখন ঘটনা হল তখন দেশজোড়া মহাত্মা গান্ধীর নেতৃত্বে যে আন্দোলন হয়েছিল ১৯১৯ সাল, মানে মহাত্মা গান্ধী সবেমাত্র দক্ষিণ আফ্রিকা থেকে তাঁর যে সত্যাগ্রহ আন্দোলন সফল হয়ে তিনি ভারতবর্ষে এসেছেন এবং তিনি এখানে আন্দোলন শুরু করলেন। সকলেই বললেন এটাই পথ, এই পথ ধরেই আমাদের এগোতে হবে। মহাত্মা গান্ধী সত্যাগ্রহের পথে এগোতে গেলেন আর এঁরাও সত্যাগ্রহের পথে এগোতে গেলেন। যখন এই অবস্থা হল, তখন চারিদিকে কে এই আন্দোলনের নেতৃত্ব দেবে। বললেন ৩৭৯ জন মারা গেছেন, you have mentioned it, স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন ৩৭৯ জন মারা গেছেন। ৩৭৯ জন নয় স্যার। কংগ্রেস যে Enquiry Committee করেছিল - আপনি বললেন, আপনার ভাষণে Enquiry Committee করেছিল - তাতে বলেছিল এক হাজারের বেশী মানুষ মারা গেছে। ৩৭৯ জন নয়, এক হাজারের বেশি মানুষ মারা গেছেন। এবং আরও একটা কথা আমি আপনাকে বলছি যে অনেক মহিলা, অনেক বাচ্চা ছেলে তারাও মারা গেছে। বাংলার একজন মানুষ, রবীন্দ্রনাথের কথা বলছিলেন মাননীয়া মুখ্যমন্ত্রী। আমি বলছি রবীন্দ্রনাথ তিনটে জায়গায় ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনে প্রতিবাদ করেছেন। তার একটা জায়গার কথা উল্লেখ করেছেন আপনি, আপনি উল্লেখ করে বলেছেন বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল পূণ্য হউক, পূণ্য হউক, পূণ্য হউক হে ভগবান। এই রাখি সঙ্গীত গেয়ে তিনি রাখি পড়িয়েছিলেন। বাংলা বিভাগের বিরুদ্ধে তিনি আন্দোলন করেছিলেন, this is number one, number two জালিয়ানওয়ালাবাগ, জালিয়ানওয়ালাবাগে যখন দেখছেন কেউ কিছু করছে না, ভাবছে এই সত্যাগ্রহের বিষয়ে বিশেষ আন্দোলন করতে গেলে তাদের অনেক রকম সর্বনাশ হবে। তখন তিনি শেষ যেটা করলেন সেটা হচ্ছে Knighthood উপাধি ত্যাগ করলেন। Knighthood উপাধি ত্যাগ করলেন কি করে ? তিনি বললেন, তাঁর কথাতে তিনি বলেছিলেন যে আমি - তাকে যিনি Knighthood উপাধি দিয়েছিলেন, সেই ব্রিটিশ প্রশাসককে বললেন আমি আপনার দেওয়া Knighthood উপাধি

ত্যাগ করলাম। ত্যাগ করলাম এই কারণে, এখানে যে অত্যাচার হয়েছে, যে অবিচার হয়েছে, যে অন্যায় হয়েছে, এর বিরুদ্ধে আমি অন্য কিছু বলছি না, আপনাদের দেওয়া যে Knighthood উপাধি আমি ত্যাগ করলাম। আমি আপনাদের জানিয়ে দিচ্ছি যে এই অত্যাচার মানি না। স্যার থার্ড, সেটা হচ্ছে তাঁর মৃত্যুর কিছু দিন আগে যখন দেখছিলেন Second World War-এর সময় যখন এমন একটা সময় এসেছে যখন সকলে বলছে কি করবো ? এই অবস্থার মধ্যে কংগ্রেসের সেই ৪২-এর আন্দোলনের আগে সকলে গ্রেপ্তার হয়ে গেছে। তখন Rathbon নামে একজন এম.পি. তিনি ব্রিটিশ পার্লামেন্টে বললেন, যে কংগ্রেস অন্যায় করছে, জওহর লাল নেহেরু অন্যায় করছে, তারা আমাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করছে।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, অত্যন্ত সংক্ষিপ্ত পরিসরের মধ্যে শতবর্ষ আগে ঘটে যাওয়া একটা মর্মন্তুদ ঘটনার জন্য আমাদের শোক, আমাদের শ্রদ্ধা আজকে প্রকাশ করতে হবে এটা বুঝে আমি অত্যন্ত সংক্ষিপ্তভাবে দুটো/একটি কথা বলতে চাইছি। আমরা জানি ইতিহাস বহু উজ্জ্বল নক্ষত্রকে যেমন আমাদের উপহার দেয় তেমনি অনেক কালাদিনকেও আমাদের কাছে তুলে ধরা যেসব কালাদিন আমাদের কাছে উপহার দেয় নৃশংসতায় যতই বড় হোক একদিন সেই সমস্ত কাহিনী শিশুপাঠ্য গ্রন্থের মধ্যে মুখ লুকিয়ে বসে থাকে, মানুষের জয়যাত্রা অব্যাহত হয়। এটি ইতিহাসের শিক্ষা। জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডের আগে ইতিহাসের পাতায় অনেক অনেক হত্যাকাণ্ডের কথা আমরা শুনেছি। শুনেছি অন্ধকূপ হত্যা, শুনেছি তার পরবর্তী পর্যায়ে হিজরি হত্যা, নৃশংস অত্যাচার। সমস্ত শোনার পর ইতিহাস কিন্তু মনে রেখেছে যে শোক আমরা পেয়েছিলাম সেই সময় সেই শোক স্বাধীনতা সংগ্রামে বৃহত্তর একটা শ্লোকের জন্ম দিয়েছিল, কর্ম শ্লোকের জন্ম দিয়েছিল। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তাঁর প্রস্তাবনার মধ্যে বলেছেন রবীন্দ্রনাথের যে, উল্লেখ তিনি করেছেন, কবিগুরুর উল্লেখ এবং এই জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডকে কেন্দ্র করে নাইট উপাধি বর্জন তারও কথা উল্লেখ করেছেন। কিন্তু এরই মাঝখানে কতকগুলো ঘটনা ঘটেছে আমাদের জানা উচিত। যখন রবীন্দ্রনাথ ঠাকুর নাইটহুড উপাধি গ্রহণ করছেন পঞ্চম জর্জের জন্মদিন উপলক্ষে তখন অনেক রবীন্দ্র জীবনীকার এ কথা বলেছেন যে, শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের কাছে সি.আর.দাশ কেঁদেছিলেন, বললেন এ কেমন - গুরুদেব নাইটহুড উপাধি নিচ্ছেন। সেটাও ছিল জুন মাসের ১৯১৫ সাল। আবার জুন মাসের ১৯১৯ সালে সেই রবীন্দ্রনাথ যখন নাইট উপাধি বর্জন করলেন বললেন, আমার গায়ে কাঁটার মতো বিঁধছে এই অপমানের শরশয্যা। আমি পরিত্যাগ করলাম যেখানে নিরাপরাধ মানুষ, সাধারণ মানুষ দুঃখ কষ্ট ভোগ করছে আমি সেই দুঃখের গহনে আবার নতুনভাবে প্রকাশিত হওয়ার ইচ্ছা প্রকাশ করছি। আমি এটি ত্যাগ করলাম। কিন্তু তারও আগে আর একটি কাণ্ড ঘটেছিল জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ডকে কেন্দ্র করে। আমরা জানি তখন ২২শে মে গুরুদেব শুনলেন এরকম খুব নৃশংস হত্যাকাণ্ড হয়েছে। তখন তিনি প্রথম চিত্তরঞ্জন দাশকে বললেন, আসুন আমরা একটা শোক সভা করি। সেই শোক সভায় সবাই বক্তৃতা করবে! আমি থাকব, আমার এই অসুস্থ শরীর নিয়ে আমি থাকব।

[3:10 – 3:20 p.m.]

চিত্তরঞ্জন দাশ – সি আর দাশ - যে কোনো কারণেই হোক তখন একটু ইতস্তত করেছিলেন। গান্ধিজী তিনি যাবার মুখে পাঞ্জাব প্রবেশের মুখেই তাঁকে নামিয়ে দেওয়া হয়েছিল। তারপর যখন মহাত্মা গান্ধিজীকে বললেন রবীন্দ্রনাথ ঠাকুর, মহাত্মাজী আসুন, আমরা পাঞ্জাব প্রবেশের চেষ্টা করি। যদি সেই জিনিসটা ঘটতো, সেদিন স্বাধীনতা সংগ্রামের ইতিহাস - দুই মনীষীর যুগলবন্দী দেখতো। একটা অদ্ভুত ডুয়েট তারা দেখতো। আর যে কল্পিত ডুয়েটের কথা আমরা বলি, তা জিনিস করতে হোত না। রবীন্দ্রনাথ তাও পেলেন না। তখন তিনি বললেন যে না, এই নাইট উপাধি আমার সাজেনা। এ মণিহার আমার নাহি সাজে - মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন ; তিনি বললেন, আমার সাজেনা, আমি ত্যাগ করবো সারারাত্রি জেগে তিনি লিখছেন -- একটি পত্র লিখলেন -- যেমন ক্ষুধার্ত সিংহ, গুহার মধ্যে ঘোরাঘুরি করে, তেমনি ক্রুদ্ধভাবে একবার ও কোণ, একবার এ কোণ, রবীন্দ্রনাথ যাতায়াত করছেন ; শেষকালে বেরুলো এই তীক্ষ্ণ পত্র শেলটি, এনড্রুজ সাহেব দেখে একবার বললেন, গুরুদেব ভাষাটা একটু নমনীয় করলে ভাল হত না ? বড় কড়া ভাষা হয়ে গেছে। তখন গুরুদেব তাঁদের চোখের দিকে তাকালেন, তিনি বলছেন - এনড্রুজ সাহেব বলছেন, Such a lock as I had never seen before or after. গুরুদেবের, চোখ, এমন ক্রুদ্ধ, এমন রাগত মহিমায় আচ্ছন্ন আমি জীবনে দেখিনি। সেই বেদনা তিনি পুষে রেখেছিলেন। জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডে যে চিঠি তিনি লিখেছিলেন, শুধু কি তাই, এ জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ড রাবণের সেই সংগ্রামের মতন, চিতার মতন জ্বলেছিল রবীন্দ্রনাথের বুকে, অত্যাচার শেষ হয়নি, যখন হিজলী হত্যাকান্ড হল, তখন সেই রবীন্দ্রনাথ আবার প্রশ্ন তুলে দিলেন, স্বয়ং বিধাতার কাছে, বিধাতা বিশ্বাসী মানুষ রবীন্দ্রনাথ প্রশ্ন করেন যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো, তুমি কি তাদের ক্ষমা করিয়াছো ? তুমি কি বেসেছো ভাল ? এই যে কথা, এই যে গতিবেগ, স্বাধীনতার গতিবেগ, আমাদের গতিবেগ, আমাদের চিরন্তন মনুষ্যত্বকে জাগরণের গতিবেগ, এই গতিবেগ ওই জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড আমাদের উপহার দিয়েছে। আর বিশ্বাস করি, যাঁরা মৃত্যুবরণ করেছেন, তাঁরা নিঃসন্দেহে সংখ্যায় অনেক অনেক অনেক। তাঁরা এসেছিলেন, শীতের উৎসব করতে, এসেছিলেন আনন্দ করতে, অত বড় জায়গায় প্রায় পিষে মেরে ফেলে, গেট বন্ধ করে, গুলি চালিয়ে যাঁরা খুন করেছেন, ইতিহাস তাঁদের চিরটাকাল ধিক্কার জানাবে এবং সঙ্গে সঙ্গে যাঁরা আমাদের সেই অন্ধকারের মধ্যে, আলোর দিশা হিসাবে আমাদের এগিয়ে নিয়ে গেছেন, জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ডের কাছে, হত্যাকাণর পরেও তাঁরাও আমাদের কাছে নমস্য ব্যক্তি হয়ে থাকবেন। আমার কৃতজ্ঞতা প্রকাশের শেষ নেই। আমরা এই কথাটা বলতে চাইছি, নিঃসন্দেহে যারা গেছে, যারা মেরেছে, তারা কিছু মানুষকে মেরেছে, আমাদের অন্তর্নিহিত মনুষ্যত্বকে মারতে পারেনি। জালিয়ানাওয়ালাবাগ এই সত্য ঘোষণা করেছে। তাই পশ্চিমবঙ্গের বিধানসভায় ১০০ বছর বাদেও আবার সেই আমরা স্মৃতিতর্পণ করছি, এটাই আমাদের প্রস্তাবের আসল আত্মা। আমি বিশ্বাস করি, আজকে যে নজির সৃষ্টি করলো এই দিন, এই বিধানসভা, সেই নজির চিরটাকাল অক্ষয় হয়ে থাকবে, জালিয়ানওয়ালাবাগের শহিদরা তোমরা আত্মত্যাগ করেছ, আমাদের কাছে বরেণ্য হয়েছ, আমরা যেন বলতে পারি -

ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা
জীবনের জয়গান
আসি অলক্ষ্যে দাঁড়ায়েছে তারা
দিবে কোন বলিদান ?

আমরা যেন বলিদানের জন্য প্রস্তুত হই। এই প্রস্তাব যেন এই কথা—শপথ আমাদের উচ্চারণ করায়, নমস্কার।

श्री मनोज तिग्गा : धन्यवाद सर, सबसे पहले आपको धन्यवाद देना चाहता हूँ कि आपने जो जलियावाला वाग का हत्याकाण्ड का सौ साल 13 अप्रील को हुआ, इस पर रेजुलुशन लाया गया है इस अगस्त हाउस मे -मै समझता हूँ यह रेजुलेशन लेने से इस सदन की गरिमा ओर बढ़ेगी। इस सदन अगस्त हाउस की गरिमा तो है ही लेकिन जब हम रेजुलेशन पास करेगें तो इस सदन की गरिमा मे चार चाँद लेगा मै आशा करता हूँ जो 13 अप्रील को जलियाँवाला वाग का जो हत्याकाण्ड हुआ उस समय हम देखे तो बंगाल और पंजाब मे ही ज्यादा क्रान्तिकारी निकले और हमे गर्व हे कि हम उस क्रान्तिकारी की औलाद है, उनकी सन्तान है तो जब -जब क्रान्तिकारी आन्दोलन बढ़ रहे थे तो इसको किस तरह से इसको दबाया जाए उसके प्रयास मे ब्रिटिश सरकार थी। लेकिन जब रॉयल एक्ट नाम का कानून लाया गया इसमे था कि बिना अदालत मे गये जो आन्दोलन करते थे उनको जेल में डाला जाता था कोई अदालत में सुनवाई नहीं होती थी। इसका विरोध करते हुये हमारे दो क्रान्तिकारी नेता सतपाल और सैफुदिन - कितनो को गिरप्तार करके काला पानी भेजा गया। तो इसके विरोध में जब एसे तो आन्दोलन आगे बढ़ रहा था रॉयल एक्ट के विरोध मे तो अमतसर मे जो स्वर्ण मन्दिर है उससे केबल डेढ़ किलोमीटर की दुरी पर जलियाँवाला वाग मे जब लोग इसको शान्तिपूर्ण ढंग से विरोध करने के लिये वहाँ पर जमा हुए थे और उस दिन हमारे दशवे गुरु ने खालसा पंथ की स्थापना की थी। हमलोग जानते है कि पंजाब और हरियाणा मे जब रबी की फसल कटाई की जाती है। इसके बाद मे नया साल मनाया जाता है 13 अप्रील के दिन मे वहाँ शान्ति पूर्ण ढंग से विरोध करने के लिए लोग जमा हुए थे और साथ ही ऐसे बहुत से निर्दोष लोग जो वहाँ पर मेला मे घुमने के लिये आये थे जब मेला मे घुम रहे थे तो उन्हे खबर मिली कि यहाँ पर एक मिटिंग हो रहा है यहाँ पर एक सभा हो रहा है तो वो लोग भी वहाँ पर गये लेकिन जब वहाँ शान्ति पूर्ण ढंग सभा हो रहा था, वहाँ पर जमरल डायर वहाँ जा करके जिस तरह से एक छोटी से रास्ता के चारो तरफ से पार्क के चारो तरफ वहाँ दिबारे थी और एक छोटा सा रास्ता था वहाँ पर तो एक क्रुर व्यक्ति कैसे हो सकता है इसको हम उस जलियाँवाला वाग में अनुभव कर सकते है वहाँ पर जो 90 से ज्यादा सैनिक को लाकर के जनरल डायर वहाँ पर जिस तरह से खड़ा किया और एक छोटा सा रास्ता था उस रास्ता से कोई भाग न पाये इसके लिए वहाँ पर एक तोप को लगा दिया और वहाँ पर 1650 राउन्ड गोलियाँ चली और उसके बाद जो लोग भागना चाहते थे वहाँ पर तोप खड़ी थी तो वहाँ पर जिस तरह से 1650 राउन्ड गोलियाँ चली। देखते- ही -देखते वहाँ पर जो नेता शान्तिपूर्ण मिटिंग कर रहे थे, सभा कर रहे थे। उन्होने जब वहाँ पर सैनिक घुसे तो वहाँ पर आवेदन किये जो नेता उपस्थित थे कि आप शान्त हो जाये, लेकिन उन शान्त लोगों पर जिस प्रकार से क्रूर और निर्दय रुप से जनरल डायर ने गोली चलवाया। देखते- ही -देखते वहाँ पर लाश बिछ गई और वहाँ पर एक कुआँ था वहाँ पर जान बचाने के लिये लोग वहाँ पर दौड़े कि वह कुआँ भी देखते ही देखते मौत का कुआँ मे बदल गया तो इस तरह का जो मंजर हमलोगों ने देखा वहाँ पर, लेकिन वही से ब्रिटिश शासन का अन्त शुरु हुआ

और वही पर एक बालक था और जिसका 11 वर्ष उम्र था सरदार उधम सिंह उस मंजर को जब देखा तो मन में ठान लिया कि एक दिन मै इस जेनरल डायर को मै ही मारुगा और वह एक गरीब जिसका माता- पिता नही थे और उसका बड़ा भाई भी बिमारी से मर गया। तो वह मिस्त्री का काम करके काठ मिस्त्री का काम करके उसने पैसा जमा किया और लंदन जाने के लिये ठान लिया। उन्होने पैसा जमा करके अमेरिका गया और अमेरिका से होते हुए लंदन आया। इसके लिए उसका 21 साल बित गया जब 1940 में लंदन के Kingston में जनरल डायर सभा कर रहे थे वहाँ पर उन्होने गोली चलाकर सीने मे तीन गोली दागा और तभी जाकर के कहा कि आज मेरा सपना पूरा हुआ। जो काम यहाँ पर जनरल डायर ने मेरे देश में किया था मेरे देशवासियों के लिए किया था, उसका मै आज बदला लेने में सफल हुआ यह कह करके वहाँ पर जब वहाँ पिस्तौल जमा करने के लिए गया तो उस पिस्तोल लेने के लिये वहाँ पर ब्रिटिश लोग भी डर रहे थे लेकिन उन्होने वहाँ पर पिस्तौल जमा कर दिया। इस क्रूर हत्या में वहाँ पर जो सरकारी आकड़े है वहाँ पर कहते है कि 440 लोग मारे गये तो कही कहते है कि 379 लोग मारे गये लेकिन देखा जाए तो वहाँ पर एसे ऑकड़ो मे 337 पुरुष 41 महिलाये और 6 सप्ताह का एक बच्चा भी मारा गया। लेकिन इन सरकारी ऑकड़ों को छोड़ दे तो यहाँ पर हजोरों लोग एक हजार से ज्यादा लोग उस गोली काण्ड मे मारे गये और दो हजार से ज्यादा लोग वहाँ पर जख्मी हुए तो इस काण्ड को ले करके जो ये घटना घटी इस घटना को ब्रिटिश सरकार ने भी इसको स्वीकार किया। 1997 में महारानी एलिजावेथ उस स्मारक में जा पहुंची और उन्होने इस घटना को स्वीकार किया। उसके बाद 2013 में जब तत्कालीन उस समय के ब्रिटिश प्रधानमंत्री केमेरोन वहाँ पर आये और Visitor Book मे लिखा कि जो घटना घटी है यह इतिहास में एक शर्मनाक घटना है। इसको ब्रिटिश प्रधानमंत्री ने भी स्वीकार किया। यहाँ उधम सिंह को लेकर के एक कविता कह करके बात को समाप्त करेंगा

आग जो सीने मे जली थी, ठण्ढा न उसे होने दिया।

जलियाँवाला वाग के किस्से ने, चैन से न सोने दिया ||

चुकाना था कर्ज मिटटी का, लेना था बदला कौम का।

जिसके लिए उसने था, लम्बा था इन्तजार किया ||

जाकर लन्दन मे मारी गोली, वो डायर के सीने मे |

तब जाकर उधम सिंह के रुह का, मिला आराम था ||

धन्यवाद सर।

[3:20 – 3:30 p.m.]

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, মানুষের মৃত্যু হলেও তবুও সে মানুষের মনের মধ্যে থেকে যায়। অতীতের থেকে উঠে এসে আজকে মানুষের কাছে চেতনার পরিমাপ নিতে আসে। শতবর্ষের পুরোনো এই স্মৃতি ধরে তাঁকে আমরা স্মরণ করছি বাংলার বিধানসভায়, এটা আমাদের বাংলার বিধানসভার গরিমাকে ব্যপ্ত করছে, আমি সেই কারণে আপনাকে ধন্যবাদ জানাই। লালা রাজপত রায় বলেছিলেন, এটা নতুন সুযোর্দয়, The dawn of a new spirit, বলেছিলেন ১৯১৯ সালটা প্রসিদ্ধ হয়ে থাকবে সর্বনাশা রাওলত আইন বা অন্য কারণে নয়, একটা প্রতিবাদী, প্রতিরোধী

জালিয়ানওয়ালাবাগ স্পিরিটের জন্য। আমার ধারণা সেটা যথার্থ। একশো বছর পরেও তার রেশ কাটেনি, কাটানোর সুযোগ নেই। স্যার, শতবর্ষের কাছাকাছি ২০১৩ সালে ব্রিটিশ প্রধানমন্ত্রী এসেছিলেন জালিয়ানওয়ালবাগে। মানুষের মনোভাব বুঝে তিনি সেই ঘটনার জন্য দুঃখপ্রকাশ করেন। তিনি লিখে গিয়েছিলেন, কিন্তু তাতে থেমে যায়নি। ২০১৯ সালে এসে ভারতবর্ষের পার্লামেন্ট এখনো পর্যন্ত শতবর্ষের মতো করে কোনো বিফিটিং কর্মসূচী নিতে পারেনি। কিন্তু ২০১৯ সালের ৯ই এপ্রিল, করবিনস ব্রিটেনের সমাজতান্ত্রিক নেতা, লেবার পার্টির নেতা, তিনি নির্দিষ্টভাবে সরকারের কাছে দাবি করেছেন unequivocal apology for Jallianwala Bagh Massacre এই ব্যাপারে অনেকে তাকে সাহায্য করেছেন, সমর্থন করছেন। পরের দিন ১০ই এপ্রিল ব্রিটিশ পার্লামেন্টের ৭৭ জন ব্রিটিশ এম.পি. তারা সরকারকে চিঠি লিখে দাবি করেছেন এই ব্যাপারে ক্ষমা চাইতে। ওরা সব ভাবতে পারলো, কিন্তু এটা আনফরচুনেট, যে ভারত সরকার এখনো পর্যন্ত এই ব্যাপারে যথাযথ ৩ পদক্ষেপ গ্রহণ করেনি। কি ঘটেছিল সেই ১৩ই এপ্রিল। ১৯১৯ সালের বৈশাখী মেলার দিন, তার importantce হচ্ছে সেটা মানুষের ঐক্য এবং হিন্দু, মুসলমান, শিখ মানুষদের মিলনের দিন হিসাবে চিহ্নিত হয়। ওইদিন এক গ্লাসে সবাই জল খায়, এক সাথে তারা খাবার ভাগ করে নিয়ে খায়। এই রকম একটা রেওয়াজ ওখানে আছে যেখানে ঐক্যটাই হচ্ছে মূল ভিত্তি। সেখানে যখন বিশ হাজার লোক - সংখ্যাটার ফারাক থাকতে পারে - জমায়েত হয়েছিল তখন জেনারেল ও ডায়ারের নেতৃত্বে নিরস্ত মানুষকে পুরুষ" - মহিলা নির্বিশেষে তাদের উপরে গুলি চালানো হয়। ১৬৫০ রাউন্ড গুলি চালানো হয়, ওদের হিসাবে ৩৮৯। ওরা ধামা চাপা দিতে চেয়েছে হাড্ড কমিশান করে। বরং কংগ্রেস একটা কমিশান করে সত্যটাকে সামনে নিয়ে এসেছে। সেখানে এক হাজারের বেশি মানুষ মারা গেছেন এবং সত্যটাকে স্পষ্ট করা হয়েছে। কোন পরিপ্রেক্ষিতে ঘটনাটা ঘটল। যে পরিপ্রেক্ষিতে এই ঘটনা ঘটলো সেটাও খুব গুরুত্বপূর্ণ। রাওলাত আইন একটা নির্যাতনমূলক আইন সেই ব্যাপারে সন্দেহ নেই। আমি সেই ব্যাপারে পরে আসবো তার সঙ্গে হয়তো UAPA-র অনেক মিল আমরা খুঁজে পাব। সম্প্রতি যে সংশোধনী হয়েছে তা মারাত্মক বিপজ্জনক।

স্যার, বিংশ শতাব্দীর গোড়ায়, ১৯০১ সাল, ১৯০২ সাল, ১৯০৩ সাল বাংলায় বিপ্লবী তাড়নায় অনুশীলন সমিতি, যুগান্তর। ১৯০৫ সাল, যেহেতু বাংলায় আন্দোলন বাড়ছে, বঙ্গভঙ্গের জন্য প্রবল প্রচেষ্টা লর্ড কার্জনের। রবীন্দ্রনাথ সহ রাস্তায় নামেন। আটকে গেলো, ১৯১১ সালে বঙ্গভঙ্গ রদ হলো। তারপরেও অনেক রকমের চেষ্টা হয়েছে। ১৯০৭-১৯০৮ সাল নাগাদ আমরা দেখবো দেশের যারা লড়াইয়ে অংশ নিতে চান, এমনকি কংগ্রস, তারমধ্যেও নরমপন্থী, চরমপন্থী দুরকম মনোভাব কাজ করছে। চরমপন্থীরা ক্রমশ ক্রমশ এগোচ্ছে। ক্ষুদিরাম, প্রফুল্ল চাকী এই সময়কার ঘটনা। ফলে একদিকে যেমন বাংলাতে এইরকম একটা প্রবল বিক্ষোভ বিদ্রোহ দানা বাঁধছে তেমনি পাঞ্জাবেও গদর পার্টি। তাদের বিদ্রোহে গোটা পাঞ্জাবের মানুষকে ঐক্যবদ্ধ করার একটা প্রচেষ্টা করছে। ১৯১৫ সালে এইরকম সময়েতেই একটা বিদ্রোহ বিপ্লবের পরিবেশেই কাবুলে মহেন্দ্র প্রতাপ এবং বরকতউল্লার নেতৃত্বে অস্থায়ী ভারত সরকার গঠিত হচ্ছে। এর

ঠিক পর পর, ১৯১৭ সালে সোভিয়েতের বিপ্লব। নতুন একটা সমাজ। সারা দুনিয়া জুড়ে একটা শিহরণ। মুক্তির সংগ্রাম, মানুষ এগোচ্ছে। এই সংগ্রামে ব্রিটিশ স্বাভাবিক কারণেই আরও বেশি ভয় পাচ্ছে। তারা মানুষকে জবরদস্তি আটকে দিতে চায়। আর দেশের মধ্যে অর্থনৈতিক অবস্থা কী? সেটা খুব বিপজ্জনক। বিশেষ করে প্রথম বিশ্বযুদ্ধের পর যুদ্ধের বোঝা চাপিয়ে দেওয়ার প্রচেষ্টা হয়েছে মানুষের ওপরে রাজস্ব বাড়িয়ে। একদিকে রাজস্ব বেড়েছে, ট্যাক্সেসান বাড়ছে। জিনিসের দাম বাড়ছে। সেই সময়ে কতগুলো মহামারী, অনেক রকমের অসুবিধে ভারতবর্ষে হচ্ছে। আর্থিকক্ষেত্রেও ভারতবর্ষ বিপজ্জনক একটা অবস্থায় যাচ্ছে। মানুষ আন্দোলনমুখী তার সঙ্গে সোভিয়েত। সব মিলিয়ে মানুষ এগোবে। মহাত্মা গান্ধী ফিরে এসেছেন, সত্যাগ্রহের আন্দোলন, সংগঠিত গণ আন্দোলন, বিপ্লববাদী আন্দোলন। এগুলো ক্রমশ ক্রমশ বাড়ছে। এই রকম সময়ে যেমন বাংলা, তেমন পাঞ্জাব এই দুটো ক্ষেত্রে আমরা দেখেছি নির্যাতনমূলক বন্দোবস্ত সরকার বেশি করে নিয়েছে এবং এই সময়েতেই যে আইনটা ছিলো ভারতরক্ষা আইন, তাতে আরও তাকে কঠিন একটা অবস্থায় রাউলাট আইনের দিকে নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হলো ১৯১৯ সালে। যার বিরুদ্ধে দেশের মানুষ, সারা দেশের তৎকালীন সময়ের যারা নেতা তারা কেউ রাউলাট আইনের পক্ষে দাঁড়াননি। এটা ব্রিটিশ সরকারের একটা আইন। এদেশের লোক কেউ পক্ষে না দাঁড়ালেও, বিলোপ করলে, বিশেষ করে পাঞ্জাবে যখন ডঃ সৈফুদ্দিন কিচলু এবং ডঃ সত্যপাল এরা সহ যখন মানুষ এগিয়ে আসছে তখন যেভাবে নিবর্তনমূলক বন্দোবস্ত, আটকে রাখা - অন্তরীণ করা ইত্যাদি সহ যেভাবে আক্রমণ এবং নির্যাতন হচ্ছে তাতে সারা দেশের লোকে প্রতিবাদ করেছে এবং মহাত্মা গান্ধীর নেতৃত্বে ৬ এপ্রিল -- সম্ভবত প্রথম ভারতবর্ষে ধর্মঘট বা হরতাল, তখন তো ধর্মঘট বলা হত না, হরতালের আহ্বান করা হয়। মহত্মা গান্ধীকেও আটকানো হয়েছিল। কিন্তু মানুষের বিক্ষোভ থাকছেই। ১০ এপ্রিল সেই বিক্ষোভে পুলিশ গুলি চালালো, ২০ জন মারা গেলো। আরও বিক্ষোভ বাড়ছে, এইরকম একটা অবস্থায়, কার্যত রাউলাটের নির্যাতন এবং মানুষের মানবাধিকার কেড়ে নেবার যে প্রচেষ্টা তার বিরুদ্ধে কার্যত মানুষের জমায়েত, এই রকমের সন্দেহ থেকে এইরকম মনোভাব থেকে তারা যা ব্যক্ত করেছে - যেভাবে জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড ঘটেছে, তাকে নিন্দার কোনো ভাষা এদেশে কেন কোথাও থাকতে পারে না। আমি বলবো, এইভাবে যদি আমরা দেখি, যে, যখন মানুষের বিক্ষোভের পরিণতিতে জালিয়ানওয়ালাবাগ, আবার জালিয়ানওয়ালাবাগ গোটা দেশের সংগ্রাম এবং আন্দোলনকে বিকশিত করতে সাহায্য করেছে। তার পরে আড়াই দশক ধরে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রাম পর্যন্ত তার রেশ ৩০ এর দশক, ৪০ এর দশকে, আমরা সর্বত্র পাবো। পাঞ্জাবেও পাবো, অন্যত্রও আমরা তা পাবো। এই সময়েতে আন্দোলন বেড়েছে, বিক্ষোভ বেড়েছে সবই ক্রমশ ক্রমশ বাড়ছে। আমি বলব, জালিয়ানওয়ালাবাগের ৫ টা বৈশিষ্ট্য যদি আমরা খেয়াল করি, (১) এইভাবে ধরা হয় যে, পলাশীতে ব্রিটিশের রাজত্বের শুরু, জালিয়ানওয়ালাবাগে ব্রিটিশ রাজত্বের অবসানের শুরু। (২) ঐক্য হিন্দু, মুসলমান, শিখ সমগ্র মানুষ ঐক্যবদ্ধ। আন্দোলনের নেতৃত্বের মধ্যেও তার প্রতিফলন ছিলো।

[3:30 – 3:40 p.m.]

তিন, জালিয়ানওয়ালাবাগ স্পষ্ট করল সাম্রাজ্যবাদীদের চেহারা কত কুৎসিৎ হতে পারে, কত বীভৎস হতে পারে। আফ্রিকা, ল্যাটিন আমেরিকা বিভিন্ন দেশে এর আগে আমরা বিভিন্ন দেশে দেখেছি কিন্তু ভারতবর্ষে এই চেহারা এর আগে কখনও দেখেনি। এবং তার পরেও তাকে যেভাবে ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হয়েছিল হান্টার কমিশন মারফত ব্রিটিশদের ষড়যন্ত্র, চক্রান্ত তাতে স্পষ্ট হয়ে যায়, বরং কংগ্রেসের নেতৃত্বে গঠিত কমিশন তাকে আনআর্থ করবার ব্যবস্থা করে। সারা দেশে এই যে প্রতিবাদ, আমার আগে বলছিলেন ব্রজমোহনবাবু, সারা দেশে সহমত এমন যে সারা দেশে প্রতিবাদ সবচেয়ে সরব প্রতিবাদ হল - রবীন্দ্রনাথ, নাইট উপাধি ত্যাগ করেছিলেন। তা নিয়ে অনেক তর্ক-বিতর্ক হয়েছিল। যে চিঠিটার কথা উনি উল্লেখ। করলেন, 'আমি একটু দুটো অংশ পড়ে দিই - মানে আগুন বেড়ছে ছিটকে, যেন মনে হচ্ছে ভারতবাসীর যন্ত্রণাটার চিত্রকল্প রবীন্দ্রনাথ তার চিঠির মধ্যে দিয়ে আঁকছেন। কি লিখছেন, The disproportionate severity of the punishments inflicted upon the unfortunate people and the methods of carrying them out, we are convinced, are without parallel in the history of civilized governments, barring some conspicuous exceptions, recent and remote. রবীন্দ্রনাথ লিখতে পারেন। কি লিখছেন, ...(নয়েজ)..... প্লিজ, কিছু মনে করবেন না, অনেক কথা বলার থাকে কিন্তু আমি বলতে চাইছিলাম না। মন্ত্রীসভার গাম্ভীর্যটা মন্ত্রী হয়ে যদি রক্ষা করতে না পারেন, ভেরি unfortunate.

মিঃ স্পীকার : প্লিজ, কোন কমেন্ট করবেন না, ওনাকে বলতে দিন।

ডঃ সুজন চক্রবর্তী : এই চিঠিতে লিখছেন, অনেক লম্বা চিঠি আমি পুরোটা পড়তে যাচ্ছি না। "The time has come when badges of honour make our shame glaring in the incongruous context of humiliation." রবীন্দ্রনাথ। এই জায়গা থেকে রবীন্দ্রনাথ সারা দেশের এই প্রতিবাদে কার্যত মুখ হয়ে দাঁড়াল - আমি এইভাবে কথাটা বলব না 'বাংলা', বলব সারা দেশের প্রতিবাদের মুখ হয়ে দাড়ালেন রবীন্দ্রনাথ এবং জালিয়ানওয়ালাবাগের ঘটনার সবচেয়ে বড় ইমপ্যাক্ট পরের সময়ে আমরা বিশেষ করে টের পাচ্ছি। এই ঘটনা ১৯৪৭ সাল পর্যন্ত ভারতবর্ষের স্বাধীনতার আন্দোলনকে, বিদ্রোহ-বিক্ষোভ, বিপ্লবকে - তার মনোভাবকে, তার spirit-কে জ্বালিয়ে রেখেছিল। তখন ভগৎ সিংহের ১২ বছর বয়স। মনের মধ্যে আগুন ছিল। সাম্যবাদের ভাবধারায় উনি প্রথম ইনক্লাব জিন্দাবাদের স্লোগানটা তুলেছিলেন। ভগৎ সিংহের তখন ১২ বছর বয়স। Spirit, চট্টোগ্রামে যুব বিদ্রোহ। মাস্টারদা সূর্য সেন, গণেশ ঘোষ সহ সবাই। Spirit, এই Spirit-এর অংশ হিসাবে ১৯৪০এ দ্বার খুললো উধম সিংহ। উধম সিংহের তখন বয়স ছিল পাঁচ বছর। উধম সিংহ, যে নাম নিয়ে তিনি পরিচয় দিয়েছিলেন অদ্ভুত যেটা আজকের দিনেও ভাবা কঠিন, নাম দিয়েছিলেন নিজের নাম নিজে রেখেছিলেন, 'রাম-মহাম্মদ-সিং'। রাম-মহাম্মদ-সিং, This is the beauty of India. This is the beauty of spirit. This is the Spirit of struggle. এই struggle এর Spirit টাকেই জালিওয়ানবাগ

সামনে নিয়ে এসেছে, এইভাবে দেখাটা সমীচীন বলে আমি মনে করি। স্যার, আমার পরের প্রসঙ্গটা হচ্ছে, রাউলাট আইন। সেটা একটা বিবর্তন মূলক। গণতান্ত্রিক অধিকার মানুষের civil rights কেড়ে নেবার ফল - বিনা বিচারে আটক করা যাবে, সন্দেহের বশে দুই বছরের জন্য arrest without warrant, অভিযুক্তের in camera-বিচার, সংবাদ মাধ্যমকে নিয়ন্ত্রণ। অমৃতবাজার পত্রিকাকে ব্যান্ড করে দেওয়া হয়েছিল পাঞ্জাবের জন্য। আরও দুই তিনটে পত্রিকা হয়েছিল শাস্তিপ্রাপ্ত। তার রাজনীতি, শিক্ষা, ধর্ম সংক্রান্ত অ্যাক্টিভিটি কার্যত কেড়ে নেওয়া হচ্ছে। ভারতবর্ষের আইনটাকে আরও কঠিন জায়গায় নিয়ে যাওয়ার ব্যবস্থা করা হল। কেন ? স্বাধীনতা সংগ্রামকে নিয়ন্ত্রণ করতে হবে, আর সোভিয়েতে তার আগে ঘটে গেছে, সোভিয়েতের প্রভাব যেন এই দেশের মানুষের মধ্যে বাড়তে না পারে, আটকে দাও, চেপে দাও। আমি শুধু বলব, আজকে যখন আমরা দাঁড়িয়ে আছি, ভারতবর্ষের পালামেন্টে এই নিয়ে আলোচনা হয়েছে অন্য, আমি সেই কথায় পরে আসব।

ট্রাস্ট নিয়ে আলোচনা হয়েছে, কিন্তু স্পিরিট নিয়ে আলোচনা হয় নি। দেশটা কেন কোন পরিকল্পনা করে নি ? যখনই এই ঘটনা ঘটছে, যখন রাওলার্ট আইন আলোচনা করছি - ১০০ বছর, তখন একই রকমভাবে ভারত রক্ষা আইনকে যেমন রাওলার্ট -এ আরও extend করা হল, আরও অ্যাটাকিং, আমাদের দেশেও কিন্তু ইউ.এ.পি.এ. সহ পুরনো যে আইনগুলো ছিল, তাকে আরও অনেক বেশি দাত, নখ সহ আরও অনেক বেশি মানবিকতা বিরোধী অবস্থানে নিয়ে যাওয়া হয়েছে সম্প্রতি লোকসভায় সংশোধনী আনার মধ্য দিয়ে। কি করেছে ? প্রায় একই রকম। দেখলে মনে হবে একই রকম। ইউ.এ.পি.এ. যে সংশোধনীগুলো আরও কঠিন করা। হয়েছে, এই মনোভাব থেকে যে শুধুমাত্র সংস্থা নয়, অর্গানাইজেশান নয়, ইনডিভিজুয়াল টেররিস্ট এবং সন্ত্রাসী কাজ করুক না করুক, তার লেখা, তার বক্তৃতা, তার উৎসাহ সবটাই নাকি টেররিস্ট। কোন জায়গায় নিয়ে গেল স্যার, এন.আই. এতে যে অধিকার দিয়ে দেওয়া হল, যদি সন্দেহজনক কাউকে মনে করে তার বিশ্বাসযোগ্য নির্ভর করে, তাকেও সন্ত্রাসবাদী চিহ্নিত করা যাবে। যে কেউ কোন্ জায়গায় নিয়ে যাওয়া হল স্যার ? এমন কি রাজ্যের অনুমোদন বাদ দিয়ে এন.আই. এ সরাসরি কোন রাজ্যের যে কাউকে সন্দেহের তালিকায় নিয়ে এসে টেররিস্ট চিহ্নিত করতে পারবে। এটা ভয়ঙ্কর। স্যার, একটা গোটা আইনের যে ঘোরতর সিভিল রাইটস্ বিরোধী অবস্থানগুলোকে সুপ্রীম কোর্ট বাতিল করে দিয়েছিল, সেগুলোকেই ইউ.এ.পি. এ এবং তার সংশোধনীর মধ্য দিয়ে ফের নিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে। জালিয়ানওয়ালাবাগের ১০০ বছর, যার ভিত্তির রাওলার্ট আইন, ১০০ বছর পরে ইউ.এ.পি.এ. ইউ.এ.পি. এ আইনকে সংশোধনী করে আমরা কি একই রকম জায়গায় যাবার চেষ্টা করছি ? তখন ব্রিটিশের বিরুদ্ধে স্বাধীনতা সংগ্রামকে নিয়ন্ত্রণ করার জন্য, আর এখন, কিসের জন্য ? Crony Capitalist - তার স্বার্থকে রক্ষা করার জন্য। সাম্রাজ্যবাদের পুঁজিবাদের দাসে নিজেদের পরিণত করার জন্য একই অবস্থানে ভারতবর্ষকে নিয়ে যাবার প্রায় ১০০ বছর আগের মতন একটা প্রচেষ্টা আজকের দেশের সরকার যখন করছে, তখন তার বিরুদ্ধে সবাইকে রুখে দাঁড়াবার অন্য কোন বিকল্প থাকতে

পারে না। স্যার, ২ রা আগস্ট পালামেন্টে আলোচনা হল জালিয়ানওয়ালাবাগ ট্রাস্ট লোকসভায়, নট জালিয়ানওয়ালাবাগ, ট্রাস্ট। আমি তার মধ্যে এখন ঢুকছি না। জুলাইতে হল ইউ.এ.পি. এ সংশোধন, ২ রা আগস্ট ট্রাস্ট আলোচনা হল। আর ৫ ই আগস্ট, কি হল ? বন্দোবস্ত করা হল কার্যত একটা রাজ্যকে অন্ধকারে রেখে রাজ্যের মানুষকে confidence-এ না নিয়ে রাজ্যের নেতা যাঁরা আছেন, রাজ্যের মন্ত্রী যাঁরা আছেন, মুখ্যমন্ত্রী যাঁরা আছেন, তাঁদেরকে গোপনে আটকে রেখে কার্যতঃ একটা রাজ্যকে ভাগ করে দেবার মত ব্যবস্থা করা হল, মানুষের অধিকার থাকবে না, নির্বাচিতদের অধিকার থাকবে না, মন্ত্রীদের অধিকার থাকবে না, কারোর কোন অধিকার থাকবে না, দিল্লী - আমি যা বলব, তাই করতে হবে, এর চাইতে বড় নির্যাতনমূলক ঘটনা কি ঘটতে পারে ? যখন জালিয়ানওয়ালাবাগ ইউনিটি স্পিরিট দেখাচ্ছে, তখন ডিভিসানের বাস্তবতাকেই তৈরি করছে এখন ভারত সরকারের কাশ্মীর সংক্রান্ত বন্দোবস্ত। মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন, বিভিন্ন দলের নেতারা যেতে চেয়েছেন, আটকে গেছেন। আমার পার্টির নেতা সীতারাম ইয়েচুরি আটকে গেছেন। যদিও নিশ্চয়ই আপনারা জেনেছেন Habeas Corpus-এর মধ্য দিয়ে আজকে সুপ্রীম কোর্ট অর্ডার দিয়েছে। কমরেড সীতারাম ইয়েচুরি, তিনি কাশ্মীরে যেতে পারবেন। ডেভেলপমেন্ট এই জায়গাতে আমাদের যেতে হচ্ছে court মারফত সরকার কোথায় নিয়ে যেতে চায়, স্যার, আমি যে কথা বলে আমার কথা শেষ করব, সেটা হচ্ছে এই প্রথম বিশ্বযুদ্ধের বোঝা মানুষের উপরে, অর্ধেক মানুষ প্রতিবাদ করলেন, সোভিয়েতের প্রভাব মানুষ যদি প্রতিবাদ করেন না করতে দেব না অতয়েব রাওলার্ট আইন, একই রকমভাবে ক্রনি ক্যাপিটালিজম -এর বোঝা মানুষের উপর চাপিয়ে দিয়ে ইউ.এ.পি.এ অ্যামেন্ডমেন্ট করে মানুষের অধিকারকে কেড়ে নেবার চেষ্টা করা হচ্ছে। In the name of দেশপ্রেম। এটা দেশপ্রেম নয়, মানুষের ঐক্য এবং অধিকার রক্ষার মধ্য দিয়ে দেশপ্রেম রক্ষিত হয়। মানুষের ঐক্যকে বিনষ্ট করে আর মানুষের অধিকারকে বিভাজিত করে দেশপ্রেম হয় না। যেটা হয়, সেটা দেশদ্রোহীতার কাজ। সেই কারণেই যারা দেশ চালাচ্ছে, আমাদের ভারতবর্ষের সংবিধানের মূল স্পিরিট, India is a Union State - মানে না, বাস্তবে ভারতবর্ষ একটা ডেমোক্রেটিভ সেকুলার রিপাবলিক তাকে বানচাল করে দেওয়ার চেষ্টা করছে।

[3:40 – 3:50 p.m.]

এই রকম একটা অবস্থায় আমাদের সবাইকে এই কথাটা বলার কোনো বিকল্প নেই যে, বিশ্বাসঘাতকের দল যারা ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামে কার্যত সংগ্রামী ভূমিকা নেয়নি, বিশ্বাসঘাতকের ভূমিকা নিয়েছে, একশো বছর পরে জালিয়ানওয়ালাবাগের স্পিরিটটাকে মানতে পারেন না, তারা আজও বিভাজন এবং চাপিয়ে দেওয়ার এই রাজনীতি করছে। এর বিরুদ্ধে রুখে দাঁড়ানোটাই আমাদের কাছে কাজ। এই মনোভাবেই আমাদের চলতে হবে। এবং সেই কারণেই আমি আবারও বলব, মানুষের মৃত্যু হলে তবুও মানব থেকে যায়। অতীতের থেকে উঠে আজকের মানুষের কাছে আরও ভালো, আরও স্থির দিক নির্ণয়ের মত চেতনার পরিমাপে নিয়ন্ত্রিত কাজ কতদূর অগ্রসর হয়ে গেল জেনে নিতে আসে। ইতিহাস বারে বারে ফিরে আসবে আমাদের

চেতনায় আঘাত দিয়ে দায়িত্ববান করার জন্য। সেই দায়িত্ব আমাদের পালন করতে হবে। এই মনোভাব থেকে আপনি যে রেজোলিউশান এনেছেন তাকে আরেকবার সাধুবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

Shri Jyotirmoy Kar : স্যার, আপনি যে প্রস্তাবনা উত্থাপনা করেছেন আগামী শতবর্ষ পরে এই বিধানসভায় একই প্রস্তাব নিয়ে চর্চা করবে এবং আমাদের এই ইতিহাসকে স্মরণ করে আমাদের যে অতীতের আত্মত্যাগ তাকে বার বার স্মরণ করবে। এটি একটি এমন ঘটনা মহাভারতের যুধিষ্ঠির যিনি মহাত্মা গান্ধী তার ধৈর্য্যকেও টলিয়ে দিয়েছিল। বিশ্বের যিনি গুরু রবীন্দ্রনাথ তিনিও উত্তেজিত হয়ে, অসহিষ্ণু হয়ে তাঁর উপাধিকে পরিত্যাগ করেছিলেন। বার বার আমরা এই ইতিহাসই আমরা পেয়েছি বিদ্রোহ, আন্দোলন, সাম্রাজ্যবাদের বিপক্ষে। ভারতের অঙ্গরাজ্য যদি ভারতের মালা হয় তার পাঞ্জাব এবং বাংলা হচ্ছে সেই মালার মণিমালা। তাই বিট্রিশ চেয়েছিল লর্ড কার্জন বঙ্গভঙ্গ আন্দোলনের মাধ্যমে বাংলাকে ক্ষতবিক্ষত করে দুর্বল করতে চেয়েছিলেন। ঠিক তার চৌদ্দ বছর পরে জেনারেল ডায়ার পাঞ্জাবকে রক্তাক্ত করে তার দেশপ্রেমকে অগ্নিদগ্ধ করতে চেয়েছিলেন। দু'জনের ক্ষেত্রেই বাংলা ব্যর্থ হয়েছে যেমন তেমনি পাঞ্জাবের দেশপ্রেমকে আরও বেশি আত্মমুখী, আরও বেশি আত্মবিনোদনের পথে নিয়ে গেছে। যার ফলে যথার্থই বলেছেন যে, জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড ছিল ব্রিটিশ সম্রাজ্যবাদের পতনের শুরু। স্যার, ইতিপূর্বে আমরা পেয়েছিলাম সাঁওতাল বিদ্রোহ ১৮৫৫ সালে সিধু-কানুদের নেতৃত্বে। সেটা ছিল বিশেষ সম্প্রদায়ের বিদ্রোহ যাকে আমরা শ্রদ্ধা করি। ১৮৫৯ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত পেয়েছিলাম নীল বিদ্রোহ। সেটা কৃষক সমাজের আন্দোলন ব্রিটিশ সম্রাজ্যবাদের বিরুদ্ধে। একটা অর্থনৈতিক নিষ্পেষণ, অর্থনৈতিক লুণ্ঠন, অর্থনৈতিক বাণিজ্যের বহিঃমুখীকরণ - এগুলোর বিরুদ্ধে সোচ্চার আন্দোলন। ১৮৫৭ সালে আমরা পেয়েছিলাম সিপাহী বিদ্রাহ। সেটাও একটা দেশপ্রেমী সিপাহীরা যাঁরা আজকে আমাদের দেশে সেই সিপাহী বিদ্রোহকে আমরা, মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে, ভারতের স্বাধীনতা আন্দোলনের আত্মত্যাগের কথা। আমরা কৃষকদের আন্দোলন পেয়েছিলাম দাক্ষিণাত্যের কৃষক হাঙ্গামা ১৮৭৫ সালে। সেটা ভারতবর্ষের জাতীয় আন্দোলনকে আরও উজ্জীবিত করেছিল। পরবর্তীতে আমরা পেয়েছিলাম মুন্ডা আন্দোলন ১৮৯৯ সালে বিরসা-মুন্ডার নেতৃত্বে যা ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের অগ্নিশিখাকে ক্রমশই দীপোজ্জ্বল, বহ্নিশিখায় রূপান্তরিত করেছিল। আমরা বঙ্গভঙ্গ আন্দোলন পেলাম ১৯০৫ সালে। বাংলাকে ভাগ করার কার্জনের যে চক্রান্ত সেই চক্রান্তকে ব্যর্থ করে দিয়ে আপামর জনসাধারণ যেটা ছিল sectoral movement কি কৃষক আন্দোলন, কি কৃষক হাঙ্গামা, কি সিপাহী বিদ্রোহ কিন্তু জাতি ধর্ম নির্বিশেষে মাস মুভমেন্ট যাকে বলে, গণতান্ত্রিক আন্দোলন, জনগণের আন্দোলন বলে। তাকে আমরা প্রত্যক্ষ করলাম ১৯০৫ সালে বঙ্গভঙ্গ আন্দোলনে। সারা ভারতবর্ষ উত্তাল হয়ে গেল, বাংলা উত্তাল হয়ে গেল। সকাল থেকে রাখিবন্ধনের মাধ্যমে ভ্রাতৃত্বের বন্ধনে ব্রিটিশ সম্রাজ্যবাদ থর থর করে কাঁপতে লাগল। আমরা সেটা পেয়েছিলাম। পরবর্তীকালে কার্জন যখন দেখল তার বঙ্গঅস্ত্র প্রচার সফল হ'ল না আস্তে আস্তে করে চলে আসুন প্রথম বিশ্বযুদ্ধে ১৯১৪ থেকে ১৯১৭ সালে।

রাশিয়ার মুক্তি, পরবর্তীকালে ফ্যাসিস্টের আন্দোলন যখন সারা পৃথিবীকে চমকে দিয়ে শুরু হয়েছে ঠিক সেই পূর্বে ব্রিটিশরা ভয় পেয়ে গেল পাঞ্জাবীদের। তারা ভাবল বাংলাকে বিভক্ত করতে পারলাম না, পাঞ্জাবকে যদি দুর্বল না করি, ক্ষতবিক্ষত না করি তাহলে পাঞ্জাবের অগ্ন্যুদ্গার তাদের যে ক্রোধাগ্নি আমাদের ভস্মীভূত করে দেবে, ব্রিটিশ সাম্রাজ্যকে সরিয়ে দেবে। তাই সেদিন যে চক্রান্ত করল আমরা দেখলাম রাওলাট আইন ১৮ ই মার্চ ১৯১৯ সালে প্রকাশিত হল। যেটা ১৯১৭ সালে স্যার কিডনি রাওলাটের নেতৃত্বে চেয়ারম্যানশিপে যে কমিটি হয়েছিল। কি ছিল সেখানে? সেখানে ছিল ভারত রক্ষা আইনের নামে একটি আইন পাশ হল, এই কমিশনের চেয়ারম্যান স্যার কিডনি রাওলাটের নেতৃত্বে ১৮ ই মার্চ ১৯১৯। স্বৈরাচারী দমনমূলক আইন এটা সবাই জানেন স্যার। কিন্তু মূল যে আইনটা ছিল সেই আইনটা হল সন্দেহজনক কোন ব্যক্তিকে পরোয়ানা ছাড়াই তাকে অ্যারেস্ট করা যাবে। তাকে বিচার করা যাবে, তাকে শাস্তি দেওয়া যাবে স্যার। এমন কি বিনা পরোয়ানায় তল্লাশি করা যাবে এবং সবচেয়ে যেটা গুরুত্বপূর্ণ নৃশংস, অমানবিক, পৈশাচিক যে কোন সন্দেহ ছাড়াই, কোন প্রমাণ ছাড়াই বিশেষ কোর্টে বিচার হয়ে তাকে শাস্তি দেওয়া যাবে এবং তার বিরুদ্ধে অ্যাপিল করা যাবে না। এই ছিল সেদিনের আইন। সেই আইনে পরে কি হল? তখন পাঞ্জাবে -যেটা বলেছেন ডঃ চক্রবর্তী - হাহাকার পড়েছে, খেতে পাচ্ছে না, পাঞ্জাবে তখন মুদ্রাস্ফীতি। পাঞ্জাবে তখন একটা চরম অর্থনৈতিক সঙ্কট এবং আর্য সমাজের ক্রমাগত প্রচার। তিনটে জিনিস সেদিন পাঞ্জাবীদের একদম ক্রোধাগ্নি প্রজ্জ্বলিত করে ব্রিটিশ সাম্রাজ্যবাদকে ধ্বংস করার চেষ্টা করল। কিন্তু তারা বিশেষ করে সেদিন ডঃ সত্যপাল এবং দুজন নেতৃত্বকে অ্যারেস্ট করল। গান্ধীজী দুবার হরতাল ডেকেছিলেন। সেই হরতাল পাঞ্জাবে সাক্সেসফুল হয়েছিল। কিন্তু হরতালের পরেই ব্রিটিশ আরো উৎক্ষিপ্ত হয়ে গেল। ব্রিটিশ উৎক্ষিপ্ত হওয়ার পরেই স্যার ডঃ সত্যপাল এবং সৈফুদ্দিন কিচলুকে অ্যারেস্ট করল। গোটা পাঞ্জাব দাউ দাউ করে জ্বলে উঠল। কারণ এই দুজন ছিল জাতীয়তাবাদী নেতা এবং এরাই পাঞ্জাবকে কন্ট্রোল করতে পারত। এরাই অমৃতসরে সবচেয়ে গ্রহণযোগ্য নেতা। কিন্তু রাওলাট আইনে, ভারত রক্ষা আইনে এদের অ্যারেস্ট করা হল। ৩০ শে মার্চ এবং ৬ ই এপ্রিল স্বতঃস্ফূর্তভাবে গান্ধীজীর ডাকে হরতাল হল। গান্ধীজী ট্রেনে পাঞ্জাব থেকে যেতে চাইলেন অমৃতসর। তাকে যেতে দেওয়া হল না, ফিরিয়ে দেওয়া হল। ১৯১৯ সালের ১৩ ই এপ্রিল পাঞ্জাবের অমৃতসরে জালিয়ানওয়ালাবাগের ঘটনা সবাই জানেন। চারিদিকে বন্ধ এমন কি যে পথ দিয়ে খোলা আছে বেরিয়ে যেতে চাইছে মানুষ, শিশু, নারী নির্বিশেষে আপনারা জানেন দশ মিনিট গুলি করে যতক্ষণ না গুলি শেষ হচ্ছে ততক্ষণ ডায়ারের ক্রোধাগ্নি নির্বাপিত হল না। এইভাবেই এক হাজার মানুষ নৃশংস ভাবে মৃত্যুবরণ করল। কয়েক হাজার মানুষ ধ্বংসলীলা চালাল, তারা নিহত হল। আজকে শতবর্ষ পরে এই যে আমরা স্মরণ করেছি, এই স্মরণের মাধ্যমে একটা জিনিস আমরা প্রতিষ্ঠা করতে চাইছি যে আমরা নিজেরাই কত গর্বিত আমাদের সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ে কত মানুষ আত্ম বিসর্জন দিয়ে, কত শিশু, কত নারী, স্বাধীনতার সংগ্রামীরা তাদের স্মরণ করে আমরা নিজেরাই গর্বিত। আমরা তাদের স্মরণ করে আমরা আমাদের এই বিধানসভায় যে আজকে প্রস্তাব নিলাম, এই

বিধানসভা স্মরণাতীত কাল একে স্মরণ করবে। আমিও সেই শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এবং যারা এই নির্মম কাণ্ড ঘটিয়েছে তাদের আরেকবার তিরস্কার করে এবং আজকে ভারতবর্ষে যে ষড়যন্ত্র চলছে বাক রুদ্ধ কর, স্বাধীনতা রুদ্ধ কর, দেশপ্রেমের নামে জাতীয়তাবাদের নামে ধ্বংস কর জাতীয়তাবাদের সমস্ত স্তম্ভকে, তাকে নিন্দা করে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ স্যার।

[3:50 – 4:00 p.m.]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯১৯ সালের ১৩ ই এপ্রিল পৃথিবীর মধ্যে জঘন্যতম, মর্মান্তিক, নারকীয় ঘটনা ঘটেছে তার নিন্দা করে আজকে আপনি চারটি পার্টে যেভাবে। সমস্ত ঘটনাটি বিবৃত করে প্রস্তাব আনতে চেয়েছেন, এই জন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনার এই প্রস্তাবের উপর আলোচনায় শাসক দলের নেতা তথা হাউসের নেতা মুখ্যমন্ত্রী থেকে শুরু বিভিন্ন রাজনৈতিক দলেন নেত্রীবৃন্দ আমার আগে পর্যন্ত যে সমস্ত বক্তা বক্তব্য রেখেছেন এই আলোচনাকে খুবই সমৃদ্ধ করেছে। যে ঐতিহাসিক ঘটনা ঘটেছে সেই ঘটনার পুনরাবৃত্তি না করে, সেই ঘটনার সঙ্গে সম্পর্কযুক্ত আরো কিছু ঘটনা যেগুলো ঘটেছে সেগুলো আজকে বিবৃত করার দরকার আছে। এই নিন্দা শুধু আমরা করছি তা নয়, এই ঘটনার নিন্দা করেছেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তার নাইট উপাধি ত্যাগ করে। স্যার সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় পর্যন্ত তীব্র ধিক্কার জানিয়ে বলেছেন ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে পূর্ব থেকে পশ্চিম, উত্তর থেকে দক্ষিণ সর্বত্র একটা মহাযুদ্ধের সূচনা করে দিলেন। ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের মানুষ যেমন এর বিরুদ্ধে গর্জে উঠেছেন। এই আন্দোলনের সাথে যুক্ত ছিল জাতীয় কংগ্রেস তারা নিন্দা করলেন এবং তার নেতা সি.এফ.এন্ড্রুজ এই ঘটনাকে কষাইখানার সঙ্গে তুলনা করলেন। স্যার, ১৭৫৭ সালে যে স্বাধীনতা আমাদের অস্তমিত হয়েছিল। ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির কাছে আমরা যে স্বাধীনতা হারিয়েছিলাম, তারপর ঊনবিংশ শতাব্দীর প্রথম থেকেই আমাদের দেশের মানুষের মধ্যে ব্রিটিশ সম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে একটা ঘৃণা পুঞ্জীভূত হচ্ছিল। প্রথমে যে সমস্ত ধনী সম্প্রদায়ের মধ্যে, সাধারন মধ্যবিত্তদের মধ্যে ছিল, তাদের এই উপলব্ধিকে, তাদের মানসিকতাকে সম্মান জানাতে ঊনবিংশ শতাব্দীর শেষের দিকে ১৮৮৫ সালে জাতীয় কংগ্রেসের প্রতিষ্ঠা হয়। ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির হাত থেকে ভারতবর্ষের ন্যায় বিচার এবং স্বায়ত্ব শাসনের দাবী জানিয়ে। আমরা এই বাংলার মানুষ গর্ববোধ করি এই রাজ্যেরই একজন মানুষ ডব্লিউ.সি. ব্যানার্জী তিনি জাতীয় কংগ্রেসের প্রথম সভাপতি ভারতবর্ষের। যে আন্দোলন প্রতিষ্ঠা হয়েছিল ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে, তার ভিত তৈরি করা। কিন্তু স্যার তার পরেই বিংশ শতাব্দীর প্রথম দিকে যখন বঙ্গভঙ্গ নিয়ে অনেক বেশি বিক্ষোভে ফেটে পড়েছে ব্রিটিশ সাম্রাজ্যশক্তি বিরুদ্ধে তখন সারা ভারতবর্ষে আরো অন্যান্য কারনে ব্রিটিশ শক্তির বিরুদ্ধে নানা রকম আন্দোলন পুঞ্জীভূত হচ্ছিল। বিভিন্ন জায়গায় আন্দোলন হচ্ছে তখনই জাতীয় কংগ্রেস ব্রিটিশ শক্তির বিরুদ্ধে লড়াইয়ের যখন প্রস্তুতি নিচ্ছে ঠিক তখনই প্রথম বিশ্বযুদ্ধ শুরু হল। ব্রিটিশ রাজ শক্তি বলেছিল যে আমাদের ভারতীয় সেনারা, ভারতীয়রা এই যুদ্ধে যদি ব্রিটিশদের পাশে থাকে তাহলে সেদিন প্রথম বিশ্বযুদ্ধের পরেই তারা আমাদের দেশের স্বাধীনতা ফিরিয়ে দেবেন। গান্ধীজির মত নেতাও বিশ্বাস করেছিলেন। তাদের

নিয়ে এসেছিলেন, বিশ্বাস করে সেখানে আমাদের সেনারা যোগ দিয়েছিলেন। ১৪ সালে প্রথম মহাযুদ্ধ শুরু হল ১৯ সালের প্রথম দিকে যখন শেষ হল। তখন আমাদের দাবী মানা তো দূরের কথা, যে সেনা বাহিনীর লোকেরা ছিলেন তাদের সবাইকে বাড়ি পাঠিয়ে দিলেন। এই কাজে সমস্যা প্রকট হয়ে দেখা দিল। মানুষ যখন ক্ষোভ জানাচ্ছেন, তখন আর একদিকে ব্রিটিশ শক্তি মন্টেগু চেমসফোর্ডকে দিয়ে শান্ত করার চেষ্টা করছেন। আর একদিক রাওলাট আইন নিয়ে এসে সামাজিক অত্যাচার চালাচ্ছেন। মানুষ প্রতিবাদ জানাচ্ছেন। গান্ধীজি পাঞ্জাবের কাছে যখন আসছেন রাস্তায় তাকে গ্রেপ্তার করলেন। আমেদাবাদে যখন আম জনতা বিক্ষোভে ফেটে পড়লেন গান্ধীজিকে মুক্তি দিলেন।

তারপর সৈফুদ্দিন কিচলুকে গ্রেফতার করলেন। সত্যপালকে গ্রেফতার করলেন। নিরস্ত্র মানুষ অহিংস পথের প্রতিবাদ করতে গেছেন। জালিয়ানওয়ালা বাগ নিয়ে কি ঘটেছে, সেই ব্যাপারে অনেকেই বর্ণনা করেছেন। একটা গেটে জেনারেল ডায়ারের বড় গাড়িটা দিয়ে আটকে দিল, আর ছোট গেটে একজনের বেশি লোক ঢুকতে পারবে না। কত মানুষের মৃত্যু হয়েছে তার ইয়ত্তা নেই। সেই সংখ্যা কোন ঐতিহাসিক বের করতে পারেননি। আর তার পরেই দেশে কার্ফু জারি করে দিল। ডেডবডিগুলো পর্যন্ত আত্মীয়দের কাছে দেওয়া হয়নি। কোথায় কিভাবে সরিয়ে দিয়েছিল সেটা বৃটিশ শক্তিরাই জানেন, আমরা জানিনা। ইতিহাস আজও তার বিবৃতি দিতে পারেনি। এই জঘন্যতম ঘটনার প্রতিবাদে তারপর যখন ওই জায়গায় যারা ছিলেন, শহীদ হয়েছিলেন যারা, যে নিরস্ত্র মানুষ জেনারেল ডায়ারের গুলিতে প্রাণ হারিয়েছে ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে লড়তে গিয়ে, বিক্ষোভ দেখাতে গিয়ে, তাদের স্মৃতির উদ্দেশ্যে একটা স্মারকস্তম্ভ তৈরি করা হল। ১৯২০ সালে সেই স্মারকস্তম্ভ তৈরি করেছিলেন। জাতীয় কংগ্রেস সেই জমিটা কিনে নিয়েছিলেন, তার ট্রাস্টি করেছিলেন। জাতীয় কংগ্রেস তখন সেই জমিটা কিনে নিলেন, প্রাইভেট ল্যান্ড ছিল একটা পার্ক ছিল, সেই জমিটা কিনে নিলেন। জাতীয় কংগ্রেস কিনে নেওয়ার পরে সেটাকেও একটা ট্রাস্ট তৈরি করা হল। পৃথিবীর অস্তিত্ব যতদিন থাকবে, জাতীয় কংগ্রেস তার অস্তিত্ব নাও রাখতে পারে। কিন্তু পৃথিবীর অস্তিত্ব যতদিন থাকবে, ততদিন মানুষ শ্রদ্ধার সঙ্গে সেই সব মানুষদের স্মরণ করবেন। একজন আমেরিকান আর্কিটেক্ট ছিলেন, তিনি ওখানে এসে একটা স্থাপত্য তৈরি করলেন। একজন আর্কিটেক্ট এসে ওখানে একটা স্মারক তৈরি করলেন। তার নাম ছিল বেঞ্জামিন পোল্ক, তাকে দিয়ে করানো হল। ৬১সালের ১৩ই এপ্রিল ভারতবর্ষের প্রথম রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্রপ্রসাদ সেটাকে জাতির উদ্দেশ্যে উৎসর্গ করলেন। পন্ডিত জহরলাল নেহেরুজী ছিলেন, আরও অনেকে সেখানে ছিলেন এবং একটা শিখা সেখানে জ্বলছে, এখনও সেটা সবসময় জ্বলে। স্যার, এটা জাতীয় কংগ্রেসের নেতৃত্বে আন্দোলন হয়েছিল বলেই আমরা গর্ব করে বলি তা নয়, সারা ভারতবর্ষের মানুষ তার উত্তরসূরী। সারা ভারতবর্ষের মানুষ যারাই যান, রাজনৈতিক, অরাজনৈতিক ব্যক্তি যারাই যান, শুধু ভারতবর্ষের নন, ভারতবর্ষের বাইরের, তারাও গিয়ে শ্রদ্ধা জ্ঞাপন করে যান। জালিয়ানওয়ালা বাগের হত্যাকাণ্ডে শহিদ মানুষদের প্রতি শ্রদ্ধা জানাতে পয়সা খরচা করে সারা পৃথিবী থেকে যান। কিন্তু আজকে দুর্ভাগ্য, যারা সেখানে

প্রাণ দিয়েছিলেন, তারা কোনদিন ভাবতে পারেননি সেটা নিয়ে রাজনীতি হবে। আজকে এমনই দুর্ভাগ্য দেশের সরকার, রাজনৈতিক আন্দোলনে অংশগ্রহণ করেননি যারা, আমার আগে অনেক বক্তা তাই বলেছেন, আমাদের সুজনবাবু বলেছেন, অসিতবাবু বলেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী তো বলেইছেন, আমাদের ব্রজবাবু বললেন, জ্যোতির্ময়বাবুও বললেন। তাদের স্বাধীনতা আন্দোলনে কোন অংশ নেই। স্বাধীনতা আন্দোলনে সৈনিকের জন্য কোন গর্ববোধ করতে পারেন না। বরং স্বাধীনতা আন্দোলনে স্বাধীনতা সংগ্রামীদের ধরিয়ে দিয়েছেন নিজেরা ব্রিটিশদের চর হিসাবে ভূমিকা পালন করে। তাদের নামে এয়ারপোর্ট হয়, তাদের নামে মন্দির হয়, তাদের নামে স্টেশন হয়। কিন্তু যাঁরা প্রাণ দিয়েছেন, তাঁদের প্রতি শ্রদ্ধা জানাবার সময় তারা পায়নি। এমনকি যে ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তি এই জঘন্যতম নারকীয় ঘটনা ঘটিয়েছে, তাদেরও রাণী এলিজাবেথ এসে একটু ঘুরিয়ে হলেও ঘটনার নিন্দা করেছেন, দুঃখ করেছেন। কিন্তু আমাদের দেশের উত্তরসূরী যারা, যাদের স্বাধীনতা আন্দোলনে কোন অংশ নেই, তারা শ্রদ্ধা জানানো তো দূরের কথা, সেই স্মারক স্তম্ভটাকে দখল করার একটা চক্রান্ত শুরু হয়েছে, যাদের ওখানে কোন অবদান ছিল না। জমিটা সরকার থেকে দেয়নি। জমিটা তার এক বছরের মধ্যেই ১৯২০ সালে জাতীয় কংগ্রেস কিনে নিয়ে একটা ট্রাস্ট তৈরি করেছিল।

[4:00 – 4:08 p.m.]

স্যার, এটা আমাদের লজ্জা। একটা মর্মান্তিক ঘটনা ঘটল, সেই ঘটনা থেকে যেমন সবাই দুঃখ প্রকাশ করে এবং তার থেকে শিক্ষা নেয়। কিন্তু আমাদের দুর্ভাগ্য সেই মর্মান্তিক ঘটনা ঘটার পরেও, ১০০ বছর পরেও আমাদের দেশের যাদের স্বাধীনতার আন্দোলনের কোন জ্ঞান নেই, কোন অংশ গ্রহণ নেই এবং শিক্ষাটা অন্তত নেয়নি। নিন্দা করাতো দূরের কথা। আজ তারা বীর শহিদদের অপমান করার জন্য স্মারক স্তম্ভটাকে কুক্ষিগত করার একটা জঘন্যতম ষড়যন্ত্র করছে। স্যার, সেদিন যাঁরা লড়াই করেছিলেন তাঁদের প্রতি অশ্রদ্ধা জ্ঞাপন যেন একটা হ্যাবিট হয়ে গেছে আজকের সরকারের। সবাই তাই বলেছেন। যাঁরা আন্দোলন করেছিলেন তাঁদের মধ্যে মুসলিম ছিলেন, শিখ ছিলেন। অবিভক্ত পাঞ্জাবের শিখ এবং মুসলিমরাও ছিলেন, আরো অনেকে ছিলেন বিভিন্ন সম্প্রদায়ের মানুষ। তাঁরা কেউ ভাবেননি আমি কোন জাতের। একসঙ্গে দেশের স্বাধীনতার জন্য ব্রিটিশ শক্তির বিরুদ্ধে প্রতিবাদ জানানোর জন্য লড়াই করেছিলেন। আজকে আমাদের দুর্ভাগ্য আমাদের দেশের তাঁদের উত্তরসূরীরা তাঁদের সেই লড়াইকে সম্মান না জানিয়ে তাঁদের লড়াইকে ব্যঙ্গ, বিদ্রূপ করে সেই জাতির মধ্যে বিভেদ সৃষ্টি করে দেশকে টুকরো টুকরো করার একটা ষড়যন্ত্র করছে - এটাই আমাদের দুর্ভাগ্য। তাঁদের আত্মত্যাগ নিয়ে কোন শিক্ষা নিলাম না। তাদের অনেকেই নেতৃত্বে রয়েছে সরকারের। তাদের কাছে আমার একটাই অনুরোধ স্যার, আপনার এই প্রস্তাবকে যেমন সমর্থন করছি। এই প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে শুধু একটাই অনুরোধ করব আপনারা দয়া করে স্বাধীনতা আন্দোলনে অংশগ্রহণ করেননি তারজন্য আপনাদের নিন্দা আমরা করব না। আপনারা ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির পদলেহন করেছেন, তাদের চরবৃত্তি করেছেন তারজন্য আমরা নিন্দা করব না। শুধু আপনাদের

কাছে একটাই অনুরোধ করব যাঁরা দেশকে স্বাধীন করে দিয়ে গেছেন, যাঁদের ত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে সেখানে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টান সমস্ত সম্প্রদায়ের মানুষ ছিল। যাঁদের ত্যাগের বিনিময়ে দেশ স্বাধীন হয়েছে, এই দেশের পবিত্র সংবিধান হয়েছে। সবার সমান অধিকার কেড়ে নিয়ে সংবিধানের অধিকারে ক্ষমতায় এসে দয়া করে তাদের মধ্যে বিভেদ সৃষ্টি করে দিয়ে নতুন করে আর একটা সাম্রাজ্যবাদীর হাতে ঠেলবেন না। দেশটাকে টুকরো, টুকরো করে দেবেন না। আপনার এই প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি সেইটুকুই আবেদন তাদের কাছে করব। আর এই প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে আজকের ভারতবর্ষের মানুষের কাছে সেই আবেদনটুকু করব। আমরা তাদের শ্রদ্ধা জানাব তখনই, শ্রদ্ধা জানাবার অধিকার ততদিন আমাদের আছে যতদিন তাদের নীতি, আদর্শ, তাদের আত্মত্যাগকে যারা প্রত্যাখান করে নিজেদের তথাকথিত আদর্শ নিয়ে আমাদের মধ্যে বিভেদ আনার চেষ্টা করছে তাদের দেওয়া আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতাকে বিপন্ন করে তুলছে তাদের বিরুদ্ধে লড়াই যদি করতে না পারেন এবং বিরুদ্ধে যদি রুখে দাঁড়াতে না পারেন তাহলে তাঁদের আত্মত্যাগ ব্যর্থ হবে। আজ ১০০ বছর পরে, ওদের সাথে সুরে সুর মিলিয়ে তাঁদের আমরা উপেক্ষা করব, আগামী দিনে। ভারতবর্ষের মানুষ আমাদের ক্ষমা করবে না। আজকে আপনাদের এই প্রস্তাবকে সমর্থন করে আমি এই কয়েকটি আবেদন করছি। আর একটা বিষয় আপনি বলেছেন স্মারক করবেন, আপনার এই প্রচেষ্টাকে আমি অভিনন্দন জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি, নমস্কার।

Mr. Speaker : Hon'ble Members, I am delighted to announce that my friends from different parts of West Bengal belonging to different places are sitting in the gallery. I am not entitled to address them. But I am very happy that they have come to witness today's proceedings. From different Guruduwaras they have come.

Hon'ble Members, as we come to the close of this Historic Sitting of West Bengal Legislative Assembly to remember the 100 years of Jallianawala Bagh Massacre, I would like to convey my sincere appreciation for the committed attendance and enthusiasm with which the Hon'ble Members have approached the discourse on the topic "Remembering the 100 years of Jallianwala Bagh Massacre". It is a very important topic that we have discussed today and the Hon'ble Chief Minister and other Leaders belonging to different Legislature Parties have also participated. Some other Members have also participated. The view expressed by our Hon'ble Leaders of various Legislature Parties and Members who participated in the discussion have enriched the proceedings.

This was a time to reflect on our journey of 100 years since the brutal and inhuman massacre that took place and the House rose to the occasion by doing

so. Progress is not about counting milestones left behind. It is about looking up to the journey and challenges ahead with courage and determinations. The proceedings today bear testimony to this determination and resolve.

I take this opportunity to thank the Hon'ble Chief Minister who spent today very long hours in West Bengal Legislative Assembly and delivered on the occasion. I also thank the Hon-ble Leader of the Opposition, leaders of all Legislature Parties and my colleagues in making this sitting exceptional and memorable.

আমি সমস্ত মাননীয় সদস্যদের ধন্যবাদ জানাই এই গুরুত্বপূর্ণ আলোচনায় যাঁরা অংশগ্রহণ করেছেন এবং আমি বিশেষভাবে ধন্যবাদ জানাব মাননীয়া মুখ্যমন্ত্রীকে, তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ মতামত দিয়েছেন। আজকের এই টপিকের উপরে - 'Remembering 100 years of Jallianwala Bagh Massacre'। এটা একটা ঐতিহাসিক অধিবেশনই আমি বলব ইন দি সেন্স যে আমাদের পরবর্তী প্রজন্ম যাঁরা আসবেন - সবাই একই কথা বলেছেন যে আমাদের এই ইতিহাসকে যেন আমরা ভুলে না যাই। এই ইতিহাসকে স্মরণ করার জন্য পশ্চিমবঙ্গ বিধানসভার proceedings থেকে তাঁরা এগুলো পাবেন। এগুলো সবই আমাদের ডিজিটাইজ্ড হচ্ছে যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। এবারে স্মারক তৈরি করার প্রস্তাবও মাননীয়া মুখ্যমন্ত্রী দিয়েছেন। সেটাও করা হবে।

Now, I put the Resolution moved by me to the vote of the House.

I think the House has consent to it.

The Resolution is adopted. The Resolution is adopted.

Thank you ladies and gentlemen for participation.

ADJOURNMENT

The House was then adjourned at 4.08 p.m. till 11.00 a.m. on Thursday, the 29th August, 2019 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 29th August, 2019 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 17 Ministers-in-Charge, 16 Ministers of State and 178 Members.

[11:00 – 11:10 a.m.]

Presentation of Report of the Business Advisory Committee

Mr. Speaker : Hon'ble Members, I beg to present the 52nd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber yesterday and recommended the Programme of Business for 29th August and 30th August, 2019 as follows:

29.08.2019, Thursday	: The West Bengal Staff Selection Commission (Repealing) Bill, 2019 **(Introduction, Consideration and Passing)**	1 hour
30.08.2019, Friday	: The West Bengal (Prevention of Lynching) Bill, 2019 **(Introduction, Consideration and Passing)**	2 hour

Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department may please move the Motion for acceptance.

Shri Tapas Roy : কার্যউপদেষ্টা কমিটির ৫২তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণ করার জন্য আমি সভায় উত্থাপন করছি।

Mr. Speaker : I think the Motion is Adopted.

Starred Questions
(to which oral answers were given)

হেরিটেজ পর্যটনের উদ্যোগ

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫) শ্রী অসিত মিত্র ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার হেরিটেজ পর্যটনে উদ্যোগী হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, তার রূপরেখা কীরূপ?

শ্রী গৌতম দেব : ক) হ্যাঁ হচ্ছে।

খ) পর্যটন বিভাগ পশ্চিমবঙ্গের বিভিন্ন হেরিটেজ বাসভবনগুলিকে হেরিটেজ হোটেলে রূপান্তরের সম্ভাবনা খতিয়ে দেখছে। ইতিমধ্যেই পশ্চিমবঙ্গের সমস্ত জেলা থেকে যেসব হেরিটেজ ভবনগুলি হেরিটেজ হোটেলে রূপান্তরের যোগ্য এবং যেগুলি নির্দিষ্ট মালিকানাধীন এবং যাদের মালিকেরা উক্ত ভবনগুলিকে হেরিটেজ হোটেলে রূপান্তরে আগ্রহী, সেইসব ভবনের বিস্তারিত তথ্য চাওয়া হয়েছে।

সমস্ত তথ্য সংগ্রহ হলে পরবর্তী গ্রহণীয় পদক্ষেপ এবং রূপরেখা চিহ্নিত করা হবে।

এছাড়াও প্রসঙ্গত উল্লেখ্য, পর্যটন বিভাগ সাম্প্রতিককালে নিম্নলিখিত ঐতিহ্যমন্ডিত স্থানগুলির উন্নতিসাধনের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে —

১) মুর্শিদাবাদে ওয়াসিফ মঞ্জিলের সংস্কারসাধন, প্রকল্প ব্যয় ১৪.৩০ লক্ষ টাকা।

২) হুগলীর শ্রীরামপুরে ড্যানিস ট্যাভার্নের উন্নতিসাধন। প্রকল্প ব্যয় ১.২৬ কোটি টাকা।

৩) হুগলীর চন্দননগরের গঙ্গাতীরসংলগ্ন অঞ্চলের আলোকিতকরণ। প্রকল্প ব্যয় ৪৪.৫৮ লক্ষ টাকা।

৪) চন্দননগর স্ট্রান্ড রোডের পেভমেন্ট এবং নিকাশী ব্যবস্থার সংস্কার। প্রকল্প ব্যয় ১.১৯ কোটি টাকা।

৫) বেলুড় মঠের উন্নয়ন। প্রকল্প ব্যয় ৩০.০৩ কোটি টাকা।

৬) হুগলীর হংসেশ্বরী মন্দিরের সৌন্দর্যায়ন এবং গাজী জাফর খান দরগার আলোকিতকরণ এবং অন্যান্য উন্নতিসাধন। প্রকল্প ব্যয় ২.৫১ কোটি টাকা।

৭) মালদার গৌড়, আদিনা এবং পাণ্ডুয়ার উন্নতিসাধন। প্রকল্প ব্যয় ৪.৯৯ কোটি টাকা। ৮) হুগলীর ফুরফুরা শরীফে রাস্তার আলোকিতকরণ, হাইমাস্ট টাওয়ার নির্মাণ এবং ৫০ শয্যাবিশিষ্ট মুসাফিরখানার নির্মাণ। প্রকল্প ব্যয় ৩.২ ১ কোটি টাকা। আটপুরে রামকৃষ্ণ মঠে বাউন্ডারি ওয়াল, গেস্ট হাউস নির্মাণ।

৯) কলকাতার ইডেন গার্ডেনের বার্মিস প্যাগোডার সংস্কার। প্রকল্প ব্যয় ৯৭.৭৭ লক্ষ টাকা।

১০) কোচবিহার বারানসী কালী মন্দির, মদন মোহন মন্দির, বাণেশ্বর মন্দির এবং ডাঙ্গুরাই মন্দিরের বিবিধ সংস্কার এবং উন্নতিসাধন। ৮০.৯৭ লক্ষ টাকা। বৈরাগী দীঘির সৌন্দর্যায়ন।

১১) জলপাইগুড়িতে ভ্রামরী দেবী মন্দিরের উন্নতিসাধন। প্রকল্প ব্যয় ৪.৪২ কোটি টাকা। দেবী চৌধুরাণী মন্দিরের উন্নয়ন।

১২) উত্তর দিনাজপুর রায়গঞ্জে ভৈরবী মন্দির এবং বালিয়া মসজিদের উন্নয়ন। ৭৩.৩০ লক্ষ টাকা।

১৩) পূর্ব বর্ধমানে ১০৮ শিব মন্দির, গোপিনাথ মন্দির, সর্বমঙ্গলা মন্দির এবং মহাতীর্থ অট্টহাস সতীপীঠের বহুবিধ উন্নয়ন সাধন এবং সংস্কার। প্রকল্প ব্যয় ৪.৫৬ কোটি টাকা।

১৪) বাঁকুড়ার জয়রামবাটি মাতৃমন্দিরে ডর্মিটারী নির্মাণসহ বহু অন্যান্য পরিকাঠামো উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ। প্রকল্প ব্যয় ২.৭৫ কোটি টাকা।

১৫) বীরভূমের কঙ্কালিতলা মন্দির সংলগ্ন অঞ্চলের বিভিন্ন পরিকাঠামো উন্নয়ন। প্রকল্প ব্যয় ১.৭৭ কোটি টাকা।

১৬) হুগলীর কামারপুকুরে রামকৃষ্ণ মঠে ডাইনিং হল, গেস্ট হাউস এবং বাউন্ডারী ওয়াল নির্মাণ। প্রকল্প ব্যয় ২.২৩ কোটি টাকা।

১৭) হুগলীর জগন্নাথ মন্দির, রাধামাধব মন্দির, মাসির বাড়ি মন্দির এবং জগন্নাথ ঘাটের উন্নতিসাধন। প্রকল্প ব্যয় ৭.২৫ কোটি টাকা।

১৮) পশ্চিম মেদিনীপুরে কারবালা মাঠ, ঈদ গাহ এবং বড় পীর বাবা মাজার শরীফের সৌন্দর্যায়ন এবং অন্যান্য উন্নয়ন প্রকল্প আর ২ কোটি টাকা।

১৯) উঃ ২৪ পরগণার দক্ষিণেশ্বর মন্দিরের আলোকিতকরণ। প্রকল্প ব্যয় ১.৩১ কোটি টাকা।

২০) দঃ ২৪ পরগণার বাবা বড় কাছারী মন্দির, জয়রামপুর মন্দিরের প্রভূত উন্নতিসাধন। প্রকল্প ব্যয় ৩.৭৯ কোটি টাকা।

২১) গঙ্গাসাগরের কপিল মুনি মন্দিরের আলোকিতকরণ। প্রকল্প ব্যয় ৫১.৬৫ লক্ষ টাকা। গঙ্গাসাগরে ২০টি কটেজ এবং ১০০ শয্যাবিশিষ্ট ডর্মিটারী নির্মাণ। কচুবেড়িয়ায় স্বাগত তোরণ এবং ট্যুরিস্ট ফেসিলিটেশন সেন্টার নির্মাণ।

২২) কলকাতার পরেশনাথ মন্দিরের পার্শ্ববর্তী এলাকার সৌন্দর্যায়ন। প্রকল্প ব্যয় ৪৭.০৮ লক্ষ টাকা।

২৩) কালিম্পং-এর মরগ্যান হাউস ও তাশিডিং ট্যুরিস্ট লজের একাধিক পরিকাঠামো উন্নয়ন। প্রকল্প ব্যয় ৫২.৫৫ লক্ষ টাকা।

উত্তরটি পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মাননীয় মন্ত্রীমহোদয় কর্তৃক অনুমোদিত।

শ্রী অসিত মিত্র : মাননীয় মন্ত্রী যেসব জায়গার কথা উল্লেখ করলেন, তার সবগুলোতেই কী কাজ শুরু হয়েছে, না আগামী দিনে হবে যদি অনুগ্রহ করে জানান।

শ্রী গৌতম দেব : যে কাজগুলোর কথা আমরা উল্লেখ করেছি, তার সবগুলোর কাজই শুরু হয়েছে। এর মধ্যে বেশীরভাগ কাজই সম্পন্ন হয়েছে, কিছু অনগোয়িং প্রসেসে আছে।

শ্রী অসিত মিত্র : যে জায়গাগুলোকে হেরিটেজ বলে উল্লেখ করেছেন তার অধিকাংশই মন্দির, মসজিদ। এ বাদেও কিছু কিছু জায়গাতে উদ্যোগ নিতে পারেন, যেমন মনীষীদের বাড়ি, যেমন বঙ্কিমচন্দ্রের বাড়ি, ইত্যাদি। পরবর্তীকালে কী এই ধরনের উদ্যোগ নেবেন ?

আর একটা বিষয়, আগেকার স্কিম অনুযায়ী যেখানে শিল্প হচ্ছে বা অন্যান্য জিনিস হচ্ছে সেখানে পর্যটন ক্ষেত্রে নতুন উদ্যোগ নেবেন ঠিক ছিল। এখানে কোনো কোনো ডিপার্টমেন্ট সহযোগিতা না করলে করতে পারছেন না বা করলে কীভাবে করবেন ? কেননা এমন কিছু জায়গা আছে যেটা মন্দির বা মসজিদ সংলগ্ন বা কারো বাড়ি সংলগ্ন।

শ্রী গৌতম দেব : আমাদের রাজ্যে কতগুলো খুব গুরুত্বপূর্ণ মনুমেন্ট আছে যেগুলো আর্কিওলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া নিয়েছে। যেমন বিষ্ণুপুর, হাজারদুয়ারী, কুচবিহার রাজবাড়ি, ইত্যাদি, সেখানে আমরা ঢুকতে পারি না। তার সারাউন্ডিং এরিয়ায় আমরা কাজ করছি। যেমন বক্সা ফোর্ট, যেখানে মহারাজ ত্রৈলোক্যনাথ চক্রবর্তীকে রাখা হয়েছিল, সেখানে পি.ডব্লু.ডি. ইন্টিগ্রেটেড ওয়েতে কাজ করছে।

[11:10 – 11:20 a.m.]

যেমন ড্যানিশ ট্যাভার্ণ যেটা তৈরি হচ্ছে তার পিছনে গভর্ণস হাউস আছে এবং সেখানে টাউন স্কোয়ার আছে যেটা ইউ.ডি ডিপার্টমেন্ট করছে। এছাড়া, রাজ্য সরকার ইতিমধ্যেই দুটি শহর - কোচবিহার এবং নবদ্বীপকে হেরিটেজ শহর হিসাবে ঘোষণা করেছেন এবং তার প্রস্ অ্যান্ড কনস্ ইন ডিটেল দেখার জন্য আই.আই.টি খড়গপুরকে তাদের টেকনিক্যাল এক্সপার্টাইজ হিসাবে নিয়োজিত করা হয়েছে। তাদের এক্সপার্টরা নিয়মিত কাজ করছে এবং কতগুলো রিপোর্ট তারা দিয়েছে এবং ফাইনাল রিপোর্ট আমরা অ্যাওয়েট করছি। সেই রিপোর্টগুলো আসলে এই দুটো যে শহর, খুব গুরুত্বপূর্ণ হেরিটেজের ক্ষেত্রে কোচবিহার এবং নবদ্বীপ সেখানেও কাজ হবে। এছাড়া, আমরা যেগুলো উল্লেখ করেছি, তাছাড়াও আমাদের রাজ্যে যে হেরিটেজ স্টেগুলো আছে পর্যটকদের সেখানে আসার জন্য মালদা থেকে মুর্শিদাবাদ, মুর্শিদাবাদ থেকে নদীয়া, পলাশীর প্রান্তর ইতিহাস যে জায়গাগুলোর সাথে যুক্ত হয়ে আছে এবং অনেকগুলো গুরুত্বপূর্ণ মনুমেন্ট আছে যেগুলো এ.এস.আই.নেয় নি সেই জায়গাগুলো কিছুটা আমরা উল্লেখ করেছি। বাকিটা আমরা জেলাগুলোতে প্রত্যেক জেলাশাসকের সঙ্গে ইনটার‍্যাকশন হচ্ছে এবং তাদের সাথে আমরা বিষয়টা নিয়েছি। সেখান থেকে ডিটেল আসলে প্রাইভেট ওনার্স এবং যে জায়গাগুলো আছে এবং আমাদের রাজ্যে অনেকগুলো বৌদ্ধস্তুপ আছে। সেগুলোকে ডেভলপ করার জন্য ডিটেলে আমরা কাজ করছি।

শ্রী পুলিনবিহারী রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। আমার গাইঘাটা বিধানসভা অঞ্চলে কোন পর্যটন কেন্দ্র নেই। সেজন্য

অনেক বন্ধুবান্ধব বলেন যে আপনার বিধানসভা এলাকায় আমরা যেতে চাই সেখানে কোনো পর্যটন কেন্দ্র আছে কিনা। মন্ত্রীমহাশয়কে ধন্যবাদ যে তিনি হেরিটেজ পর্যটন কেন্দ্র হিসাবে অনেকগুলো মন্দির সংস্কার এবং উন্নয়নের কথা বলেছেন। আমার গাইঘাটা অঞ্চলে, গাইঘাটা বিধানসভায় একটা বহু পুরনো শিবমন্দির আছে - জলেশ্বর শিব মন্দির। বহু পুরনো। আস্তে আস্তে সেটা ডেভলপ করতে করতে অনেক অনুষ্ঠানে এবং অনেক উৎসবে সেই মন্দিরে লক্ষাধিক লোকসমাগম হয়। সেটা এখনও অনুন্নত অবস্থায় পড়ে আছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন যে আপনি ওই গাইঘাটা বিধানসভার জলেশ্বর শিব মন্দির তাকে উন্নত করার জন্য কোন পরিকল্পনা গ্রহণ করবেন কী ?

শ্রী গৌতম দেব : এই সম্পর্কে এখনও আমাদের কাছে বিস্তারিত কোন তথ্য নেই। আমাদের ডিপার্টমেন্টকে আপনি লিখিতভাবে দিন।

শ্রী মনোজ তিগ্গা : माननीय अध्यक्ष महोदय, आपके माध्यम से माननीय पर्यटन मंत्री से मेरा एक प्रश्न है जैसे कि विदेश में सिंगापुर, इंडोनेशिया मे नाइट सफारी होता है तो मेरा मदारी हाट विधान सभा मे जलदापाड़ा एक महत्वपूण Tourist Spot है, तो वहाँ पर नाइट सफारी कराने का आपका कोई सोच विचार है या नही ?

শ্রী গৌতম দেব : মনোজ তিগ্গা জী, ये बंगाल है। आपको जानकारी होगे कि उधर मे क्या स्थिति है। अभी तक उधर मे नाइट सफारी का कोई हमारा इरादा नही है उसमे बहुत सारे Stipulations है। हमारा NGT वगैरह लेने पड़ेगा। लेकिन हमलोगो का देश सफारी जैसा अच्छा से चले। हमलोग जरुर उसका और भी Development के लिए कोशिश कर रहे है और दुसरा जगह मे भी हमलोग सफारी चालू किया हुआ है बंगाल सफारीजेज।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় মন্ত্রীমহাশয়ের আছে আমার অতিরিক্ত প্রশ্ন। কোচবিহার জেলায় আমাদের যে মহারাজারা ছিলেন তাঁদের অর্থানুকূল্যে সেখানে পঞ্চানন স্মৃতি ভবন ছাত্রাবাস তৈরি হয়েছিল। ওই ছাত্রাবাসটির অবস্থা এখন ভগ্নপ্রায়। সেটি হেরিটেজ তালিকায় আছে কিনা মন্ত্রীমহাশয় জানাবেন কী?

শ্রী গৌতম দেব : এটা হেরিটেজ তালিকায় আছে বলে আমাদের কাছে এই রকম কোনো তথ্য এই মুহূর্তে নেই। আমি এই বিষয়ে আরও বিশদে দেখব যে এই বিষয়ে কোনো নথি আমাদের কাছে আছে কিনা।

শ্রীমতী সোনালী গুহ : মাননীয় স্পিকার স্যার, আমি মাননীয় পর্যটন মন্ত্রীর কাছে জানতে চাই যে আমার এলাকায় অনেকগুলি মাজার আছে। তার মধ্যে অন্যতম প্রসিদ্ধ মাজার হল পীরতলার দাদাপীরের মাজার। সেই মাজারটি সংরক্ষণের জন্য বা মাজারটিকে হেরিটেজের তালিকায় আনার জন্য আপনার কাছে কোনো প্রস্তাব আমাদের মাননীয় সাংসদ দিয়েছেন কিনা জানাবেন কী?

শ্রী গৌতম দেব : না, এই রকম কোনো প্রস্তাব এই মুহূর্তে আমাদের কাছে আসেনি। আপনার যদি নির্দিষ্ট কিছু প্রস্তাব থাকে, তাহলে আপনি আমাদের দপ্তরে পাঠান। আমরা নিশ্চয় সেটা এগজামিন করে দেখব।

শ্রীমতী প্রতিমা রজক : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য- আপনি চিঠি দেওয়ার কথা বলছিলেন। আমরা বারে বারে প্যাডে লিখে দিই। এই পর্যটন দপ্তরের মন্ত্রী বারেবারে চেঞ্জ হয়েছে। আমার এলাকায় একটা বৌদ্ধদের পঞ্চস্তূপ আছে। এই স্তূপ অনুসারে ওই অঞ্চলের নামও হয়েছে পাঁচথুপী। এই ব্যাপারে আগে যিনি মন্ত্রী ছিলেন তাঁকে জানিয়েছি, এখন যিনি মন্ত্রী আছেন ওঁনাকেও আমি বারেবারে লিখিতভাবে জানিয়েছিলাম। কিন্তু কোনো কাজ হয় নি। আগামী দিনে এই যে বৌদ্ধদের পঞ্চস্তূপ আছে, এই জায়গায় কোন পর্যটন কেন্দ্র গড়ে তোলার কোনো পরিকল্পনা আছে কিনা জানাবেন কী? আমার বিধানসভা হচ্ছে বড়োয়া, কান্দি সাব ডিভিশন।

শ্রীমতী গৌতম দেব : এই ধরনের কোনো প্রশ্ন নেই। আপনি বলছেন চিঠি দিয়েছেন। নিশ্চয় আমি ডিপার্টমেন্টে গিয়ে দেখছি। আপনাকে আমি স্পেসিফিক্যালি লিখিতভাবে দিয়ে দেব।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পিকার মহাশয়, মন্ত্রী মহাশয়, অনেকগুলি জেলার কথা বলেছেন। কিন্তু পূর্ব মেদিনীপুর বাদ। বঙ্কিমচন্দ্র কপালকুন্ডলা লিখেছিলেন কাঁথিতে থেকে। কিন্তু সেই কপালকুন্ডলা মন্দিরকে পর্যটন কেন্দ্রের অন্তর্ভুক্ত করা এবং তার সঙ্গে সঙ্গে এগরাতে আর একটা প্রাচীনতম মন্দির আছে। সেটাকেও যাতে এই তালিকাভুক্ত করা যায় সেটা জানাবেন কী?

শ্রী গৌতম দেব : পূর্ব মেদিনীপুর বলতেই আমাদের চোখের সামনে সমুদ্র ভেসে ওঠে। আপনি যে কপালকুন্ডলার কথা বলেছেন সেই ব্যাপারে নিশ্চয় এগজামিন করে দেখব। এর আগেও যখন জেলাতে সফরে গিয়েছিলাম তখন বারেবারে এই কোয়েশ্চেন এসেছে। এটা নিশ্চয় আমি দেখব।

শ্রীমতী সাবিনা ইয়াসমিন : স্যার, আমার প্রশ্ন হল–যে সকল পর্যটন কেন্দ্রগুলি আছে, বিশেষ করে আমি মালদাই বলব–গৌড় আদি নাম। মালদা জেলায় ঘোড়ার গাড়ির প্রচলন আছে। ঘোড়ার গাড়ির একটা ইতিহাস আছে। বর্তমানে টোটো চালু হওয়ার জন্য এই ঘোড়ার গাড়ি আস্তে আস্তে বিলীন হয়ে যাচ্ছে। কিন্তু ইতিহাসকে ধরে রাখার জন্য যদি পর্যটনকেন্দ্রগুলিতে ভেহিক্যালস না ঢুকিয়ে ঘোড়ার গাড়ির ব্যবস্থা রাখেন এবং পর্যটকদের যদি এই ঘোড়ার গাড়ির মাধ্যমে ঘোরানোর ব্যবস্থা করেন, তাহলে কিছু মানুষের কর্মসংস্থানের যেমন সুযোগ আসবে, তেমনি পাশাপাশি আমাদের ঘোড়ার গাড়ির যে ইতিহাস আছে, সেটাও সুরক্ষিত থাকবে। এই ব্যাপারে আপনি কিছু বললে উপকৃত হব।

শ্রী গৌতম দেব : আপনার সাজেশানের জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। ইতিহাসের ছোঁয়া যে জায়গাগুলিতে আছে এবং তার সাথে সেই এনভায়রনমেন্টকে ডেভলপড্ করার জন্য এই আধুনিকতাকে বাদ দিয়ে ঘোড়ার গাড়িকে যদি ব্যবহার করা যায়, সেটা অনেক বেশি মনোগ্রাহী হতে পারে। জেলায় জেলায় ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের সাথে আমরা রেগুলার মিটিং করি। আমরা ভিজিট করি। আমি কিছুদিনের মধ্যেই মালদাতে নেক্স্ট্ মিটিং - এ যাব। তখন

এই বিষয়টি নিয়ে ডিটেলে কথা বলব। তখন আপনাকেও ডেকে নিয়ে একসাথে আলোচনা করব।

[11:20 – 11:30 a.m.]

শংকরপুরে নতুন বরফকল নির্মাণ

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮) **শ্রী অখিল গিরি** ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

মৎস্য দপ্তরের অধীনে শংকরপুরে বরফের ঘাটতি পূরণে নতুন বরফকল তৈরি করার কোনো পরিকল্পনা আছে কী?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই হ্যাঁ, আছে। এবং দপ্তরের তরফ থেকে NABARD এর কাছে দৈনিক ১০০ মেট্রিক টন বরফ উৎপাদনে সক্ষম বরফ কল তৈরির প্রস্তাব পাঠানো হয়েছে।

শ্রী অখিল গিরি : স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, শংকরপুর মৎস বন্দরে প্রতিনিয়ত প্রায় চার শতাধিক ট্রলার মৎস্য আহরণের জন্য সমুদ্রে যায়। সেখানে মাত্র তিনটি বরফ কল আছে। এই তিনটি কলে ৭৬ মেট্রিক টন বরফ উৎপাদন করা হয়। ট্রলার মালিকরা যারা সমুদ্রে যায় তাদের বাইরে থেকে বরফ কিনতে হয়। বাইরে থেকে বরফ কিনে তারা মৎস্য আহরণ করেন। সেখানে সেই যে তিনটি বরফ কল আছে, তারা ৭৮ মেট্রিক টন বরফ উৎপাদন করে, সেটাকে আরও উন্নত মানের তৈরির করার কোনো পরিকল্পনা মৎস্য দপ্তর গ্রহণ করেছে কিনা তা যদি জানান।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই আমরা যার জন্যই আবার ১০০ মেট্রিক টনের প্রপোজাল পাঠিয়েছি ন্যাবার্ডের কাছে। এবং তা ছাড়াও যে তিনটি বরফ কল আছে, সেগুলি আমরা দেখেছি একটু পুরনো হয়ে গেছে। যাতে ওইটাই বাড়ানো যায় সে জন্যও আমরা চিন্তাভাবনা করছি।

শ্রী অখিল গিরি : স্যার, আমার দ্বিতীয় অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যদিও নির্দিষ্টভাবে শুধু বরফ কল তৈরির কথা বলা হয়েছে, তাহলেও এখানে যেহেতু ৪০০ ট্রলার ওখানে প্রতিনিয়ত যাতায়াত করে এবং দাঁড়ান, তেল নেন, বরফ নেন সেহেতু সেখানে আর একটি নতুন জেটি তৈরি করার খুবই দরকার। জেটিটা তৈরি করার কোনো পরিকল্পনা মৎস্য দপ্তর গ্রহণ করেছেন কি না ?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই যে, ওখানে আমরা চিন্তাভাবনা করছি যাতে জেটিটি বানানো যায়, সঙ্গে সঙ্গে ওই এলাকাতে যেহেতু পলি পড়ে, চড়া পড়ে যায়, সেই চড়া ড্রেজিং-এর জন্য আমরা চেষ্টা

করছি। হয়তো খুব শীঘ্রই সেটা আরম্ভ হবে। তা ছাড়াও আমরা ওখানে নেট যারা করে তার প্ল্যাটফর্মটাও তৈরি করার জন্য অলরেডি আমাদের টেন্ডার প্রক্রিয়া শেষ হয়ে গেছে। এবং তার সঙ্গে সঙ্গে যে মার্কেটটা আছে, সেই মার্কেটটাও রিপেয়ার এবং রেনোভেশান করার জন্য আমরা চেষ্টা করছি, টাকা অলরেডি ছেড়ে দিয়েছি। কনস্ট্রাকশন ওয়ার্কশপ্ ওখানে একটা ওয়ার্কশপ্ বিল্ডিং আছে, সেই বিল্ডিং একটা করার জন্য আমাদের অলরেডি টেন্ডার প্রক্রিয়া হয়ে গেছে। এবং আমাদের ওখানে আমাদের একটা গেস্ট হাউসের মতো আছে সেটাও রিপেয়ার করছি। এবং স্টাফেদের জন্য যারা ওখানে থাকে তাদের জন্য একটা ডর্মিটরি বিল্ডিংও একটা করছি এবং খাবার জলের জন্য নতুন করে ওভার হেড রিজার্ভারও করছি এবং যে লঞ্চগুলো রিপেয়ার হয় তার জন্য গ্রিয়ার সেডও আমরা করছি।

শ্রী নরেশ চন্দ্র বাউড়ি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মৎস্য দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন করতে চাই, আর কোথাও বরফ কল আছে কী, থাকলে কোথায় কোথায় অনুগ্রহপূর্বক জানাবেন কী?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে বলি যে, সারা পশ্চিম বাংলায় বরফ কলতো আছেই, তার সঙ্গে ১৪, ১৫টা বরফ কল সারা বাংলা জুড়ে আছে, যেখান থেকে বরফ নিয়ে সমুদ্রে মাছ ধরতে যায়, তাই সমুদ্র অঞ্চলেও আছে এবং সমুদ্রের অঞ্চলের বাইরে শিলিগুড়িতেও আমাদের বরফ কল আছে।

শ্রী সমর মুখার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে ছোট্ট একটা প্রশ্ন যে, ফারাক্কা ব্যারেজ যখন তৈরি হয়, তখন একটা করিডোর রাখা আছে পদ্মা থেকে গঙ্গায় ইলিশ আসার জন্য। এর আগেও আমি আপনাকে প্রশ্নটা করেছিলাম, আপনি বললেন "আপনার দপ্তর এটা করে না"। কিন্তু আপনি জানেন না এটা আপনার দপ্তরেই পড়ে। এর আগে আবু হেনা যিনি মৎস্যমন্ত্রী ছিলেন, তখন আমরা ফিশারী স্ট্যান্ডিং কমিটির মেম্বার, আমরা পরিদর্শনে গিয়েছিলাম, ফারাক্কার জি.এম. কে ডেকেছিলাম। আপনি দয়া করে ওখানে একটা ল্যাডারের সিস্টেম করেন যেটা ফারাক্কা ব্যারেজ তৈরির সময়েই হয়েছিল।

কিন্তু আপনার কৃপা দৃষ্টি সেখানে পড়েনি, কেন পড়েনি আমি জানিনা। কিন্তু বাঙালিকে বিশেষ করে মালদা থেকে একদম উত্তর ভারত পর্যন্ত আপনি ল্যাডারের ব্যবস্থা করলে ইলিশ মাছ পদ্মা থেকে গঙ্গায় আসবে। এই ব্যাপারে আপনার সুচিন্তিত বক্তব্য বলবেন। বলবেন না যে এটা আমার দপ্তরে পড়েনা তাহলে আমি প্রিভিলেজ মোশন আনব আপনার এগেনস্টে।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিধায়ক মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই, এই প্রশ্ন উনি আগেও করেছিলেন। যাই হোক উনি যখন বলছেন জেনে রাখুন আপনি, আমরা যে ইলিশ মাছ করছি কোল্নগরের ইউনিভার্সিটির সঙ্গে যে চুক্তি করেছি তারা কিন্তু ফারাক্কাটাকেই বেছে নিয়েছে। সুতরাং আপনার চিন্তা করার কারণ নেই। আপনি যেটা বলছেন

আমিও মালদা গিয়েছি অনেকবার এবং মালদাতেও আমি ইলিশ খেয়েছি। একটা গেটওয়ে আছে আমরা সেটা দেখব যে কীভাবে কী করা যায়।

(এই সময় মাননীয় বিধায়ক শ্রী সমর মুখার্জী কিছু বলতে ওঠেন।)

আপনি ডেট করুন। আপনি যে দিন ডেট করবেন আমি আমার আধিকারিক নিয়ে সেদিন যাব। আপনি যেদিন ডেট করবেন সেদিন যাব।

মিঃ স্পিকার : ঠিক আছে শুনুন, মাননীয় মন্ত্রী বলছেন আপনি একটা ডেট দিন আপনাকে সঙ্গে করে নিয়ে যাবেন এবং আধিকারিকদেরও নিয়ে যাবেন। আপনি ডেট দিন। আমার ঘরে আসবেন আমি ডেট করে দেব। আমার ঘরে আসবেন আমি ডেট করে দেব।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন বা বিষয়টা যদি উনি একটু বিস্তারিতভাবে পুরোটা বলেন যে, বামফ্রন্টের সরকারের আমলে শুধু নয় আপনাদের সরকারের আমলেও দিয়েছেন। আপনি জানবেন মৎস্যজীবী যে গরীব পরিবারগুলো তাদেরকে আপনার আবাস যোজনার ঘর – তারা আবাস যোজনার ঘর পায়। সেটা দীর্ঘদিন ধরে ব্লকে দেখতাম হত। সে তো ছেড়ে দিন আমরা গীতাঞ্জলীরও ঘর সুপারিশ করলে হবে আর এটাও হবে না। এটা কীভাবে আপনি এই পরিবারগুলোকে চিহ্নিত করেন যে এই পরিবারগুলোকে উপভোক্তা করা হবে। তাদের মাপকাঠি কি আর কতজনকে আপনি এই আর্থিক বছরে এই মৎস্যজীবী পরিবারকে এই হাউসিং-এর ঘর দিয়েছেন। ধন্যবাদ স্যার।

মিঃ স্পিকার : এটা যদিও রিলেটেড কোশ্চেন নয় তবুও আপনি বলেছেন তাই মাননীয় মন্ত্রী আপনি উত্তর দিন।

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আপনার প্রশ্নের উত্তরে জানাই, ঠিকই এটা রিলেটেড কোশ্চেন না হলেও আমাদের '১৩ সালের পর থেকে আমাদের দপ্তরের কোনো ঘর দেওয়া হয়না। ঘর যেটা দেওয়া হয় সেটা ডি.এম-এর মাধ্যমেই হয় এবং যেটুকু ঘর আমরা দিই প্রতি বছর এস.এফ.ডি.সি.র জন্য মানে আদিবাসীদের জন্য তার সংখ্যা খুবই কম। ১০০টার মত ঘর আমরা দিই গ্রামভিত্তিক এবং যেখানে যেখানে আদিবাসী এলাকা বেশি থাকে সেখান থেকে যে প্রস্তাব আসে আমরা সেই প্রস্তাব অনুযায়ী এই ঘরগুলো বিলি করি। আপনি জেনে রাখুন ৪৭৫টা ঘর আমরা সারা বাংলায় আদিবাসী এলাকায় দিয়েছি।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, আপনার মাধ্যমে মৎস্য মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমার বিধানসভা মেমারি। সেখানে বড়লি মাছের চাষ হওয়ার কথা ছিল। সেটা কী হয়েছে? আর না হলে সেই বড়লি মাছের চাষ কেন হয়নি মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন?

শ্রী চন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া বিধায়িকার প্রশ্নের উত্তরে জানাই, যে নর্থ বেঙ্গলের বড়লি মাছ আমরা আগের বছরে কলকাতায় করেছি। কলকাতায় সাক্সেসফুল হয়েছি, কিন্তু এটা এত খরচ সাপেক্ষ যে, প্রাইভেটে আমরা যখন চাষীদের কাছে

বলছি, খরচ সাপেক্ষ হওয়ায় সেই হিসাবে তারা ইন্টারেস্টেড না হওয়ার জন্য আমরা আমাদের সেচে কৃষির মাধ্যমে একটা জলাতে করেছি। কিন্তু দক্ষিণ বাংলায় আমরা এটা সেভাবে প্রসার করতে পারছিনা।

[11:30 – 11:40 a.m.]

মিঃ স্পিকার : মাননীয় সদস্যরা সবাই - দে আর রিকলিং যে গত বছর আপনি সবাইকে ইলিশ মাছ খাইয়েছিলেন। সেটা সবাই রিকল্ করছেন। বিষয়টা উনি নিশ্চয়ই দেখবেন, ঠিক আছে।

চারাগাছ বিলি

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী সমর হাজরা** ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে ২০১৮-১৯ অর্থবর্ষে বনদপ্তর কত পরিমাণ গাছের চারা বিলি করেছে ;

(খ) দূষণ নিয়ন্ত্রণের জন্য কী কী দীর্ঘজীবী বড় গাছ বিলি করা হয়েছে ; এবং

(গ) উক্ত অর্থবর্ষে কত পরিমাণ নতুন বনভূমি তৈরি হয়েছে ?

শ্রী ব্রাত্য বসু : (ক) প্রাপ্ত তথ্য অনুযায়ী; ২০১৮-১৯ অর্থবর্ষে বন দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার ১,০৮,২৮,০০০ সংখ্যক চারা গাছ বিলি করেছে।

(খ) দূষণ নিয়ন্ত্রণে সাহায্যকারী দীর্ঘজীবি বৃক্ষ যেমন - সেগুন, শিশু, বহেড়া, হরিতকি, কৃষ্ণচূড়া, রাধাচূড়া, নিম, দেবদারু, গামার, আমলকি, আকাশমণি, মেহগনি, জাম, বকুল, আম, কাঠাল ইত্যাদি গাছ বিতরণ করা হয়েছে।

(গ) ২০১৮-১৯ অর্থবর্ষে ৫৪২২.৬২ হেক্টর নতুন বনভূমি তৈরি হয়েছে।

শ্রী সমর হাজরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বনমহোৎসবে বিধানসভার উদ্যানে একটি কথা বলেছিলেন যে, গাছ নষ্ট হয়ে যাচ্ছে, কংক্রিট বাড়ি তৈরি হচ্ছে। সেই পরিপ্রেক্ষিতে আমি বলছি, ১০টি গাছ একটি প্রাণ। এক সময় সুন্দরবনকে আমরা অক্সিজেন সিটি বলতাম। আপনি কিছু গাছ বিলি করেছেন। আপনি সোনাঝুরি – যেসব গাছ মাটিকে ধরে রাখতে পারেনা এবং অক্সিজেন দিতে পারেনা, এই ধরনের গাছ আপনার দপ্তর থেকে বিলি করা হয়েছিল। এক সময় বড় বড় জমিদারদের বাগান তৈরি হ'ত। এই ধরণের কত বাগান নষ্ট হয়ে কংক্রিট বাড়ি তৈরি হয়েছে, আপনি জানাবেন কি ?

শ্রী ব্রাত্য বসু : স্যার, এই তথ্য আমাদের কাছে নেই। কারণ, বাগানের তথ্য আমাদের ফরেষ্টের মধ্যে পড়ে না। আপনি যে সমস্যাটার কথা বলেছেন, সেটা সামাজিক একটা প্রশ্ন। এটা

একটা সামাজিক ইস্যু। আমি আমার বিধানসভার বক্তৃতায় যেটা বলেছিলাম, আপনি যে প্রশ্ন তুলেছেন, তার একটা সম্ভাব্য উত্তরও আমি সেদিন দিয়েছিলাম এবং আমি সমস্ত বিধায়কদের কাছেই বলে রাখছি যে, আপনাদের যদি মনে হয় আপনাদের এলাকায় আপনারা বনসৃজন করতে চান এবং তার জন্য যদি আমাদের দপ্তরের কাছে গাছ দরকার হয় – ইতিমধ্যেই বেশ কিছু বিধায়ক আমাদের দপ্তর থেকে প্রচুর গাছ পেয়েছেন – আপনি যদি চান আপনি নিশ্চয়ই পাবেন। দু'বছর গাছ দেওয়া হয়েছে, এবারও গাছ দেওয়া হয়েছে।

শ্রী সমর হাজরা : স্যার, এই গাছ কাটা নিয়ে অনেক অভিযোগ জমা পড়ে। আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, এই গাছ কাটা নিয়ে কত অভিযোগ জমা পড়েছে বা আপনি কতজনকে অ্যারেষ্ট করেছেন বা সাজা দিয়েছেন, জানাবেন কী ?

শ্রী ব্রাত্য বসু : গঙ্গাসাগর থেকে একটা অভিযোগ এসেছিল। সেই মোতাবেক অ্যারেষ্ট হয়েছে। আর নির্দিষ্ট কোনো অভিযোগ আসেনি, যদি কোনো নির্দিষ্ট অভিযোগ আসে, আমরা ব্যবস্থা নেবো।

মিঃ স্পিকার : আপনারা যাঁরা যাঁরা নিজের কনষ্টিট্যুয়েন্সির জন্য গাছের চারা চান, মাননীয় মন্ত্রী রয়েছেন, আপনারা একটা চিঠি দেবেন, উনি সবাইকে গাছের চারা দেবেন। সেই কথা উনি বললেন। এর সঙ্গে আমি আরেকটা কোয়েশ্চেন - শ্রী সমীর কুমার জানা - * প্রশ্ন নাম্বার ১৯ নিয়ে নিচ্ছি।

সুন্দরবনে বাদাবন সৃষ্টির পরিকল্পনা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬০) **শ্রী সমীর কুমার জানা ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৯-২০ অর্থবর্ষে সুন্দরবনের বাদাবন সৃষ্টির জন্য সরকার কী কী পরিকল্পনা গ্রহণ করেছে ;

(খ) প্রস্তাবিত প্রকল্পগুলির আর্থিক মূল্য কত; এবং

(গ) বন সংরক্ষণে সরকারের ভূমিকা কীরূপ?

শ্রী ব্রাত্য বসু : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সমীর কুমার জানা মহাশয়ের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) "অরণ্য সংরক্ষণ, উন্নয়ন ও পুনরুজ্জীবন" পরিকল্পনার একটি বিশেষ অংশ হল 'বাদাবন ব্যবস্থাপনা (Mangrove Treatment)'। এই পরিকল্পনাটির মাধ্যমে সুন্দরবনে বাদাবন তৈরি করা হচ্ছে।

(খ) ২০১৯ - ২০২০ অর্থবর্ষে এখনও পর্যন্ত সুন্দরবনে গৃহীত বৃক্ষরোপণের আনুমানিক অর্থ বরাদ্দ করা হয়েছে মোট ৭৩.০২ লাখ টাকা।

(গ) (১) পশ্চিমবঙ্গে নথিভুক্ত বনাঞ্চলের পরিমাণ (বৈধ সংজ্ঞা অনুযায়ী) রাজ্যের মোট ভৌগলিক অঞ্চলের ১৩, ৩৮ শতাংশ। বনাঞ্চলের বাইরের বৃক্ষআচ্ছাদনসহ পশ্চিমবঙ্গের মোট বনাঞ্চল হচ্ছে ১৫.৫২ শতাংশ। বিগত কিছু বছর ধরে রাজ্য বন দপ্তরের পক্ষ থেকে গৃহীত বন সৃজন, বন রক্ষা ও সংরক্ষণ কাজের জন্য বনাচ্ছাদিত ও বৃক্ষসমৃদ্ধ এলাকা বৃদ্ধি পেয়েছে (আই এস এফ আর ২০১৭)।

(২) জাতীয় বন নীতি ১৯৮৮-র উদ্দেশ্য এবং পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে পশ্চিমবঙ্গ বনদপ্তর তাদের সীমিত ব্যয়বরাদ্দের মধ্যে দিয়ে বনাঞ্চল ও বৃক্ষ আচ্ছাদিত অঞ্চল বৃদ্ধির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রজ্ঞাপিত বনাঞ্চলগুলি অনুমোদিত Working Plan এর বিধান মেনে পরিচালন করা হয়। যৌথ বন পরিচালন সমিতির মাধ্যমে বনাঞ্চল সংরক্ষণের সাথে সাথে নিয়মিতভাবে পতিত বনাঞ্চলেরও পুনর্গঠন করা হয়।

(৩) অরণ্যের সুরক্ষা নিশ্চিত করতে অরণ্য ও বন্যপ্রাণসম্পর্কিত অপরাধ মোকাবিলায় বর্তমান পর্যন্ত করা সংশোধনসহ ভারতীয় বন আইন, বন্যপ্রাণ (সুরক্ষা) আইন ও বন (সংরক্ষণ) আইনসহ অরণ্য আইন ও বিধির সকল বিধান কঠোরভাবে অনুসরণ করা হয়। লোকেদের অংশগ্রহণ ও বনপ্রান্তবাসীদের উন্নয়নের মাধ্যমে অরণ্যের সংরক্ষণ ও উন্নয়নের উদ্দেশ্যে যৌথ বন পরিচালন ব্যবস্থা চালু করার ব্যাপারে এই রাজ্য অগ্রণী। ৫ লাখ হেক্টরেরও অধিক বনাঞ্চল প্রায় ৪৫০০ যৌথ বন পরিচালন সমিতির সাহায্যে পরিচালিত হয়।

(৪) বিভিন্ন সমাজভিত্তিক বনসৃজন কার্যক্রমের মাধ্যমে বন এলাকার বাইরে বৃক্ষ আচ্ছাদিত এলাকা বাড়ানোর জন্য নজর দেওয়া হচ্ছে যা ব্যক্তিগত ও বেসরকারি উদ্যোগ ছাড়াও বিভিন্ন অসরকারি সংস্থা (এন.জি.ও) ও অন্যান্য স্থানীয় সংস্থা এবং বন দপ্তর ও জিলা পরিষদ, পঞ্চায়েত ও পৌরসভার মাধ্যমে রূপায়িত করা হচ্ছে। এরূপ একটি গুরুত্বপূর্ণ কর্মসূচী হচ্ছে 'সবুজশ্রী' যা ব্লক স্তরে রূপায়িত হচ্ছে।

শ্রী সমীর কুমার জানা : শ্রদ্ধেয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রীমহোদয় details আলোচনা করেছেন তার জন্য ওনাকে অশেষ ধন্যবাদ। আমি স্যার, একটিমাত্র প্রশ্ন করতে চাই, সেটি হচ্ছে যেহেতু এটা বনভূমিসংক্রান্ত এরসঙ্গে related। এতে মৎসজীবীরাও আছেন। এই নিয়ে বেশ কিছুদিন ধরে যে বিতর্ক তৈরি হয়েছে প্রায় লক্ষাধিক পরিবার সুন্দরবনের মৎস্যজীবী তাদের mechanized boat এর মাধ্যমে এই সুন্দরবনের প্রত্যন্ত এলাকায় যে সমস্ত নদী আছে বিদ্যা, মাতলা, ঠাকুরুণ, বঙ্গোপসাগরের কোলে যেগুলো আর বনি ক্যাম্প, কলসদ্বীপ এই সংলগ্ন এলাকায় মৎস্যজীবীরা দীর্ঘদিন ধরে মৎস্য শিকার করতে যায়। কিন্তু government এর নিয়মানুসারে ভারতীয় বনবিভাগের যে নিয়মনীতি আছে তাতে দাঁড়পাল নৌকোর মাধ্যমে এই মৎসজীবীদের মাছ আহরণ করার কথা। কিন্তু এখন নদীর যে ভয়াবহ অবস্থা এই অবস্থার মধ্য দিয়ে দাঁড়পাল নৌকোর মাধ্যমে এই নদীতে মাছ ধরতে যাওয়া খুবই কঠিন ব্যাপার হয়ে গেছে। ফলে একদিকে কেন্দ্রীয় সরকারের কঠিন আইন। আর একদিকে লক্ষাধিক যে মৎস্যজীবীরা থেকে গেছে তাদের জীবনযাপনের সমস্যা এর মাঝখানে মাননীয়া মুখ্যমন্ত্রী দৃষ্টিগোচর

করলেন। তিনি বিষয়টা আমাদের ডি.এম. সাহেবের কাছে প্রেরণ করেন। আমরা প্রায় এক মাসের কাছাকাছি আমাদের মৎস্যজীবীদের ইউনিয়ন, আধিকারিকদের, জনপ্রতিনিধিদের নিয়ে আলোচনা করার পরে আমরা অনুরোধ জানিয়েছিলাম যে, এই ব্যাপারটাকে সরলীকরণ করে মৎস্যজীবীদের mechanized boat কে allow করা যায় কিনা। এবং এর মাঝখান থেকে কোনো কিছু করে বনের সংরক্ষণ ক্ষতিগ্রস্থ করে মাছ ধরার অধিকার পেতে পারে কি না এ ব্যাপারে একটি আবেদন জানিয়েছিলাম। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে specifically এই বিষয়ে জানতে চাই যে, এটার ব্যাপারে আপনি যদি কিছু বলেন।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আপনার মাধ্যমে মাননীয় বিধায়ককে তাঁর concern এর জন্য ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় বিধায়ককে জানাই যে, এর মধ্যে আমি সুন্দরবন যাওয়ার পর এই সমস্যাটি নিয়ে স্থানীয় মৎস্যজীবীরা আমাদের কাছে আসেন। সমস্যাটা আসলে দু'তরফা। একনম্বর হল, তাঁরা যখন জঙ্গলে ওটা নিয়ে যাচ্ছেন – কিন্তু যেটা বনাঞ্চল সংরক্ষিত অঞ্চল অর্থাৎ যেখানে অভয়ারণ্য sanctuary সেখানে ঢোকা তাদের নিষেধ। যে মুহূর্তে তাঁরা ওই boatটা পাচ্ছেন তাঁরা ওই সীমা লঙ্ঘন করে ভেতরে ঢুকতে চাইছে। আমরা এটা টহলদারী এবং ওখানে আমাদের যে wild life শাখা আছে তাদের সঙ্গে একটা monitoring করিয়েছি যে, যদি এই বর্ষায় দুর্গম অঞ্চলে তারা যদি মৎস্যশিকার করতে যান ও যদি নিয়ম নীতি মেনে করা যায় তার জন্য যে পর্যাপ্ত নৌকো বা boating যে সহায়তার কথা বলছেন আপনি, এটা কিন্তু আমাদের দপ্তর থেকে তাদের দেওয়া হয়ে থাকে এবং ভবিষ্যতেও দেওয়া হবে। ধন্যবাদ স্যার।

[11:40 – 11:50 a.m.]

শ্রীমতী জাহানারা খান : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার একটি অতিরিক্ত প্রশ্ন। আমি গত টার্মেও দেখেছি, এ বছরেও দেখছি, গতবারে হাউস শেষ হবার পর আমার কাছে যে কাগজ থাকে তাতে লেখা থাকে প্রত্যেক বিধায়ক নিজস্ব ডি.এফ.ও.র কাছে আবেদন করলে এক হাজার করে গাছ পাওয়া যাবে। কিন্তু প্রত্যেক বছরই আমরা আবেদন করি, কখনো কোন গাছ পাইনা। এ বছর আমি এবং আমাদের রাণীগঞ্জের বিধায়ক আমরা ডি.এফ.ও.র কাছে চিঠি পাঠিয়েছিলাম, উনি বলেন যে আমাদের কাছে এমন কোন অর্ডার নেই যাতে গাছ দিতে হবে, অথচ ঐ এলাকাটি হচ্ছে ধস প্রবণ এলাকা, কোলিয়ারীর অনেক বন্ধ এলাকা, গাছ লাগাবার বহু জায়গা আছে, এবং কৃত্রিম পাহাড় যেখানে কোলিয়ারীর মাটিগুলো পড়ে আছে, গাছ লাগালে প্রাকৃতিক সৌন্দর্য্য বাড়ে এবং দূষণটাও কমে। কিন্তু প্রত্যেকবারই বলার পর ডি.এফ.ও. এটাই বলে আমাদের কাছে এ রকম কোন নির্দেশ নেই। তাই আমরা কি, বিরোধী বিধায়ক বলেই কি গাছ পাবনা, ৮বছর ধরে পাইনি, জানিনা এটাও কি রাজনীতির রঙ নাকি! আর পাব কিনা, সেটা যদি মন্ত্রী মহোদয় বলেন। ধন্যবাদ।

শ্রী ব্রাত্য বসু : মাননীয়া সদস্যার প্রশ্নের উত্তরে জানাই, মনে রাখবেন মাননীয়া বিধায়ক জাহানারা, গাছের রঙ সবুজ। মনে রাখবেন গাছের রঙ সবুজ। আপনাকে বলি গাছের রঙ

যখন সবুজ, সেই সবুজ আমার মনে হয়না কোন বিরোধ - বিরোধী দলকে গাছ দেওয়া হবেনা, এই রকম কোন অভিপ্রায় আমাদের নেই। আপনার যে চিঠির কপি, আপনি বললেন, অনুগ্রহ করে এখনি যদি দেন বা কালকেও যদি দেন, এই সেসানে যদি দেন এবং আপনার সতীর্থ যে বিধায়কের কথা বললেন, আমি এই সেসানের মধ্যে আপনাকে গাছ পাঠাব। এই বিধানসভা চলাকালীন অবস্থায় আপনাকে গাছ পাঠাব। ধন্যবাদ।

শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক : মাননীয় স্পিকার মহাশয়ের মাধ্যমে, মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে, আমি একটা প্রস্তাব রাখছি। স্যর, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে প্রস্তাব রাখছি, গ্রামাঞ্চলে অনেক হাইস্কুল বা প্রাইমারী স্কুলে প্রচুর জায়গা পড়ে আছে, আপনি দয়া করে সেইসব জায়গাতে যদি ফলের গাছ লাগাবার ব্যবস্থা করেন, তাহলে ভাল হয়। এটা আমি প্রস্তাব রাখলাম।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আমাদের গ্রামে ৭২ হাজার স্কুল আছে। আমার যতদূর মনে পড়ছে, আমি পুরনো হিসাব থেকে বলছি, যদি না বেড়ে গিয়ে থাকে। আপনার নির্দিষ্ট ৭২ হাজার স্কুলে গাছ লাগানো সম্ভব কিনা জানিনা, আমি এখনি এটা নিয়ে কথা দিতে পারছি না। আপনার এলাকায় আপনার স্কুলসংক্রান্ত যদি কোনো প্রস্তাব থাকে, আপনি আমাকে অবশ্যই দিন।

শ্রী রাম শঙ্কর হালদার : ধন্যবাদ স্যার। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার নির্দিষ্ট প্রশ্ন। জাহানারাদি বলছিলেন যে গাছ পাননি। আমি রায়দীঘি রেঞ্জের, রেঞ্জ অফিসারের সঙ্গে কথাবার্তা বলে, আমি ওখান থেকে দেড় হাজার গাছ নিয়েছি। কিন্তু বিষয় হচ্ছে, সেই গাছটা, সেটা হচ্ছে সোসাল সমাজের ভিতরে, এটা ম্যানগ্রোভ নয়। ম্যানগ্রোভ লাগাবার জন্যে আমার নির্দিষ্ট প্রশ্ন যে গাছ আমরা বসিয়েছি স্কুল ক্লাবকে যুক্ত করে গাছ বসানো হয়েছে, এটা ভালই হয়েছে। আরো বেশি হওয়া দরকার এটা। উদ্যোগ স্কুলগুলোতেও নেওয়া দরকার। কিন্তু সমস্যা যেটা, আমি বলছি যে সুন্দরবনের যে সমস্যা, সুন্দরবন আমরা দেখতে যাই, বেড়াতে যাই, এম.এল.এ.রা যান। সুন্দরবন এর নদীর ধারে দেখলে মনে হবে যে সুন্দরবনটা খুব ভাল, অনেক গাছ হয়ে আছে। সুন্দরবনের ভিতরে, অনেকটা ভিতরের দিকে যদি আপনি যান, দেখবেন, সুন্দরবন যেজন্য বিখ্যাত, সুন্দরী গড়ান গেঁওয়া এইসব প্রজাতির যে গাছগুলো, এই গাছ কিন্তু ভিতরে নেই। ফরেস্ট এরিয়া হওয়ার পরেও, আগেও, ভাল জাতের গাছগুলো সম্পূর্ণ নির্মূল হয়ে গেছে। এই যে অনেকটা টাক মাথার যেমন একটা, ওইটা ফাঁকা হয়ে আছে। আপনি ভিতরের দিকে, কারণ ওখানে যারা এখন চর জমিতে গাছ লাগায় যে বন দপ্তর আপনার গাছ লাগায়, সেটা কিন্তু ওই নদীর ধারে ধারে যে সমস্ত চর আছে সেগুলোতে লাগায়। কিন্তু সুন্দরবনের গভীরে গিয়ে যে সমস্ত জমিতে এমনি আগাছা হয়ে আছে, সেই জমিতে উন্নত প্রজাতির ম্যানগ্রোভ গাছ লাগাবার কোন উদ্যোগ আপনার বন দপ্তরের আছে কিনা বলুন।

শ্রী ব্রাত্য বসু : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় বিধায়ককে জানাই যে এখন বাইরে বা ভিতরে বলে নয়, গোটা সুন্দরবনের গাছ সিস্টেমটাকে বনসৃজনকে জি, আই, এস ম্যাপিংয়ের

আওতায় নিয়ে আসা হয়েছে। অর্থাৎ আপনার যেখানে যেখানে গাছ, আপনার জঙ্গলের মধ্যেও যাওয়ার দরকার নেই, যেখানে যেখানে গাছ লাগানো হচ্ছে বা হচ্ছে না, সেটা আপনি একটা জি.আই.এস. ম্যাপিংয়ের সাহায্যে ঘরে বসে কম্পিউটারের মাধ্যমে দেখতে পাবেন। আপনি যদি চান, আমি জি.আই.এস. ম্যাপিংয়ের একটা কপি, আপনি যদি আলাদা করে আমার কাছে আসেন, আপনাকে দিয়ে দেব যে ভেতরে কত কত গাছ আমাদের লাগানো হয়েছে। সেটাও যদি আপনার আশানুরূপ বলে না মনে হয় তখন আমরা দ্বিতীয় পর্যায়ে যেতে পারি যে সত্যি আরো গাছ লাগানোর দরকার কিনা। তবে আমি আপনাকে জানাতে পারি যে সুন্দরবন নিয়ে আমাদের, শুধু আমাদের কেন, সারা পৃথিবীর নজর সুন্দরবনের দিকে রয়েছে। ফলে সুন্দরবনের বনাঞ্চল ধ্বংস হবে এই আশঙ্কা একেবারেই অমূলক। আপনি যদি চান আমার জি.আই.এস. ম্যাপিংয়ের কপি আপনাকে আমি দিতে পারি। ধন্যবাদ।

সরকার পোষিত গ্রন্থাগার

* ২০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৫) **শ্রী রুনু দত্ত** ঃ জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিম বর্ধমান জেলায় কটি সরকার পোষিত গ্রন্থাগার আছে ; এবং

(খ) বিগত ২০১৮-২০১৯ অর্থবর্ষে নতুন বই ক্রয় করার জন্য এই জেলার গ্রন্থাগারগুলিতে কত অর্থ দেওয়া হয়েছে?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় বিধায়ক শ্রী রুনু দত্তের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) মোট ৬১টি। ২টি জেলা গ্রন্থাগার, ৬টি শহর গ্রন্থাগার, ৫৩টি সরকার পোষিত গ্রামীণ গ্রন্থাগার।

(খ) মোট ১৫ লক্ষ ৫১ হাজার টাকা। ২টি জেলা গ্রন্থাগারে ১ লক্ষ ৪০ হাজার, ৬টি শহর গ্রন্থাগারে ১ লক্ষ ৯২ হাজার, ৫২টি সরকার পোষিত গ্রামীণ গ্রন্থাগারে ১১ লক্ষ ৯৬ হাজার টাকা। ধন্যবাদ।

শ্রী রুনু দত্ত : ধন্যবাদ স্যার, আপনি উত্তর দিয়েছেন, অনেক কিছু খেটেখুটে বলেছেন। কিন্তু একটা বিষয় হচ্ছে যে গ্রন্থাগার আছে, কিন্তু গ্রন্থাগারিক কত আছে ? আমাদের জেলায় এবং রাজ্যে সব জায়গায় কি গ্রন্থাগারিক আছেন এবং গ্রন্থাগারিকের সঙ্গে যাঁরা সহায়ককারী আছেন, পিওন যাঁরা আছেন তাঁদের ভ্যাকেন্সি কত আছে ?

শ্রী সিদ্দিকুল্লাহ চৌধুরি : আমাদের পশ্চিমবঙ্গ সরকারের এই দপ্তরের অধীনে ২,৪৮০টি গ্রন্থাগার আছে। ৩০০টি গ্রন্থাগার এই মুহূর্তে বন্ধ আছে। তার মধ্যে প্রায় ১৬০-৭০টি গ্রন্থাগার বিগত বাম জমানার আমলে বন্ধ হয়েছে, যেগুলো খোলার অবকাশ প্রায় নেই, বন্যায় ভেঙে গেছে, বিল্ডিং ক্ষতিগ্রস্ত হয়ে আছে। কর্মচারীদের অভাবে কিছু গ্রন্থাগার বন্ধ করে দিতে হয়েছে।

এরপরেও ৬০০টি গ্রন্থাগার এমন আছে অতিরিক্ত দায়িত্ব নিয়ে গ্রন্থাগারিকরা সেই গ্রন্থাগার চালাচ্ছেন। এই মুহূর্তে প্রায় ৩,৫০০ গ্রন্থাগারিকের শূন্যপদ নিয়ে আমরা চলছি। তথাপি আমি দায়িত্ব নিয়ে আপনাদের বলছি, আরবি ভাষার একটি প্রবাদ - আসথায়িতো বিসসাইৎ আসসায়েবো বিসস্যায় - তরবারি কাজ করে হাতের ক্ষমতার দ্বারা। আগের সরকার ছিল, কাজ করত না। মাননীয়া মুখ্যমন্ত্রী ক্ষমতায় আসার পরে ...(নয়েজ)....আমরা যে কাজ করে চলেছি, যে কাজ ইতিমধ্যে কোনো বামফ্রন্ট করেনি.....

... (এইসময় মাইক বন্ধ হয়ে যায়)...

শ্রী রুনু দত্ত : অতিরিক্ত প্রশ্ন, স্যার, অনেক কিছু আপনি বললেন। আগের সরকারের অনেকগুলো বন্ধ আছে, হয়তো কিছু আপনিও বন্ধ করেছেন। আমার কথা হচ্ছে, এই বন্ধগুলো খোলার কোনো পরিকল্পনা আছে ? দুই, আপনি এই ভ্যাকেন্সিগুলো কবে পূরণ করবেন ? আপনি তরবারি ইত্যাদি অনেক কথা বললেন, তাতে আমি যা বুঝলাম, লাইব্রেরিয়ান ছাড়া, পিওন ছাড়া কি করে লাইব্রেরিগুলো ভালো করে চলবে সেটা আমি জানি না। আর এর মধ্যে ডিজিটাল কতগুলো আছে সেটা আপনি জানাবেন।

[11:50 a.m. – 12:00 Noon]

শ্রী সিদ্দিকুল্লা চৌধুরি : ইতিপূর্বে আমি বিনীতভাবে যেটা বলেছি সেটা হল অতিরিক্ত চার্জ নিয়ে ৬০০ লাইব্রেরি ইতিমধ্যে চলছে। সাপ্তাহিকভাবে পাঁচদিন অর্থাৎ সোম থেকে শুক্র খোলা থাকে। আমরা এগুলো পরিচালনা করছি এবং নতুন নতুন যে পরিকল্পনা নিয়েছি সেই পরিকল্পনার স্বপ্ন আগের জমানায় ছিলনা।

(নয়েজ)

ডঃ সুজন চক্রবর্তী : মাননীয় মন্ত্রীমহাশয় আপনি আগের পরের জমানার কথা বলেছেন, সেটা হয়তো ওনার না বললে চলবে না। যদিও তার কোন বাস্তব ভিত্তি নেই, আমি সেটা জানিয়ে রাখতে পারি। ২০১৯ সালে কত লাইব্রেরি, কত স্টাফ, সপ্তাহে ক'দিন খোলা থাকতে পারলে পরে এই তথ্যটা আপনি দিয়ে দেবেন। দিলেই আপনি বুঝতে পারবেন মন্ত্রীর এমন কথা বলা উচিত নয়, যেটা সাবশিয়েনটেড হয়না। আমার যেটা কথা লাইব্রেরি এটা পশ্চিমবাংলার শিক্ষা-সংস্কৃতির একটা কেন্দ্র হিসাবে গুরুত্বপূর্ণ। সেই গুরুত্ব এবং মর্যাদার দিক থেকে লাইব্রেরিগুলিকে আমাদের দেখা দরকার। এই মুহূর্তে যদি আমি না ভুল বলে থাকি তাহলে কম বেশি পশ্চিম বাংলায় অনুমোদিত লাইব্রেরির সংখ্যা ২৪০০। তাতে আমাদের সব মিলিয়ে ৪৮০০ কর্মচারী থাকার কথা। তার মধ্যে ৩৫০০ বা ৩৬০০ হচ্ছে শূন্যপদ। প্রায় ৮০ শতাংশ পদই শূন্য। তাহলে কি এই সরকার একে ওখানে, ওকে ওখানে দিয়ে লাইব্রেরিগুলো চালাচ্ছে ? এইভাবে তো লাইব্রেরিগুলো চলতে পারেনা। তাহলে কি সরকারের দিক থেকে যে গুরুত্ব লাইব্রেরিগুলোকে দেওয়া উচিত ছিল সেই গুরুত্ব কি দেওয়া হচ্ছে না? মন্ত্রীমহাশয় এর আগে বলেছিলেন যা

শূন্যপদ আছে সেগুলো যে সময়ের মধ্যে পূরণ করবেন বলেছিলেন সেই সময়টা ওভার হয়ে গেছে। মন্ত্রীমহাশয় যেটা বললেন, শূন্যপদগুলো পূরণ করা এবং তার মধ্যে দিয়ে লাইব্রেরিকে জীবন্ত রাখাটাই আমাদের লক্ষ্য হওয়া উচিত। কবে আপনি আপনার প্রতিশ্রুতি রক্ষা করবেন সেটা কী সর্বশেষে দয়া করে জানাবেন ?

শ্রী সিদ্দিকুল্লা চৌধুরি : আপনি মাননীয় বিধায়ক এবং বামফ্রন্টের দলনেতা। তাই সর্বশেষ কথাটা দয়া করে ব্যবহার করবেন না। আমি দায়িত্ব নিয়ে বলছি গ্রন্থাগার প্রসঙ্গে যে অভিযান আমরা চালাচ্ছি, এ প্রসঙ্গে ধীরে, আস্তে বললেও আপনাকে প্রশংসা করতে হবে। লাইব্রেরী নিয়ে গবেষণা কিন্তু ২০১১ সালের আগে ছিলনা। আমি দায়িত্ব নিয়ে বলছি ২০১১ সালে ১৩৫ কোটি এই দপ্তরের জন্য বরাদ্দ ছিল, আর ২০১৯ সালে বরাদ্দ হয়েছে ১৮৭ কোটি টাকা। এই বরাদ্দ বাড়ার ফলে লাইব্রেরীতে নতুনভাবে যে প্রাণ সঞ্চার আমরা করতে পেরেছি তাতে কর্মীরা বহুভাবে কাজ করছেন। কর্মী শূন্যের প্রশ্নে ইতিপূর্বে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমাদের দপ্তরের পক্ষ থেকে ফাইল পাঠিয়েছি। সেই ব্যাপারে ক্যাবিনেটে আলোচনা হয়েছে। তিনি গত ক্যাবিনেটে বলেছেন যে এই ব্যাপারে আপনি দায়িত্ব নিয়ে মুখ্যসচিব এবং মাননীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলুন। এই ফাইলটি একেবারে শেষ মাথায় দাঁড়িয়ে আছে। এর পরে আমি আপনাদের বলছি ১৮০জন কর্মচারী ইতিমধ্যেই নিয়োগ হয়েছে। এটা ২০১১ সালের ফাইল।

কিন্তু নিয়োগের শর্ত ছিল, যাঁরা প্রাক্তন কর্মচারী ছিলেন, এই নিয়োগটা হয়েছে। এটা এক। ১৮০ জন। ৬ জন ডি.এল.ও. পেয়েছি, যেটা সার্ভিস কমিশন দিয়েছে। আকস্মিক যাঁরা মারা গেছেন ৩৫ জন মতো আমরা নিয়োগ করেছি। হয়নি তা নয়। সব মিলিয়ে প্রায় ২৫০ জনকে ইতিমধ্যে আমরা নিয়োগ করেছি। এই তথ্য হয়তো আপনার কাছে নেই।

মিঃ স্পিকার : শুনুন লাইব্রেরী নিয়ে আর কোয়েশ্চেন নয়।

আমাদের আর একজন মাননীয় মন্ত্রী এখানে রয়েছেন, আমি তাঁর একটা প্রশ্ন নেবো।

ফুল রপ্তানি

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প ও উদ্যান পালন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের উৎপাদিত ফুল বিদেশে রপ্তানি করা হচ্ছে;

(খ) সত্যি হলে, এর ফলে গত আর্থিক বছরে কী পরিমাণ বৈদেশিক মুদ্রা আয় হয়েছে; এবং

(গ) বর্তমানে রাজ্যে ফুল চাষির সংখ্যা কত?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে সম্মানীয় সদস্য বঙ্কিম চন্দ্র হাজরার প্রশ্নের জবাবে বলি,

ক) হ্যাঁ, এটা সত্যি যে, এ রাজ্য থেকে উৎপাদিত ফুল বিদেশে রপ্তানি করা হচ্ছে।

খ) বিগত ২০১৮-২০১৯ আর্থিক বছরে ৯০৩৯.৮৪ লক্ষ টাকার বৈদেশিক মুদ্রা আয় হয়েছে।

গ) আনুমানিক ২,০৮,০০০জন।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, ফুল চাষিদের আর্থিক উন্নয়নের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন দয়া করে যদি জানান।

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা: ডাঁটা জাতীয় ফুলের চাষ এলাকা বৃদ্ধির জন্যে গ্ল্যাডিওলাস, গোলাপ, চন্দ্রমল্লিকা, রজনীগন্ধা, লিলি ইত্যাদি - এর জন্যে প্রতি কৃষককে ৪০ হাজার টাকা অনুদান দেওয়া হয়।

আর সাধারণ চাষিদের ২৫ হাজার টাকা এককালীন অনুদান দেওয়া হয়।

কন্দ জাতীয় ফুলের চাষ এলাকাভিত্তিক গ্ল্যাডিওলাস, রজনীগন্ধা, লিলি ইত্যাদি এর জন্যে যাঁরা চাষ করেন তাঁদের কৃষক প্রতি ৬০ হাজার টাকা অনুদান এবং সাধারণ প্রতি কৃষকদের ৩৭৫০০ টাকা এককালীন অনুদান দেওয়া হয়।

এছাড়াও জুরা ফুল এলাকায় গাঁদা, দোপাটি, জবা-এর জন্যে প্রতি হেক্টরে ১৬ হাজার টাকা এবং সাধারণ চাষি যারা তাদের জন্য এককালীন ১০ হাজার টাকা দেওয়া হয়। সুরকিত - পলিহাউস বা নেট হাউসে ফুল চাষ হয় যেমন অর্কিড, অ্যান্টোরিয়াম - এর জন্যে বর্গ কিলোমিটারে ৩৫০ টাকা এককালীন অনুমোদন দেওয়া হয়। কার্নেশান জরবেরা এদের জন্য ৩০৫ টাকা অনুমোদন দেওয়া হয়। গোলাপ, লিলি এদের জন্য ৪১৩ টাকা অনুদান দেওয়া হয়।

[12:00 Noon – 12:10 p.m.]

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : স্যার, আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন, আপনি বর্তমান রাজ্যে ফুলচাষিদের সংখ্যা জানিয়েছেন দুই লক্ষ আট হাজার। আমাদের জেলা দক্ষিণ ২৪ পরগণা জেলার ফুলচাষির সংখ্যা কত যদি দয়া করে জানান ?

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা : ১৬, ৮৫৬।

Mr. Speaker : Question Hour is over.

Starred Questions
(to which answers were laid on the 'Table')

জনসংখ্যা পিছু গাছের সংখ্যা

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯) **শ্রী তন্ময় ভট্টাচার্য্য ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে জনসংখ্যা পিছু গাছের সংখ্যা কত; এবং

(খ) বিশ্ব উষ্ণায়নকে মাথায় রেখে গাছ কাটা সংক্রান্ত বিষয়ে সরকার সতর্কতামূলক কোনো ব্যবস্থা নেওয়ার কথা ভাবছে কি?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে স্বাভাবিক বন বা চারা বাগানের বৃক্ষ গণনা কখনও করা হয়নি। বৃক্ষ গণনা ব্যতীত জনপিছু গাছের সংখ্যা বলা সম্ভব নয়।

(খ) বিশ্ব উষ্ণায়নকে মাথায় রেখে এবং রাজ্যের প্রাকৃতিক সম্পদকে সংরক্ষণ করার জন্য পশ্চিমবঙ্গ সরকার দীর্ঘ দিন ধরেই প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এর মধ্যে নিম্নলিখিত উপায়ে বন সুরক্ষা ও বন আচ্ছাদন বৃদ্ধি এবং জনসাধারণের মধ্যে বৃক্ষ রোপণ ও বৃক্ষ সংরক্ষণ সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি অন্যতম ;

(১) জাতীয় বন নীতি ১৯৮৮-র উদ্দেশ্য এবং পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে পশ্চিমবঙ্গ বনদপ্তর তাদের সীমিত ব্যয় বরাদ্দের মধ্যে দিয়ে বনাঞ্চল ও বৃক্ষ আচ্ছদিত অঞ্চল বৃদ্ধির প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রজ্ঞাপিত বনাঞ্চলগুলি অনুমোদিত Working Plan এর বিধান মেনে পরিচালন করা হয়। যৌথ বন পরিচালন সমিতির মাধ্যমে বনাঞ্চল সংরক্ষণের সাথে সাথে নিয়মিতভাবে পতিত বনাঞ্চলেরও পুনর্গঠন করা হয়।

(২) অরণ্য ভূমিকে অ-বনসংক্রান্ত কাজে ব্যবহার নিয়ন্ত্রিত করতে অরণ্য (সংরক্ষণ) আইন ১৯৮০ ও তার বিধিসমূহ কঠোরভাবে অনুসরণ করা হয়। এবং তৎসহ, আইনত অনুমতিপ্রাপ্ত সংস্থার কাছ থেকে ক্ষতিপূরণ বনায়ন (Compensatory Afforestation) এর ব্যবস্থা করা হয়।

(৩) রাজ্যে বৃক্ষ আচ্ছাদিত অঞ্চল বৃদ্ধির লক্ষ্যে বনের বাইরে বনায়ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই কাজে শুধু বনদপ্তর নয়, সাধারণ মানুষ, N.G.O., ত্রিস্তর পঞ্চায়েত, পৌরসভা এবং অন্যান্য অনেক সংস্থাও এগিয়ে এসেছে। এছাড়াও পশ্চিমবঙ্গ বৃক্ষ (অবমাঞ্চল অঞ্চলে রক্ষণ ও সংরক্ষণ) আইন, ২০০৬ এবং বিধিসমূহ ২০০৭ প্রণয়ন করেছে। যে আইন অনুসারে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত পশ্চিমবঙ্গে অবমাঞ্চল এলাকায় গাছ কাটা নিষিদ্ধ।

বনসৃজন

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০) শ্রী সুজিত চক্রবর্তী ঃ বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ২০১৯ সালের জুন এবং জুলাই মাসে বড়জোড়া, বেলিয়াতোড়, গঙ্গাজলঘাটী রেঞ্জ অফিসের অধীনে কত পরিমাণ বনভূমিতে বনসৃজনের কাজ হয়েছে;

(খ) বড়জোড়া বিধানসভা এলাকার তিনটি রেঞ্জ অফিসের নথিভুক্ত ফরেস্ট প্রোটেকশন কমিটির প্রাপ্য আয়ের কত পরিমাণ অর্থ এখনো প্রদান করা হয়নি; এবং

(গ) আদিবাসীদের অরণ্যের অধিকারের পাট্টার কাজ বর্তমানে বন্ধ আছে কিনা?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়

(ক) ২০১৯ সালে বড়জোড়া, বেলিয়াতোড়, গঙ্গাজলঘাটি রেঞ্জের বনসৃজনের পরিমাণ –

বড়জোড়া - ৪০ হেক্টর
বেলিয়াতোড় - ৫০ হেক্টর
গঙ্গাজলঘাটি - ৯০.৭০ হেক্টর

(খ) বড়জোড়া বিধানসভা এলাকার তিনটি রেঞ্জ এ নথিভুক্ত বন সুরক্ষা সমিতির এলাকায় Working Plan-এর অনুমোদন নিয়ে কিছু বন সুরক্ষা সমিতিতে CFC Operation (ক্লিয়ার ফেলিং কুপ অপারেশন) করা হয়। উক্ত CFC হইতে যে বনজ সম্পদ (কাঠ, পোল, জ্বালানি কাঠ ইত্যাদি) পাওয়া যায় তা Online এ W.B. Forest Development Corporation মারফত বিক্রি করা হয়। বিক্রয়লব্ধ আয়ের ৪০% লভ্যাংশ (share money) হিসেবে বন সুরক্ষা সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্ট এ দেওয়া হয় এবং ৬০% সরকারি রাজস্ব হিসাবে জমা হয়।

এই মুহূর্তে ২০১৮ সালের লব্ধ বনজ সম্পদগুলি বিক্রয় হয়ে গিয়েছে তার ৪০% হিসেবে ১ কোটি ৪৪ লক্ষ ২২ হাজার ১৯১ টাকা বন সুরক্ষা সমিতির ব্যাঙ্ক অ্যাকাউন্টে দিয়ে দেওয়া হয়েছে। ২০১৯ সালের লব্ধ বনজ সম্পদগুলি এখনও বিক্রয় সম্পূর্ণ হয়নি - তার লভ্যাংশ দেওয়া বাকি আছে। লভ্যাংশের পরিমাণ বিক্রিত সম্পদ এর মূল্যের উপর নির্ভর করবে। এর কাজ চলছে।

(গ) আদিবাসীদের অরণ্যের অধিকারের পাট্টা দেওয়ার কাজ বর্তমানে চলছে - বন্ধ হয়নি।

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Hon-ble Members, today I have received one Notice of Adjournment Motion jointly from Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty, Shri Manoj Chakraborty, Shri Nepal Mahata, Shri Asit Mitra, Shri Mainul Haque, Shri Ali Imran Ramz, Shri Ram Sankar Halder, Shri Sujit Chakraborty and Shri Runu Dutta on the subject of non-publication of the Report of Sixth Pay Commission.

The subject-matter of the Motion relates to a matter which is pending before a Commission. Generally no Motion which seeks to raise discussion on a matter pending before any Commission is permitted to be moved in the House in terms of rule 62 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

I, therefore, withhold my consent to it.

However, as a special case, I allow one Member of the Party to read the text of the Motion as amended.

এটা যায় না যদিও আমি স্পেশাল কেস হিসাবে দিলাম। আপনি তো জানেন এটা কমিশনে পেন্ডিং। এটা যেতে পারে না। ঠিক আছে আপনি পড়ে দিন।

Shri Abdul Mannan : আপনাকে ধন্যবাদ, আপনি পড়তে দিয়েছেন। আমি পড়ি, তারপর আমার বক্তব্যটা রাখব। মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সম্প্রতি একটি নির্দিষ্ট বিষয়ে এই সভা আলোচনার জন্য আপাতত তার কাজ মূলতুবি রাখছে। বিষয়টি হল - দীর্ঘদিন যাবৎ রাজ্য সরকারী শিক্ষক, সরকারী কর্মচারীদের জন্য ষষ্ঠ বেতন কমিশনের রিপোর্ট প্রকাশিত হয়নি। ফলে সরকারী কর্মচারী, শিক্ষক এবং অন্যান্যদের চরম অসুবিধা হচ্ছে। এছাড়াও ৩৪ পারসেন্ট ডি.এ. এখনও বাকি আছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় এই বিষয়ে এই রাজ্য অনেক পিছিয়ে, অবিলম্বে বেতন কমিশনের রিপোর্ট প্রকাশ এবং তা কার্যকরী করার জন্য সরকারের কাছে উল্লেখ করছি। .....(নয়েজ).... স্যার, আপনাকে ধন্যবাদ আপনি কাউন্ডি আপনি অ্যালাউ দিয়েছেন। স্যার, আমি বলছি এটা আলোচনা করার দরকার।

.... (At this stage all the Opposition Hon'ble Members rose in their seats and some of them proceeded towards Speaker's Podium)...

... (noise)...

CALLING ATTENTION (NOTICES)

Mr. Speaker : Today, I have received four (4) notices of Calling Attention on the following subjects, namely : -

1. Urge for construction of a Bridge over Khare river connecting Sutra Ghat and Gagra in Purbasthali Uttar Assembly Constituency area - Shri Pradip Saha
2. Erosion of embankment of river Ajay at Dorbadanga and Shyamla in Jamuria Assembly Constituency area - Smt. Jahanara Khan
3. Urge for repairing of dam adjacent to Durgapur Barrage to restore cultivation of fish in Barjora Assembly Constituency area Shri Sujit Chakrabarty.
4. Decision of the State Government regarding reintroduction of S.S.C 'Shri Dulal Chandra Bar.

I have selected the notice of Sujit Chakrabarty on the subject of Urge for repairing of dam adjacent to Durgapur Barrage to restore cultivation of fish in Barjora Assembly Constituency area.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী চন্দ্রনাথ সিনহা : আমরা দুর্গাপুর ব্যারেজে মাছ ছাড়ার জন্য প্রস্তুতি নিচ্ছি। আগেও মাছ ছেড়েছি, এই বছরও ওখানে মাছ ছাড়ব যাতে ওই এলাকার মানুষরা, মৎস্যজীবীরা জীবিকা নির্বাহ করতে পারে।

...(noise)...

... (at this stage Hon'ble Members of INC and Left Front Parties staged a walk out)...

MENTION CASES

শ্রীমতী রমা বিশ্বাস : স্যার, আমাদের SHG নিয়ে গত অধিবেশনে মুখ্যমন্ত্রী বলেছিলেন SHG কে ৫০০ টাকা করে দেবে। কিন্তু এ পর্যন্ত কতজনকে দেওয়া হয়েছে তা কিন্তু আমরা জানি না। দুই নাম্বার হচ্ছে, যারা PACSএর অভ্যন্তরে যে SHG গ্রুপ আছে, কো-অপারেটিভ সেক্টরে, তাদেরকে কিন্তু এর আওতায় আনা হয়নি। ফলে SHG গ্রুপের মধ্যে বৈষম্য, সেই বৈষম্যটাকে দূর করার জন্যে আমি এই মেনশানটা করেছি, এটা দেখা হোক।

শ্রীমতী শ্যামলী প্রধান : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে যে সেকেন্ড এ.এন.এম. আছে, তার সাব সেন্টার ভিত্তিক কাজ করে এবং পাঁচ হাজার জনসংখ্যার ভিত্তিতে তারা কাজ করে। সেখানে প্রসূতি মা, শিশু এবং আরও যে স্বাস্থ্য পরিষেবা আছে, সেগুলো তারা দান করে। এক্ষেত্রে জয়েনিং থেকে এ পর্যন্ত তাদেরকে যে ভাতা দেওয়া হয় ১৪ হাজার ৩৭০ টাকা, আমাদের বলার বিষয় এই ভাতার পরিমাণ আরও বাড়ানো হোক কারণ জিনিসের দাম দিন দিন বাড়ছে। সাব সেন্টারে যে সরকারী স্বাস্থ্যকর্মী আছে, তারা তাদের সমানই পরিষেবা দেয়। এক্ষেত্রে তাদের প্রমোশন দেওয়ার দিকটা রাজ্য সরকার ভাবুক, এই বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী জাহানারা খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। জামুড়িয়া বিধানসভায় জল, গ্যাস, আগুনের সমস্যা আছে। সাথে সাথে পানীয় জলের সমস্যাও আছে। জলের জন্য মানুষ প্রশাসনিক দপ্তরে অভিযোগ জানাচ্ছেন। আবার কখনও জলের জন্য রাস্তা অবরোধ করছেন। অন্যদিকে জামুড়িয়া বিধানসভার ইখরাতে সিঙ্গারাম নদীর গতিপথ রোধ করে কারখানার মালিক বড় বড় পাম্প বসিয়ে ব্যাপক জল চুরি করছে। অপর দিকে কারখানার বর্জ্য পদার্থ, দূষিত জল, রাসায়নিক দ্রব্য দিনের পর দিন এই

নদীর জলে এসে মিশছে। নদী এক সময় চারশো মিটার চওড়া ছিল। বর্তমানে সরু নালায় পরিণত হয়েছে। ওই নদীর জলে এক সময় মানুষ মাছ ধরে জীবিকা অর্জন করত। বর্তমানে নদীর জলে সমস্ত জলীয় জন্তু লুপ্তপ্রায়। মামুদপুর, মহিষাবুরি, হুগড়ুগি, চৌকিডাঙ্গা, তপসি, যানবাজার, রেলপাড়, ধসল, অণ্ডাল, রাণীগঞ্জ বহু মানুষ এই নদীর জল ব্যবহার করত। বর্তমানে কোনো মানুষই এই নদীর জলে স্নান করতে পারে না কারণ বিভিন্ন রোগ এবং চর্ম রোগও দেখা দিয়েছে। এমনকি জন্তু জানোয়াররাও জল পান করতে পারে না। আমরা চাই, নদীর গতিপথ পুনরায় ফিরিয়ে দেওয়া হোক। যারা নদীর জল দূষিত করেছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক।

শ্রী প্রদীপ কুমার সাহা : স্যার, আজকে সকালে একটি খবর আমাদের অনেককেই নাড়া দিয়েছে। শতাব্দীর প্রাচীন স্কুল হেয়ার স্কুল। হেয়ার স্কুলের প্রাতঃ বিভাগের ছাত্র-ছাত্রীদের গার্জেনরা গতকাল অবরোধ করেছেন, কারণ তাঁদের ছেলেমেয়েদের ক্লাস হচ্ছে না। প্রাতঃ বিভাগে শুনলাম ১৪ টি পোস্ট আছে। তার মধ্যে ৮ জন শিক্ষক আছেন। দু'জন আগামী মাসে রিটায়ার করবেন। গোটা রাজ্যে শিক্ষা ব্যবস্থাটা কোন্ দিকে এগোচ্ছে, আপনার নজরে আনছি। আসলে এর মধ্যে দিয়ে কি আমরা বেসরকারী শিক্ষা ব্যবস্থার দিকে ঠেলে দিচ্ছি ? পি.এস. সি. ঠুটো জগন্নাথ। সরকারী স্কুলগুলোতে কোন রিক্রুট করা হচ্ছে না। রিসেন্ট স্যার, পোষিত স্কুলগুলো থেকে কিছু টিচার তুলে নিয়ে সরকারী স্কুলগুলোতে নেওয়া হয়েছে। কি অবস্থাটা দাঁড়াচ্ছে।

মিঃ স্পিকার : আপনি আপনার হেয়ার স্কুলের উপর দৃষ্টি আকর্ষণ করুন।

শ্রী প্রদীপ কুমার সাহা : আমি এই হেয়ার স্কুলের ওপর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই সরকারী স্কুলগুলোতে অবিলম্বে টিচার দেওয়া হোক। এইভাবে শতাব্দীর প্রাচীন স্কুল চলতে পারে না। ...(এই সময় মাইক অফ্ হয়ে যায়।).....

শ্রী মোহিত সেনগুপ্ত : ...অনুপস্থিত।

শ্রী সুজিত চক্রবর্তী : সারা দেশের বিভিন্ন রাজ্যের সাথে ২০১৫ সালের আমাদের পশ্চিম বাংলাতেও নোটিফিকেশানের মাধ্যমে ভিলেজ রিসোর্স পার্সন নিয়োগ হয়েছিল। এই ভিলেজ রিসোর্স পার্সনদের কাজ ছিল যে, মহাত্মা গান্ধীর গ্যারান্টি প্রোগ্রামের যে সমস্ত কাজ, সেই কাজগুলো ঠিকঠাক হচ্ছে কিনা, এই কাজগুলো দেখার জন্য এদেরকে রিক্রুটমেন্ট করেছিল। তারা বছরে ১৫ দিন কাজ দেখত। এগুলোর যা রিপোর্ট, সেগুলো ডি.এম.-এর কাছে জমা দিত। এই তাদের কাজ ছিল। বর্তমানে মাননীয়া মুখ্যমন্ত্রী বারেবারে ভি.আর.পি.-দের সম্পর্কে বিভিন্ন মঞ্চে এবং টি.ভি.তে যখন বিভিন্ন আলোচনা হয়েছে, তখনই উনি বলেছেন যে, ভি.আর.পি. -দের ব্যাপারটা আমরা দেখব কারণ পঞ্চায়েতের মাধ্যমে যাতে এদের কাজ দেওয়া যায়।

মিঃ স্পিকার : মেনশন কেসে আপনি জেনারেল বক্তৃতা বলতে পারবেন না। আপনি মেনশন করুন। ভি.আর.এস. নিয়ে সমস্যাটা আপনি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন।

শ্রী সুজিত চক্রবর্তী : আমাকে বলতে দিন, আপনি তো ব্যাপারটা বুঝলেন না। বর্তমানে যেটা হয়েছে, গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে ২৪০ দিন কাজ দিতে হবে। কিন্তু তাদের দেড়শো টাকা করে বেতন ২০ দিনে হচ্ছে, তিন হাজার টাকা পায়। এই জন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, ...(এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

[12:10 – 12:20 p.m.]

Shri Rafiqul Islam Mandol : ধন্যবাদ স্যার, একটা অদ্ভুত ব্যাপার যারা সারা ভারত সরকারের মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট ২০০৫ মোতাবেক গ্রামীণ কর্মসংস্থান নিশ্চিতকরণের প্রতোক্ষ সহায়তা করছেন তাদেরই কোনো কাজ ও পারিশ্রমিক আজও অনিশ্চয়তার মধ্যে ঝুলছে। স্থানীয় পঞ্চায়েত প্রধানরা মর্জি মত তাদেরকে স্কীম তদারকির সুযোগ দেয়। তার ওপরে স্থানীয় মেম্বারের মাতব্বরি। ফলে বছরের অনেক সময় তাদের হাতে কোনো স্কীম থাকে না। ফলস্বরূপ, অনাহারে, অর্ধাহারে জীবন কাটাতে হয় অথচ এদেরই ওপরে এম.জি. এন.আর.এ. -র সফলতা নির্ভর করে। অবিলম্বে এই এম.জি.এন.আর.এ.-র সুপারভাইজারদের সরকারী কর্মচারী হিসাবে স্বীকৃতি দেওয়া, তাদের জন্য মাসিক সাম্মানিক অথবা বেতনের ব্যবস্থা করা, তাদের ডি.এ. ও স্বাস্থ্য বিমা চালু করা এবং তাদের পরিচয়পত্র চালু করা জরুরি। শুধু তাই নয়, পশ্চিমবঙ্গের জনগণনা এবং শিক্ষা সংক্রান্ত নানাবিধ কাজেই যেমন, 'শিক্ষাশ্রী', 'ঐক্যশ্রী' ইত্যাদি কাজে তাদেরকে যুক্ত করলে শিক্ষক-শিক্ষিকারা, ছাত্র-ছাত্রী পঠনপাঠনে মনোনিবেশ করতে পারবে। কাজেই এই বিষয়গুলি অবিলম্বে যাতে বিবেচিত হয় এই জন্য মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Runu Dutta : ধন্যবাদ স্যার। মহাশয়, আমি সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রীর কাছে জানাচ্ছি যে, আমার বিধায়ক এলাকায় উন্নয়ন তহবিল থেকে ৭ লক্ষ ৫০ হাজারের বেশি টাকা বিধায়ক এলাকা উন্নয়নের জন্য আমরা ডি.এম, মারফত পাঠিয়েছিলাম ৩৩ নম্বর ওয়ার্ডে একটা শ্মশান ঘাট নির্মাণের জন্যে। কিন্তু আমি উদ্বেগের সঙ্গে দেখছি যে, টেন্ডারে আমাকে জানানো হ'ল না। কাজ শুরু হ'ল আমাকে জানানো হ'ল না। উদ্বোধন হ'ল আমাকে জানানো হ'ল না এবং আমি দেখলাম, শিলান্যাস হয়ে গেছে সেখানে বিধায়কের কোনো নাম নেই, আমার কোনো নাম নেই। এ ব্যাপারে মাননীয় বি.ইউ.পি-র মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, মাননীয় মুখ্যমন্ত্রীকে বলছি।

Mr. Speaker : মাননীয় মন্ত্রী রয়েছেন, উনি এটা দেখবেন।

Shri Mahit Sengupta : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর কাছে কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় সম্পর্কিত অভিযোগ আপনার সামনে উত্থাপন করছি। রায়গঞ্জ বিশ্ববিদ্যালয় ২০১৫ সালে শুরু হয়। অনেক আশা-আকাঙ্খার ফলস্বরূপ আমরা এই বিশ্ববিদ্যালয় পেয়েছি। কিন্তু আজ আমি বলতে বাধ্য হচ্ছি যে, এই নবীন বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই গভীর দুর্নীতি এবং তথাকথিত কাটমানির অর্থনৈতিক গহ্বরে নিমজ্জিত।

এ বিষয়ে আমি আমার অভিযোগগুলি উত্থাপন করছি। বিশ্ববিদ্যালয়ের বিল্ডিং কন্সট্রাকশানের জন্য ক্রমান্বয়ে অখ্যাত একটি কোম্পানি New Himalyan Construction Company পায় দেড় কোটি টাকা। এই কোম্পানিকে দিয়ে বিল্ডিং গঠনের কাজ করানো হয়েছে। অভিযোগ হচ্ছে, এই ঠিকাদার কোম্পানি G.S.T. enlisted নয়। গভর্ণমেন্ট অর্ডার থাকা সত্ত্বেও কোন টেন্ডার হয়নি। আমার প্রশ্ন, বার বার একই কোম্পানি কীভাবে এত টাকার কাজ পেয়ে যায়। দুর্নীতির দ্বিতীয় প্রশ্ন হ'ল, work-order-এর কপিতে দু'জন registrar-এর স্বাক্ষর। প্রথমজনের স্বাক্ষর কেটে দ্বিতীয়জন স্বাক্ষর করেছে। তারিখ কাটা হয়েছে। বোঝা যাচ্ছে, আইন ভঙ্গ করে নিজের পেটোয়া পছন্দের ঠিকাদারকে কাজ পাইয়ে দিয়েছেন রেজিস্টার। আমার দৃঢ়বিশ্বাস এখানে কাট-মানির লেনদেন হয়েছে। মাননীয় স্পিকার স্যার, দুর্নীতির চরম দৃষ্টান্ত হ'ল, সঠিক শিক্ষাগত যোগ্যতার মান যাচাই না করেই বিদ্যালয়ে গ্রুপ-সি, গ্রুপ-ডি পদে কর্মী নিয়োগ। এই ক্ষেত্রে অভিযোগ স্বজনপোষণের। এছাড়াও স্নাতক স্তরে ভর্তির ক্ষেত্রে কাটমানির লেনদেন রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে এখন জলভাত। সাধারণ জেনারেল স্ট্রিমে ভর্তির ক্ষেত্রে .....(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়)....

Mr. Speaker : আমি আপনাকে একটা কথা বলি মোহিতবাবু, আপনি হাউসের মধ্যে একজন রেজিস্ট্রারের নাম উল্লেখ করে তাঁর এগেনস্টে দুর্নীতির অভিযোগ আনলেন। এই রেসপন্সিবিলিটি কিন্তু আপনার। এগুলো আপনি একটু বুঝে নেবেন। আপনি একটি স্পেসিফিক অভিযোগ করলেন, আমি শুনেছি। আপনি বললেন যে, রেজিস্ট্রার তিনি দুর্নীতি করেছেন - এই শব্দটা আপনি ব্যবহার করেছেন। আর এটা প্রমাণ করার দায়িত্ব কিন্তু আপনার। এর এগেনস্টে যদি কিছু হয় সেটার ক্ষেত্রে liability is yours. বুঝে শুনে একটু বলবেন। আপনি একজন সুনির্দিষ্ট লোকের নাম ধরে বলছেন। এগুলো আপনি একটু এ্যালার্ট হয়ে বলবেন। এগুলো বলাটা কি জানেন? এগুলো হলে, আপনি unnecessary invite করে নিচ্ছেন litigation-কে। এগুলো বলার কোনো মানে হয় না।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, মাননীয় মন্ত্রী উপস্থিত আছেন, আপনার মাধ্যমে ওনার দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে এটা নিয়ে অনেক প্রশ্নোত্তর হয়েছে এবং অনেকবার দৃষ্টি আকর্ষণও হয়েছে। রাজ্যে ভোকেশনাল টিচার বা বৃত্তিমূলক শিক্ষকদের গত ৭ বছরে ভাতা বেড়েছে ১০ টাকা। তিন রকমের শিক্ষক আছেন স্যার। একটা, আংশিক শিক্ষক। পার ক্লাস ১১০ টাকা। তাঁরা সর্বোচ্চ ক্লাস করে মাসে ৫/৬ হাজার টাকা পায়। এছাড়া, চুক্তিভিত্তিক শিক্ষকদের ৯ হাজার টাকা আর প্রশিক্ষকদের ৭ হাজার টাকা। ৭ বছরে ১০ টাকা ভাতা বাড়ার দরুণ তারা তাদের ন্যায্য দাবি, অধিকার নিয়ে এসেছিল এবং শান্তিপূর্ণ গণতান্ত্রিক আন্দোলন করছিল কারিগরী ভবনের ভেতরে। কারিগরী ভবনের ভেতরে তাদের ঢোকার অনুমতি দিয়েছে এবং সেখানে বসে গণতান্ত্রিক আন্দোলন করছিল। তারপর বিকেল গড়িয়ে যাওয়ার পর, স্যার গতকাল জালিয়ানওয়ালা বাগের প্রস্তাব নিয়েছেন, সেখান থেকে পুলিশও শিখেছে, পুলিশ তাদেরকে ঘিরে ধরে নির্বিচারে লাঠিচার্জ করে এবং তার ফলে একজন শিক্ষক মহাশয়, কালীশঙ্কর মাহাত, তাঁর

মাথা ফেটে রক্তাক্ত হয়েছে। আরও বহু শিক্ষক-শিক্ষিকা জখম হয়েছেন। তাই আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি এদের এই সমস্যার দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করুন।

শ্রী মহসিন আলি : স্যার, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, ভগবানগোলা বিধানসভার অন্তর্গত রাণীতলার জুম্মা মসজিদ মোড় P.W.D. রোড থেকে তপিডাঙার জোড়াসাঁকো মোড় পর্যন্ত ৫ কিলোমিটার রোডের অবস্থা ভয়ঙ্কর খারাপ। ওই রাস্তা দিয়ে ২৪ ঘন্টা মানুষ যাতায়াত করে। ২০টি ট্রেকার, ১৫টি অটো, ২টি বাস, ইত্যাদি রেল ষ্টেশনে মানুষকে পৌঁছে দেয়। কিন্তু রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ হওয়ায় যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে। তাই রাণীতলার জুম্মা মসজিদের মোড় থেকে তপিডাঙার জোড়াসাঁকো মোড় পর্যন্ত ৫ কিলোমিটার রাস্তাটি P.W.D.-কে নেওয়ার জন্য জনস্বার্থে অবিলম্বে দাবি জানাচ্ছি এবং রাস্তাটির সংস্কারেরও দাবি জানাচ্ছি।

শ্রী রামশঙ্কর হালদার : স্যার, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ ২৪ পরগণা জেলার পশ্চিম সাইডে এই জেলার মধ্যে দিয়ে যে জাতীয় সড়ক, ডায়মন্ড হারবার রোড গেছে, সেই ডায়মন্ড হারবার রোড প্রায় এক মাস হতে চলল বন্ধ। গঙ্গা নদীর তীরে ডায়মন্ড হারবার শহরের কাছে সাংসদ তহবিলের টাকায় ঝুলন্ত পার্ক করতে গিয়ে নদী বাঁধ খোঁড়াখুঁড়ি করেছে, খোঁচাখুঁচি করেছে। তার ফলে ওখানে তিনভাগ রাস্তা নদীগর্ভে নেমে গেছে। এই রাস্তা বন্ধ হওয়ার ফলে এই সাব-ডিভিশান এলাকায়, কাকদ্বীপ এবং ডায়মন্ড হারবার সাব-ডিভিশন এলাকার লক্ষ লক্ষ মানুষ যোগাযোগ বিচ্ছিন্ন, গাড়ীর পরিবহন বন্ধ, চরম দূর্দশার মধ্যে রয়েছে। যত দ্রুত সম্ভব এই রাস্তা মেরামত করে যানবাহন চলাচলকে স্বাভাবিক করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

শ্রী দুলাল চন্দ্র বর : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা জানাচ্ছি। বাগদা থানা ১৯৬৩ সালে তৈরি হয়েছিল এক একর জমির ওপরে এবং তাতে পাঁচ-টা দাগ ছিল। কিন্তু গত এক সপ্তাহ আগে সেই জমির পাঁচ-টা দাগের মধ্যে একটা দাগ, ৩৯ দাগের ২০ শতক জমিতে একটা তিনতলা বাড়ী কী ভাবে হয়েছিল সেটা আমি জানিনা স্যার। হচ্ছে হচ্ছে, তার পর এক কোটি টাকায় বিক্রি হয়েছে স্যার। বাগদা থানার মধ্যে ৩৯ দাগে ২০ শতক জমির মধ্যে তিনতলা বাড়ি করে এক কোটি টাকায় বিক্রি হয়েছে। জমিটা বিক্রি করেছে ওখানকার একজন জমি মাফিয়া। পশ্চিমবঙ্গে তো এখন মাফিয়াদেরই রাজত্ব। বাড়ি মাফিয়া, বেআইনি পার্কিং মাফিয়া। আজকে সকালে দেখলাম উত্তরবঙ্গের কাঠ মাফিয়ারা কাঠ বিক্রি করে দিচ্ছে। বাগদা থানার জমি কীভাবে বিক্রি হল তার জন্য অবিলম্বে একটা তদন্ত করা দরকার। আজকে মাফিয়ারা পুলিশের থানা পর্যন্ত বিক্রি করে দিচ্ছে।

[12:20 – 12:37 p.m.]

Shri Ajit Roy : Not present in the House

শ্রী বিশ্বনাথ চৌধুরি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে বাংলাদেশ যুদ্ধে একটা বিশেষ ভূমিকা হিলির আছে। সেই হিলিতে প্রায় আড়াইশো থেকে তিনশো ট্রাক মাল নিয়ে বাংলাদেশে যায়। এখানে পাঁচটি অঞ্চল আছে। সেখানকার মানুষজন দীর্ঘদিন ধরে একটা ফায়ার ব্রিগেডের জন্য আবেদন করছেন। সেটা এখনও পর্যন্ত হয়নি। আমি পূর্বতন যিনি মন্ত্রী ছিলেন তাঁকে বলেছিলাম, বর্তমান মন্ত্রীকেও আমি বলেছি। কাজেই আমি অনুরোধ করব মন্ত্রী যদি একটু বলেন যেহেতু তিনি এখানে উপস্থিত আছেন। এটার অগ্রগতি ঘটানো বিশেষ দরকার তাছাড়া যে কোনো সময়, যে কোনো অঘটন ঘটতে পারে।

শ্রী সুজিত বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় বিশ্বনাথবাবুর সঙ্গে আমার এ বিষয়ে কথা হয়েছে। আপনি জানেন জমিটা হিলির ফাইনাল হয়নি। কিন্তু ডি.এম.র কাছে আমি আবার চিঠি লিখেছি। আমার ডি.জি.ও. কথা বলেছেন। জমিটা ফাইনাল হলে হিলি আমাদের প্রপোজালের মধ্যেই আছে। এটা আমরা খুবই দায়িত্ব নিয়ে দেখছি। জমিটা ফাইন্ড আউট হলেই আমরা এ কাজটা করে দেব। সবই তো আপনি জানেন, চিঠির কপিও আমি আপনাকে দেখিয়ে দেব।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার আপনার নিজেরও যথেষ্টই জানা আছে যেহেতু আপনি বারুইপুরে প্রায়শই যাতায়াত করেন। আপনি কলকাতা থেকে যে যে রাস্তায় বারুইপুর যাবেন কামালগাজি হয়ে আপনি যান, রাজপুরের উপর দিয়ে যান অথবা ইএমবাইপাসের এক্সটেনশান দিয়ে যান রাস্তাগুলোর চেহারাটা খুবই খারাপ। আমার ধারণা মন্ত্রী মশাইয়ের নিশ্চয়ই নজরে আছে। তা বলে কামালগাজি, সোনারপুর তো প্রায় দুবছর আগে থেকে ব্রীজে যাতায়াত বন্ধ করে দিয়েছি, উপায় থাকছে না। মন্ত্রী মশাই এখানে আছেন, রাস্তা যখন তৈরি হচ্ছে ভালো হচ্ছে চকচকে। ৬ মাস, ৮ মাস পর একটা বর্ষা খেলেই সে রাস্তাটা এমন কঙ্কালসার হয়ে যাচ্ছে এটা অনেকগুলো জায়গায় আমি দেখলাম, এটা আমার ঠিক ধারণার মধ্যে ছিল না। আমি সম্প্রতি আরো কতগুলো রাস্তায় যাতায়াত করতে গিয়ে দেখলাম জাস্ট বর্ষাটা হল মানে রাস্তাটা একেবারে, রাস্তা তৈরির ক্ষেত্রে কোনো অসুবিধা হচ্ছে কিনা অথবা তার মেইনটেন্যান্সে কোন অসুবিধা হচ্ছে কিনা, স্পেশ্যালি ওটা যেমন উল্লেখের মধ্যেই আছে, উনি নিজেও জানেন স্পিকার সাহেব সব কটা রাস্তা, যে রাস্তা দিয়ে যাবেন খুব দুর্বিষহ অবস্থা। সরকার যথাযথভাবে অন্তত রিপেয়ার, মেইনটেন্যান্স কন্টিনিউয়েশান এক্ষেত্রে উদ্যোগ নিন– আমি এটা আপনাকে জানালাম।

শ্রী অরূপ বিশ্বাস : স্যার, আমি একটা কথা মাননীয় সদস্যকে জানাতে চাই- উনি যে কামালগাজির রাস্তাটা উল্লেখ করেছেন সেটা পূর্ত দপ্তরের রাস্তা নয়। উনি দীর্ঘদিন ওখানকার বিধায়ক ছিলেন, জানা উচিত। আর দুই নম্বর উনি বলেছেন ৬ মাসের মধ্যে রাস্তা খারাপ হয়ে যায়। উনি যদি হাউসে একটা দৃষ্টান্ত আগামীকাল, তিনদিনের মধ্যে দিন যে আমরা রাস্তা করার পরে ৬ মাসের মধ্যে রাস্তা খারাপ হয়ে গেছে, একটা দৃষ্টান্ত দিন।

মিঃ স্পিকার : সুজনবাবু বসুন। রাস্তাটা তৈরি হওয়া দরকার। Hon- Minister has taken note. রাস্তাটা যদি খারাপ হয়ে থাকে সেটার নিশ্চয়ই একটা ব্যবস্থা হবে, ঠিক আছে।

Shri Idris Ali : Hon-ble Speaker Sir, I am deeply grateful to you for giving me scope . At the same time I am also deeply grateful to the Hon-ble Chief Minister because due to her I have been able to come here. Hon-ble PWD minister is here.

স্পিকার স্যার, আমি তিনটি বিষয় বলব, সম্মানীয় পূর্ত মন্ত্রী এখানে আছেন। আমার তিনটি ব্যাপারে প্রার্থনা আছে। আমার উলুবেড়িয়া পূর্ব কেন্দ্রে বাউড়িয়া যে রেল গেট আছে সেখানে আমি নিজে ভূক্তভোগী। সেখানে ১৫ মিনিট থেকে ১ ঘন্টা পর্যন্ত ওই বাউড়িয়া রেল গেট বন্ধ রাখে। ন্যাচারালি, মাননীয় মন্ত্রী মহাশয়, স্পিকার মহাশয় আপনারা উপলব্ধি করতে পারছেন অনেক পেশেন্ট এমনকি অ্যাম্বুলেন্স তারাও যেতে পারে না, আমরাও যেতে পারি না। এই ব্যাপারে ওখানে যদি ওভারব্রীজ বা ফ্লাইওভারের ব্যবস্থা মাননীয় মন্ত্রী সাহেব করেন সেই আবেদন রাখছি।

দ্বিতীয় অনুরোধ, মাননীয় মন্ত্রী মহাশয় এটা এনকোয়ারি করতে পারেন, আমার উলুবেড়িয়া পূর্ব কেন্দ্রের আর একটা জায়গা চেঙ্গাইল – সেখানে অবস্থা একই রকম।

তৃতীয়তঃ মাননীয় স্পিকার স্যার, আমার লাস্ট পয়েন্ট আপনারা সকলেই জানেন, মাননীয় মন্ত্রী মহাশয় জানেন উলুবেড়িয়াতে একটা ফ্লাই ওভার আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় এবং আমাদের মাননীয় মন্ত্রী অরূপ বিশ্বাসের সহযোগিতায় প্রায় কমপ্লিট। সেটা প্রায় হয়ে গেছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব ওটা যাতে দুর্গা পুজোর আগে চালু করা হয়।

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্যকে বলব যে, আপনি আগে সংসদে ছিলেন। একটা ব্রীজ মন্ত্রীর ইচ্ছামত উদ্বোধন করতে পারে না। একটা ব্রীজ টেকনিক্যালি তৈরি হয়। তার পর তার লোড টেস্ট হয়। তার পরে তার কতগুলো স্যাংশান করাতে হয়। তার পর ব্রীজটা উদ্বোধন হয়। পুজোর আগে নির্দিষ্ট করে বললে এটা করা যায় না। অনেকগুলো পার্মিশানের দরকার হয়, লোড টেস্টের দরকার হয়। ইট ইজ এ টোটালি টেকনিক্যাল ম্যাটার। যখন এটা হবে, যত দ্রুত সম্ভব এটা করা হবে।

শ্রীমতী নার্গিস বেগম : স্যার, আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে আমার আবেদন। প্রথমে আমি ওনাকে ধন্যবাদ জানাই। মেমারী রেল ওভারব্রীজটার সয়েল টেস্টটা হয়ে গেছে। কাজ অনেকটা এগিয়ে গেছে। প্রস্তাবিত মেমারী রেল ওভারব্রীজের কাজটি সুপারিন্টডেন্ট ইঞ্জিনিয়ার (পি.ডব্লিউ.ডি.) ও ডাইরেক্টর – এর সঙ্গে ইস্টার্ন রেলের একটা পিলার আর.পি.-২ ডিজাইন নিয়ে সহমত না হওয়ার জন্য কাজটি আটকে আছে। মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে অনুরোধ করছি প্রয়োজনীয় ব্যবস্থা নিতে যাতে দ্রুত কাজটি করানো যায়।

শ্রী অরূপ বিশ্বাস : আপনি ঠিকই বলেছেন, আর.ও.বি.-র ক্ষেত্রে আমাদের ডিজাইনগুলো রেলকে পাস করতে হয়। আমরা সেই ডিজাইন, ড্রয়িং পাঠিয়েছি। রেলের সাথে কথা চলছে, আমার ধারণা খুব দ্রুত আমরা রেল থেকে সম্মতি পাব।

শ্রী নির্মল চন্দ্র মন্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি গ্রামোন্নয়ন, পঞ্চায়েত মন্ত্রীর কাছে আবেদন রাখতে চাইছি আপনার মাধ্যমে। বারুইপুর ব্লক একটা বৃহৎ এলাকা জুড়ে ব্লকটা আছে এবং ব্লকে একটা পঞ্চায়েত সমিতি যেখানে ১৯টি গ্রাম পঞ্চায়েত যেখানে ২৫,২৬,২৭ জন করে এক একটা গ্রাম পঞ্চায়েতের সদস্য। এখানে ৩৭২টি বুথ এই পঞ্চায়েত সমিতির আন্ডারে। এর এরিয়া হচ্ছে প্রায় ২১৩ বর্গ কিলোমিটার। আমরা চাইছি বারুইপুর ব্লকটি যেহেতু আপনার এলাকা ১৪০ বিধানসভা এবং আমার এলাকা ১৩৭ বিধানসভা এই দুটো নিয়ে বারুইপুর ব্লক। আমি আপনার মাধ্যমে বলতে চাইছি যে বারুইপুর পঞ্চায়েত সমিতিটাকে দুটো ভাগে ভাগ না করলে প্রশাসনিক ও বিভিন্নভাবে মানুষের অসুবিধা হচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে প্রস্তাব রাখছি বারুইপুর পঞ্চায়েত সমিতিটাকে দুটো ভাগে ভাগ করার জন্য, যাতে আমরা আগামী দিনে সুষ্ঠভাবে কাজ করতে পারি, সেটা আপনি দেখবেন।

(জিরো আওয়ার)

শ্রী খগেশ্বর রায় : স্যার, আপনাকে ধন্যবাদ জানাই। স্যার, আপনি নিশ্চয় জানেন যে আমার বিধানসভা জলপাইগুড়ি জেলায়। কিছুদিন আগে বামফ্রন্টের আমলে জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ ব্লক, ময়নাগুড়ি ব্লক, সদর ব্লক, প্রায় দেড়শো মানুষের - তখন তিস্তা ব্রীজের, তিস্তা সেচ দপ্তর হয়েছিল। তাদেরকে চাকরি দেওয়ার প্রলোভন দিয়েছিল বামফ্রন্ট সরকার। কিন্তু দীর্ঘ কয়েক বছর হয়ে গেলেও বামফ্রন্ট সরকার চাকরির প্রতিশ্রুতি দেওয়ার পরও তারা চাকরি পায়নি। এর প্রতিবাদে গত ১২ই আগস্ট জলপাইগুড়ি ডি.এম. অফিসে প্রায় দেড়শো জন মানুষ অনশনে বসেছিল। অনশনে বসার পরে আমার কাছে খবর আসে। আমিও গেলাম এবং ডি.এম. সাহেবসহ তাদেরকে বোঝালাম যে তোমরা অনশন প্রত্যাহার করে নাও। তার কারণ বামফ্রন্ট সরকারের আমলে তদানীন্তন মুখ্যমন্ত্রী কোনদিন উত্তর বাংলায় যাননি। কিন্তু ২০১১ সালের ২০শে মে যেদিন ২লক্ষ ৩ হাজার কোটি টাকার ঋণ নিয়ে পশ্চিম বাংলার মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী পশ্চিম বাংলার দায়িত্বভার গ্রহণ করেন, তিনি বারবার উত্তর বাংলায় গিয়েছিলেন। তিনি উত্তর বাংলার মানুষের কথা চিন্তা করেছেন, জলপাইগুড়ি জেলার মানুষের কথা চিন্তা করেছেন। তাই যেটা বলতে চাই আমাদের মা মাটি মানুষের সরকারের মুখ্যমন্ত্রী সাধারণ গরীব মানুষের পাশে থাকেন।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

শ্রী ইদ্রিস আলি : অনারেব্‌ল্ স্পিকার স্যার, আজকে একটি বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে আজ বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের মৃত্যু দিন। এই ২৯ শে আগস্ট অর্থাৎ আজকের দিনেই তাঁর তিরোধান দিবস এবং যিনি সবচেয়ে বেশি শ্যামাসঙ্গীত রচনা করেছিলেন - হি ওয়াজ এ সিম্বল অফ কমিউনাল হারমোনি অ্যান্ড ন্যাশানাল ইন্টিগ্রেশান। আজকে ভারতবর্ষের বুকে দেখা দিয়েছে যেখানে সাম্প্রদায়িক সম্প্রীতি বা সহিষ্ণুতার অভাব। সেখানে যদি আমরা বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামকে, যদিও আমাদের মহামান্য মুখ্যমন্ত্রী

প্রতিটি মনীষীকে স্মরণ করে চলেছেন। এমনকি নেপালী কবি ভানু ভক্তকেও স্মরণ করেছেন আমাদের নিয়ে। তাই এই ব্যাপারটা রেকর্ড করার জন্য বলছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : স্যার, ধন্যবাদ। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্য প্রতিমন্ত্রীকে বলতে চাইছি যে এই মুহূর্তে সমস্ত এম.এল.এ.-রা একমত হবেন সব পক্ষেরই। আমাদের রাজ্যের সব হাসপাতালে গ্রাম থেকে একেবারে এখানে পি.জি. হসপিটালে এটা দেখেছি - এটা ইনট্রোডিউস করার পিছনে অরূপদারও ভূমিকা ছিল চন্দ্রিমাদির সাথে। রোগী সহায়তা কেন্দ্র স্যার, সেখানে রোগী সহায়ক বলে কিছু ছেলে মেয়ে কাজ করে। এই মুহূর্তে স্যার, আপনিও জানেন যে হাসপাতালগুলির রোগী কল্যাণ সমিতির কোনো টাকা কোনো সরকার দেয় না। কিন্তু যে টাকাটা ওখানে জেনারেট হয় এই ছেলেমেয়েগুলিই করে স্যার। স্বাস্থ্যসাথী কার্ড এর পূর্বে RSVY কার্ড ছিল, সেই কার্ড ব্যবহার করে লক্ষ লক্ষ টাকা তারা গ্রামীণ হাসপাতাল থেকে শুরু করে মেডিক্যাল কলেজ অবধি আর্ন করে দিচ্ছে সরকারকে। অথচ স্যার, তারাই বঞ্চিত হচ্ছে তাদের পাওনাগন্ডা পাওয়ার ক্ষেত্রে। এদের মাঝখানে একটা রেড ক্রস সোসাইটির একটা এন.জি.ও.আছে, সেখান থেকে এদের অ্যাপয়েন্টমেন্ট। স্যার, স্বাস্থ্য প্রতিমন্ত্রীর সাথে আমি আলাদা করে কথা বলেছি, যাতে এদের সরকারের আন্ডারে আপনি পার্মানেন্ট না করতে পারলেও আপাতত অস্থায়ী হিসাবে ডাইরেক্ট নিয়োগ করে নিয়ে এদের পাওনাগন্ডাটা একটু বাড়ান। তাহলে এরাও উপকৃত হবে আর স্বাস্থ্য ব্যবস্থাটা আরও ভালভাবে চলবে, এই প্রস্তাব আমি আপনার কাছে রাখছি। ধন্যবাদ স্যার।

মিঃ স্পিকার : অনারেব্‌ল্ মিনিস্টার শুনেছেন উনি যা বলেছেন। সি হ্যাজ টেকেন এ নোট অফ ইট।

(At this stage the House was adjourned till 02:00 p.m.)

[2:00 – 2:10 p.m.]

(After Recess)

The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to introduce the West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019.

(Secretary then read the Title of the Bill)

Dr. Partha Chatterjee : Hon'ble Speaker, Sir, I beg to move that the West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 be taken into consideration.

Mr. Speaker : There are three amendments (Nos.1 to 3) to the Motion, that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon, by Shri Asit Mitra (Amendment No.1), Dr. Sujan Chakraborty (Amendment No.2) and Shri Abdul Mannan (Amendment No.3). First, I call upon Shri Asit Mitra to move his amendment.

Shri Asit Mitra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 2019.

Mr. Speaker : Next, I call upon Dr. Sujan Chakraborty to move his amendment.

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th September, 2019.

Mr. Speaker : Next, I call upon Shri Abdul Mannan to move his amendment.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion theeon by the 31st December, 2019. স্যার, এটা কি আমরা আগে আলোচনা করতে পারি ? এর উপরে আলোচনা করে ভোটাভুটিটা তো করতে পারি।

মিঃ স্পিকার : না, আপনি এটা শেষে করার পরে যখন আমি consideration-এর জন্য নেব, তখন আপনারা যা বলবেন আমি শুনে নেব।

শ্রী আব্দুল মান্নান : স্যার, ওই সময়ের মধ্যে এটা কুলোবে না। আমি যেটা বলতে চাইছিলাম যে কতকগুলো টেকনিক্যাল ব্যাপার আছে। ছেলেমেয়েদের চাকরী নিশ্চয়ই হোক, ছেলেদের চাকরি হোক এবং তার জন্য যে উদ্যোগ সেটাকে আমরা সমর্থন করি। কিন্তু এমন কোনো ক্লু আমি রাখতে চাই না। আপনি একজন আইনজীবী মানুষ, একজন লিগাল প্র্যাকটিশনার, নামকরা প্র্যাকটিশনার - তাই আপনি জানেন স্যার যে, এখানে যা কিছু পাস হবে সেটা যদি বেআইনি হয়, আদালতে গিয়ে সেটাকে null and void করে দিতে পারে। একটা জিনিস আছে যে, সবকিছুতে গভর্ণরের একটা এ্যাপ্রুভাল লাগে। এই বিলটা যেটা নিয়ে এসেছেন, Repealing Bill, তাতে আমাদের বিধানসভার আন্ডার রুল ১৬-এ গভর্ণর এ্যাপ্রুভ করেছেন। কিন্তু ফর পাবলিকেশান অফ দি বিল, তার কিন্তু ফিনান্সিয়াল মেমোরেন্ডাম নেই। ফিনান্সিয়াল মেমোরেন্ডামের জন্য আলাদাভাবে লাগে। আপনি বিলে এখানে বলেছেন কোনো ফিনান্সিয়াল মেমোরেন্ডাম লাগবে না। There is no financial implication involved in giving effect to the provision to this Bill. স্যার আপনি একজন আইনজীবী মানুষ এবং লিগাল প্র্যাকটিশনার হিসাবে আমাকে

আপনি বলুন যে, এটাকে ঘুরিয়ে আপনি যা নিয়ে আসছেন তাতে ফিনান্সিয়াল মেমোরেন্ডামটা দরকার বিলেতে।

আপনি ২০১১ সালে একটা বিল পাশ করালেন। তার পর ২০১৭ সালে একটা রিপিলিং বিল নিয়ে এসেছিলেন। আবার এখন একটা নিয়ে এসেছেন আগের রিপিলিং যেটা ছিল সেটা নাল অ্যান্ড ভয়েড হয়ে যাচ্ছে। কনস্টিটিউশানের ২০৭ ধারায় পরিষ্কার বলা আছে আপনি এইরকম একটা বিল আনতে পারেন না। সেখানে পরিষ্কার আপত্তি করা আছে। ২০৭ ধারায় কনস্টিটিউশান অব ইন্ডিয়ার ১৯৪৯ এ যেটা আছে তাতে পরিষ্কার বলা আছে, A Bill which, if enacted and brought into operation, would involve expenditure from the consolidated fund of a state shall not be passed by a House of the Legislature of the State unless the Governor has recommended to that House the consideration of the Bill. Financial memorandum-এর অ্যাপ্রুভাল কি আপনি পেয়েছেন? আপনি যে বিলটা দিয়েছেন সেখানে কোনো financial memorandum নেই। আমি একটু কম্পেয়ার করলে বুঝতে পারব একটা Lynching Bill আসছে পরের দিন। সেখানে স্টেটমেন্ট অব অবজেকশানের লাস্টে financial memorandum দেওয়া আছে। এই বিলে কিন্তু financial memorandum দেওয়া নেই। আপনি একটু বিচার করে দেখুন স্যার, আপনি যখন ২০১৯ এ রিপিলিং এনে ২০১৭ কে বাতিল করে দিচ্ছেন, আবার ২০১৭ সালে রিপিলিং করে ২০১১ সালটা বাতিল করেছেন। এখন আবার সেই ২০১১ সালটা ফেরত আসছে। তাতে তো financial memorandum আছে। তাতে তো চেয়ারম্যান, মেম্বার, স্টাফ, অফিস মেন্টেনেন্স ইত্যাদি রয়েছে। তাহলে তো একটা ফিনানসিয়াল লায়াবিলিটি এসে যাচ্ছে। আপনি সেটা স্বীকার করছেন না। আমার যেটা বলার, সেটা হচ্ছে আপনি বিলটা অন্তত একদিন পিছিয়ে দিন, দিয়ে আপনি অ্যাডভোকেট জেনারেলকে নিয়ে আসুন। আইনগত ব্যাপারগুলো তিনি যাতে বুঝিয়ে দেন। আপনিও বোঝাতে চাইলে বুঝিয়ে দিতে পারেন কনস্টিটিউশানে যেসব ব্যাপারগুলো আছে। কিন্তু আপনি তো সরকারকে ডিফেন্ড করার জন্য ওখানে বসেননি বা কাউকে ডিফেন্ড করার জন্য নয়। আপনার চেয়ার থেকে সেটা অশোভন লাগবে। আপনি অ্যাডভোকেট জেনারেলকে ডাকুন। অ্যাডভোকেট জেনারেল এসে বলে দিক যে না বিলটাতে financial memorandum এ গভর্ণরের অ্যাপ্রুভাল দরকার হয় না। গভর্ণর যেটা বলেছেন যে শুধু আন্ডার রুল ৬৬ তিনি বিলটাকে পাব্লিশ করতে দিয়েছেন। তাতে কিন্তু ফিনান্সিয়াল মেমোরেন্ডামটা নেই। সেই অবস্থাতে বিলটাকে পাব্লিশ করতে দিয়েছেন। আপনি বিলটা পড়ে দেখুন প্রথমেই যে শব্দটা আছে বিল নং ২২ তাতে প্রথমেই কিন্তু বলা আছে - ফিনান্সিয়াল মেমোরেন্ডামের কথা উল্লেখ নেই। আমি সেই জন্য বলছি এমন কিছু কাজ আমরা করব না - সরকার পক্ষ করবে না, বিরোধী পক্ষও প্রতিবাদ ছাড়া সেইসব বিলকে পাশ করিয়ে দেওয়া, সেইরকম দায়িত্বহীনতার পরিচয় আমরাও দিতে পারি না। আমি সেই জন্য বলছি আজকে সিদ্ধান্ত নিন, বিলটা আপনি বন্ধ রাখুন। আপনি অ্যাডভোকেট জেনারেলকে ডেকে পাঠান। অ্যাডভোকেট জেনারেল তো আমাদের লোক নয়, তিনি এসে ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।

তিনি ব্যাখ্যা করে বুঝিয়ে দিয়ে বলেন যে না, ফিনান্সিয়াল মেমোরেন্ডাম -এর জন্য আলাদা কোনো কিছু দরকার নেই এবং এই যে বিলটা আসছে তাতে তার কোনো ফিনান্সিয়াল লায়াবেলিটি থাকবে না, যেটা বিলে লিখেছেন, তাহলে আমরা সেটা মেনে নেব, কোনো ব্যাপার নয়। আমরাও চাই বেকার যুবকরা যাতে তাড়াতাড়ি চাকরি পায়, তাদের চাকরি দেওয়া হোক। আমরা সেটা চাই, আমরা এই বিষয়ে কোনো আপত্তি করতে চাই না। সে কীভাবে দেবেন না দেবেন সেটা আপনাদের ব্যাপার। কিন্তু এই আইনটাকে চ্যালেঞ্জ করে কোর্টে চলে গেলে যদি আইনটা আবার ঘুরিয়ে দেয়, তাহলে যে পারপাস থেকে আপনারা করতে চাইছেন সেটা কিন্তু সফল হবে না। আমি সেই জন্য সরকারকে সতর্ক করে বলতে চাইছি, কোনো রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে নয়, কোনোরকম মোটিভ নিয়ে আপনাকে বলছি না। আমি ভালোর জন্যেই বলছি দরকার পড়লে আপনি দুইদিন পিছিয়ে দিয়ে আপনি অ্যাডভোকেট জেনারেলকে ডেকে পাঠান। আপনি এটা নিয়ে পরের দিন আলোচনা করবেন! বিজনেস তো এমনি কম আছে হাউসে, কোনো তো অসুবিধা নেই। আলোচনা করুন আমাদের কোনো আপত্তি নেই। এই কথা বলে আমাদের তরফ থেকে এলিসিটিং পাবলিক ওপিনিয়ন বলে এর জন্য আমি যে ৩১ -এ ডিসেম্বর বলেছিলাম - সেটাও তুলে নিতে চাইছি। এটা তুলে নিয়ে আমি বলছি এক সপ্তাহের মধ্যে, এই হাউসের মধ্যে আপনি অ্যাডভোকেট জেনারেলকে নিয়ে এসে একটা ব্যাখ্যা দিন। আমরাও কিছু ব্যাখ্যা চাইব। তাতে সন্তুষ্ট হলেই, এই বিলটা যাতে কোর্টে গিয়ে ঝুলে না যায় সেই জন্য আমি সরকারকে সতর্ক করার ব্যাপারে। এটা বলছি। কোনো বিরোধিতা করার জন্য আমি বিরোধিতা করছি না। আমি এখানেই বিলটাকে অপোজ করেছি, আর কিছু নয়।

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পিকার স্যার, The West Bengal Staff Selection Commission act যেটা হয়েছিল এইটাকে রিপিল করার জন্য যে রিপিল বিল, এই রিপিল বিলটা এসেছে ২০১৯ এ। স্যার বিলটা হচ্ছে The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 ডঃ পার্থ চ্যাটার্জী যেটা উপস্থাপিত করেছেন, আমি তাকে সমর্থন করছি।

[2:10 – 2:20 p.m.]

বিলটা খুব simple, এটার মধ্যে কোন complicacy নেই। এটা জাস্ট financial task। আমি ভালো করে বলছি, ফিনান্সে যদি আমাকে বলতেই বলেন, তাহলে enactment এর জন্য নয়, এটাতে revival এর জন্য financial involvement এর দরকার। just একটা revival। এটা উনি বলেছেন, বিলে স্পষ্ট বলা আছে, There shall be no financial involvement in the Bill। একটা বিলকে enact করতে financial involvement এর দরকার। revival এর জন্য কি financial involvement দরকার। অপোজিশান লিডার স্যার আপনি দেখুন কি বলছে, just mark করুন, there is no financial implications involved in giving effect। একটা বিলকে effect দিতে গেলে কি financial involvement দরকার হয় ? আপনি original"

টাতে যান, the history of this Bill - financial right এ বলা আছে, giving effect এ কোন financial effect নেই। তার মানে বিলে কোন financial effect নেই, একথা বলা নেই। Again I say in giving effect there's no financial involvement স্যার, history of this Bill is this - West Bengal State Selection Commission, Bill ২০১১ সালে এই বিধানসভা পাস করে, after discussion এটা pass হয়। এই বিল after ascent of the Governor published in 31st January 2012। Governor সব কিছু দেখে, তার factual, তার constitution, তার financial দেখে; এই বিলটা published হয় 31st January, 2012। পরবর্তীকালে Government মনে করেছিল যে, এই PSC একটা দীর্ঘসূত্রিতার ব্যাপার, কোন appointment দেয় না, বছরের পর বছর চলে যায়, সুতরাং Considering the need of the unemployment, সেটা ভেবেছিলেন এটা যত তাড়াতাড়ি দেওয়া যায় ভালো। সেইজন্য পরবর্তীকালে চিন্তাধারা হয়, West Bengal Service Commission (Repealing) বিল 2017 তে আসে। এবং বলা হয়, যে কাজ আমরা করেছি, যে Bill pass করেছিলাম ২০১১ তে, সেটা Public Service Commission এর আন্ডারে দিয়ে দিলাম। All the staff যেটা আছে, সেটা, all তার selection এর ব্যাপারটা, from notification to final selection, even promotional aspect গুলো, সেগুলো P.S.C. দেখবে। কিন্তু কতগুলো ক্ষেত্রে দেখা গেল, ৫ বছর, ৭ বছর চলে যাচ্ছে। একটা selection হতে। বাংলার মানুষ এই আইনের দীর্ঘসূত্রিতা, Public Service Commission এর দীর্ঘসূত্রিতা তো উদার জ্ঞানে সহ্য করবে না। আজকে বিরোধী দলনেতা যেটা বলছেন, তিনি বলেছেন চাকরির বিরোধিতা করছেন না। চাকরি দেওয়ার process এর বিরোধিতা করে, দীর্ঘসূত্রিতা করে তো লাভ নেই। সেজন্য all the process of selection of appointment is out of the hands of the Staff Selection by the Act of 2017। পরবর্তীকালে দেখা গেল, আমরা যতই Staff Selection, PSC তে পাঠাচ্ছি, বছরের পর বছর কেটে যাচ্ছে, সেইগুলো সিলেকশন হচ্ছে না। সেইজন্য RSC, Public Service Commission ওয়েস্ট বেঙ্গলে আমরা এই Repeal Bill 2019 এনেছি, Repeal Bill of 2017 is hereby repealed অ্যান্ড দ্য বিল অফ ২০১১ ইজ হিয়ারবাই রিভাইজ। It is a plane revival Bill, এটা ডিসকাসনের ব্যাপারই নয়। স্যার, এটা বিধানসভায় pass হয়েছে, বিধানসভায় আলোচনা হয়েছে, বিধানসভায় বিতর্ক হয়েছে, বিধানসভায় চর্চা হয়েছে, বিধানসভায় এর merits, demerits দেখেছে এবং বিধানসভা ২০১১ সালে pass করিয়েছে, Governor ascent দিয়েছেন। এই যে প্রশ্ন উঠছে ফিনান্সিয়াল রেকমেন্ডেশন অফ দি গভর্ণমেন্ট, that has been accorded in 2012 as such original Bill এ। সুতরাং এই বিলে কোন financial effect দিতে কোন financial effect এর দরকার হয় না স্যার। সুতরাং The case is a simple case of revival। ২০১১ সালে যে বিল বিধানসভায় pass হয়েছে, যে Bill এ Governor ascent দিয়েছেন, যে Bill এ Governor এর ascent, Extraordinary Gazette published হয়েছে, সেটাকে revive করা হচ্ছে। এখানে আলোচনার বিষয়ই নয় কারণ এটা

একটা রিভাইভাল অফ দি Bill, financial তো original Bill এই আছে, যে Bill বিধানসভা pass করেছে। আপনি যে বিল পাস করেছেন, সেই বিলাটাকে আবার চর্চায় আনছেন কেন ? এটা তো ওয়েল এস্টাবলিশড্। বিধানসভা একবার যে বিল পাস করে, সেই বিল নিয়ে কি বিতর্ক করা যায় স্যার ?

It is simply revival of the bill. West Bengal Service Commission যেটা পাশ হয়েছিল। এটা তো কোন এন্যাক্টমেন্টের বিষয় নয়। রিপিলের রিপিল হবে না কেন ? পুরনো আইনের প্রত্যাবর্তন হয় না ? আমরা তো বাস্তব অভিজ্ঞতা থেকে দেখে নিলাম। এদের ধোয়াশা কাটিয়ে দিতে হবে স্যার। রিপিলের রিপিল হবে না কেন ? পুরনো আইনের রিভাইভাল হয় না ? সেই জন্য আমরা বলছি স্যার। It is plain revival of the Bill। তাছাড়া, এই বিল নিয়ে তো আলোচনা হয়েছে। এই বিল তো চর্চা হয়েছে। এই বিল তো বিধানসভাই পাশ করেছে। আপনি বিধানসভার সদস্য ছিলেন কি ছিলেন না সেটা বড় কথা নয়। বিধানসভাতেই তো পাশ হয়েছে। বিধানসভায় রিপিল হয়েছে। যদি বিধানসভা রিপিল করতে পারে, তাহলে রিপিলের রিপিলটা বিধানসভা করতে পারবে না এটা কোন আইনে আছে। এটা কোন আইন ? আপনি এক দিকে বলবেন চাকরি চাই, আর এক দিকে বলবেন আমি বাগড়াও দেব হবে টা কি করে ? আপনার মনটাকে পরিস্কার করুন। চাওয়াটাকে পরিস্কার করুন। যেদিন মুখ্যমন্ত্রী বললেন যে 'আমি ৩৫হাজার ভ্যাকেন্সীকে পূরণ করব', সেদিন আপনি বললেন বাহ্, বাহ্। আর এখন যখনই পূরণের প্রক্রিয়া শুরু হয়েছে আপনি বলছেন, না, না। এ কি কথা ! সুতরাং, এক মুখে দুই কথা বলবেন না। এক মাথায় দু রকম ভাবনা ভাববেন না। It is a plain bill of revival। এর মধ্যে নতুনত্ব কিছু নেই। আমরা ২০১১কে রিভাইভ করছি স্যার। তাই আমি এই রিপিল বিল ২০১৯কে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ, স্যার।

শ্রী প্রদীপ কুমার সাহা : ধন্যবাদ, স্যার। বিল নাম্বার টোয়েন্টি-টু ২০১৯। এখন স্যার, The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019। এখন প্রথমেই বলতে হয় যে রুল ৭৫এ বলা আছে, যে কোন বিল সভাতে আনলে কমপক্ষে পাঁচদিন আগে বিলটা লে করতে হয়। আমরা কি দেখলাম, আমরা দেখলাম কাল সন্ধেবেলায় বিভিন্ন পরিষদীয় ঘরে বিলটা পাঠানো হল, আর আজকে সদস্যদের মধ্যে বন্টন করা হল। এখন দিল্লীর বাবুরা যে ভাবে চালাচ্ছেন আর কি। একেবারে অগণতান্ত্রিক পদ্ধতি। আসলে এই বিধানসভাকে মান্যতা দিতে কি চাইছেন আমাদের সরকার ? স্যার, একটু আগে আলোচনার মধ্যে উঠে এল যে এই বিলটা রাজ্যপালের কোন রকম অনুমতি নিয়েছেন কিনা ? আমি স্যার আপনার কাছে এই কথা বলতে চাই আপনি কি স্যার বলতে পারবেন, নিশ্চয়তা দিতে পারবেন এই বিলটি রাজ্যপাল সই করবেন ? এই বিলটি পাশ হবে এবং তার অ্যাক্ট তৈরি হবে। প্রশ্নটা এখানে। জ্যোতির্ময় বাবু আমাদের এতক্ষণ আমাদের দারুণ বোঝাতে চাইলেন যে এই বিলটা রিভাইভ করা হচ্ছে। রিভাইভ করা হচ্ছে অথচ আমি ২০১৭তে একজনকে মেরে দিলাম,

মেরে দিয়ে ঠান্ডা ঘরে পাঠিয়ে দিলাম, বললাম যে এস.এস.সি. উঠে যাচ্ছে, নেই। আমি পি.এস. সিকে দিয়ে সব করব। আর আমি এখন তার ফিনান্সিয়াল ইমপ্লিকেশন রাখলাম না। না রেখে আমি বলছি যে, আমি এই বিলটা এখানে নিয়ে আসছি। আগে আমরা দেখলাম যে ১১সালে ওই বিলটাতে নন-রেকারিং এক্সপেন্ডিচার রাখা হয়েছিল দু কোটি টাকা আর রেকারিং এক্সপেন্ডিচার রাখা হয়েছিল তিন কোটি টাকা। আর এবারে দেখলাম যে বলছে এসব কিছুই লাগবে না। আমি এস.এস.সি.কে বাঁচিয়ে তুলব। তার কোন ফিনান্সিয়াল ইমপ্লিকেশান থাকবে না। বুঝে উঠতে পারছি না কি রকম ভাবে এই বিলটা আসছে। কিন্তু আমাদের কনস্টিটিউশন অব ইন্ডিয়া যা একটু আগে আমাদের বিরোধী দলনেতা বললেন, ২০৭নম্বর অনুচ্ছেদে পরিস্কার বলা আছে যে এই রকম ভাবে বিল আসতে পারে না। তাই স্বাভাবিকভাবেই আমি আপনাদের কাছে অনুরোধ করব, আপনারা সার্ভিস দিতে চাইছেন, সত্যিই তো দারুণ কথা। অন্যরা বাধা হয়ে দাড়াচ্ছে। আপনারা বাধা নয় তো ? আপনারা চাইছেন না তো যে এই বিলটা যাতে তাড়াতাড়ি করে অ্যাক্ট না হতে পারে ? আপনাদের যাতে নিয়োগ করতে না হয়। সেই ব্যাপারটা আপনারা চাইছেন না তো ? আচ্ছা স্যার, ২০১১সাল এই সরকার ক্ষমতায় এলেন, এসেই কি করলেন ? একটা কনস্টিটিউশনাল বডি যেটা অটোনমাস পি.এস.সি. তাকে একেবারে ঠুঁটো জগন্নাথ বানাবার জন্য আপনারা কি করলেন ?

[2:20 – 2:30 p.m.]

বামফ্রন্ট সরকারের আমলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে গ্রুপ ডি-র নাম আসত। আর পি.এস.সি.-র মধ্য দিয়ে অন্যান্য পোস্টগুলিতে নিয়োগ করা হত। আপনারা বললেন গ্রুপ সি এবং গ্রুপ ডির নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে আসবে না। আপনারা এখানে সুন্দর একটা কথা ২০১১ সালে বলেছিলেন। To the provision of the Article 14 and Article 16 of the Constitution of India on the ground of denial of equal Opportunity in the matter of employment to this candidates who have requisite qualifications but have not been registered themselves in the employment exchange., সুযোগ দেবেন আপনারা। সুযোগ দেওয়ার জন্য। আপনারা করলেন। স্যার, কতজন নিয়োগ হল? আলাদা পি.এস.সি.-তে নিয়োগের কি ব্যবস্থা হচ্ছে দেখলাম? দেখলাম-ডবলু.বি.সি. এস. পরীক্ষা হচ্ছে-ইংরাজীতে শূন্য পাওয়া, সাদা খাতা দেওয়া-তারা রিক্রুট হয়েছে। আমরা দেখলাম পি.এস.সি.-র চেয়ারম্যানকে পদত্যাগ করতে হচ্ছে। সাধের এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক তৈরী করলেন। সেই ব্যাঙ্কের কি অবস্থা। কতজনকে আপনারা রিক্রুট করতে পেরেছেন? এস.এস. সি.-র মধ্য দিয়ে গ্রুপ ডি পোস্টে লোক নিয়োগ হবে-দারুণ বিজ্ঞাপন। ১৯লক্ষ ছেলেমেয়ে অ্যাপ্লিকেশন করল। আপনারা ৬০০০লোক নিয়োগ করবেন। আমরা কি দেখলাম ? আমরা দেখলাম ২০.৫.১৭ সালে এই ১৯লক্ষ পরীক্ষার্থীর মধ্যে ১৮হাজারকে আপনারা ইন্টারভিউতে ডেকেছিলেন। ৫৭৪২জনের মেরিট লিস্ট বের করলেন। এখনও পর্যন্ত ওইখানে ৭০০ ওয়েটিং লিস্টে নাম রয়ে গেছে। তাদেরকে কোথায় রেখে দিয়েছেন ডাকছেন না। এখনও ৫৭৮টি

পোস্ট ফাঁকা পড়ে আছে। তার নিয়োগের কোন ব্যবস্থা নেই। কেন এই রকম অবস্থা হবে?তাই আপনার কাছে এই কথা বলতে চাই ২০১৭ সালে যখন রিপিল হচ্ছে তখন বলেছিলেন- এই যে এস.এস.সি.-টা আনলাম, এতে কাজ ঠিকমত হচ্ছে না। আপনারা এখানে বললেন comparing with the process of conducting such examination by the West Bengal Staff Election Commission the delivery mechanism of the Public Service Commission, West Bengal, is better and effective due to having better infrastructure or logistic and also having long experience and expert it which may remove bottlenecks from time to time to mitigate the ever-increasing shortfall in human research. কি বললেন আপনারা! আপনারা বললেন এস.এস.সি. পারছে না! পি.এস.সি. দারুণ ব্যাপার। তাই আমরা আবার সেই পি.এস.সি.তে ফিরে যাচ্ছি। এস.এস.সি. আমাদের দরকার নেই। কেন আজকে এই ব্যবস্থা আনতে হচ্ছে? কেন এই ব্যবহাটা করতে হচ্ছে? স্বাভাবিকভাবেই আমাদের মনে এই প্রশ্ন আসবে। প্রশ্ন আসছে এইজন্য গোটা রাজ্য জুড়ে কি অবস্থা দেখুন। বেকার ছেলেদের হাহাকার। বাম আমলে বছরে বছরে এস.এস.সি.তে রিক্রুটমেন্টের ব্যবস্থা ছিল। স্যার, দেখুন এস.এস.সি. নিয়ে কি অবস্থা হচ্ছে। বলতে গেলেই আপনারা বলবেন 'আরে ৩৪ বছরে সব ধ্বংস করে দিয়েছেন'। আর ৩৪ বছরে যদি আমরা ধ্বংসই করি, তাহলে এই ৯বছরে আপনারা কি করছেন। সেখানে ফুল ফোটাতে পারছেন না-বলবেন, 'ইয়েস, প্যারাটিচার আপনারা সব শেষ করে গেছেন, ভোকেশনাল আপনারা সব শেষ করে গেছেন। 'আপনারা বাগানটাকে পরিস্কার করুন। কোন কাজ নেই। আন্দোলন করতে গেলে পেটানো হচ্ছে। আপনারা এই কাজগুলি কিভাবে করছেন ? প্রত্যেকদিন পেটানো ছাড়া কি হচ্ছে। বেকার ছেলেমেয়েদের নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। তাই আপনাদের কাছে বারবার করে বলতে চাই-আসলে কি আপন আমাদের রাজ্যের বেকারদের? নাকি এর মধ্য দিয়ে আপনারা পিছিয়ে দিতে চাইছেন। এই বিলটা যাতে পাশ না হয় এবং বিলটা যদি পাশ না হয় তাহলে আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি যে এই বিধানসভায় বলেছিলেন যে, '৩০হাজার পদ অবিলম্বে নিয়োগ করা হবে'-সেই দায়িত্ব আর নিতে হবে না। আপনারা মুক্ত হতে চাইছেন কারণ। আপনারা বলবেন বিলটা তো অ্যাক্ট হয় নি। তাই স্বাভাবিকভাবে আমরা রিক্রুট করতে পারছি না। এই কথা বলে আমাদের রাজ্যের বেকার ছেলেদেরকে আবার ধ্বংসের দিকে নিয়ে যাওয়ার একটা চেষ্টা করছেন। আপনারা গতকালই দেখলেন তো হেয়ার স্কুলের কি অবস্থা। অভিভাবকরা রাস্তায় নেমেছেন। অভিভাবকরা বলছেন আমাদের ছেলেমেয়েদের কি হবে। শতাব্দী প্রাচীন একটা স্কুল আজকে পাবলিক সার্ভিস কমিশনের মধ্য দিয়ে আমরা লক্ষ্য করছি কি অবস্থা দাড়িয়েছে।

আজকে পাবলিক সার্ভিস কমিশানের মধ্য দিয়ে আমরা লক্ষ্য করছি যে, কি অবস্থাটা দাড়িয়েছে শিক্ষক নিয়োগ নিয়ে। আমি বার বার করে এটা বলতে চাইছি, এই আপত্তি করতে আসিনি যে, এই বিলটার বিরোধিতা করার জন্য বলছি, চাকরি পাবে না তার জন্য নয়। মূলতঃ

বলছি, এই রাজ্যের ছেলে-মেয়েরা কাজ পাক, তার জন্য ব্যবস্থা থোক, কিন্তু সঠিকভাবে এই বিলটাকে হাউসে উপস্থাপন করুন। তাহলে আমরা সমর্থন করবো।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয় যে বিলটা পেশ করেছেন, The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019, স্যার, কালকে বিল নিয়ে যখন আমরা আলোচনা করছিলাম, তখনও পর্যন্ত বিলটা আমরা কাছে পাইনি। আমি স্যার বি.এ. কমিটির কথা এখানে আলোচনা করতে চাইছি না। কিন্তু যেহেতু আপনি আছেন, গতকাল - আমি প্রথমেই বলি একজন বি.এ. কমিটির সদস্য হয়ে, মাননীয় মন্ত্রী সেখানে ছিলেন, আমরাও ছিলাম। যদি তখনই এই বিলটা আমরা হাতে পেতাম, আমাদের মাননীয় লিডার অফ অপোজিশন্ তিনি যে কথা বলে শুরু করলেন, যে আমরা আইনগতভাবে যে বিলটা পেশ করা হয়েছে, এই বিলটার মধ্যে ত্রুটি আছে। ফলে এটা সঠিক নয়। আপনাকে উনি আহ্বান জানিয়েছেন, অনুরোধ করেছেন যে আপনি অ্যাডভোকেট জেনারেলকে বলুন এখানে এসে বলতে যে, এটা ঠিক কিনা। যদি ঠিক না হয় তাহলে এই বিলটা উইথড্র করে নেওয়া হোক এবং উইথড্র করে নিয়ে কিভাবে করবেন, সেটা আপনাদের ব্যাপার। কিন্তু আমরা এই বিলটা পেলাম কখন ? যখন আমরা দেখেছি যে, আমাদের বি.এ. কমিটির মিটিং শেষ হয়ে গেছে এবং তার পর আমরা আপনার কাছে এলাম, বিল নিলাম এবং বিলটা নিয়ে যখন আমরা পড়ে দেখলাম, তখন আমাদের মনে হ'ল যে, বিলটার মধ্যে ত্রুটি আছে। সুতরাং আমাদের কোথাও কোনো উপায় ছিল না। একটাই উপায় আছে স্যার, আমাদের এই বিলে অ্যামেন্ডমেন্ট নিয়ে আসা। আমি আপনাকে বলছি, রিপিল আফটার রিপিল - এটা হয়েছে এবং তার পরে আমাদের আজকে আবার অ্যামেন্ডমেন্ট দিতে হয়েছে এবং অ্যামেন্ডমেন্ট দিয়ে আমরা বলেছি যে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত এই বিলটা যাতে পাবলিক ওপিনিয়নের জন্য দেওয়া হয়, সেই ব্যবস্থা করা হোক। স্যার আমি আপনাকে বলব যে, সত্যিই কি আমরা ভুল চিন্তা করছি ? ভুল ভাবনা করছি ? আইনগত দিক থেকে ত্রুটি-বিচ্যুতি আছে এটা আমরা ধরে নিলাম এবং আমাদের মাননীয় লিডার অফ অপোজিশন বলেছেন যে, এটা যদি তাই হয়, এই বিলটা যদি ভুল বলে প্রমাণিত হয়, তখন দেখা যাবে - এই বিলটা আবার বাতিল হবে যদি কেউ কোর্টে যায়। স্যার, আমি আপনাকে একটা অন্য কথা বলি, সেটা হচ্ছে এই যে, মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনাকে বলছি যে মাননীয় মন্ত্রী নিজে আমাদের এই বিধানসভায় অনেক সময় অনেক দায়িত্ব নিয়ে কাজ করেছেন। আমি বলছি না যে উই আর গোয়িং টু অপোজ্ দি বিল। বাট্ ইউ হ্যাভ টু বি কসাস্ অ্যাবাউট দিস যে এটা কি হবে ? কোন জায়গায় যাবে এই বিলটা ? এই বিলটাতে আপনারা চেঞ্জ করেছেন, মাননীয় মন্ত্রী চেঞ্জ করেছেন ২০১১ সালে। ২০১১ সালে আপনারা ক্ষমতায় এসেছেন, আমরাও ছিলাম। ২০১১ সালে ক্ষমতায় এসে আপনারা কি মনে করলেন ? যে, এতদিন আমাদের ছেলেরা চাকরি পায়নি, অথবা অন্য কোনো কারণে, আপনারা সেই বিলটাতে আবার নতুন করে সেই জায়গাটায় পরিবর্তন করলেন এবং পরিবর্তন করে বামফ্রন্টের যে ব্যবস্থাটা ছিল, সেই ব্যবস্থাটার পরিবর্তন করে সেই ২০১১ সালে আবার সেখান থেকে এস.এস.সি. করলেন এবং

আমি আপনাদের কাছে বলছি, এই এস.এস.সি.টা চলার পর দেখা গেলো যে, সেখানে নানান ধরণের দুর্নীতি হচ্ছে, নানান ধরণের অন্যান্য ব্যবস্থা চলছে এবং এটা নিয়ে অনেক বেশি অনেক সময় শিক্ষক সংগঠনের পক্ষ থেকে, ছাত্র সংগঠনের পক্ষ থেকে, সাধারণ মানুষের পক্ষ থেকে এটা নিয়ে আলোচনা হয়েছে। আমি এটা বলছি না। কিন্তু আমি এটা বলছি যে, ২০১১ সাল থেকে এটা চলল এবং ২০১১ সাল থেকে যখন চলল, তখন আপনারা এটা দেখলেন না। ২০১১ সাল থেকে ২০১৭ সাল পর্যন্ত ৬ বছর ধরে চলল। আপনি বলতে পারেন যে কি ইনফ্রাস্ট্রাকচার ছিল ?

[2:30 – 2:45 p.m.]

আমি মাননীয় প্রদীপ সাহা যখন বলছিলেন আমি শুনতে পাই নি কথাগুলো, আমি ক্লিয়ার করতে পারি নি। স্যার, আমি আপনাদের কাছে একটা কথা জানাই সেটা হলো ১১ থেকে ১৭ সাল এর মধ্যে কত জন এ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন, কি ইনফ্রাস্ট্রাকচার ছিল, যিনি চেয়ারম্যান ছিলেন তিনি দায়িত্ব নিয়ে কি কাজ করেছেন ? অথবা অন্য কোন ইনফ্রাস্ট্রাকচার ছিল কি ? এবং তাতে দেখা যাবে ১১ থেকে ১৭ সাল পর্যন্ত আমাদের মাননীয় মন্ত্রী হয় তিনি বাধ্য হয়েছেন যে না এটা আমি করতে পারছি না, অথবা তিনি কোন কাজ না করে তিনি মনে করেছেন এটাই থাক, আমরা পরবর্তী পর্যায়ে পরবর্তী সময়ের জন্য অপেক্ষা করবো। কোনটা সত্যি ? Repeal after repeal, অনেকে বলছেন এটা কি মহঃ বিন তুঘলকের মতো রাজত্ব হয়েছে। আমি বলবো মহঃ বিনতুঘলকও বোধ হয় একটা জায়গাতে থেমে যাওয়ার কথা ছিল, কিন্তু মহঃ বিন তুঘলকের মতো নয়, পার্থবাবু আপনি নিজে উপস্থিত নেই, তিনি নিজে যে দায়িত্ব নিয়ে কাজ করছেন, বিশেষ করে তিনি যে দপ্তর নিয়ে কাজ করছেন সেটা শিক্ষা দপ্তরের কাজ এবং অন্যান্য বিষয় নিয়ে কাজ করছেন। আমি তাকে বলবো একটা কথা এটা যদি আপনি আজকে করতেন তাহলে ২০১৭ সালে এসে আবার repeal করতে হতো না। আবার আপনাকে বলতে হচ্ছে যে, না আমার ভুল হয়েছে। আমরা যদি জিজ্ঞাসা করি কেন আপনাকে repeal-টা করতে হচ্ছে ? হোয়াট ইজ দ্য রিজন বিহাইন্ড ইট ? আপনি কি বলবেন, জবাব দেবেন ? কেন এই repeal-টা করতে হলো, কিসের জন্য এই repeal-টা করতে হলো ? কিসের জন্য বলতে হলো যে না, আমাদের ভুল হয়েছে। কোথায় ভুল হয়েছে ? এবং আমি আপনাদের কাছে বলছি আসল ব্যাপারটা হলো যখন আপনারা বিলটা করছেন তখন বিলটা মরছে, না বিলটা বাঁচছে, কোন জায়গায় যাচ্ছে, সেটাও ধরছেন না। অনেকে বলছেন এটা মহঃ বিনতুঘলকের রাজত্ব, আমি বলছি মহঃ বিনতুঘলক না, তার থেকেও যদি আরও বেশী বিপদের সম্ভাবনা তৈরী থাকে সেটা এই বিলটাতে হয়েছে। ২০১৭ সালের পর আপনি ভাবার আবার নতুন একটা সম্ভাবনা এনেছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করতে চাই কত জনের এতে চাকরী পাওয়ার সম্ভাবনা আছে ? আপনি এই বিলটার একটা জায়গায় বলছেন, খুব ক্লিয়ার করে বলেছেন- A large number of vacancies need to be filled up for non-Public Service Commission posts in the State Government establishments within a short period of time in the public interest and in the absence of proper infrastructure and resources it would not

be possible for the government to process with the huge recruitment. তাহলে তো মাননীয় মন্ত্রী আপনি স্বীকার করে নিলেন যে আমার ৬ টা বছর আমি জলে ফেলে দিয়েছি। আপনি নিজে বলেছেন A large number of vacancies need to be filled up for non-Public Service Commission posts in the State Government establishments, আপনি নিজেই তো স্বীকার করে নিচ্ছেন যে সমস্ত এই গভর্ণমেন্টটায় যে establishment আছে, এই establishment-টার মধ্যে অনেক চাকরী দেওয়া যাই নি, যেটা দেওয়া যেতে পারতো। সুতরাং আপনি নিজেই স্বীকার করলেন যে আপনার যে ইনফ্রাস্ট্রাকচার সেই ইনফ্রাস্ট্রাচারে এই কাজটা হয় নি। আমি আর একটা কথা আপনার কাছে বলব সেটা হচ্ছে এই যে ভারতবর্ষে যে জায়গাটা দিয়েছেন, সেই ভারতবর্ষে অনেক রাজ্য আছে, যে রাজ্যে এই বিষয়টা ছিল না, যে রাজ্যে এই ইনফ্রাস্ট্রাকচারের কথা ভাবা হয় নি। সেখানেও চাকরী করতে গিয়ে অন্যান্য অনেক রাজ্যেই তাকে এই ধরনের ব্যবস্থা নিতে হয় নি। তাই আমি আপনাদের কাছে বলছি আবার ২০১৭র পর ২০১৯, আমি জানি না ২০১৭র পর ২০১৯ কেন করলেন। আপনি নিজে এটাকে করলেন, না এমন কেউ এসেছে, এমন কেউ মাথার উপর বসে আছে যিনি বললেন যে না ২০১৭ নয়, আমাদের ২০১৯ই আমাদের যদি যেতে হয়, ২০১৯ থেকে ২০২১ যেতে হয় তাহলে আমাদের এই জায়গা পরিবর্তন করতে হবে, এবং পরিবর্তন করে এই বিলটাকে নতুন করে আনতে হবে। সুতরাং repeal after repeal এই কায়দায় যেতে হবে। স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করে বলবো আপনি সমস্ত ব্যাপারগুলো পর্যালোচনা করে দেখুন, এবং আমি আবার আপনাদের কাছে বলছি যে এটা আইনগতভাবে এটা যে জায়গায় আপনি নিয়ে গেছেন, যতই পর্যালোচনা করুন, যে ভাবেই করুন না কেন যদি এখানে ত্রুটি থাকে, সেই ত্রুটিকে নিয়ে আপনারা আলোচনা করুন, দরকার হলে এই বিলটাকে আপনারা আজকের দিনের মতো স্থগিত রাখুন, এবং বিলটাকে স্থগিত রেখে নতুন করে বিল নিয়ে আসুন এবং দরকার হলে আইনজ্ঞ যারা তাদের পরামর্শ নিন। এই কথা বলে আমি আপনার কাছে আবার বলছি এই বিল সঠিকভাবে এখানে প্লেস করা হয় নি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বিল নং ২২, ২০১৯-এর The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill-এর সমর্থনে দুটো/একটি কথা বলতে চাই। রিপিলিং-এর রিপিলিং। হ্যাঁ, রি-রিপিলিং। তার সমর্থনে দু/একটি কথা বলতে চাই। সুজনবাবু অত্যন্ত সঙ্গতভাবেই আমাকে স্মরণ করিয়ে দিয়েছেন যে, রিপিল হয়েছিল আবার সেই রিপিল্ড-এর রিপিল হচ্ছে। হয়ে যাওয়ার পর আমরা পুরানো জায়গায় আবার ফিরে যাচ্ছি। তারই স্বপক্ষে কিছু কথা বলার জন্যে তিনি আমাকে স্মরণ করিয়ে দিয়েছেন। আমি সেই পথেই যাব। এই এত দীর্ঘ বক্তৃতার পর অনেক বৈধতা, অনেক নীতিগত দিক, অনেক। রীতিগত দিক আলোচিত হয়েছে। আমি তারই মধ্যে থেকে একটি সমাধান রেখা খুঁজে পেয়েছি। সেইটি হচ্ছে, আমার প্রতিপক্ষ দলের লোকেরাও, সদস্যরা যা বলছেন এবং আমরাও যা বলছি তার মধ্যে নীতিগত অমিল কোথাও নেই। আমরা সবাই নীতিগত ভাবে স্বীকার

করছি এখনও অনেক। বেকারের ক্রন্দনরোল আকাশে বাতাসে ভাসছে তাদের সুস্থিত করতে হবে। আমরা নীতিগত ভাবে মেনে নিয়েছি সরকার এখনও অনেক পদ পূরণ করছে না। এবার পূরণ করতে গিয়ে আমাদের যে পথগুলো আছে সেই পথগুলোতে যদি আমরা চলি তাহলে এই আশা পূরণে অনেক বিলম্ব ঘটবে। নতুন পথ তৈরী করতে হবে। যদি নতুন পথ তৈরী করতে না পারি ঘুরেফিরে আমাদের সেই পুরোনো পথেই ফিরতে হবে। ২০১১-র যে বিল ২০১৪-র চৌকাঠ পার হয়ে ২০১৭তে রিপিলিং হয়েও এখনও অনেক কাজ বাকি রয়ে গেল। কখনও পি.এস.সি., এস.এস.সি, যুক্তবেণী, কখনও মুক্তবেণী হয়ে বিভিন্নভাবে চেষ্টা করল এই মানুষের হাহাকার দূর করবার জন্যে, চেষ্টা করল আরও কিছু কর্মসংস্থান সৃষ্টি করে কর্মীদের নিয়োগ করার জন্যে। সেই জায়গায় দাড়িয়ে আমার বিরোধী পক্ষের শিবিরের মাননীয় সদস্যরা কতকগুলো বৈধতার প্রশ্ন তুলেছেন। তুলেছেন আইনত এটি গ্রাহ্য কিনা? আমরা পারি কিনা? নিঃসন্দেহে আমি সেটা নিশ্চয়ই লক্ষ্য করব। কিন্তু কোনটি বড় বিধানসভায়? বিধানসভায় বিধান রচিত হয় আমরা জানি কিন্তু আমরা বিধানসভায় যারা এসেছি তারা গণআদালত থেকে নির্বাচিত হয়ে এসেছি, গণআদালতের কান্না কতটা আইন মাফিক হচ্ছে তা বিচার তো করব না আমরা কান্নাটুকু রিফ্লেক্ট করব আমাদের সদনে। আমরা চোরের উপর রাগ করে পীঁড়ে ভাত খাব না। আমরা আইনের মধ্যে মিলছে না বলে ওদের চাকরি এখন হবে না যখন আইনের সংস্থান আসবে তখন চাকরি হবে এই বলে অধিক বিলম্ব করব না। যে বিলটি আজকে আনা হয়েছে উত্থাপিত হয়েছে সেই বিলের মধ্যে বারবার বলা হয়েছে জ্যোতির্ময়বাবুও বলেছেন, অসিত মিত্রও বলবার চেষ্টা করেছেন যে, এইটার মধ্যে দিয়ে আমরা দেখেছি যে আমাদের যদি পুরোনো বিলটায় ফিরেই যেতে হয় এত কাঠখড় পোড়াবার দরকারটা কি? কেন ২০১৪-র। চৌকাঠ পেরলাম, কেন ২০১৭ রচনা করলাম, কেন ২০১৯-এ এসে বলছি না আমাদের মত হয়নি। এটি স্বীকার যেমন করছেন সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের মানুষেরা, সদস্যেরা নিশ্চয়ই স্বীকার করবেন এত করেও এত অপমানজনক সিদ্ধান্ত অর্থাৎ আমি যা করেছিলাম ভুল করেছিলাম,

এই চাপে আমি ঠিক বুঝতে পারিনি। সেই চাপ স্বীকার করে নতুন পথে যাওয়া এটা কি আইনত বা ন্যায়ত কোনোরকম পদচ্যুতি, পদস্খলন ? আমার প্রশ্ন হচ্ছে এটাই। আমি ঠিক সেই জায়গায় দাঁড়িয়ে বলতে চাইছি, আমি ঠিক সেই জায়গায় দাঁড়িয়ে বলতে চাইছি যে, অসিতবাবু আমি বলছি, সেই জায়গায় বলবার চেষ্টা করছি যে, এই জিনিসটি যদি বৈধতা না পায় যদি স্বীকৃত না হয়, যদি পরবর্তী পর্যায়ে আবার এটাকে পাল্টাতে হয় তার জন্য আমরা তৈরি। কিন্তু ক্ষুধাতুর শিশু চায় না স্বরাজ - চায় দুটো ভাত একটু নুন। তাদের বুকে অন্ন দেওয়ার জন্যে, তাদের সংস্থান করবার জন্যে আমরা নিশ্চয় বিবেকের তাড়ানায় এই বিলকে সমর্থন করবো। এবং তৃতীয়তঃ আমার বক্তব্য যে, এই জায়গায় দাড়িয়ে শুধুমাত্র তাদের ক্রন্দনরোল নয়, অনেক তাড়না, অনেক আদালতী আদেশ আমাদের উপর খড়গের মতো ঝুলছে - সরকারের উপর যে, আমাদের নিয়োগ করতে হবে। নিয়োগ পথ আবিষ্কারের মধ্যে যদি সময় চলে যায়, পথে চলবো কখন পথ চলতে চলতে, পথ দেখিয়ে দেবে কোন পথ ঠিক, পথ বলে দেবে যে পথ ছাড়িয়ে

এসেছ, সেই পথে আবার ফিরে যাও। তাহলে তুমি লক্ষ্যে পৌঁছতে পারবে। ঠিক এটিই হচ্ছে বিলটির spirit। সেই spirit টাকে নিঃসন্দেহে সর্বাত্মকভাবে আমরা সমর্থন করবো। এ বিশ্বাস আমার আছে। আমি আইনের বৈধতার মধ্যে সংবিধানের মধ্যে যাচ্ছি না। যারা সত্যি সত্যিই আসছেন, যারা চাকরি পাচ্ছেন না, তারা চাকরি পাবেন। Means যাই হোক আপনি Endটা দেখুন। কল্যাণকর উদ্দেশ্যে আমরা কখনও কখনও যুক্তবেদী, কখনও কখনও মুক্তবেদী হচ্ছে সেটাও বিচার করুন। কোন কল্যাণকর উদ্দেশ্যের পরিপ্রেক্ষিতে আমরা repealing bench এ সুজনবাবুর কথায় re-repealing করতে চাইছি। এটাও অনুধাবন করুন। উদ্দেশ্যকে সামনে রেখে যদি আমরা এগোই তাহলে নিঃসন্দেহে বিশ্বাস করি আমাদের হাউসের সমস্ত অনুমোদন আমরা পাবো। এবং আমরা অভিনন্দন জানাবো সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়কে যিনি বিলটি এনেছেন এবং আমাদের সবাইকে আমরা সমর্থনের প্রত্যাশা করে আমি আমার ছোট্টো বক্তব্য বিলম্বিত না করে শেষ করছি। নমস্কার।

মিঃ স্পিকার : আমাদের এখানে পরিষদীয় মন্ত্রী বা যিনি বিলটি introduce করেছেন ডঃ পার্থ চট্টোপাধ্যায় রয়েছেন। আলোচনা আমরাও শুনেছি আপনারাও অনেক শুনেছেন। অনেক আইনের প্রশ্ন এসেছে। আইনের প্রস্তাবগুলো আমি dispose of করে দিতে পারি। যদিও আমার এখানে Constitutionality বা legality দেখার দায়িত্ব আমার নয়। এখানে House যেরকম চাইবে সেরকমভাবে করতে পারি। তবে apparently এতগুলো question উঠে এসেছে, আইনের প্রশ্ন সেই ব্যাপারটায় আমি একটু পার্থবাবু কি চিন্তাভাবনা করছেন, আমি ওনার কাছে একটু জেনে নিতে চাই। তার পরে যা হবে হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সদনে এই বিলের উপরে। যে সমস্ত আইনগত দিকগুলো তুলে ধরা হয়েছে এবং যে ধরণের, প্রশ্ন রাখা হয়েছে, আমার মনে হয় আজকেই এটাকে সমাপ্ত না করে - আলোচনাটা inconclusive রাখলে বোধ হয়। ভালো হয়। আবার দু'দিন পরে এটাকে নিয়ে বাদ বাকিটা আলোচনা করবো।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি পরিষদীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাবো, এটি সংসদীয় রীতি মেনে তিনি যেটা করেছেন, এখানে আমরাও কোনো বিরোধিতা করার জন্য করিনি। তারাও সৎ উদ্দেশ্যেই আনছেন। কিন্তু কেউ যাতে এটাতে আইনগত ত্রুটি দেখে বাধা না দিতে পারে তাঁর জন্য তিনিও উদ্যোগ নিয়েছেন এবং আপনিও যেটা নিয়েছেন আপনাদের দু'জনকে এবং সরকারকে অভিনন্দন জানাচ্ছি। ধন্যবাদ।

মিঃ স্পিকার : সুতরাং আমাদের এই ডিসকাশান আজকে inconclusive রইলো। ঐটা পরে হবে। ডিসকাশান inconclusive, মানে যেখানে থেমেছে, তার পর থেকে শুরু হবে। সুতরাং ঐটায় কোন অসুবিধা হবে না। আমাদের মাননীয় মন্ত্রীও রয়েছেন, এইটা তাহলে আমি আগামী সোমবার দিন রাখছি। কালকের জন্য আমাদের প্রোগ্রাম নেওয়া রয়েছে, এইটা আমাদের ডিসকাশনের জন্য আগামী সোমবার রাখছি।

পরিষদীয় মন্ত্রী বলছেন যে, ২ তারিখে ওনার অসুবিধা আছে, বিলটায় তো আমার থাকার দরকার, যেহেতু বিলটা উনি ইনট্রোডিউস করেছেন, ওনাকেই উত্তর দিতে হবে। সুতরাং আমরা এটাকে ২ তারিখেই রাখছি। ২ তারিখে ফর ফার্দার ডিসকাশান অন দি বিল এবং আমাদের অলরেডি বি.এ. কমিটিতে কালকের প্রোগ্রাম রাখা রয়েছে, বি.এ. কমিটিতে যা মিটিং হওয়ার হবে। কিন্তু এইটা আমরা ২ তারিখে ফর ফার্দার ডিসকাশান রাখলাম।

ADJOURNMENT

The House was then adjourned at 2/46 p.m. till 11.00 a.m. on Friday, the 30th August, 2019 at the Assembly House, Kolkata - 700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 30th August, 2019 at 11:00 a.m.

P R E S E N T

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 19 Ministers-in-Charge, 14 Ministers of State and 179 Members.

[11:00 – 11:10 a.m.]

শ্রী মনোজ টিগ্গা : স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে।

মিঃ স্পিকার : মাননীয় সদস্য, কোয়েশ্চেন আওয়ার হয়ে যাওয়ার পরে আপনি আপনার পয়েন্ট অফ ইনফরমেশানটা বলবেন।

অনারেবল মেম্বারস, আমাদের আজকে দ্য ওয়েষ্ট বেঙ্গল (প্রিভেনশান অব লিঞ্চিং) বিল, ২০১৯ এটা নিয়ে দ্বিতীয়ার্ধে আলোচনা আছে। দুটো সেট প্রিন্ট হয়ে এসেছিল। একটা সেট, যা আমাদের প্রিন্ট হয়ে এসেছে, তাতে গভর্ণরের অনুমোদন আছে। ওই সামান্য কয়েকটা প্রিন্টিং মিস্টেক ছিল, সেটাকে আবার নতুন করে ছাপিয়ে আপনাদের কাছে সার্কুলেট করে দিচ্ছি। এমন কিছু ব্যাপার নয়, সামান্য কয়েকটা শব্দ একটু হেরফের হয়েছিল, ওটার ওপরে আজকে ডিসকাশান হবে, যে বিলটা এখন সার্কুলেট হচ্ছে। যে বিলটার ওপর আজকে ডিসকাশান হবে - আমি দিতে বলে দিচ্ছি এক্ষুনি, ওটা ভুল করে - অন্য বিলটা সার্কুলেট হয়ে গেছে - এই বিলটা একই ; দিয়ে দিন, সার্কুলেট করে দিন।

Starred Questions
(to which orally answers were given)

ভূগর্ভস্থ জলস্তরের অবনমন প্রতিরোধে গৃহীত পদক্ষেপ

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রীমতী শাওনী সিংহ রায় ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে ভূগর্ভস্থ জলস্তরের দ্রুত অবনমন আটকাতে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে/করছে; এবং

(খ) সত্যি হলে, কী কী পদক্ষেপ গৃহীত হয়েছে?

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া সদস্য শ্রীমতী শাওনী সিংহ রায়ের প্রশ্নের উত্তরে জানাই,

(ক) হ্যাঁ, সত্যি। রাজ্যে কিছু কিছু ব্লকে চলমান ভূ-গর্ভস্থ জলস্তরের অবনমন আটকাতে জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তর বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে।

(খ) রাজ্যে গৃহীত পদক্ষেপগুলি নিম্নরূপ :

(১) মে ২০১১ হইতে ' জলধরো জলভরো ' প্রকল্পে এই দপ্তর বিবিধ কর্মসূচীর মাধ্যমে বিভিন্ন ধরনের জলসংরক্ষণকারী স্কীম এবং পুকুর সংস্কার ও খননের কাজে নিয়োজিত আছে। এই প্রকল্পে ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের সঙ্গে সমন্বয়ে সর্বমোট ২, ৯০, ৯৯৩টি জলাশয় খনন ও সংস্কার করা হয়েছে।

(২) ২০১৪-১৫ সালে গৃহীত 'জলতীর্থ' প্রকল্পে শুধুমাত্র ভূ-পৃষ্ঠস্থ জল ব্যবহার করে জলসংরক্ষণকারী বিভিন্ন স্কীমগুলির দ্বারা রাজ্যের খরাপ্রবণ অঞ্চলে (যথা - বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুর) সেচের বিস্তারের পাশাপাশি বৃষ্টির জল সংরক্ষণের দ্বারা ভূ গর্ভে জল পুনঃসঞ্চার করে চলেছে। পরবর্তীতে উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন অঞ্চল, দার্জিলিং ও কালিম্পং জেলাকেও এই প্রকল্পে আনা হয়েছে। ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত এই দপ্তর এই প্রকল্পে এককভাবে মোট ৮১৩টি স্কীম (১২৩টি চেক ড্যাম, ৩২০টি জলসঞ্চয়কারী ট্যাঙ্ক ও ৩৭০টি সারফেস ফ্লো ক্ষুদ্র সেচ প্রকল্প) এবং অন্যান্য দপ্তর ৩১.১২.২০১৮ তারিখ পর্যন্ত (যথা - পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, সেচ ও জলপথ, বন, পূর্ত, পশ্চিমাঞ্চল উন্নয়ন বিষয়ক) সম্মিলিতভাবে ৩১৯টি চেক ড্যাম সর্বমোট ১, ১৩২টি ভূ-পৃষ্ঠস্থ জল প্রকল্পের কাজ সম্পন্ন করেছে।

(৩) কৃত্রিম উপায়ে ভূ-গর্ভে বৃষ্টির জল পুনঃসঞ্চারের উদ্দেশ্যে এই দপ্তর রাজ্যে কৃত্রিম ভূ-গর্ভস্থ জলে পুনঃসঞ্চার প্রকল্প রূপায়ণ করছে, বিশেষভাবে যেখানে বর্ষা পরবর্তীতে ভূ-গর্ভসহ জলতলের ঘাটতি থাকছে। ৩১শে জুলাই, ২০১৯ পর্যন্ত এইরূপ ১৩৮টি প্রকল্প রূপায়িত হয়েছে।

(৪) ভূ-গর্ভস্থ জলভাণ্ডারের অবস্থার ভিত্তিতে সেই জল নিষ্কাশন করে ব্যবহারের জন্য প্রত্যেক ব্যবহারকারীকে পশ্চিমবঙ্গ ভূ-গর্ভস্থ জলসম্পদ (পরিচালন, নিয়ন্ত্রণ ও নিয়মন) আইন ২০০৫ অনুযায়ী অনুমতি নিতে হয়।

(৫) ভূ-গর্ভস্থ জলের উপর নির্ভরতা কমিয়ে রাজ্যের বিভিন্ন প্রকল্পে (যথা - WBADMIP, RIDF, CORE SECTOR ইত্যাদি) ভূ-পৃষ্ঠস্থ জল ব্যবহারের উপর প্রাধান্য দিয়ে প্রকল্পগুলি রূপায়ণ করা হচ্ছে।

(৬) আধুনিক বৈজ্ঞানিক পদ্ধতির (Telemetry) সাহায্যে প্রতিনিয়ত ভূ-গর্ভস্থ জলতলের পরিমাপ নেওয়া হয়।

(৭) জনসাধারণের মধ্যে জলের সুষ্ঠু ব্যবহার ও অমূল্য জলসম্পদের সংরক্ষণের উদ্দেশ্যে রাজ্যে সচেতনতা শিবিরের আয়োজন করা হচ্ছে।

শ্রীমতী শাওনী সিংহ রায় : স্যার, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, বড় বড় নদীর পাশে যে সমস্ত পঞ্চায়েত ও পৌরসভা এলাকাগুলো রয়েছে, যেমন আমার ভাগিরথী

নদীর পাশে যে সমস্ত পঞ্চায়েত ও পৌরসভা রয়েছে তাতে জলস্তর গ্রীষ্মের সময় খুব তাড়াতাড়ি নেমে যায়। এই সমস্ত এলাকার জন্য নতুন কোন প্রকল্প বা পরিকল্পনা আছে কিনা জানালে কৃতজ্ঞ হব।

শ্রী শুভেন্দু অধিকারী : সামগ্রিকভাবে এরজন্য ইঞ্জিনিয়ারিং সেল রয়েছে তারা বিভিন্ন সময়ে এটা পর্যালোচনা করে এবং আমাদের প্রত্যেকটি জেলা শাসকের আন্ডারে ডি.এল.এ বলে একটি পদ আছে, সেখান থেকে অনুমোদন নিতে হয়। সময়ে সময়ে ব্লকগুলি নর্মাল, সেমি-ক্রিটিকাল, ক্রিটিকাল, চিহ্নিত করে যা যা ব্যবস্থা নেওয়া উচিত ইঞ্জিনিয়ারিং দপ্তর সেই ব্যবস্থা নিয়ে থাকে।

শ্রীমতী শাওনী সিংহ রায় : স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, জল কতখানি গুরুত্বপূর্ণ সেটা আমরা অনেকে বুঝেও যেন বুঝিনা। তাই জল নানাভাবে আমরা অপচয় করি। মানুষের সচেতনতার জন্য কোন অভিনব পরিকল্পনা বা অ্যাওয়ারনেস প্রোগ্রামের কোন চিন্তা-ভাবনা আছে কি ?

শ্রী শুভেন্দু অধিকারী : আপনি নিশ্চয় জানেন ইতিমধ্যেই আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি নিজে কলকাতাতে খুব বড় Rally করেছেন। সেই Rally-র মধ্যে দিয়ে তিনি জল সংরক্ষণ ও জলকে বাঁচানোর জন্য ও জনসচেতনতা বৃদ্ধি করার জন্য সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান সহ সমস্ত স্তরের মানুষকে দলমত -বর্ণ -ধর্ম সম্প্রদায় নির্বিশেষে ভবিষ্যতকে বাঁচানোর জন্য বাপক প্রচার তার নেতৃত্বে শুরু হয়েছে।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার অতিরিক্ত প্রশ্ন, যে বিষয়টি নিয়ে আপনি এইমাত্র উত্তর দিলেন, এই সমস্যাটা শুধুমাত্র আমাদের বাংলার নয়, প্র্যাকটিকালি এটা আন্তর্জাতিক সমস্যা এবং সমস্ত জায়গায় জলস্তর নেমে যাচ্ছে। আপনি যে যে প্রিকোশানগুলো নেওয়ার কথা বলেছেন তার মধ্যে জলাশয়গুলোর জন্য অনেক বেশী করে স্কীম আপনি করছেন। কিন্তু আপনি কি বলবেন অ্যাকচুয়ালি আমাদের এখানে জলস্তর কত ফুট নীচে নেমে গেছে এবং সেটাকে কি করে প্রিভেন্ট করবেন। সঙ্গে সঙ্গে সারফেস ওয়াটার স্কীমগুলোকে বাড়াবার জন্য কি কি চেষ্টা করছেন।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি গত সেশানেও আমি এই ব্যাপারে বলেছিলাম এবং সম্মানীয়া মুখ্যমন্ত্রীও এখন হাউসে আছেন। তিনি এর গুরুত্ব অনুধাবন করেই একটা উচ্চ পর্যায়ের মিটিং করেছেন প্রশাসনিক কার্যালয়ে। সেখানে জলসম্পদ ও অনুসন্ধান দপ্তর, সেচ ও জলপথ, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তর এবং অন্যান্য অনেকগুলো দপ্তরকে যুক্ত করে একটা সমীক্ষা এবং কি কি করা যায় সেই ব্যাপারে একটা প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে। এর বাইরেও আমি যেটা বলেছিলাম, ' জল বাঁচাও, জীবন বাঁচাও' এই শ্লোগানকে সামনে রেখে পদযাত্রা Rally কলকাতায় করার মধ্যে দিয়ে গোটা রাজ্য জুড়েই ঐদিন প্রত্যেক জায়গায় ব্লক, জেলাশাসক, পৌরসভায় একই প্রচারের উপর জোর দেওয়া হয়েছে জল সংরক্ষণের জন্য।

[11:10 – 11:20 a.m.]

বিশেষকরে নিশ্চয় আপনারা সবাই, বিরোধী দলের সদস্যরাও অ্যাপ্রিসিয়েট করবেন যে এই ইস্যুটা আজকে সামনে এসেছে, কিন্তু আমাদের মুখ্যমন্ত্রীর ভাবনাটা অনেক আগে ছিলো বলেই, ২০১১ সালে তিনি ক্ষমতায় আসার পর থেকেই জল ধরো, জল ভরো কর্মসূচীতে সর্বাধিক গুরুত্ব দিয়েছিলেন। তাই আজকে রাজ্যে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন এবং জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দফতরের পক্ষে যৌথভাবে ২লক্ষ ৯০ হাজারেরও বেশী যে পুকুর কাটা হয়েছে জল সংরক্ষণের জন্য এটার উদ্যোগ কিন্তু তিনি অনেক আগেই নিয়েছিলেন। যার আলোচনার চর্চা এবং প্রয়োজনীয়তা বুঝে আমরা আজকে সর্বাগ্রে সবাই মিলে সেটা আলোচনা করছি।

স্বাস্থ্য বিভাগে শূন্যপদের সংখ্যা

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭) **শ্রী সমীর কুমার জানা** ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে রাজ্যে স্বাস্থ্য বিভাগে শূন্যপদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত সময় সাপেক্ষে রাজ্যে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড-এর মাধ্যমে উক্ত বিভাগে মোট কতজন স্বাস্থ্যকর্মী নিয়োগ হয়েছে?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়কের

স্যার তার উত্তর, স্বাস্থ্য বিভাগের অন্তর্গত বিভিন্ন চিকিৎসক ও অচিকিৎসক যেমন জি.ডি. এম.ও., বি.এম.ও. এইচ., ফার্মাসিস্ট, সার্জেন, মেডিক্যাল টেকনোলজিস্ট, নার্স ইত্যাদি পদগুলোতে সময় মতো নিয়োগের মাধ্যমে স্বাস্থ্য পরিষেবাকে আরও উন্নত করার উদ্দেশ্যে ওয়েস্ট বেঙ্গল হেল্থ সার্ভিস রিক্রুটমেন্ট বোর্ড গঠন করা হয় এবং এপ্রিল ২০১৩ থেকে তা কার্যকরী হয়। প্রয়োজন অনুযায়ী পদ পূরণ করা একটি চলমান প্রক্রিয়া এবং ওয়েস্ট বেঙ্গল হেল্থ রিক্রুটমেন্ট বোর্ড তা নিয়মিতভাবে পালন করে চলে। ৩১ শে জুলাই ২০১৯ পর্যন্ত বিগত বছরগুলিতে ওয়েস্ট বেঙ্গল হেল্থ রিক্রুটমেন্ট বোর্ডের সুপারিশক্রমে নিম্নলিখিত সংখ্যক স্বাস্থ্য কর্মীর নিয়োগ হয়েছে। ২০১৪-১৫ ৩ হাজার ৩১৬, ২০১৫-১৬ ৫ হাজার ১১২, ২০১৬-১৭ ৪ হাজার ৬৯, ২০১৭-১৮ ৭হাজার ৮৭৩, ২০১৮-১৯ ১২ হাজার ৩৭৮, ২০১৯ - ২০ ১১০৭। স্যার, মোট, ৩১ শে জুলাই ২০১৯ পর্যন্ত ৩৩ হাজার ৮৫৫ জনকে নিয়োগ করা হয়েছে।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী মহোদয়ার কাছে আমার অতিরিক্ত প্রশ্ন, আমরা দেখছি স্বাস্থ্য বিভাগ যথেষ্ট দায়িত্ব সচেতনতার সঙ্গে কাজ করার ফলে, ভারতবর্ষে বিশেষভাবে সুনামের সঙ্গে যেমন এগোতে পেরেছে, যেমন SCOTT AWARD - এ ভূষিত হয়েছে। এটা আমাদের বাংলার ক্ষেত্রে একটা গর্বের বিষয়। মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার জিজ্ঞাস্য আপনি বলেছেন যে, ওয়েস্ট বেঙ্গল হেল্থ রিক্রুটমেন্ট বোর্ড ক্রমান্বয়ে ৩১ শে জুলাই পর্যন্ত বিভিন্ন ক্ষেত্রে আমাদের যে নিয়োগ হয়েছে তারই একটা পরিসংখ্যান

দিয়েছেন। স্যার আমার মাননীয় মন্ত্রীমহোদয়ার কাছে জিজ্ঞাস্য যে ২০১১ সালে আমাদের মা - মাটি - মানুষের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরবর্তী অধ্যায়ে হেল্থ রিক্রুটমেন্ট বোর্ড গঠনের আগে পর্যন্ত এই পর্যন্ত, বিভিন্ন ক্ষেত্রে আমরা কিভাবে কতজন নিয়োগ করতে পেরেছি অনেক প্রতিকূলতা থাকা সত্ত্বেও যদি এটা জানানো সম্ভব হয়, এটা যদি আপনি বলেন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, মাননীয় বিধায়কের প্রশ্নের উত্তরে জানাই যে এই ৩৩ হাজারের লিস্টটা বড়। তবুও আমি কিছু ক্ষেত্রে কি নেওয়া হয়েছে সেটা আপনাকে জানাচ্ছি। পরে আপনাকে পুরো লিস্টটা দিয়ে দেবো। স্টাফ নার্স গ্রেড টু - ১৭৬৭০, এম.ও স্পেশালিস্ট অর্থাৎ মেডিক্যাল অফিসার স্পেশালিস্ট ৯৪০, জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার জি.ডি. এম.ও. ৬২৫১, বি.এম.ও.এইচ. ব্লক মেডিক্যাল অফিসার হেল্থ ১৪৯, ফার্মাসিস্ট গ্রেড থ্রি ১৪২৩, মেডিক্যাল টেকনোলজিস্ট ৪৪৫১ এবং এই ক্ষেত্রে যেগুলো হয়েছে সেগুলো আপনি দেখবেন; আপনি বোধহয়, সরকার আসার অর্থাৎ ২০১১ - তে আমরা এই সরকার আসার আগে কি ছিলো, কত হয়েছে, আরও যুক্ত হয়েছে সেটা জানতে চেয়েছেন।

কিছু ক্ষেত্রে আমি বলি, মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রচেষ্টায় ২০১১এর পরে ৬১০০ জন ডাক্তার নিয়োগ করা সম্ভব হয়েছে এবং নার্স ১৫, ৫৫৪ জন, para medical staff ৩৩৫৫ এবং এইভাবে সমস্ত ক্ষেত্রে আমরা মাননীয়া মুখ্যমন্ত্রী তার প্রচেষ্টায় নিয়োগ প্রক্রিয়া করছি Health Recruitment Boardএর মাধ্যমে।

শ্রী সমীর কুমার জানা : ধন্যবাদ স্যার, মাননীয়া মন্ত্রী মহোদয়া যে তথ্যগুলো দিয়েছেন এটা নিশ্চয় হাউসকে সমৃদ্ধ করছেন এবং তার জন্য আমরা কৃতজ্ঞ, যেভাবে করে আমাদের recruitmentটা হয়েছে। আমি মাননীয়া মন্ত্রী মহোদয়ার কাছে শেষ অতিরিক্ত প্রশ্ন, যে আমরা দেখতে পাচ্ছি যে West Bengal Health Recruitment Boardএর সুপারিশক্রমে আমরা বিভিন্নক্ষেত্রে already ২০১৩ সাল থেকে কার্যকরী হয়েছে, আমরা এই recruitmentটা চালিয়ে আসছি। এই পদ্ধতির চলার ক্ষেত্রে আমাদের recruitmentএর কোন সমস্যার সম্মুখীন হচ্ছে ; না, এটা হওয়ার ফলে আমরা অনেক বেশি দ্রুত গতিতে recruitmentটা করতে পারছি ? অনুগ্রহ করে যদি এটা বলেন।

শ্রীমতি চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, মাননীয় বিধায়ক একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন, সেটা হল Health Recruitment Board নিয়োগের ক্ষেত্রে তাদের কোন অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে কিনা - এই প্রসঙ্গে মাননীয় বিধায়ককে জানায়, যে আমাদের এখানে medical collegeএর seat এই সরকার আসার আগে, মাননীয়া মুখ্যমন্ত্রী প্রচেষ্টা নেওয়ার আগে, সদর্থক ভূমিকা নেওয়ার আগে MBBSএর সিট ছিল মাত্র ১৩৫৫। আর আজকে দাঁড়িয়ে এই MBBSএর সিট হয়ে গেছে ৩৬৫০, BDS নিয়ে ৪২৫০, অর্থাৎ ৫৫০ BDSএর সিট। সুতরাং আগে কি হয়েছে আপনাকে বলি, প্রথম যখন Health Recruitment Board হল, তখন Health Recruitment Board, তখন requisition ১২০ জন GDMOর এবং Advertisement

সাপেক্ষে respond করেছে মাত্র ১০৫জন। কারণ আপনি জানেন যে সেই সময় ডাক্তার কম ছিল। আর recommend করেছে ১০১ জন, appear করেছে। counselling ৪১ জন, আর final জয়েন্ট করেছে ৩৯জন। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন এই medical collegeগুলি তৈরি করার প্রক্রিয়া করলেন, seat বাড়াবার প্রক্রিয়া করলেন, চিত্রটা আস্তে আস্তে পাল্টাচ্ছে। কারণ পাঁচ বছর সময় লাগে একটা ডাক্তারকে বেড়িয়ে আসতে, ডাক্তার হয়ে। এখন কিন্তু চিত্রটা পাল্টাচ্ছে, আপনাকে কয়েকটি উদাহরণ দিই - GDMO স্যার, total vacancy requisition করা হল ১১, ৪৯৫, total number of applications যা পাওয়া গেল ১১,২৭৪, appear ৭৬২১, আর candidate যারা join করেছে তারা ৬৪৬০। অর্থাৎ আগে যদি পাঁচ পারসেন্ট applicationএ জয়েন্ট করে থাকে এখন সেটা 50 per centএর উপর join করছে অর্থাৎ এখানকার প্রতি ডাক্তারদের যেমন পরিষেবা দেওয়ার সদিচ্ছা বাড়াছে এবং বিভিন্ন ক্ষেত্রে মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে অনুকূল পরিবেশ সৃষ্টি করেছেন স্বাস্থ্য ক্ষেত্রে, সেই পরিবেশে কাজ করতে এখন ডাক্তাররা আসছেন, কিন্তু এখন ডাক্তার অনেক বেশি বেড়েছে।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহোদয়াকে বলতে চাইছি যে আমার বিধানসভা এলাকার হরিরামপুর, এই হরিরামপুর ব্লক স্বাস্থ্য কেন্দ্রের আওতায় দুটো প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র গোকর্ণ এবং বালিহারা - বিশাল বিল্ডিং করা হয়েছে, out door - indoor বিল্ডিং আছে, M.O. quarter আছে, nursing quarter আছে, pharmacist, nurse নিয়োগ হয়েছে, কিন্তু ডাক্তার নেই। যার ফল হচ্ছে, ওই দুটো এলাকা পিছিয়ে পড়া এলাকা, ওখানকার মানুষ এই স্বাস্থ্য পরিষেবাটা পাচ্ছে না। এই দুটো প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে দুটোয় যাতে করে একজন করে ডাক্তার outdoorএ নিয়োগ করা যায়, এই বিষয়টা একটু ভাববেন কি ?

[11:20 – 11:30 a.m.]

Smt. Chandrima Bhattacharya : স্যার, আগেই বলেছি যে, যেহেতু আগে ডাক্তারের সংখ্যা কম ছিল তাই এই অবস্থার সম্মুখীন অনেক সময় হতে হয়। কিন্তু আমরা সব জায়গায় দেওয়ার চেষ্টা করছি। আপনি পরে আমাকে বলবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন। আমরা দেখে নেব।

Smt. Mamata Banerjee : আমি অনেকবার হাউসে বলেছি। এটা ফ্যাক্ট। আমাদের নতুন করে ৪৩টি মাল্টি স্পেশালিটি হসপিটালও হয়েছে। নতুন ইনফ্রাসট্রাকচার। আমরা প্রায় তিনশোর ওপরে এস.এন.এস.ইউ তৈরি করেছি, পেডিয়াট্রিক বাচ্চাদের যে ডিপার্টমেন্ট। আগে মাত্র ছ'টি এস.এন.সি.ইউ ছিল। সেটাকে বাড়িয়ে আমরা প্রায় ৮০টির কাছাকাছি নিয়ে গিয়েছি বাচ্চার মায়ের ট্রিটমেন্ট করার জন্য। মাদার এ্যান্ড চাইল্ড হাব প্রায় ১৬টি হয়েছে। মেডিকেল কলেজ নতুন ৮টি হয়েছে, আরও ১০টি প্রসেসে আছে। ২৭ হাজার বেড বাড়ানো হয়েছে। ৩৩ হাজার ৮৫৫জন অলরেডি আমরা আমাদের আমলে নিয়েছি। কিন্তু রিসেন্ট ডাক্তার নিয়ে

একটা প্রবলেম হচ্ছে। ধরুন আমরা আরও চাইছি কিন্তু এ্যাভেলেবেল না থাকলে আমরা কি করবো? আগে তো স্টেট কোটায় প্রায় আসত। এখন তো নিয়ম করে দিয়েছি ইন্ডিয়ার লেভেলে, এখান থেকে ট্রেনিং নিচ্ছে। আমাদের একটা ডাক্তার তৈরি করতে অনেক টাকা লাগে। প্রায় পঁচিশ-ত্রিশ লাখ টাকার মত খরচ হয়। কিন্তু একটা বন্ড করা হয়েছে - তিন বছর। তারপর তারা চলে যেতে পারে। এমন একটা সিস্টেমের মধ্যে চলে এসছে যে, আমরা দেখতে পাচ্ছি, আস্তে আস্তে ডাক্তারের Scarcity হচ্ছে। এবং আমি মনে করি, ইমিডিয়েট যেটা করা উচিৎ - ইন্ডিয়ার মেডিকেল কাউন্সিলও তো উঠিয়ে দিয়েছে, অটোনোমাস অর্গনাইজেশন, কাকে বলবো, ডাক্তার বাড়ানো উচিৎ। তার কারণ হচ্ছে, ডাক্তার না বাড়ালে, ডাক্তার তো এমনি তৈরি হয় না, ডাক্তারকে তো ট্রেনিং নিতে হবে। তাকে অপারেশন করতে জানতে হবে। তাকে এমবিবিএস পড়তে হবে। তারপর তাকে সার্জেন্ট হতে হবে। এমনি এমনি ডাক্তার হয় না। রিসেন্টলি বলি স্যার, হাউসের জ্ঞাতার্থে, আমরা ৮২০জন ডাক্তারকে নিতে চাইলাম। আমরা এ্যাপ্লাই করলাম, এ্যাডভার্টাইজমেন্ট করলাম ৮২০জন ডাক্তার নেব। কিন্তু এলো কতজন? ১০৫জন। ১০৫জন রেসপন্ড করলো এবং ১০১জন কাউন্সিলিং-এ এলো। এটা রিসেন্ট। এটা এখন নানারকম গভর্নমেন্টের সিস্টেমের জন্য হয়েছে। এটা এই ইয়ারের। আমি এই ইয়ারের কথা বলছি। লাস্ট ইয়ার থেকে প্রবণতাটা শুরু হয়েছে। এরা সব বাইরে চলে যাচ্ছে। তারপর আমাদের এখানকার স্টেটের লোকেরা চান্স পাচ্ছে না। যার জন্য আমরা মনি করি যে, স্টেটের লোকেদের চান্স পাওয়া উচিৎ। সেই জন্য আমরা সুপ্রিমকোর্টে লড়াই পর্যন্ত করেছি। কিন্তু আমরা হেরে গেছি, কি করবো। আমরা লড়াই করেছি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া জিতেছে, আমরা হেরে গেছি। স্যার, ১০৫জনের মধ্যে ১০১জন এসছে কাউন্সিলিং-এ এবং তার মধ্যে ৪১জন এ্যাকসেপ্ট করেছিল যে, জয়েন্ট করবে। এবার আল্টিমেটলি দেখা গেল, ৩৯জন জয়েন্ট করতে রাজি হয়েছে। আর দূরে গ্রামে তো যেতেই চাইছে না অনেকে। তবুও থ্যাংকস যে, এই ৩৯জন এ্যাটলিস্ট এরা দূরে যেতে রাজি হয়েছে। সুতরাং, এরা যখন দূরে দূরে যাবে যেখানে সেই সেখানে আমরা দেখব। কিন্তু সেই জন্য আজকে ফেসিলিটি-টা অনেক বেড়ে গেছে। প্রচুর ফেসিলিটিস বেড়ে গেছে। ইভেন আমরা তো সমীরবাবু বলছিলেন কন্টেন্টে, নিশ্চয় এটা ফ্যাক্ট। আমি গতকাল শুনেছি যে, ওয়েটিং হাব আমাদের যে স্কীম সেই স্কীমে আমাদের স্কচ ওয়ার্ডে আমাদের মডেল হয়েছে ইন্ডিয়া এবং আমরা first award পেয়েছি যেটা গোল্ড award, বেঙ্গল থেকেই আমরা পেয়েছি। যেটা প্রেগনেন্ট মাদারদের যেগুলো isolated জায়গা, দ্বীপ আমরা নিয়ে এসে রাখি একটা জায়গায়। সেখানে আমরা আগে থেকে নিয়ে আসি- transit hub, সেখানে আমরা ট্রিটমেন্ট করি। আমাদের institutional delivery ইভেন ২০১১ সালে এটা ছিল ৬৫ শতাংশ, এখন এটা স্যার, ৯৮.৫ শতাংশ হয়ে গেছে। সুতরাং, এটা ভালো লক্ষণ। আমি আপনাদের সবাইকে আবেদন করবো যে, এটা আমাদের কোন ইনডিভিজুয়াল ইস্যু নয়, এটা দেশের ইস্যু। এবং রাজ্যের লোকেরা চান্স পেলে কি হয়, রাজ্যের প্রতি একটা নাড়ির টান থাকে। সে একটু বেশি থাকার চেষ্টা করে। যে গ্রামের ছেলেটা চান্স পায় সে গ্রামে ডাক্তারি করবার জন্য তার একটা আন্তরিকতা থাকে। কিন্তু

এখনকার দিনে সিস্টেম করে দেওয়া হয়েছে। সিস্টেমটাই রং। এই সিস্টেমের ফলে সত্যি সত্যি গ্রামে আগামী দিনে খুব crisis হবে। এবং যার জন্য আমরা গ্রামের লোকাল ডাক্তারদের পর্যন্ত ট্রেনিং দিচ্ছি এখন যে, তোমরা প্রাইমারি ট্রিটমেন্ট-টা অন্তত দাও। We are trying our best.

Shri Nepal Mahato : অনারেবল স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী আছেন আজ। চন্দ্রিমাদিও আছেন। আমার একটা অতিরিক্ত প্রশ্ন যে, ডাক্তারের যে অভাব সেটা কিন্তু সত্যি কথাই। এবং অনেক চেষ্টা করেও সেটা হচ্ছে না। ডাক্তাররা যাচ্ছে, জয়েন্ট করছে না। পুরুলিয়া সব থেকে বেশি সাফার করছে। আপনার নলেজে সেটা আছে। আমি আগেও বলেছিলাম যে, রঘুনাথপুর সুপার স্পেশালিটি এবং পুরুলিয়া দেবেন মাহাতো হাসপাতাল বাদ দিয়ে যে গ্রামীণ ডাক্তার সেই গ্রামীণ ডাক্তারের যে চাহিদা সেটা ২৩০ এর কাছাকাছি।

আছে মাত্র ৭৮/৭৯ জন। কাগজ আমার সঙ্গে আছে। আমি শুধু একটা প্রস্তাব দিচ্ছি। ডাক্তার চাইলেই তো আর পাবেনও না, সেটাও বাস্তব কথা। এখানে দিদি আছেন, পুরুলিয়ার যেসব ডাক্তার বাইরে কাজ করছেন, ওখানেও প্রস্তাব করেছি, তাদের যদি জেলায় ট্রান্সফার করা হয়, এরকম একটা লিষ্টও আমি আপনার কাছে জমা দিয়েছিলাম, তাহলে পুরুলিয়ার ক্ষেত্রে সুরাহা হয়। Otherwise, পুরুলিয়ার অবস্থা খুবই খারাপ। আমি আপনাকে এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করতে চাই এবং একটা প্রশ্ন করতে চাই, এই ধরনের আপনাদের কোন ইচ্ছা আছে কি, অন্তত পুরুলিয়ার ক্ষেত্রে? যেগুলো রিমোট জায়গা, পুরুলিয়া, ঝাড়গ্রাম - এইসব এলাকাতে থাকতে চাইছেনা কোলকাতার ছেলেরা গিয়ে, উত্তরবঙ্গও আছে, সেখানে এই ধরনের একটা ট্রান্সফার নীতি যদি করেন, অন্তত যারা উইলিং, জেলার ছেলেরা বাইরে কাজ করছেন, তাহলে আমার মনে হয় অনেকটা সুরাহা হবে। এব্যাপারে আপনাদের কোন পরিকল্পনা আছে কী, কিছু করতে চাইবেন কি?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় বিধায়ক বলেছেন এবং কেন কম আছে সেটাও উনি জানেন। ওনার ওখানেও মেডিকেল কলেজ হচ্ছে। কনস্ট্রাকশন প্রায় শেষ হয়ে গেছে, পরের বছর থেকে চালু হয়ে যাবে। আমরা সবদিক ভেবে দেখছি। মাননীয়া মুখ্যমন্ত্রী ভাবছেন কীভাবে সব কিছুর সুরাহা করা যায়। তিনি ভেবে ঠিক করবেন।

শ্রীসুজিত চক্রবর্তী : আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীকে একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই। সেটা হচ্ছে, আমাদের বাঁকুড়া সম্মিলনি মেডিকেল কলেজে ইতিপূর্বে নিউরো সার্জারির কাজ-কর্ম হত। কিন্তু গত ৪/৫ বছর একেবারে বন্ধ হয়ে গেছে। নিউরো মেডিসিনের একজন আছেন কিন্তু নিউরো সার্জারির একজন ডাক্তারকে ওখানে রিক্রুট করা যায় কিনা একটু বলবেন?

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : নিউরো সার্জারি পড়তে হবে তো। কে কোন ডিসিপ্লিনে যাবে সেটা তার ওপর নির্ভর করে। নিউরো সার্জেন সংখ্যায় কম আছেন। নিউরো মেডিসিন আছেন। সুতরাং, যেখানে যে রকম দেওয়ার ব্যবস্থা করা যায় আমরা ভেবে দেখবো। নিউরো সার্জারি প্রায়

একদম পড়েনা, এটাই মাননীয়া মুখ্যমন্ত্রীও বলছেন। নিউরো সার্জেন ডাক্তার না হওয়ার জন্য ওখানে অসুবিধা হচ্ছে এটা আমরা বুঝি। এটা আমরা দেখে নেব।

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিকে যারা ষ্ট্যান্ড করে তাদেরকে গিয়ে অনেক সময় কাউন্সিলিং করি যে তোমরা একটু বেশী করে ডাক্তার তৈরী হও, নিউরো সাইন্স-টা কর। কারণ নিউরো তো একেবারে নেই। মানে, ৬ জনা না ৮ জন, এই রকম একটা। তবুও তো আমরা এখন অনেকগুলো ট্রমা সেন্টার করেছি। পি.জি.-তে আমরা বড় ট্রমা সেন্টার করেছি। বিভিন্ন জেলা হাসপাতালে অনেকগুলো ট্রমা সেন্টার আমরা তৈরী করে সেখানে নিউরোলজিষ্ট বা নিউরো সার্জারি নিয়ে আসছি। নিউরোতে আমাদের অভাব আছে। তবে আমরা ডাক্তারদের এনকারেজ করছি যাতে তারা নিউরো সাইয়েন্স-টা পড়ে।

শ্রী কল্লোল খাঁ : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী তথা প্রিয় মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার প্রশ্ন, উনি নদীয়া জেলার ধুবুলিয়াতে মেডিকেল কলেজ স্থাপনের ঘোষণা করেছিলেন এবং টেন্ডার প্রসেসও হয়েছিল। পরবর্তী পর্যায়ে মেডিকেল কলেজটি বন্ধ হয়ে আছে। আমাদের জেলার পক্ষ থেকে অনুরোধ, টি.বি.হাসপাতালের বিস্তীর্ণ এলাকা পড়ে আছে। ওখানে মেডিকেল কলেজ হলে নদীয়া-মুর্শিদাবাদের মানুষের উপকার হবে। আগামীদিনে এটা কীভাবে করা যায় তা জানাবেন কি ?

শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় : অ্যাকচুয়ালি দিজ কোশ্চেন ইজ নট রিলেটেড। তোমরা যত পারছো এখান থেকে ওখান থেকে নিয়ে এসে ঢুকিয়ে দিচ্ছো। ঠিক আছে। আমি জানি বলে বলছি। ধুবুলিয়া নিয়ে আমরা অলরেডি মাল্টি-সুপার স্পেশালিটি হাসপাতাল করবো বলে পাবলিক প্রাইভেট পার্টনারসীপে অ্যাডভাটাইজ করেছিলাম। যে সংস্থা দায়িত্ব পেয়েছিল সম্ভবত সে কাজটা করেনি। সুতরাং, আমরা এটাকে আবার রিভাইভ করতে চাই। কারণ যে পেল টেন্ডারে, একে তো টেন্ডার করতে একটা টাইম লাগে, তার পর টেন্ডার পাওয়ার পরে তিনি কাজটা করলেন না। আমরা করতে চেয়েছিলাম কিন্তু এটা হয়নি। সেম প্রবলেম ভাঙড়, ধুবুলিয়া আর কার্শিয়াঙ - এই তিনটে জায়গায় ফেস করছি। কিন্তু যদি দেখি তারা সময়ে কাজ করছে না, আমি মনে করি তাদের পেনালাইজ করে নতুন টেন্ডারে গিয়ে নতুনভাবে চেষ্টা করা উচিৎ।

[11:30 – 11:40 a.m.]

শ্রী কানাই চন্দ্র মন্ডল : মাননীয় স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে জানতে চাইছি এখানে স্বাস্থ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী আছেন। ইতিমধ্যে সদনে ঘোষিত হয়েছে মুর্শিদাবাদ জেলায় একটা মেন্টাল হাসপাতাল হবে। যে হাসপাতালটি পরিত্যক্ত অবস্থায় ছিল জে.এন.রাও. হাসপাতাল নামে। মুর্শিদাবাদ জেলা সহ উত্তরবঙ্গের সুবিধার্থে এই মেন্টাল হাসপাতাল হবে। এই বিষয়ে কতটুকু অগ্রগতি হয়েছে সেটা একটু জানতে চাইছি।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মুখ্যমন্ত্রী যে কথা বলেন, সে কাজটা করেন। সুতরাং আপনার এখানে যে মেন্টাল হাসপাতাল হচ্ছে তার কাজ প্রক্রিয়া চলছে। আপনি কিছুদিনের মধ্যেই কতটা অগ্রগতি হয়েছে সেটা নিজেই উপলব্ধি করতে পারবেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : পিডব্লুউডিকে অলরেডি দেওয়া হয়েছে কাজ করার জন্য।

শ্রীমতী প্রতিমা রজক : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আমার অতিরিক্ত প্রশ্ন আমার বড়ঞা বিধানসভায় পাঁচথুপী অঞ্চলে একটি উপস্বাস্থ্য কেন্দ্র আছে। সেখানে ডঃ অজিত পাঁজা মহাশয় যখন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন উনি মাতৃসদন চালু করেছিলেন। টেন বেডও স্যাংশান ছিল, আরম্ভ হয়েছিল, অনেকদিন চলেছে। মাঝে বন্ধ হয়ে গিয়েছে। ২০০৯ সালের পর আবার টেন বেড স্যাংশান হল কিন্তু এখনও চালু হল না। আগামী দিনে যদি এটা চালু করার ব্যবস্থা করেন সেই পরিকল্পনা আপনার আছে কিনা ধন্যবাদ।

মিঃ স্পিকার : বুঝতে পারছি সবাই এখন এটা চাইছেন, আমি জানি সমস্যাটা আছে। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন এবং সমস্ত উপস্বাস্থ্য কেন্দ্রগুলো মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এগুলোকে আপগ্রেড করা হচ্ছে সুস্বাস্থ্য কেন্দ্রে। সুতরাং মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন কেন এই অসুবেধে, তিনি দেখছেন।

লঞ্চ পরিষেবা

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫১) **শ্রী সমর হাজরা** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) হাওড়া থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত জলপথে লঞ্চ পরিষেবা বর্তমানে চালু আছে কি না; এবং

(খ) না থাকলে, উক্ত পরিষেবা চালু করার কোন পরিকল্পনা পরিবহণ বিভাগের আছে কি না?

শ্রী শুভেন্দু অধিকারী : (ক) হ্যাঁ, হাওড়া থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত জলপথে লঞ্চ পরিষেবা বর্তমানে চালু আছে।

(খ) প্রযোজ্য নহে।

শ্রী সমর হাজরা : আমার অতিরিক্ত প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়, দক্ষিণেশ্বরে কালী মন্দির দেখবেন, মায়ের অনুপ্রেরণায় বলুন, মা-মাটি-মানুষের অনুপ্রেরণায় সেজেছে। পরিবেশ খুব সুন্দর হয়েছে। বহু ভক্ত সেখানে যাতায়াত করছেন। আপনি বলছেন লঞ্চ পরিষেবা চালু আছে। দক্ষিণেশ্বর থেকে হাওড়া বা হাওড়া থেকে দক্ষিণেশ্বর কত খেপ লঞ্চ যাতায়াত করছে আপনি জানাবেন কি বা কখন চলে টাইমটা?

শ্রী শুভেন্দু অধিকারী : আপনাকে বলে দিই এখানে স্থায়ী জেটিও আছে এবং পর্যাপ্ত পরিমাণ সুরক্ষিত জলযান এখানে মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশেই দেওয়া হয়েছে। সকাল ৬ টা ১০ এ প্রথম লঞ্চ ছাড়ে আপটু সন্ধ্যে সাতটা পর্যন্ত ফেরি যাতায়াত করে। অসংখ্য বার চলে এটা টাইডের উপর নির্ভর করে, জোয়ার ভাঁটার উপরে। কতবার করবে সেটা পুরোটা আমার হাতে নেই। যতবার সুযোগ থাকে ততবারই যাবে।

শ্রী সমর হাজরা : স্যার, আমি অতিরিক্ত প্রশ্ন করছি। স্যার, আপনি দেখবেন বাবুঘাট একটা বাসস্ট্যান্ড আছে। দক্ষিণ দিক থেকে যারা আসে তারা দক্ষিণেশ্বর যেতে চায়। বাবুঘাট - হাওড়া - দক্ষিণেশ্বর এই পরিষেবা চালু করার কোন প্রস্তাব আপনার আছে কি ?

শ্রী শুভেন্দু অধিকারী : আপনি শুনলে আপনার মাথা খারাপ হয়ে যাবে। ২০১১ সালের পর থেকে বেলুড় - দক্ষিনেশ্বর, বেলুড়-কুটিঘাট, মায়ের বাড়ি থেকে বেলুড় পর্যন্ত বরাহনগর থেকে, হাওড়া - ফেয়ারলি, হাওড়া-শিপিং, হাওড়া-বিচালিঘাট, লট- ৮ - কচুবেড়িয়া, আড়িয়াদহ-ফেয়ারলি, রায়চক- কুকড়াহাটি, লেবুখালি-দুলদুলি - অসংখ্য জলপথে আমাদের সরকারের সময়কালে নতুন নতুন লঞ্চ, ভেসেল নামানো হয়েছে। বাবুঘাট থেকে হাওড়া, হাওড়া থেকে দক্ষিনেশ্বর প্রত্যেকটি কানেকটিং করা আছে। আপনি শুনুন, আমরা ২৪০টি জলযান নামিয়েছি। আপনারা ৩৪ বছরে ২৫টি চালাতেন, কেউ উঠতো না।

শ্রীমতি মমতা ব্যানার্জী : মাননীয় সদস্য প্রশ্ন তুলতেই পারেন। তার কোয়েশ্চেনের তার prerogative এটা। তিনি কি কোয়েশ্চেন রিলেটেড কোয়েশ্চেন কিন্তু একটা জিনিস ভাবতে হবে। আমি থাকি কালীঘাটে। আমি যদি বলি ধর্মতলা থেকে একটা বাস চালু হবে শুধু কালীঘাট স্টপেজে নামবে, আর জগুবাজারে স্টপেজ দেবে না, পার্ক সার্কাসে স্টপেজ দেবে না - এটা কখনও হয়। একটা ট্রেন যখন যায় তখন সারা দেশে দিয়ে যায় এবং যত এলাকা দিয়ে যায় সেখানে স্টপেজ দিতে দিতে যায়। সেইরকম জলধারাও যেগুলো লঞ্চ আছে, ভেসেল আছে বা আমাদের বাস আছে - প্রত্যেকের একটা সিস্টেম আছে। আমি যে অঞ্চল দিয়ে যাচ্ছি সেখানে একটা বা দুটো আমি স্টপেজ দিলাম। সাপজ এখান থেকে সাগর যাবে, আপনার যদি সুযোগ থাকে কেন দেবে না। দক্ষিণেশ্বরে অজস্র দেওয়া হয়েছে। দক্ষিণেশ্বর, বেলুড় ঢেলে দেওয়া হয়েছে।

শ্রী দেবেশ দাস : মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে পরিবহণমন্ত্রীর কাছে প্রশ্ন। লেবুখালি - দুলদুলি যাত্রী পারাপারের জন্য যে সুরক্ষিত লঞ্চ চালু হয়েছে, সেটা বন্ধ আছে। সেটা কি কারণে বন্ধ আছে সেটা কি একটু জানাবেন।

শ্রী শুভেন্দু অধিকারী : লেবুখালি - দুলদুলি লঞ্চ সার্ভিস আপনি উদ্যোগ নিয়েছিলেন এবং সেই লঞ্চে আমাদের RoRo vessel একটা দেওয়া আছে। সম্প্রতি কয়েকদিন ওখানে জেটির কাজ হচ্ছে। এটা খুব তাড়াতাড়ি, মহালয়ের আগে চালু হয়ে যাবে।

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, আমারটা কোন প্রশ্ন নয়। একটা ক্ল্যারিফিকেশান বুঝতে যদি ভুল না হয়। মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা বলছিলেন একটা স্টপেজ ছেড়ে শুধু কালীঘাটে যাবে কেন, মাঝে জগুবাজারেও থামবে। ঠিকই তো বলেছেন। ও তো এটা বলতে চেয়েছিল, বাবুঘাট থেকে দক্ষিণেশ্বর যাবে মাঝখানে একটা হাওড়া স্টপেজ দিয়ে। মুখ্যমন্ত্রী যা বলেছিল ও সেটাই জানতে চাইছিল এই রকমের কোন প্রস্তাব আপনার আছে কি না ?

মিঃ স্পিকার : আমার মনে হয় ওনার প্রশ্নটা উনি সঠিকভাবে করতে পেরেছেন। উনি যেটা বলতে চেয়েছেন সেটা ঠিকই বলেছেন। মন্ত্রী উত্তর দিন।

শ্রীমতি মমতা ব্যানার্জী : আপনার only special accept, আপনি যদি অনুমতি দেন তবেই এটা করতে পারি তা না হলে কিন্তু করতে পারি না। that question, the time is over যেহেতু উনি একটা clarification চাইলেন। বাঁকুড়া থেকে আমি যখন ট্রেনে আসি, সে আরণ্যক হোক, রূপসী বাংলা হোক - বাঁকুড়া থেকে স্টপেজ বর্ধমানেও দেওয়া হয়। হয় না কি ? হুগলীতেও দেওয়া হয়, হয় না কি ? সুতরাং মনে রাখবেন জীবনটা এই রকম। যাত্রা পথে স্টপেজ দিতে দিতে যেতে হয়। শৈশব - শৈশব থেকে যৌবন, ছাত্র, যৌবন, মধ্য সবটাই জীবনের মত।

[11:40 – 11:50 a.m.]

শ্রী আব্দুল মান্নান : যিনি প্রশ্ন করেছেন তার একটা যুক্তি আছে আর মুখ্যমন্ত্রী উত্তর দিলেন তাঁর একটা যুক্তি আছে। কোনটাই ইগনোর করছি না। আমি লঞ্চ সার্ভিসটা খুব ব্যবহার করি তাই আমি জানি এই ব্যাপারটা। একটা লঞ্চ যখন আর একটা লঞ্চের জেটিতে গিয়ে পৌঁছায় তখন ছাড়তে অনেক সময় লেগে যায়। বাবুঘাট থেকে হাওড়া যাওয়ার অনেক গুলি লঞ্চ আছে। বাবুঘাট থেকে হাওড়া যাই, আবার হাওড়া থেকে Armenian যেতে হবে, তাহলে দক্ষিণেশ্বরে গিয়ে কেউ পৌঁছাবে না। তাহলে লঞ্চ সার্ভিসটাই অপ্রয়োজনীয় হয়ে যাবে। কানেকটিং লঞ্চ অনেকগুলিই আছে। ৫-১০ মিনিট অন্তর লঞ্চ সার্ভিস আছে। হাওড়া থেকে ডাইরেক্ট দক্ষিণেশ্বর গেলে পূণ্যার্থীরা তাড়াতাড়ি যেতে পারবে, বেলুরমঠ থেকে যেতে পারবে। আমি মন্ত্রী মহোদয়কে অন্য প্রশ্ন করছি। আপনি tide এর কথা যেটা বললেন দক্ষিণেশ্বরে যখন ভাটা পরে তখন জেটির কাছে প্রচণ্ড অসুবিধা হয়। জোয়ার না আসা পর্যন্ত অসুবিধা হয়। আর বালির যে জেটিটা, বালির সার্ভিসটা কি অবস্থায় আছে বলবেন ?

শ্রী শুভেন্দু অধিকারী : বালির সার্ভিসটা চালু আছে। এটা আপনার জেনে রাখা দরকার আমাদের মূল গঙ্গা নদী তার পুরোটা জাতীয় জলপথে and Inland Water তারা ড্রেজিংয়ের দায়িত্বে আছে। পশ্চিমবঙ্গে কোন উল্লেখযোগ্য ড্রেজিংয়ের কাজ তারা করে না। তারা তাদের নিজেদের অথোরিটি নিয়ে এন.ও.সি দেবার ক্ষেত্রে অথোরিটিটা দেখায়।

শ্রী আব্দুল মান্নান : আপনি যে সার্ভিসটা দিচ্ছেন দক্ষিণেশ্বর পর্যন্ত সেটা ব্যাঘাত সৃষ্টি হচ্ছে।

শ্রী শুভেন্দু অধিকারী : সেটাতো ন্যাচারাল ক্যালামিটি। Siltation কারো হাতে নয়। ওখানে ড্রেজিং করার দায়িত্বটা পশ্চিমবঙ্গ সরকারের I.W নেই। ওটা Inland Water জাতীয় জলপথের মধ্যে। তারা এখানে করে না। উল্টো দিকে জাহাজগুলিকে একেবারে পাড়ের পাশ দিয়ে নিয়ে যায়। পাড়গুলি ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

শ্রী আব্দুল মান্নান : পোর্ট টাস্টের সঙ্গে কথা বলেছেন এই ব্যাপারে ?

শ্রী শুভেন্দু অধিকারী : আমাদের টাইম টু টাইম মিটিং হয়।

শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং পরিবহণ মন্ত্রীকে ধন্যবাদ জানাই। আমাদের কাটোয়া-বল্লভপাড়ার যে ফেরীঘাট সেখানে নতুন সুরক্ষিত জলযানের তাঁরা ব্যবস্থা করে দিয়েছেন। কারণ কাটোয়ায় যে জেটি আছে, বল্লভপাড়ার দিকে স্থায়ী জেটি নেই। অস্থায়ীভাবে জেটি করে চালানো হচ্ছে। আমি মাননীয় পরিবহণ মন্ত্রীর কাছে প্রশ্ন করছি বল্লভপাড়ার দিকে স্থায়ী জেটি তৈরি করে দেওয়া যাবে কি না ?

শ্রী শুভেন্দু অধিকারী : আমি প্রথমেই রবিবাবুকে ধন্যবাদ জানাব। ওখানে অসুরক্ষিত ভুটভুটিতে যাতায়াত করেন প্রাণের ঝুঁকি নিয়ে। এটা আমরা সম্প্রতি পরিবর্তন করতে পেরেছি। সেখানে সুরক্ষিত আধুনিক জলযান পৌরসভা চালু করেছে এবং আমরা তাদেরকে দিয়েছি। সার্ভিসটা খুব ভাল হচ্ছে। আপনার জ্ঞাতার্থে বলি ২০১১ সাল থেকে March ২০১৯ পর্যন্ত বর্তমান মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে রাজ্য সরকার ১৪২টা নতুন জেটি তৈরি করেছে, কমপ্লিট করেছে। এটা একেবারে রেকর্ড। এত জেটি কোন একটা রাজ্যে মাত্র আট বছরে নির্মিত হয়নি। আপনার দুই দিকেই জেটি ছিল না। একটা দিক আমরা করে দিয়েছি আরও ৫৬টা জেটির পরিকল্পনা আগামী দুই বছরে আছে। তারমধ্যে আপনার ওই দুটি ইনক্লুড আছে, সেটা ফেজওয়াইজ হবে। কারণ আপনাদের ওখানে দুই দিকেই জেটি ছিল না। একটা কিন্তু আমাদের সময়েই হয়েছে।

বাংলা অ্যাকাডেমির পুরস্কার এবং স্মারক বক্তৃতা

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩) **শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা** ঃ তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৩১শে জুলাই, ২০১৯ সাপেক্ষে পশ্চিমবঙ্গ বাংলা অ্যাকাডেমি কয়টি পুরস্কার ও কয়টি স্মারক বক্তৃতা প্রবর্তন করেছে;

(খ) সেইগুলির নাম কী কী; এবং

(গ) নতুন কোন পুরস্কার চালু করার পরিকল্পনা অ্যাকাডেমির আছে কি না?

শ্রী ইন্দ্রনীল সেন :

১) ৩১ শে জুলাই ২০১৯ সাপেক্ষে পশ্চিবঙ্গ বাংলা আকাদেমি থেকে ১৮টি স্মৃতি/স্মারক পুরস্কার তথা সন্মান এবং ১০টি স্মারক বক্তৃতা প্রবর্তন করা হয়েছে।

২) ক) স্মৃতিস্মারক পুরস্কার তথা সম্মান ;

১) ক) রবীন্দ্র স্মৃতি পুরস্কার (সাহিত্য)

খ) রবীন্দ্র স্মৃতি পুরস্কার (বিজ্ঞান)

গ) রবীন্দ্র স্মৃতি পুরস্কার (বাংলা ব্যতীত অন্য ভাষায়

২) বিদ্যাসাগর স্মৃতি পুরস্কার (গদ্যসাহিত্য)

৩) বঙ্কিমচন্দ্র স্মৃতি পুরস্কার (কথাসাহিত্য)

৪) অন্নদাশঙ্কর রায় স্মারক সম্মান

৫) সোমেন চন্দ্র স্মারক সম্মান

৬) অনীতা-সুনীলকুমার বসু স্মারক সম্মান

৭) সুধা বসু স্মারক সম্মান

৮) লীলা রায় স্মারক সম্মান

৯) লিটল ম্যাগাজিন সম্মান (সাধারণ সংখ্যার জন্য)

১০) লিটল ম্যাগাজিন সম্মান (বিশেষ সংখ্যার জন্য)

১১) বাংলা আকাদেমি-মধুপর্ণী সম্মান

১২) মনোজমোহন বসু স্মারক সম্মান

১৩) সুপ্রভা মুজুমদার স্মারক সম্মান

১৪) তাপসী বসু স্মারক সম্মান

১৫) বিভা চট্টোপাধ্যায় স্মারক সম্মান

১৬) আলপনা আচার্য স্মারক সম্মান

১৭) শান্তি সাহা স্মারক পুরস্কার সম্মান

১৮) শক্তি চট্টোপাধ্যায় স্মারক সম্মান

খ) স্মারক বক্তৃতা :

১) বিদ্যাসাগর স্মারক বক্তৃতা

২) অন্নদাশঙ্কর রায় স্মারক বক্তৃতা

৩) সুনীতিকুমার চট্টোপাধ্যায় স্মারক বক্তৃতা

৪) কাজুও আজুমা স্মারক বক্তৃতা

৫) ভূদেব চৌধুরী স্মারক বক্তৃতা

৬) লীলা রায় স্মারক বক্তৃতা

৭) জিতেন্দ্রনাথ চক্রবর্তী স্মারক বক্তৃতা

৮) বিজিতকুমার দত্ত স্মারক বক্তৃতা

৯) বিবেকানন্দ মুখোপাধ্যায় স্মারক বক্তৃতা

১০) সাবিত্রী রায় স্মারক বক্তৃতা

এতোগুলো পুরস্কারের কথা বললাম যা আপনারা হয়ত মাথায় রাখতে পারবেন না। কিন্তু এটা মাথায় রাখবেন যে, ২০১১ সালের ২০ শে মে দুপুর ১.০০টায় যেদিন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্যের দায়িত্ব নেন, সেইদিন থেকে এতো পুরস্কার দিয়ে এতো কৃতী মানুষকে তিনি সম্মান জানিয়েছেন তার একটা লিস্ট আমি বিধানসভায় বললাম আপনাদের জ্ঞাতার্থে। এই লিস্টটা আপনারা লিখিতভাবে আমাদের থেকে রেখে দিন এবং নিজেরা সম্মানিত বোধ করুন। এছাড়া মাননীয় সদস্য শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা মহাশয়ের যে প্রশ্ন ছিল যে আর নতুন কোনো পুরস্কার চালু করার পরিকল্পনা আকাদেমির আছে কিনা - সেই প্রশ্নের উত্তরে আমি জানাই যে, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি থেকে ২টি নতুন স্মারক পুরস্কার প্রবর্তন করার জন্য ইতিমধ্যেই যে পরিকল্পনা রয়েছে। সেগুলি হল - (ক) মাইকেল মধুসূদন দত্ত স্মৃতি পুরস্কার। (খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় স্মৃতি পুরস্কার।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : অনারেবল স্পিকার স্যার, আমরা অত্যন্ত গর্বিত এবং আনন্দিত যে, আমাদের বাংলার মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় আমাদের পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির যে পুরস্কার এবং স্মারক পুরস্কার প্রবর্তন করেছেন, তারজন্য আমি তাঁকে আন্তরিক শ্রদ্ধা, কৃতজ্ঞতা এবং প্রণাম নিবেদন করি। স্যার আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে যে, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি পুরস্কারের সম্মান হিসাবে কি কি দেওয়া হয় এবং তার পুরস্কার মূল্য কত যদি দয়া করে জানান তাহলে বাধিত হব।

শ্রী ইন্দ্রনীল সেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে জানাই যে, ইতিমধ্যেই কি কি পুরস্কার দেওয়া হয় তা জানানো হয়েছে। কিন্তু এগুলোর পুরস্কার মূল্য যেটা আপনি জানতে চেয়েছেন এই ব্যাপারে বলি যে, আপনি যদি এটা লিখিতভাবে দেন তাহলে আগের যে তালিকা বললাম সেইরকমই তালিকা হবে। এটা শুধু আপনার জন্য নয়, অনেকে যারা আসেননি তাদের জন্যও বলছি যে, আপনারা একটা লিখিতভাবে অফিসে দিন আমরা ডিটেলসয়ে আমাদের দপ্তর থেকে আমরা দিতে পারব। কোন্ সাল থেকে এই পুরস্কার চালু হয়েছিল এবং তার কি পুরস্কার মূল্য সবকিছু তথ্য আমরা আপনাদের দিয়ে দিতে পারব।

[11:50 a.m. – 12:00 Noon]

শ্রীমতী মমতা ব্যানার্জী : তাছাড়া এই অ্যাকাডেমিগুলো নিজেরা স্বাধীনভাবে কাজ করে। আমরা নিজেরা কোনো ব্যাপারে কোনো রেকমেন্ডও করি না। ওনারা যা দেন আমরা সেটাকে অ্যাজ ইট ইজ অ্যাপ্রুভ করি। ওনারা নিজেরা যেটা ভালো বোঝেন এবং আমাদের কাছে যে

প্রপোজালটা পাঠান ওনাদের সিস্টেম অনুযায়ী আমরা সেটাই করেদেই। কাজেই এত পুরস্কার আর এত অ্যাসেন্ট সুতরাং আপনারা যদি ডিটেলস চান তাহলে ইন্দ্রনীল যেটা বলেছে নিশ্চয়ই আপনি চাইতে পারেন, দিয়েদেবে। আবার বলেরাখি এটা ডিসাইড করে কিন্তু অ্যাকাডেমি।

শ্রী বঙ্কিম চন্দ্র হাজরা : আমার অতিরিক্ত প্রশ্ন হল মাননীয় মন্ত্রী মহোদয় বলেছেন যে পশ্চিমবাংলার অ্যাকাডেমি থেকে আরো দুটো নতুন স্মারক পুরস্কার প্রবর্তন করার পরিকল্পনা গ্রহণ করেছেন। মাইকেল মধুসূদন দত্তস্মৃতি পুরস্কার এবং বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় স্মৃতি পুরস্কার - এই পুরস্কারে কবে নাগাদ সম্মানিত করা হবে যদি বলেন?

শ্রী ইন্দ্রনীল সেন : মাননীয় বিধায়ক বঙ্কিমচন্দ্র হাজরার প্রশ্নের উত্তরে জানাই বলা হয়েছে যে এই দু'জনের নামে পুরস্কারের পরিকল্পনা করা হচ্ছে। আপনি জানেন, আমরা সবাই জানি এবং বাংলার মানুষ জানেন পরিকল্পনা যখন হয়, এই দপ্তরের আমি একজন পতিমন্ত্রী। যার নেতৃত্বে এই দপ্তর দেখছি এবং তিনি যখন কোনো পরিকল্পনা নেন অত্যন্ত দ্রুততার সঙ্গে মানুষের সামনে আসে এবং দেওয়া হয়। একটাই কথা বলি যে, এই দপ্তর নয়, আমাদের সবকটি দপ্তরের ক্ষেত্রে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী রবীন্দ্রনাথ ঠাকুরের একটা গানে খুব বিশ্বাস করেন। "আমায় যে সব দিতে হবে সে তো আমি জানি/ আমার যত বিত্ত প্রভু, আমার যত বাণী/ সব দিতে হবে। " আপনি যদি রবীন্দ্রনাথের গান, রবীন্দ্রনাথের সাহিত্য যদি অ্যাকসিডেন্টালি চর্চা করে থাকেন তাহলে বুঝতে পারবেন রবীন্দ্রনাথ কি অর্থে এই গানটি লিখেছেন। তাহলে হয়তো এই প্রশ্নটা করতেন না।

মিঃ স্পিকার : ইন্দ্রনীলবাবু খুব ভালো সঙ্গীত পরিবেশন করেন আমি জানি। আমাদের পশ্চিমবঙ্গ বিধানসভায় একটা অনুষ্ঠানে উনি সঙ্গীত পরিবেশন করেছিলেন।

ডব্লিউ.বি.টি.সি.-এর নতুন বাসের সংখ্যা

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১০) **শ্রী রফিকুল ইসলাম মন্ডল** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৯ সালের ১লা এপ্রিল থেকে ৩১শে জুলাই পর্যন্ত সময়ে উত্তর ২৪ পরগণা জেলায় ডব্লিউ.বি.টি.সি.-এর কটি নতুন বাস চালু হয়েছে; এবং

(খ) উক্ত বাসের মধ্যে বসিরহাট মহকুমায় কোন নতুন বাস চালু হয়েছে কি না?

শ্রী শুভেন্দু অধিকারী : ক) ২০১৯ সালের ১ লা এপ্রিল থেকে ৩১শে জুলাই পর্যন্ত সময়ে উত্তর ২৪ পরগনা জেলায় ডব্লু.বি.টি.সি. এর ১২টি নূতন বাস চালু হয়েছে।

খ) বসিরহাট মহকুমায় নূতন বাস চালু করার বিষয়টি খতিয়ে দেখা হবে।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, আমার প্রথম অতিরিক্ত প্রশ্ন আমি মাননীয় মন্ত্রীকে ২৮.৬.২০১৯ তারিখে একটা প্রেয়ার করেছিলাম যে, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে চাঁপাপুকুর

রাজাপুর থেকে পার্কসাকাস অথবা ধর্মতলা পর্যন্ত একটা যদি ডব্লিউ.বি.টি.সি.র নতুন গাড়ি দেওয়া যায় তার একটা প্রেয়ার করেছি। দয়াকরে এই বিষয়ে আপনার ভাবনাটা যদি জানান তাহলে উপকৃত হব।

শ্রী শুভেন্দু অধিকারী : দেখুন একটা রুট চালু করতে গেলে তার ইকোনমিক্যাল ভায়াবিলিটি স্টাডি করা হয়। সরকারের সামাজিক দায়বদ্ধতা আছে। মাননীয়া মুখ্যমন্ত্রী এবারেও মধ্যমগ্রামে প্রশাসনিক সভায় গিয়ে অনেকগুলি নতুন রুট চালু করার নির্দেশ আমাদের দিয়েছেন।

আমরা প্রত্যেকটা রুটই ইকনমিক্যালি ভায়াবেল হবে কিনা দেখে নিয়ে গুরুত্ব সহকারে পর্যালোচনা করব।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : মাননীয় মন্ত্রী শ্রী সাধন পান্ডে মহাশয় কোন এক সময় ট্রান্সপোর্ট স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ছিলেন, সেইসময় ভবানিপুর ফেরিঘাট থেকে বারাসাত, এবং ভবানিপুর ফেরিঘাট থেকে ধর্মতলা, এই দুটো রুটে CSTC 'র বাস চালু হয়েছিল। কি কারণে জানিনা দীর্ঘদিন ধরে ঐ দুটো রুটে বাস বন্ধ আছে। ঐ দুটো রুটের বাস যদি আপনি আবার চালু করেন তাহলে হিঙ্গলগঞ্জ, সন্দেশখালি, হাসনাবাদ, শিয়াড়া, কালীনগর, বসিরহাট মহকুমার বিভিন্ন অঞ্চলের মানুষ এই পরিষেবা থেকে উপকৃত হবেন।

শ্রী শুভেন্দু অধিকারী : ১৯১১ সালের পর থেকে আমাদের অসংখ্য বাস বিভিন্ন রুটে চালু হয়েছে। আপনি শুনলে খুশী হবেন যে, প্রায় ৬ থেকে ৮ লক্ষ মানুষ বৃহত্তর কলকাতায়, যার মধ্যে উত্তর ২৪ পরগণাও পড়ে, যারা সরকারি বাস ব্যবহার করেন। এটা remarkable achievement হয়েছে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর সময়কালে। উত্তর ২৪ পরগণায় বারাসাত, বাদুড়িয়া ৭ টা বাস চলে। বারাসাত-হাকিমপুর দুটো। অসংখ্য বাসের তালিকা আছে, আপনাকে পাঠিয়ে দেব। যতগুলো স্টেট হাইওয়ে, ন্যাশানাল হাইওয়ে আছে সেখানে। এবং বাংলা গ্রামীণ সড়ক যোজনার রাস্তাতেও চলে। এটাও একটা remarkable achievement। ২০১১ সাল পর্যন্ত, আপনাদের সময়কালে কর্পোরেশনগুলো ভীষণভাবে ক্ষতিগ্রস্থ হয়েছিল। তখন এক একটা গাড়ির পেছনে ১১ জন কর্মচারী রাখা হোত। আমরা আস্তে আস্তে reforms করেছি। মানুষের কাছে সার্ভিসটা পৌঁছে দেওয়াই বড় কথা। আপনাদের সময়কালে ব্যাঙ্ক থেকে ১৩২ কোটি টাকা ঋণ নিয়ে গাড়ি কেনা হয়েছিল। কিন্তু আমাদের যে গাড়ি কেনা হয়েছে সেইগুলো প্ল্যান হেড থেকেই কেনা হয়েছে এবং পুরনো ঋণও এই সরকার মিটিয়ে দিচ্ছে। জনস্বার্থে যে রুটগুলোর প্রয়োজন আছে সেইগুলো আমরা করব। সম্প্রতি মাননীয়া মুখ্যমন্ত্রী মধ্যমগ্রামে গিয়ে প্রায় ১২ টা রুট চালু করার ডাইরেকশন দিয়েছেন। উনি নির্দেশ দিয়েছেন, আমরা চেষ্টা করছি যত তাড়াতাড়ি সম্ভব সেই রুটগুলো কভার করার। তাহলে মনে হয় আপনার আর সমস্যা থাকবে না।

দুর্গোৎসবে সরকারি পরিবহণ

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯) **শ্রী সমীর কুমার জানা** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসন্ন দুর্গোৎসবে যাত্রী সাধারণ ও দর্শনার্থীদের সুবিধার্থে রাজ্য সরকারের পরিবহণ বিভাগ কী কী উদ্যোগ নিতে চলেছে; এবং

(খ) গত বছর পূজা মরশুমে রাজ্য সরকারের পরিবহণ বিভাগের মাধ্যমে কত পরিমাণ রাজস্ব সংগৃহীত হয়েছিল ?

শ্রী শুভেন্দু অধিকারী : ক) আসন্ন দুর্গোৎসবে যাত্রী সাধারণ ও দর্শনার্থীদের সুবিধার্থে রাজ্য সরকারের পরিবহন বিভাগ নিম্নলিখিত পরিষেবা দেওয়ার উদ্যোগ নিয়েছে –

১) পুজোর দিনগুলিতে অধিক সংখ্যক বাস, ট্রাম ও ভেসেল দুপুর থেকে রাত্রি অবধি শহর এবং শহরতলিতে চালানো হবে।

২) পুজোর দিনগুলিতে কলকাতা ও দক্ষিণবঙ্গের বনেদী বাড়ী, রাজবাড়ী এবং বিখ্যাত পুজো প্যান্ডেল ও প্রতিমা দর্শনের জন্য অধিক বাস সার্ভিস চালানো হবে।

৩) দুর্গাপুজো উপলক্ষ্যে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার পক্ষ থেকে বিভিন্ন পর্যটন কেন্দ্রের জন্য বাস পরিষেবা দেওয়া হবে। পশ্চিমবঙ্গ পরিবহন নিগমের তরফ থেকেও দর্শনার্থীদের জন্য 'পুজো পরিক্রমা'র অন্তর্গত বিশেষ বাস পরিষেবা দেওয়া হবে।

খ) গত বছর পূজা মরশুমে (১৫/১০/২০১৮ - ১৯/১০/২০১৮) রাজ্য সরকারের পরিবহন নিগমগুলির মাধ্যমে মোট ৯,৬৫,৪৯,৬১৮ টাকা রাজস্ব সংগৃহীত হয়েছিল।

[12:00 Noon – 12:10 p.m.]

শ্রী সমীর কুমার জানা : মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, আমরা সুন্দরবনের মানুষ হিসাবে আমরা নদীনালা বেষ্টিত এলাকাতে থাকি। সেইদিকে দেওয়ার জন্য আমরা বলছি না। আপাতত পরিবহণ ব্যবহার যে বাসগুলো আমাদের সুন্দরবন এলাকাতে ফ্লাই করে। অনেকগুলো বাস যাচ্ছে। তাদের যদি পুজো মরশুমে কোন ব্যবস্থা করা যায় তাহলে বোধহয় সুন্দরবনের আমরা এই শহরতলীর সমস্ত সুযোগ না পেলেও, কাছাকাছি যেগুলো আছে, যেমন, ধরুন কাকদ্বীপ থেকে, কুলপী থেকে, মন্দিরবাজার হয়ে পাথরপ্রতিমা, নামখানা যেটা এখন ব্রীজ হয়ে গেছে এগুলোতে যদি অ্যারেঞ্জমেন্ট করা যায়, বাসের যেখানে সুযোগ আছে, ভটভটি চেপে যাওয়ার ইচ্ছেটা নেই যদি সম্ভব হয় একটু ভেবে দেখলে আমরা আনন্দিত হব।

শ্রী শুভেন্দু অধিকারী : আমাদের অনেকগুলো ব্যবস্থা নেওয়া হয় এটা আপনারা জানেন। এক টিকিটে ট্রাম এবং জলযান বাস সেটা দেখার ব্যবস্থা থাকে। কিছু বনেদী বাড়ি বা পুরনো বাড়ি, জমিদার বাড়ি তাদের দর্শনীয় পুজোগুলি দেখানোর জন্য সারাদিনের একটা ট্যুর প্রোগ্রাম আমাদের নেওয়া থাকে। তার মধ্যে তাদের ঠাকুর দর্শন করা, লাঞ্চ সমস্ত ওই টিকিটের মধ্যেই ব্যবস্থা করা থাকে। একেবারে থানা ধরে বা বিধানসভা ধরে, ব্লক ধরে ধরে পূজা পরিক্রমা করা হয় না। মূলতঃ তিন ভাগে করা হয়। কলকাতা, বৃহত্তর কলকাতা যা ডব্লু.বি.টি.সি.র অন্তর্ভুক্ত। আর

একটা দক্ষিণবঙ্গ দুর্গাপুরকে হেড কোয়ার্টার করে, আর একটা উত্তরবঙ্গ সেখানে কোচবিহারকে হেড কোয়ার্টার করে, এই তিন ভাগে বিভক্ত করা হয়। তবে আপনার সুপারিশমত অনেকগুলো নতুন, নতুন বাস দেওয়া হয়েছে। পুজোর সময় কালে যাতে আপনার এলাকার প্রত্যেক মানুষ কলকাতায় আসতে পারে এবং সেই রুটগুলো সচল থাকে, পর্যাপ্ত পরিমাণে যদি অতিরিক্ত বাসও লাগে সেটা যাতে থাকে সেটা আমি সুনিশ্চিত করব।

(Question Hour is over.)

Starred Questions
(to which answer was laid on the 'Table')

'গতিধারা প্রকল্পে প্রাপকের সংখ্যা

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) **শ্রী রফিকুল ইসলাম মন্ডল** ঃ পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ২০১৮-২০১৯ আর্থিক বর্ষে রাজ্যে 'গতিধারা' প্রকল্পে প্রাপকের সংখ্যা কত; এবং

(খ) উক্ত প্রকল্পে সরকার যে ভর্তুকি দেয় তা বাড়ানোর কোন পরিকল্পনা আছে কি না?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় :

ক) ১১,১৩১ জন।

খ) শুধুমাত্র 'পিংক ক্যাব' (মহিলা চালিত ট্যাক্সি)-এর ক্ষেত্রে ভর্তুকির পরিমাণ ১ লাখ টাকা থেকে বাড়িয়ে ১ লাখ ৫০ হাজার টাকা করার প্রস্তাব বর্তমানে বিবেচনাধীন।

Adjournment Motion

মি স্পিকার : Hon-ble Members, today I have received one Notice of Adjournment Motion jointly from Shri Abdul Mannan, Dr. Sujan Chakraborty, Shri Manoj Chakraborty, Shri Nepal Mahata, Shri Biswanath Chowdhury, Shri Anisur Rahaman and Sk. Amjad Hossain on the subject of salary and other financial benefits of the contractual, casual and daily rated workers engaged in State Government offices and organizations.

The subject-matter of the Motion is not such that may call for the adjournment of the business of the House. Members may invite attention of the Minister concerned through Question, Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to it.

One Member of the Party may, however, read the text of the Motion as amended.

ড: সুজন চক্রবর্তী : জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরী এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবী রাখছে। বিষয়টি হল :-

সরকার এবং সরকার পোষিত সংস্থাগুলিতে শূন্যপদের সংখ্যা ক্রমবর্ধমান। এর ফলে চুক্তিভিত্তিক অস্থায়ী এবং ক্যাজুয়াল কর্মচারীর উপর এই সংস্থাগুলির নির্ভরশীলতা ক্রমশই বাড়ছে। এই কর্মচারীদের বেতন, ভাতা, নিরাপত্তা সংক্রান্ত সুযোগসুবিধা খুবই অপ্রতুল। কলেজের অস্থায়ী শিক্ষাকর্মী, পার্শ্বশিক্ষক, সিভিল পুলিশ, ভিলেজ পুলিশ, প্রাণীবন্ধু, এস.এস. কে. এম.এস.কে. শিক্ষাবন্ধু, শিক্ষামিত্র, বৃত্তিমূলক শিক্ষক, আই সি ডি এস কর্মী ও সহায়িকা, আশাকর্মী, মিড ডে মিল রন্ধনকর্মী, রোগী সহায়ক, পঞ্চায়েতের ট্যাকস কালেক্টর, পঞ্চায়েতের ভি আর পি, জীবিকা সেবক, এম জি এন। আর ই জি এ সুপারভাইজার, বি এফ টি সহ প্রতিটি ক্ষেত্রের চুক্তিভিত্তিক, অস্থায়ী এবং ক্যাজুয়াল কর্মীরা বঞ্চিত হচ্ছে। সমকালে সমবেতন সাপেক্ষে এদের জন্য রাজ্য সরকারের অর্থদপ্তরের ৩৯৯৮- এফ (পি ২) তাং ১৫। ৭। ২০১৯ নতুনভাবে কার্যকরী করা জরুরী।

CALLING ATTENTION

Mr. Speaker : Hon-ble Members, today, I have received Three (3) notices of Calling Attention on the following subjects, namely:

	Subject		Name
i)	Urge for repairing of road at Panskura Bazar in Purba Medinipur District	:	Shri Sk. Ibrahim Ali
ii)	Urge for construction of a bypass road to avoid traffic jam at Diamond Harbour	:	Shri Dipak Kumar Halder
iii)	Discontinuation of transport system caused by collapse of the culvert over Shali river near রাউতোড়া village in Brjora Assembly Constituency area	:	Shri Sujit Chakraborty

I have selected the notice of Shri Sk. Ibrahim Ali on the subject of Urge for repairing of road at Panskura Bazar in Purba Medinipur District.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী অরূপ বিশ্বাস : মাননীয় সদস্য জানতে চেয়েছেন, তাঁর ছিল-রিপেয়ারিং অফ রোড এ্যট পাঁশকুড়া বাজার ইন পূর্ব মেদিনীপুর ডিস্ট্রিকট। আর কালকেই আপনি দিয়েছিলেন, আপনার

জ্ঞাতার্থে জানাই যে এটা এন এইচের রাস্তা ছিল। একমাস আগে পি ডবলু ডি-কে হ্যান্ডওভার করা হয়েছে। তা সত্ত্বেও পাঁশকুড়া থেকে রাধামণি পর্যন্ত আমাদের কাজটা চলছে। এই কাজটার ডি পি আর আমরা তৈরী করছি।

দ্বিতীয়তঃ দীপক হালদার জানতে চেয়েছেন যে কনস্ট্রাকশন অফ এ বাইপাস রোড টু অ্যাভয়েড ট্রাফিক জ্যাম এ্যট ডায়মন্ডহারবার। এই ব্যাপারে আমরা অনেকদিন ধরে চেষ্টায় আছি। কিন্তু আমরা জমি পাচ্ছি না। ওখানে রাস্তাগুলি পুরো দখল হয়ে রয়েছে। আমি বলব দীপকবাবুকে নিজে উনি যদি সাহায্য করতে পারেন। আমরা অনেকদিন ধরেই চেষ্টা করছি একটা বাইপাস করার।

মেনশন কেসেস

শ্রী মহসিন আলি : স্যার, আপনার মাধ্যমে মাননীয় অগ্নি নির্বাপণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, ভগবানগোলা এক নাম্বার ব্লকটি লালগোলা এবং ভগবানগোলা দুই নাম্বার ব্লকের মধ্যবর্তী স্থানে অবস্থিত। বর্তমানে লালবাগে যে অগ্নি নির্বাপণ কেন্দ্রটি আছে, তা এই তিনটি দূরবর্তী। এই তিনটি ব্লকে ২৬টি গ্রামপঞ্চায়েত আছে এবং প্রায় ১০ লক্ষ মানুষ এখানে বসবাস করেন। এই এলাকাগুলিতে আগুন লাগার ঘটনা ঘটলে দমকল আসার পূর্বেই সমস্তকিছু শেষ হয়ে যায়। সেইজন্য ভগবানগোলায় একটি অগ্নি নির্বাপণ কেন্দ্র স্থাপনের দাবি জানাচ্ছি, জমি পাওয়া যাবে।

মিঃ স্পিকার : মিঃ রফিকুল ইসলাম, আপনার দুটি স্টারড কোয়েশ্চেন এসেছে, আপনি একটা সাপ্লিমেন্টারী করেছেন, এভরিটাইম আপনি করছেন, এটা তো হতে পারেনা। অন্যরা তো বলতেই পারবেন না।

শ্রী রফিকুল ইসলাম মন্ডল : স্যার, বি ই ইউ পি প্রকল্পে বিধায়ক প্রতি বাৎসরিক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ৬০ লক্ষ টাকা। যে সময় এই অর্থ বিল এই পবিত্র সদনে পাশ হয়, তখন জি এস টি নামক বিষয়টি ছিল না বা টাকার মূল্য এতটা হ্রাস পায় নি। বর্তমানে বিধায়ক তার বরাদ্দকৃত অর্থ দিয়ে এলাকার উন্নয়ন করতে গেলে বাস্তবে তা ৫২-৫৩ লক্ষ টাকারই কাজ হয়। ৬০ লক্ষের হয় না। বাকীটা জি এস টি বাবদ বা অন্যান্য বাবদ চলে যায়। প্রতিটি বিধায়কের বিধানসভা ক্ষেত্রের নিরিখে এটা খুবই কম, যা দিয়ে ওই এলাকার উন্নয়ন বাস্তবে সম্ভব নয়। এই পবিত্র সদন থেকে জানলাম রাজ্যের আয় বেড়েছে, জি ডি পি বেড়েছে। তাই বি ই ইউ পি প্রকল্পের বরাদ্দকৃত অর্থ ৬০ হাজারের পরিবর্তে ২ কোটি টাকা করার জন্য মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুজিত চক্রবর্তী : স্যার, পশ্চিমবঙ্গ পরিবহণ দপ্তরের অধীনে সি এস টি সি, সি টি সি এবং এন বি এস টি সি-এর কর্মীরা যখন পৃথক পৃথক নোটিফিকেশনের মাধ্যমে রাজ্য সরকারের কর্মচারীদের হারে পেনশন এবং অন্যান্য অবসরকালীন সুবিধা পান। তখন রাজ্য সরকারের

অধীনে আর একটি সংস্থা এস বি এস টি সি-র কর্মীরা কিন্তু কোন পেনশন বা সুবিধা পাচ্ছেন না। মেমো নাম্বার W P.NO-11978(W) Dated 2015, হাইকোর্টের একটি নির্দেশ দেওয়া সত্ত্বেও রাজ্য সরকার এই ব্যাপারে কিন্তু উদাসীন। দক্ষিণবঙ্গের রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার যারা কর্মী আছেন, তারা অবসরকালের পরে তাদের যে দৈন্যদশা এটা খুবই বাস্তব ব্যাপার এবং মাননীয় মন্ত্রীও জানেন ব্যাপারটা। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী যেহেতু রয়েছেন তাঁকে এই বিষয়ে আলোকপাত করার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

শ্রী শুভেন্দু অধিকারী : সম্মানীয় সদস্যকে জানাই, আপনি অন্যভাবে নেবেন না, এই যে লোকগুলির কথা বলছেন এরা আপনাদের সময়ে বাম আমলে রিক্রুটেড এবং ওরা এসেছিলেন আমার কাছে। আমি দেখেছি ওরা সব আন্ডারটেকিং দিয়েছে যে ওরা সব পেনশন নেবেন না।

[12:10 – 1:30 p.m. Including Recess]

ঐ আন্ডার টেকিং করে, চুক্তি করে কাজে জয়েন্ করেছে। যারা আজকে পেনশনের দাবী করছে আমাদের সময়ে, এই লোকগুলো ২০১১ সালের আগে রিক্রুটে হয়েছে এবং তৎকালীন সি.আই.টি.ইউ. গভর্নমেন্টের সঙ্গে, কপোরেশনের সঙ্গে চুক্তিবদ্ধ যে, তারা পেনশনের দাবী কোনদিন করবে না। ঐ জন্য কোর্টে গিয়ে ওরা কোনো রিড্রেস্ পাচ্ছেনা। আমি কোর্ট নিয়ে বলতে চাইনা, কিন্তু জ্ঞাতার্থে - যেহেতু কোর্ট উল্লেখ করেছেন তাই বললাম। তাই তারা নিজেরাই লিখে দিয়েছেন যে, আমরা পেনশনের দাবী করছি না। কিন্তু ২৫ তারিখে বেতন হ'ত, আমাদের সময়ে ১ তারিখে আমি বেতনটা দিয়ে দিচ্ছি। এটা আমি করতে পেরেছি। আপনারা ২৫ তারিখে বেতন দিতেন, আমি ১ তারিখে বেতনটা দিচ্ছি।

শ্রী দীপক কুমার হালদার : মাননীয় স্পিকার মহোদয়, আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের আমি দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মন্ডহারবারে লালপোলটি ভেঙ্গে যাওয়ায় নতুন পোলের ওপর দিয়ে সমস্ত যানবাহন এবং মানুষ যাতায়াত করছেন। এই নতুন পোলটিতে ভীষণভাবে কম্পন হচ্ছে। সেই কারণে ডায়মন্ডহারবারের মানুষ ভীষণভাবে ভীত এবং সঙ্কীত। এই ব্রীজটির স্বাস্থ্য পরীক্ষা করে যে পদক্ষেপ গ্রহণ করা উচিত, সেই বিষয়ে উদ্যোগ নেওয়ার জন্য অনুরোধ করছি।

ডঃ সুজন চক্রবর্তী : মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন। ১১৭ ন্যাশনাল হাইওয়ে - আপনি নিশ্চয়ই জানেন যে, একটা ঐ গঙ্গার ওখানে ভেঙ্গে গিয়ে সাগরিকার উল্টো দিকে যা হয়েছে। তার সঙ্গে উনি যেটা বলছেন, লালপোলটাও কিন্তু খারাপ কন্ডিশনে আছে। সরকার যদি অতিরিক্ত সতর্কতা না নেয়, যে কোনো সময় ওটা কিন্তু কার্যতঃ আটকে যাবে। মাননীয় মন্ত্রী আছেন, দায়িত্ব দিয়ে দেখুন। ইরিগেশন মন্ত্রী, এটা আপনার কাজের মধ্যে পড়ে। ডায়মন্ডহারবারে নদীর বাঁধটা ভেঙ্গে গিয়ে যা হয়েছে, ১১৭ - কার কি ঝুলন্ত পার্ক আমি জানিনা, এটা খুব বিপদের মধ্যে আছে।

মিঃ স্পিকার : এটা দীপক হালদারের মেনশন কেস তো। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি আপনি বিষয়টা দেখবেন।

শ্রী ইদ্রিস্ আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে অনারেবল মিনিষ্টার ইন-চার্জ শুভেন্দু অধিকারী মহাশয়ের কাছে দুটি আবেদন রাখছি। একটি আবেদন, আমার নির্বাচনী কেন্দ্র উলুবেড়িয়া পূর্বে উলুবেড়িয়া বাস স্ট্যান্ড থেকে ধর্মতলা পর্যন্ত বা নিউটাউন পর্যন্ত – মন্ত্রী মহাশয় যা মনে করবেন, বাস চলাচলের এবং বাউরিয়া থেকে নিউটাউন পর্যন্ত ভায়া ধর্মতলা বাস চলছিল আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায়। বাস লাইন আছে। নতুন বাস লাইন খোলার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

মিঃ স্পিকার : ঠিক আছে, মাননীয় মন্ত্রী রয়েছেন, উনি শুনে নিয়েছেন এবং বিষয়টা দেখবেন।

শ্রীমতী নার্গিস বেগম : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে অনুরোধ যে, মেমারি বিধানসভা এলাকায় অনেক মানুষ এখনও ডিজিটাল রেশন কার্ড পায়নি। মাননীয় খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি পুজোর আগে মানুষ যাতে উক্ত কার্ডগুলি হাতে পায়, তার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার, নমস্কার।

মিঃ স্পিকার : দেয়ার উইল বি নো জিরো আওয়ার টুডে। যেহেতু আজকে শুক্রবার, এখন নামাজের সময় হয়ে এসেছে।

(At this stage, the House was adjourned 12:15 till 1:30 p.m.)

[1:30 – 1:40 p.m.]

AFTER RECESS

LEGISLATION

The West Bengal (Prevention of Lynching) Bill, 2019

মিঃ স্পিকার : Now the Business is The West Bengal (Prevention of Lynching) Bill, 2019. Hon'ble Minister-in-Charge of Department of Parliamentary Affairs, Dr. Partha Chatterjee may please introduce the Bill.

Dr. Partha Chatterjee : Hon ble Speaker, Sir, I beg to introduce The West Bengal (Prevention of Lynching) Bill, 2019.

একটা বিষয় মুখ্যমন্ত্রীর নজরে এনেছেন বিরোধী দলনেতা। আমরা সেম বিলের নাম্বার রাখছি না। যদি আমরা অ্যামেন্ডমেন্ট করে দিই তাহলে সেম বিলের নাম্বার থাকবে–ফোর অ্যামেন্ডমেন্ট করলে। এটা কারেন্ট, নাম্বারটা আমরা চেঞ্জ করে দিচ্ছি। আপনি বলছেন সেম নাম্বারে দুটো বিল।

মিঃ স্পিকার : এই ম্যাটারটা আমি দেখে নেবো। এই ম্যাটারটা আমাকে পয়েন্ট আউট করেন নি।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমি আপনাকে এইটুকু বলছি আমার কোনটাতেই আপত্তি নেই। যে মহৎ উদ্দেশ্য নিয়ে বিলটা এসেছে সেখানে কোন সন্দেহ নেই। আজকে একটা বিল এসেছে, মনে করবেন সবাই good faith-এ কাজ করছে তা হয় না, কিছু কিছু চক্রান্ত আছে। বিলটাকে null and void করার জন্য অনেকে অনেক রকম ষড়যন্ত্র করতে পারে। আমি বিলের কনটেক্স সম্পর্কে কোন কিছু জানি না। আর একটা বিল সার্কুলেট যেটা হয়েছে...

মিঃ স্পিকার : মান্নান সাহেব, আপনি সকালে ছিলেন না, আমি সকালে এটা বলে দিয়েছি।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনি বলে দিয়েছেন ঠিকই, কিন্তু আপনি তো স্যার এটা জানেন, এটা Law Ministry-কেও জিজ্ঞাসা করুন, এটা সিওর যে, একটা বিল যখন হাউসে প্লেস হয়ে যায়, সার্কুলেট হয়ে যায়, সেটাকে আপনি withdrawও করতে পারেন যে কোন মুহূর্তে। Otherwise যেটা wrong হয়েছে আপনি মনে করছেন সেটাকে আপনি একটা অ্যামেন্ডমেন্ট দিয়েও ঠিক করতে পারেন। অন্য বিল place করার দরকার নেই।

শ্রীমতী মমতা ব্যানার্জী : স্যার, যেটা সাউন্ড সেটা করুন। আমাদের এতে তো কোন অসুবিধা নেই, আমরা সবাই মিলে বসে ....

শ্রী আব্দুল মান্নান : স্যার, আমরা বিলে কোন আপত্তি করছি না।

মিঃ স্পিকার : That bill has not been introduced। বিলটা সার্কুলেশান হয়েছিল, একটা প্রিন্টিং মিসটেক ছিল, আমি সকাল বেলায় হাউজে বলেছি। দুটো বিলই আমাদের ছেপে এসেছিল, inadvertently যে বিলটায় প্রিন্টিং মিসটেক ছিল, সেটা সার্কুলেশান হয়েছে। আমি সকালে বলেছি যে, আমাদের ফ্রেস বিলটা প্রিন্ট হয়ে এসে গেছে। সেটা আমি দিয়ে দিয়েছি।

শ্রী আব্দুল মান্নান : স্যার, আপনার চীফ হুইপ অথবা যে কোন একজন মেম্বার একটা অ্যামেন্ডমেন্ট দিয়ে দিক, মিনিষ্টার অ্যামেন্ডমেন্ট নিয়ে নিক।

মিঃ স্পিকার : ঠিক আছে, I will look into this এটা নিয়ে কোন কনফিউশান হবে না, আমি এটা দেখে নেবো মান্নান সাহেব। I will look into this.

শ্রীমতী মমতা ব্যানার্জী : এটাই নিয়ে নিন–যদি ওঁনারা বলেন দুটো বিলের মধ্যে কারেন্ট বিলটা নিতে। Let them do it. নাম্বারটা just change করে দেবেন। No problem. As amended করে দেবেন new number দিয়ে।

শ্রী আব্দুল মান্নান : একটা অ্যামেন্ডমেন্ট দিয়ে রাখুন। একটা মুভ করে দিন।

শ্রীমতী মমতা ব্যানার্জী: গভর্নমেন্ট নিজে ওটা করে দেবে।

মিঃ স্পিকার : মান্নান সাহেব পরে আমি আপনার সাথে কথা বলে নেব। এটাতে অ্যামেন্ডমেন্টের দরকার নেই। আপনি পয়েন্টটা raise করলেন – এখানে কিসের অ্যামেন্ডমেন্টের দরকার – আপনি এই রকম বললে তো হবে না। Let us go by Rule. আমি আপনাকে রুলটা দেখিয়ে দেব। Please come to my Chamber, I will discuss this matter with you.

(Secretary then read the title of the Bill)

Dr. Partha Chatterjee : Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal (Prevention of Lynching) Bill, 2019 be taken into consideration.

Mr. Speaker : There are two amendments, (Amendment Nos. 17 and 18) to the motion for reference of the Bill to the Select Committee by Dr. Sujan Chakraborty (Amendment No. 17) and by Shri Abdul Mannan (Amendment No. 18). Now First I call upon Dr. Sujan Chakraborty to move his amendment. (Amendment No. 17)

Dr. Sujan Chakraborty : Sir, I beg to move that the West Bengal (Prevention of Lynching) Bill, 2019 be referred to a Select Committee of the House consisting of the following Members:

1. Dr. Partha Chatterjee, M.I.C., Department of Parliamentary Affairs, Govt. of the West Bengal – Chairman
2. Smt. Chandrima Bhattacharya;
3. Shri Subrata Mukherjee;
4. Shri Bratya Basu;
5. Shri Sujit Bose;
6. Shri Jyotirmoy Kar;
7. Dr. Sudipta Roy;
8. Shri Manoj Chakraborty;
9. Shri Asit Mitra;
10. Shri Sujit Chakraborty;
11. Shri Sudip Kumar Mukherjee;
12. Shri Mainul Haque;
13. Shri Manash Mukherjee;

14. Shri Tanmoy Bhattacharya;
15. Shri Sk. Amjad Hossain;
16. Shri Ali Imran Ramz;
17. Shri Ashok Dinda; and
18. Shri Narmada Chandra Roy.

With the instruction to submit its Report by the 30th November, 2019 and that the quorum of the Select Committee be fixed at 6.

Mr. Speaker : Now, I call upon Shri Abdul Mannan to move his Amendment.

Shri Abdul Mannan : Sir, I beg to move that the West Bengal (Prevention of Lynching) Bill, 2019 be referred to a Select Committee of the House consisting of the following Members:

1. Smt. Mamata Banerjee, Hon'ble CM; Chairperson
2. Dr. Partha Chatterjee;
3. Shri Abdul Mannan;
4. Shri Nirmal Ghosh;
5. Shri Manoj Chakraborty;
6. Shri Nepal Mahata;
7. Shri Asit Mitra;
8. Dr. Sujan Chakraborty;
9. Shri Biswanath Choudhury;
10. Smt. Chandrima Bhattacharya;
11. Shri Jyotirmoy Kar; and
12. Shri Tanmoy Bhattacharya.

With the instruction to submit its Report by the 30th November, 2019 and that the quorum of the Select Committee be fixed at 6.

Mr. Speaker : There is an another amendment (Amendment No. 19) given by Shri Asit Mitra for eliciting opinion. Now I request Shri Asit Mitra to move his amendment.

Shri Asit Mitra : Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 2019.

Shri Nepal Mahata : অনারেবল স্পিকার স্যার, আজকে এই বিধানসভাতে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিল এসেছে। The West Bengal (Prevention of Lynching) Bill, 2019 এই বিলের সমর্থন পুরোপুরি করে এই বিল সংক্রান্ত কিছু খুঁটিনাটি আলোচনার মাধ্যমে আমার বক্তব্য শুরু করছি। এমনিতে আমরা জানি যে mob lynching বা গণপিটুনি বা গণপ্রহার বিভিন্ন জায়গাতে বিভিন্ন কারণে হচ্ছে। একটা বিশেষ দৃষ্টিতে আমাদের ভারতবর্ষের সুপ্রীম কোর্ট –তাদের নজরে আসে এবং তারা বিভিন্ন ভাবে পর্যালোচনা করে অনেকগুলো স্টেটকে, –সেখানে পার্টি ছিল অনেকগুলো স্টেট,– সেই স্টেটের মধ্যে ওয়েষ্ট বেঙ্গল না থাকলেও তারা direction দেয় যে এই ব্যাপারে আপনারা চিন্তাভাবনা করুন। Specific যেটা করা হয়েছে যেটা আপনার Statement of Objects and Reasons-এ লেখা আছে সেটা হচ্ছে, "Judgement dated 17.7.2018 in Writ Petition (Civil) No. 754/2016 Tesheen S. Poonawalla Vs Union of India and Others" এখানে যে judgement হয়েছে সেই judgement অনুযায়ী মোট ১১টি বিষয় সুপ্রীম কোর্ট দেখতে বলেছে বিশেষ করে রাজ্যগুলোকে। সেই ১১টি পয়েন্টকে কভার করে সবাই যেন একটা আইন তৈরী করেন এবং সেই আইনটার উপর জোর খুব বেশি করে দেওয়া হয়েছে।

[1:40 – 1:50 p.m.]

এবং সেখানে স্যার, যেটা আমরা জানি যে এই mob lynching–টা বিশেষ করে এটা বলতে কোনো অসুবিধা নেই যে, ২০১৪-এর পর থেকে এর যে সংখ্যাটা এটা দিনের পর দিন বাড়ছে। এবং অনেকটাই বেড়েছে। Mob lynching আগে হতো কাউকে ডাইনি বলে মারা হত, চোর বলে মারা হত, গণপিটুনি হোত, বিভিন্ন আরো অনেকরকম incident-এ হত। কিন্তু এই ২০১৪-এর পর থেকে একটা নতুন ঘটনা আবার ঢুকেছে। সেটা হচ্ছে আপনারা অনেকেই হয়তো খবরের কাগজে পড়েন বা জানেন, সেটা হচ্ছে মাংস, গোরুর মাংস কে নিয়ে যাচ্ছে, কে নিয়ে যাচ্ছে না। এই নিয়ে যে মারপিটটা এটা কিন্তু প্রথম introduce হয়েছে ২০১৪-এর পর থেকে। এর আগে এই lynchingটা ছিল না। তো আজকে অনেকরকম আইন আছে। যে আইনগুলোর মাধ্যমে আমরা এগুলোকে প্রতিহত করতে পারি। কিন্তু সেই আইনগুলোর ফাঁক দিয়ে এইসব কাজে যারা নিযুক্ত আছে তারা কিন্তু বেঁচে যাচ্ছে। এইসব কথাগুলো চিন্তাভাবনা করে সুপ্রীম কোর্ট যেটা বলেছেন, আমি শেষ লাইনটা শুধু পড়ছি যে, apart from the direction, আগের direction গুলো ছাড়া, we have given in before we have expressed we think it is appropriate to recommend to the Legislature/Parliament to create a separate offence for lynching and provide adequate punishment for the same. We have said so for a Special Law so as to impose a special sense of fear for those people who involve themselves in such kind of activity. অর্থাৎ এই law-টার মধ্য

দিয়ে একটা মানুষের মধ্যে যেন ভীতি আসে। মূল উদ্দেশ্য এটাই। ভীতিটা আনার জন্যই এই ধরনের একটা আইন আমাদের তারা direction দিল যে, এই ধরনের একটা আইন তৈরি করা খুব দরকার। আর এখন যে present আইনগুলো আছে সেগুলোও হতে পারে। কিন্তু সেগুলোতে অনেক ফাঁক ফোকর থেকে যাচ্ছে। Specific এই ধরণের একটা আইন যদি করা হয়, সেক্ষেত্রে যারা এইসব কাজে যুক্ত আছে তাদের activities অনেকটা কমবে অতএব অনেকটা ভয় হবে। এই ব্যাপারে অনেকগুলো point-এর মধ্যে যেটা গুরুত্বপূর্ণ বলেছেন, তারা বিচার ব্যবস্থার মধ্যেও সুপ্রীম কোর্ট interfere করে, interfere তো করতেই পারেন তারা। তারা কিন্তু এটাকে একটা সময় সীমার মধ্যে সীমাবদ্ধ করে দিয়েছেন। সেটা কিভাবে করেছেন ? The cases of lynching and mob violation shall be specifically tried by a designated court, fast tract court earmarked for that purpose in each districts. Such courts shall hold trial on day to day basis. The trial shall necessarily be concluded within six months.– ৬ মাসের মধ্যে সেটা শেষ করতে হবে। এইধরনের একটা direction এই যে ১১টা point আমি বললাম, ১১টা point-এর মধ্যে এইধরনেরও তারা একটা direction দিয়েছেন। সুতরাং এই বিষয়টা কতটা গুরুত্বপূর্ণ সেটা নিশ্চয় আমরা বুঝতে পারছি। এখানে একটা ছোট্টো আমাদের বিরোধী নেতা যে বিষয়টা তুলেছেন সেটা নিশ্চয় স্পিকার সাহেব বলবেন। যেটা হচ্ছে যে, Bill introduce সেটাকেই বলা হয় যতক্ষণ না মন্ত্রী সেটা বিধানসভাতে introduce করছেন। Circulation যেটা bill-এর মধ্যে দেখা যাচ্ছে যে সেটার validity থাকে না। কিন্তু numberগুলো যে same হয় বিধানসভাতে, একটা ব্যাপার same numberএ এই জিনিসটাতে একটু ত্রুটি আছে বলে আমার মনে হচ্ছে। তিনি আরো ব্যাখ্যা করে বলবেন। যেটা মাননীয় অধ্যক্ষ মহোদয় বললেন যে, place হয়নি। অথাৎ আনুষ্ঠানিকভাবে মন্ত্রী place না করা পর্যন্ত ওটা place করা–আমি জানি না। কিন্তু same number, same date, same এতে একইরকম দুটো, এটাতে মূলতঃ যে বিষয়টা আপনারা পাল্টেছেন সেটাও খুব মারাত্মক। দেখুন, প্রথমে যেটা seven, সাত নম্বর সম্ভবত section (vii) punishment of lynching সেখানে আগেরটাতে ছিল।

মিঃ স্পিকার : আমি বলছি, ওইটা নিয়ে তো আমরা কোনো discussion করছি না। এটা refer করার কোনো মানে হয় না। আমরা এটা নিয়েই তো করছি।

শ্রী নেপাল মাহাতো : ঠিক আছে। যাইহোক, এই বিষয়টা উনি বলবেন।

আমি এর মাঝে বলি, ইতিমধ্যেই সুপ্রীম কোর্ট-এর জাজমেন্ট পাওয়ার পর, পশ্চিমবঙ্গ বিধানসভা আমার মনে হচ্ছে যে এর আগে মণিপুর বিধানসভা, ১৯শে নভেম্বর, ২০১৮তে, Manipur Government introduces the Manipur protection from mob violence ordinance 2018. ২০১৮তে মণিপুরে এটা প্রথম কিন্তু ভারতবর্ষের মধ্যে অর্ডিনান্সের আকারে, পুরোপুরি অ্যাক্ট নয়, যেটা আমার কাছে যতটুকু ইনফর্মেশান আছে, যদি ভুল হয়,

নিশ্চয় সংশোধন করবেন। মধ্যপ্রদেশ, রাজস্থান – মধ্যপ্রদেশ করার একটা সিদ্ধান্ত নিয়েছে, ওরা করেনি। রাজস্থান করার জন্য তারাও চেষ্টা করছে বা অনেকটা এগিয়েছে। কিন্তু সরাসরি আইনের যে ব্যাপারটা সেটা আমার মনে হচ্ছে পশ্চিমবঙ্গেই প্রথম হচ্ছে। তা, আজকে এই বিষয়টা থেকে স্যার, আমি কয়েকটি কথা বলতে চাই, আমাদের এই বিষয়টা পশ্চিমবঙ্গে এতটা ছিল না, কিন্তু ইদানীং সেটা – আমাদের কালচারের মধ্যেই ছিল না, কিন্তু ইদানীং সেটা ঘটেছে, আমরা দেখলাম। মালদাতে হয়েছে, সানিয়ুল শেখ, তাঁকে মারা হয়েছে মব লিংচিং-এর মাধ্যমে। আলিপুরদুয়ারে একটা ছেলেধরা, গণ পিটুনি সেখানেও করা হয়েছে। আজকে এই বিষয়গুলোকে সামনে রেখে এই আইনটা করতে গিয়ে কিছু কিছু জায়গাতে আমার বক্তব্য আছে। আপনি স্যার– প্রিভেইলিং-এ যে কথাটা মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, 'for effective protection of the Constitutional rights of vulnerable persons.' তাহলে এখানে vulnerable persons, তাহলে এখানে এই vulnerable persons মানে যারা অসহায়, তাদের জন্য। আইনটা। যারা সহায় তাদের জন্য আইনটা নয়। এখানে দুটোয় স্যার তফাৎ হয়ে যাচ্ছে। Non-vulnerable, একটা vulnerable। কিন্তু সংবিধানে সবার আইন সমান আছে। এই মবলিংচিং-এ কে অসহায়, ঐ পার্টিকুলার মুহূর্তে কে সহায়, কে অসহায় সেটা বলা মুস্কিল। আমার মনে হচ্ছে, এই জায়গাতে এই বিষয়টাকে একটু দেখার দরকার আছে। স্যার, আমি আর একটি কথা যেটা বলতে চাই, সেটা হচ্ছে, অ্যাক্ট ৩তে, 'It shall come into force on such date as the State Government may, by notification in the Official Gazette, appoint.' এইভাবে এটা কার্য্যকরী হবে। এটা স্যার, আমরা চাইছি এটা at once হোক। এটায় এত ঝামেলায় যাওয়ার কি দরকার। এত ইমপর্টেন্ট, সবাই-এর যখন মত আছে, at once যাতে করা যায়, সেই ব্যাপারে একটু আপনারা জিনিসটা চেষ্টা করবেন। এখানে স্যার, লাস্ট একটা কথা বলি আমি শেষ করছি। সেটা হচ্ছে যে, এই কমপেনসেসানের যে ব্যাপারটা, কমপেনসেসানের ব্যাপারটা আপনাকে একটু ক্লিয়ার করতে হবে। The State Government shall provide compensation to the victim as per the compensation scheme. এটা অ্যাক্টে করা থাকলে মনে হয় ভাল হত। আর একটা গুরুত্বপূর্ণ বিষয়, যেটা ১৬ নম্বর সেকশানে আছে যে All hospitals run by the State Government or any local bodies shall immediately provide the first-aid or medical treatment. এখানে যেগুলো ক্লিনিক্যাল এসট্যাব্লিশমেন্ট -এর আন্ডারে যে হসপিটালগুলো আছে, তারাও তো চিকিৎসা করবে, যেটা ইমিডেয়েট কাছে পাবে, সেটার উল্লেখ নেই কেন ? ঐটাকে বাদ দিয়ে রাখার মানে কি ? এখানে স্যার, সেটাকে ঢোকাবার জন্য অনুরোধ করছি। যাইহোক আমার সময় শেষ হয়ে এসেছে, আমি এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

Mr. Speaker : You have studied the Bill thoroughly. Thank you.

[1:50 – 2:00 p.m.]

শ্রী পূর্ণেন্দু বসু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই পবিত্র সদনে The West Bengal (Prevention of Lynching) Bill, 2019, যে বিলটি মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

এনেছেন, পার্থ চট্টোপাধ্যায় উপস্থাপনা করেছেন এই বিলটি গোটা দেশের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে একটা দিক নির্দেশকারী বিল। লিংচিং বিষয়ে বা গণ প্রহার, গণ পিটুনি, এই বিষয়ে দেশজুড়ে ২০১৪ সালের পর থেকে বহু প্রতিবাদ ধ্বনিত হয়েছে।

এবং সুপ্রিম কোর্টের কাছে মামলা যাওয়ায় সুপ্রিম কোর্ট থেকে মূল যে নির্দেশ দেওয়া হয়েছে, সেটা হচ্ছে, সমস্ত মানুষের বাঁচার অধিকার, সমস্ত মানুষের ব্যক্তি স্বাধীনতা এবং আইনের চোখে প্রত্যেকটি মানুষের সমান অধিকার, এর মধ্যে দিয়ে বিঘ্নিত হচ্ছে, রাজ্যগুলোকে জানানো হয়েছে তারা এই বিষয়ে আইন করুক। নেপাল মাহাতো মহাশয় ঠিকই বলেছেন যে পশ্চিমবঙ্গ প্রথম রাজ্য, যে রাজ্য এই আইন আনার জন্য এই পবিত্র সদনে পেশ করেছেন বিল। এই বিষয়ে আগেই উল্লেখ করেছি যে এটা একটা দৃষ্টান্ত স্থাপনকারী বিল সারা দেশের জন্য হতে যাচ্ছে। এখানে এই বিলের মধ্যে প্রথম অংশে সংজ্ঞা দেওয়া হয়েছে বিলে ব্যবহৃত বিভিন্ন শব্দের। সেই শব্দাবলীর মধ্যে act of violence তাকে define করা হয়েছে, hostile environments তাকে define করা হয়েছে এবং কি পরিস্থিতিতে, কিভাবে এই ধরনের ঘটনাগুলো ঘটছে তার পর্যবেক্ষণ থেকে এখানে কয়েকটি নির্দিষ্ট বিষয় উল্লেখ করা হয়েছে, lynching -এর definition দেওয়া হয়েছে এবং সেখানে এই বিষয়গুলিকে উল্লেখ করা হয়েছে। এটা খুব গুরুত্বপূর্ণ যে এটা spontaneous হোক, অথাৎ এটা স্বতঃস্ফূর্ত হোক অথবা পরিকল্পিত হোক, যে যে গ্রাউন্ডে, যে যে কারণে এগুলো হচ্ছে তারমধ্যে এখানে উল্লেখযোগ্য হিসাবে উল্লেখ করা হয়েছে – religion ধর্ম, race জাতপাত, caste বর্ণ, sex, place of birth, language, বিভিন্ন ধরনের খাদ্যাভ্যাস এবং আরো বেশকিছু বিষয়। অর্থাৎ এটার মধ্য দিয়ে বলা হচ্ছে আমরা সেই ধরনের lynching-এর কথা বলছি, এই বিষয়গুলো সংক্রান্ত যে ঘটনাগুলো আমাদের দেশে ঘটেছে এবং আইন সেই অনুযায়ী আনা হচ্ছে। এখানে উল্লেখ করবো, আমরা প্রত্যেকেই জানি, সেই ভয়ঙ্কর রাতের কথা, যেদিন মহম্মদ আখলাখকে তার বাড়ি থেকে টেনে রাস্তায় একদল উন্মত্ত মানুষ তাকে পিটিয়ে খুন করে। আপনারা জানেন সেই ইতিহাস। আমি আর বর্ণনা করব না। আপনারা জানেন, সেই কিশোরের কথা, জুনেইদ যার নাম, ঈদের আগের দিন সে জামাকাপড় সহ বেশ কিছু জিনিস কিনে তার মায়ের কাছে নিয়ে আসবে, ট্রেনের মধ্যে তাকে হত্যা করা হল। সেই কিশোরের আর্তনাদ আজও নিশ্চয় আমাদের স্মরণে থাকবে। আপনাদের নিশ্চয় মনে আছে, আমাদের রাজ্যের আফরাজুলের কথা, যাকে উন্মত্ত একজন নির্মমভাবে কুপিয়ে, আগুন জ্বালিয়ে হত্যা করেছিল। সেই খুনি মানসিকতা তারই পরিবারের একজন ছোট ছেলেকে দিয়ে তার video তুলিয়েছিল এবং সারা দেশে সেই video ছড়িয়ে দিয়েছিল। এরকম শতাধিক ঘটনা ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে ঘটেছে এবং এখনো পর্যন্ত সেগুলো বন্ধ হয়নি। আমরা অত্যন্ত উদ্বেগের সাথে, পরিতাপের সাথে লক্ষ করেছি, কখনো কখনো দোষীদের গ্রেপ্তার করা হয়েছে, কখনো কখনো তারা বুক ফুলিয়ে ঘুরে বেরিয়েছে, গ্রেপ্তার করা হয়নি, এবং কিছুদিন বাদে যাদের গ্রেপ্তার করা হয়েছে তারা ছাড়া পেয়েছে এবং jail gate থেকে তারা যখন বেরোয় তাদের একদল সমর্থক, যারা এই কাজ করেছেন তারা কাদের সাথে আছেন, কি করেন, আপনারা জানেন, মালা দিয়ে

সেই অপরাধীদের তাদের বাড়িতে পৌঁছে দিচ্ছে। এই যে ঘটনা এই ঘটনার মধ্যে দিয়ে কি যে বর্বরতা সেটা চাপা গেছে–নিশ্চয়ই না।

এই বর্বর ঘটনার শুধু নিন্দা নয়, আইনে এই অপরাধ শাস্তিযোগ্য অপরাধ এবং তাকে সেই শাস্তির মধ্যে যাতে নিয়ে যাওয়া যায় তার প্রচেষ্টা। এই আইনের মধ্যে দিয়ে আপনারা দেখবেন কয়েকটি বিষয় খুবই গুরুত্বপূর্ণ। এখানে চ্যাপ্টার টুতে দেখবেন যেখানে নোডাল অফিসার, পুলিশ অফিসার এবং ডিস্ট্রিক্ট ম্যাজিসট্রেটদের কী কর্তব্য সে সম্পর্কে বর্ণনা করা আছে। এইগুলোর মধ্যে আপনারা দেখবেন যে এই আইনের প্রস্তাবে যে গুরুত্ব দেওয়া হচ্ছে রাজ্যের একজন I.G. লেভেলের পুলিশ অফিসার তিনি স্টেট কো-অর্ডিনেটার থাকবেন। কলকাতার জন্য বিশেষ করে দায়িত্বে রয়েছেন কমিশনারেট, ডিস্ট্রিক্টগুলোতেও দায়িত্ব দেওয়া হয়েছে, সবগুলো মিলিয়ে প্রত্যেকের দায়িত্ব নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। অর্থাৎ কোথাও কোন ঘটনা ঘটলে কাদের দায়িত্ব বলা আছে। এছাড়াও পুলিশ অফিসিয়ালদের সাধারণভাবে এই lynching prevention-এর জন্য যে সাধারণ দায়িত্ব সেটার উল্লেখ এখানে করা আছে। অর্থাৎ আইনগত দিক থেকে যাতে একদিকে প্রিভেনশানের ব্যবস্থা থাকে, আরেক দিকে অপরাধ ঘটলে অপরাধীদের যথাযথ শাস্তি দেওয়া যায় তার ব্যবস্থা করা হয়েছে। এইক্ষেত্রে পানিশমেন্ট সম্পর্কে যা বলা আছে তাতে দেখবেন আঘাত প্রাপ্ত যারা, এই ধরনের ঘটনায় কেউ কাউকে আঘাত দিলে, তার কী শাস্তি হতে পারে সেটা দেওয়া হয়েছে। দ্বিতীয় ক্ষেত্রে, গুরুতর আঘাত দিলে কী ধরনের শাস্তি হবে বলা আছে। তৃতীয় ক্ষেত্রে বলা হয়েছে এই ধরনের আক্রমণে কারোর যদি মৃত্যু হয় তাহলে তার কী ধরনের শাস্তি হবে। এছাড়াও সবচেয়ে গুরুত্বপূর্ণ যেটা এই ধরনের আইন প্রণয়নের ক্ষেত্রে আমরা দেখেছি, বারবার যে আলোচনা আমাদের সামনে আসছে তাতে এই আইনটা কালা কানুন হয়ে যাচ্ছে। এই আইনের ক্ষেত্রে গণতান্ত্রিক ব্যবস্থাকে রক্ষা করার জন্য যিনি ভিকটিম এবং যিনি অপরাধী বলে গ্রেপ্তার হচ্ছেন বা যাকে অপরাধী বলা হচ্ছে তাদের সাংবিধানিক সেই অধিকারগুলোকে সুনির্দিষ্ট করা আছে। অর্থাৎ সম্প্রতি কেন্দ্রীয় সরকারের দিক থেকে UPPI আইনকে পরিবর্তন করে যে জায়গায় নিয়ে যাওয়া হলো তার থেকে শিক্ষা নিয়ে এই গণতান্ত্রিক অধিকারের বিষয়গুলো খুব গুরুত্ব দিয়ে ভাবা হয়েছে। একজনকে দোষী বললেই হবেনা, তার সংবিধান বর্ণিত যে গণতান্ত্রিক অধিকার সেগুলো যেন সে পায় অর্থাৎ তার আইনি সহায়তা তিনি পাবেন। বিভিন্ন ধরনের যে ইনভেস্টিগেশনগুলো হবে তার রিপোর্ট, সাক্ষীরা কী বলছে, সে চাইলে সেই রিপোর্ট এবং প্রতিটি ক্ষেত্রে তাকে যাতে নোটিশ করা হয়, তার সমস্ত বিষয়গুলো এর মধ্যে আছে। সবদিক থেকে এক কথায় এটাই বলবো এই বর্বরতম হত্যাকাণ্ড এবং নির্মম অত্যাচার যাকে আমরা lynching বলছি, তার যে ঘটনা তাকে প্রতিহত এবং যারা অপরাধ করবে তাদের শাস্তির জায়গায় নিয়ে যাওয়া। এই আইনে প্রস্তাবিত এই বিলে প্রধান মুখ হচ্ছে মানবিকতা ও মানবতাবোধ। তার উপরে দাঁড়িয়েই এই আইনটি তৈরী হয়েছে। সমস্ত বিধায়কের কাছে আমি আবেদন করব–সরকার পক্ষ, বিরোধী পক্ষ–আপনারা এই বিলকে পূর্ণ সমর্থন জানিয়ে একটা দৃষ্টান্ত স্থাপন করুন।

[2:00 – 2:10 p.m.]

শ্রী তন্ময় ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিজনেস অ্যাডভাইসারী কমিটির মিটিং শেষ করে আমার দলনেতা সুজন চক্রবর্তী যেদিন বিলটা আমার হাতে দিয়ে বলেছিলেন, যে এই বিষয়ের ওপর আলোচনা হবে, তোকে বলতে হবে, প্রস্তুত হবি, ১৪ মিনিট সময় পাবি। বিলটার শিরোনাম দেখে আমার মনে হয়েছিলো ১ মিনিট ৪০ সেকেন্ড সময়ের মধ্যে এই বিলটাকে অকুণ্ঠ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করে দেওয়ার সুযোগ আমি পাবো। পরে বিলটা যখন সম্পূর্ণ পড়লাম, আজকে আর একটা, একই নাম্বার, একই ডেট, আইনগত দিক আমি অত বুঝিনা, আপনারা দেখবেন। তখন বিলটার প্রতি, তার মূল উদ্দেশ্যের প্রতি সম্পূর্ণ সমর্থন জানিয়ে সমস্ত বিধায়কদের বিবেচনার জন্য, কারণ আজকে যিনি সরকার পক্ষ কাল তিনি বিরোধী পক্ষ হবেন, হতে পারেন। আর কাল যিনি বিরোধী পক্ষ ছিলেন আজ তিনি সরকার পক্ষ হয়েছেন, হতে পারেন। সুতরাং আইন একবার তৈরী হয়ে গেলে সকলের জন্যেই যেহেতু সব সময় প্রযোজ্য হবে তাই সকলের বিবেচনার জন্য, পূর্ণেন্দু বাবুর ঠিক শেষ কথাটা ধরে মানবতা, মানবিকতাবাদ, মানুষের অধিকার এই সবটাকে রক্ষা করবার জন্য এই বিলে যা যা যেভাবে বলা আছে সেটাকে কতটা কার্যকরভাবে আমরা প্রয়োগ করতে পারি সে বিষয়ে বাড়তি ভাবনার প্রয়োজন আছে কি না আমি সকলকেই একটু নজর দিয়ে, মন দিয়ে সেটা ভাবতে বলবো এবং আমার ব্যাখ্যায় যদি ভুল হয় নিশ্চয় মাননীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়, মাননীয়া মুখ্যমন্ত্রী স্বয়ং সে ভাবনাকে ঠিক করে দেবেন। স্যার, sub-section(b), section (2)–তে বলা হচ্ছে–হোয়েদার স্পনটেনিয়াস, যেটা একটু আগে উল্লেখ করলেন পূর্ণেন্দু বাবু। আচ্ছা স্যার, অক্সফোর্ড ডিকশনারী কী বলছে স্পনটেনিয়াস মানে, which means a voluntary act which is performed or occurring as a result of sudden impulse or inclination and without pre imagination and external stimulous অর্থাৎ স্বতস্ফূর্ততা একটা স্বাভাবিক প্রবৃত্তি। যাকে বেআইনি বা শাস্তিযোগ্য অপরাধ বলা যায় না। এটা ঠিক, এইরকম অযৌক্তিক এবং ভুল যে কারণে গতকাল মুম্বাই হাইকোর্টকে বলতে হয়েছে, যে টলস্টয়ের বই রাখা মানেই মাওবাদী না। স্যার, ভেবে দেখবেন, আইনের মোড়কে এটা কোনো স্বৈরতন্ত্রের বীজ কিনা যা কোনো একটা শাসক দলের অপরাধীদের বাঁচাতে এবং যেকোনো বিরোধী কণ্ঠস্বরকে রুখতে ব্যবহার করা যায়। সেক্ষেত্রে এটা সংবিধান প্রদত্ত মত প্রকাশের অধিকারের বিরুদ্ধে চলে যায়, এখান থেকেই জন্মায় আশংকার সিদুরে মেঘ এবং যে মেঘ থেকে প্রশ্ন ওঠে whether government wants to take away fundamental rights of the citizens by implementing this law। স্যার, ঠিকই আখলাক বর্বর ঘটনা। স্যার, শঙ্কর সামন্ত তো বর্বরতম ঘটনা। মানুষ গিয়ে তার বাড়িতে আগুন জ্বালিয়ে দিলো, পুড়িয়ে মারলো। গোটা বাড়িঘর সব ভেঙ্গে চুরে ফেললো। কী ব্যাখ্যা হলো স্যার? আজকের যারা শাসক দল, সেদিনের বিরোধী দল তারা বললেন নন্দীগ্রামের জমি অধিগ্রহণের প্রস্তাবে এটা মানুষের স্বতস্ফূর্ত প্রতিক্রিয়া। ঠিক এই স্টেটমেন্টটা দেওয়া হয়েছিলো। স্পনটেনিয়াস প্রতিক্রিয়া। স্যার, এখন এই যে স্বতস্ফূর্ততা, এই স্বতস্ফূর্ততার ঠিক ভুলের কথা আলাদা। ৩০শে আগস্ট ২০১৯ যে

পবিত্র হাউসে বসে আমরা এই পবিত্র বিল গ্রহণ করতে যাচ্ছি, লিঞ্চিং-এর ঘটনা ২০১০-১১, এর তুলনায় ২০১৮-১৯-এ, ৩৮৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে গোটা দেশে। স্যার, আমাদের রাজ্যে অনেক কম, ঠিক। মাত্র ৪৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে ঐ সময়ের তুলনায়। কিন্তু গোটা দেশে ৩৮৬ শতাংশ। ভয়ংকর ঘটনা ঘটছে। আখলাক, জুবেইদ থেকে শুরু করে বহু ঘটনার উদাহরণ আমরা যে কেউ দিতে পারি। কিন্তু স্যার, শেষ পর্যন্ত বিষয়টা যেখানে এসে দাঁড়াচ্ছে তা হচ্ছে মহাত্মা গান্ধী যখন লবণ আন্দোলন করেছিলেন – সত্যাগ্রহ আন্দোলন করেছিলেন সেই রকম অনেক আন্দোলন কিন্তু স্পনটেনিয়াস মুভমেন্ট।

নেতাজী সুভাষ বোসের অনেক লড়াই spontaneous movement ছিল। তাহলে এই spontaneous শব্দবন্ধতার যদি সঠিক ব্যাখ্যা উপস্থিত না করে যে কোনো কিছুকে আমরা spontaneous বলে দিলাম আমরা, তাহলে ভবিষ্যতে এই আইন ব্যবহারে বা আগামীকাল এই আইন ব্যবহারে ভুল সম্ভাবনা থেকে যাবে কিনা। স্যার, Subsection (f) of Section 2 definition part–এ offensive material–এর তালিকা দেওয়া আছে তাতে বলা আছে printed or digital material কোনো specification ছাড়াই যদি চলে আসে কথাটা তাহলে সমস্ত সংবাদ মাধ্যম বা নিউজ মিডিয়া এই ধারার আওতায় এসে যায় এবং এটা কি সংবাদ মাধ্যমকে ব্লক করা, প্রেশারে রাখা বা নিয়ন্ত্রণের অপচেষ্টা হিসাবে ব্যবহৃত হতে পরে না। যেমন আমাজনের ভয়াবহ অগ্নিকাণ্ড সংবাদ মাধ্যমে জায়গা পাচ্ছে না, কোনো একটি জায়গার প্রেশার তে আছে বলেই। আইনের ব্যবহার করে শাসকের অন্যায় অপরাধকে চেপে রাখা – সেটা তো স্যার মেনে নেওয়া যাবে না, যেতেও বোধ হয় পারে না। তাই স্বাভাবিকভাবেই সেইক্ষেত্রে এই প্রশ্নটা জেগে ওঠে Can a Government enforce a Law which is against public policy or against constitutional right whether Government wants to take away the fundamental rights of the citizens by employing, implementing this law. স্যার, এই প্রসঙ্গে Any other ground দারুণ শব্দবন্ধতা ব্যবহার করা হয়েছিল। আমাকে ভেবে দেখতে হবে, যে এই কথাটা আইনের মানেটা ব্যাখ্যা করা হয়নি। এখন আইনি মানেটা ব্যাখ্যা না হওয়ার ফলে, এর ব্যবহারটা যে কোনো সরকারের ইচ্ছাধীন হওয়ার সুযোগ থেকে যায়। ফলে এই আইনের বলে সরকার পুলিশকে সমস্ত বিরোধী কণ্ঠস্বরকে দমন করবার কাজে লাগাতে পারে। এমনিতে দেখা যাচ্ছে, যখন এস.এস.সি.-র লোকেরা আন্দোলন করছে, Para teacher-রা আন্দোলন করছে, আশার লোকেরা আন্দোলন করছে, vocational teacher- রা আন্দোলন করছে – তখন পুলিশ দমনপীড়ন যে ভাবে করছে, সেটা গণতান্ত্রিক দেশে দমনপীড়নের পথে চলবে না। কিন্তু তার সঙ্গে স্যার, এইটা জিজ্ঞাস্য যে ***

...Noise.....

মিঃ স্পীকার : This portion will not go. This portion will not go. Please. Please it is not related to this Bill.

*** অধ্যক্ষের আদেশক্রমে বাদ দেওয়া হল।

.....Noise.....

শ্রী তন্ময় ভট্টাচার্য : জানিয়ে দেওয়া হবে। চেঁচাচ্ছেন কেন, জানিয়ে দেওয়া হবে। আপনি চেঁচাচ্ছেন কেন। মুখ্যমন্ত্রীর উপর ভরসা নেই, মুখ্যমন্ত্রীর উপর ভরসা নেই।

মিঃ স্পিকার : এইসব কিছু যাবে না। Nothing will go. আপনি শুনুন। তন্ময়বাবু আপনি এই বিলের গাম্ভীর্য-গুরুত্ব বুঝে আপনি একটু দেখবেন। আর কিছু না।

শ্রী তন্ময় ভট্টাচার্য : স্যার, Sub-Section 2-কে of Section 2-তে ভিক্টিমদের রিলেটিভদের যুক্ত করার কথা বলা হয়েছে। স্যার, ওই শব্দটা আপাতনির্দোষ। কিন্তু প্রকৃত ভিক্টিমের উপর নির্ভরশীল নয়, অথচ রিলেটিভ যেখানে ক্ষতিপূরণের দাবি করবে সেখানে আমরা কি বলব। সরকারের টাকা তো জনগণের টাকা। তাহলে Sir কাটমানির মত সেটাও জনগণের রক্তের টাকা নতুন দুর্নীতির। সুব্রতবাবু বোঝেন রাস্তা? তো, আমি ওনাকে দেখতে বলব। স্যার, Sub-section 3 of Section 3 – Offensive material through different social media. স্যার, অম্বিকেশ মহাপাত্রর ভূত আমার মাথায় আছে। cyber law-এর repetition কি করব বলুন তো স্যার, দেশের সংবিধান যা আমাদের সকলের কাছে গর্বের, তা প্রত্যেক নাগরিককে তার ভাবনা প্রকাশের এবং তা অন্যকে জানানোর অধিকার দিয়েছেন। সেটাতে কোনো সরকার আইন করে এটা কেড়ে নিতে পারে না। আমার মনে আছে ঊষা উত্থুপ একটা লিখেছিলেন যে একবার যখন *** মুখ্যমন্ত্রী ছিলেন, তখন ঊষা উত্থুপকে একটা গান গাইতে বলা হয়েছিল, যে গানটায় বামফ্রন্ট সরকারকে গালাগাল করা হয়। ঊষা উত্থুপ সেই গানটাই গাইবার সময় একটু সংকোচ করে ছিলেন এবং *** অনুমতি চাইছিলেন।

মিঃ স্পীকার : ***নাম'টা বাদ যাবে।

শ্রী তন্ময় ভট্টাচার্য : ***তাকে বলেছিলেন, গাও গাও, যদি record বেশি বিক্রি হয় তাহলে হবে। এখন স্যার, এইখান থেকেই একটা প্রশ্ন জাগছে।

[2:10 – 2:20 p.m.]

এখন স্যার, এইখান থেকেই একটা প্রশ্ন জাগছে, Can a Government implement any law which is against the Constitution of India? Why a citizen will not have any right to say or express his or her own views against any wrong done by the Government or will not have any right to protest or not have a right to inform to other citizens about the truth of an event happened? এখন স্যার, আমায় মার্জনা করবেন, আবার কেউ কেউ ক্ষেপেও যেতে পারেন, উঠে দাঁড়াতেও পারেন, পুলিশকে আমরা চাররকম দেখি অন্তত গত দু'তিন বছরে – তৃণমূলের হয়ে, তৃণমূলের জয়ে, তৃণমূলের ভয়ে এবং তৃণমূলের পায়ে। পঞ্চায়েত ভোটে দেখেছি স্যার, তৃণমূলের হয়ে ব্যালটে ছাপ মারতে, তৃণমূলের

*** অধ্যক্ষের আদেশক্রমে বাদ দেওয়া হল।

জয়ে আবীর লাগাতে, তৃণমূলের ভয়ে টেবিলের তলায় লুকাতে। ....(নয়েজ).... আমার বলার অধিকার নেই? আমার বলার অধিকার নেই। বিরোধী দলের শাসক দলের বিরুদ্ধে অভিযোগ করার অধিকার নেই? কি হচ্ছে এটা? বিরোধী দলের শাসক দলের বিরুদ্ধে অভিযোগ করার অধিকার নেই?

Mr. Speaker : আপনার বলার অধিকার আছে। আমি আপনাকে বলি যে, এই বিলের গুরুত্ব আলাদা। এই সব বিলে আলোচনা করতে গিয়ে এমন কিছু বিতর্কিত কথা না আনাটাই ভালো। আপনি এই বিলের ওপরে বলুন না। আমার তো মনে হয়, আপনি বিলটাকে সমর্থনই করছেন না। এতক্ষণ যা শুনছি, আমার তো মনে হয়, বিলের বিরোধিতা করা আপনার উদ্দেশ্য। আমি তো বুঝতে পারছি না।

Shri Tanmoy Bhattacharya : শেষ করতে দিন না স্যার, করবো। শেষ করতে দিন। আমি সমর্থনই করবো। এই যে পুলিশকে বলা হয়েছে, "shall take every possible action" যেটার কথা বলছিলেন পূর্ণেন্দুবাবু। এখন কোনো সরকার তার পুলিশকে দাঙ্গা পরিস্থিতি বা জরুরি অবস্থা ছাড়াই এই ধরনের অধিকার দিতে পারে কন্সটিটিউশন অনুযায়ী? ভারতীয় ফৌজের এই অধিকার আছে এসপিএ বা স্পা আইন অনুযায়ী। এই ক্ষমতার প্রয়োগটাকে মানবাধিকার বিরোধী বলি আমরাও, আপনারাও, সবাই বলি। এটা কি কোনো একজন পুলিশ অফিসারকে ওভার এ্যাক্ট করবার সুযোগ দেওয়া হচ্ছে না স্যার? সাধারণ মানুষের স্বার্থের পক্ষে তো সেটা ক্ষতিকর হয়ে যাবে। একই সাথে এইটা পুলিশকে একপেশে আরবিটারি decision নেওয়ার সুযোগও করে দেবে। আইন অনুযায়ী এটা একটা অপরাধ স্যার। এবং এই অপরাধের ফল হিসাবে যে সমস্যাটা হবে, সেটা হচ্ছে, আমরাও কি কাশ্মীরের মতো pellet gun-এর দিকে ভবিষ্যতে চলে যেতে পারি বা অন্য কোনো দিকে চলে যেতে পারে এই আইন অনুযায়ী? স্যার, relief এর কথা বলেছেন। ভালো। কেন first-aid? কেন পুরোটা নয়? শেষ বিচারে বোধ হয় এটা প্রশাসনের ব্যর্থতা হয়ে যাবে। .....(এই সময় বক্তার মাইক অফ হয়ে যায়).....

Smt. Firoza Begam : মাননীয় স্পিকার স্যার, যে বিল এই মহতি সদনে আনা হয়েছে, The West Bengal (Prevention of Lynching) Bill, 2019. এই বিলকে পুরোপুরি সমর্থন করে আমি বিল সম্বন্ধে কিছু বলছি। আমি প্রথমেই এখানে এই বিলের Statement of Objects and Reasons - "Whereas the Constitution of India guarantees to all persons the right to life and personal liberty and the equal protection of laws; in recent times." এবং এই বিলটা আনা হয়েছে এখানে পরিষ্কার উল্লেখও করা আছে, "Supreme Court of India in its Judgement dated 17.7.2018 in Writ Petition (Civil) No. 754/2016 Tesheen S. Poonawalla Vs Union of India and Others has recommended for enacting legislation in this regard." এই বিলের ভীষণ প্রয়োজনীয়তা ছিল বলে আমি অন্তত মনে করি। কারণ আমরা দেখেছি যে, প্রথম এই ধরনের

একটা বিল আনা হয়েছিল মণিপুরে ২০১৮ সালে। তার প্রেক্ষাপট ছিল, সেখানে একটি ছেলে, মণিপুরের ছেলে, সে এমবিএ পাশ।

সে বাঙ্গালোর থেকে MBA পাশ করে এসে উত্তর পূর্ব ভারতের ওই বি.জে.পি শাসিত রাজ্যে, ছেলেটির নাম ছিল ফারুক খান, তার বাড়ি খাদিজাম শহরে, সেই শহরে তার একটা রেস্তরাঁ ছিল। এছাড়াও মণিপুরে সে একটা পানীয় ফ্যাক্টারী চালু করেছিল। তাকে scooter চোর ভেবে mob lynching করা হয়েছিল এবং মাঠের মধ্যে পিটিয়ে, খুঁচিয়ে মারা হয়েছিল এবং সেই ছবি social মিডিয়ায় viral হয়েছিল। তার পর মণিপুর এই ধরনের একটা বিল নিয়ে আসে। পরবর্তীতে আমরা দেখি রাজস্থানেও এই ধরনের একটা বিল এসেছিল। সেটা এই বৎসরের ১৬-ই July রাজস্থানে আমরা দেখলাম, আফরাজুল আমাদের পশ্চিমবঙ্গের ছেলে, মালদা জেলার ছেলে, আমরা প্রত্যেকে জানি সেই ঘটনা। সেই প্রেক্ষাপটে আমি বলছি স্যার, এখানে সাব-ক্লজের 2(e) - তে বলা হচ্ছে, "mob" means a group of two or more individuals. তাহলে স্যার আফরাজুলের ক্ষেত্রে এটা কী হবে? আমাদের যে Prevention of Mob Lynching Bill এল, আফরাজুলকে মেরেছিল একজন এবং সে একাই পুড়িয়েছিল। সেই video আমাদের সবার কাছে আছে। স্যার, আমি এই জায়গায় অনুরোধ করবো মাননীয় মন্ত্রীকে একটু যদি দেখে নিতে।

এই ক্লজের আরেকটা জায়গায় দেখছি, 2(D) তে "Lynching" means any act or series of acts. এখানে অনেকগুলো উল্লেখ করা আছে, যেমন grounds of religion, race, caste, sex, place of birth, language, dietary practices, sexual orientation, political affiliation, স্যার এই 'পলিটিক্যাল অ্যাফিলিয়েশন' এই জায়গাটাই আমি একটু দেখতে বলছি। পলিটিক্যাল অ্যাফিলিয়েশন বলতে কী বলতে চাইছেন? এখানে বর্তমানে যেমন শাসকদল আজকে আছে। পলিটিক্যাল অ্যাফিলিয়েশন বলতে তো বিরোধীরা যে কোন আন্দোলন করলে তাদের তো আপনি mob lynching-এ ফাসিয়ে দিতে পারেন। আজকে যিনি শাসক আছেন আগামীকাল বিরোধীও হতে পারেন। এটা তো একটা অ্যাক্টে পরিণত হবে। আজকে যেটা বিল, ক্লজ হিসাবে এসেছে সেটা আগামীদিনে আইন হবে। তাহলে স্যার আজকে যিনি শাসক আগামীদিনে তিনি বিরোধী হতে পারেন। তারাও কিন্তু তখন ফাসবেন। তাই পলিটিক্যাল অ্যাফিলিয়েশনের এই জায়গাটা আমি একটু ভেবে দেখার জন্য বা clarify করার জন্য অনুরোধ করছি মাননীয় মন্ত্রী মহাশয়কে। স্যার, এখানে অনেকগুলো ঘটনা আছে। আমি কম্পোনশেসনের জায়গাটাও দেখার জন্য অনুরোধ করবো।

Relief এখানে বলছেন, "All hospitals run by the State Government or any local bodies," - লোকাল বডিজ বলতে নার্সিং হোম। লোকাল বডিজ বলতে আমরা সেটাই বলি, all types institutions যেহেতু উল্লেখ নেই, উল্লেখ না থাকার জন্য প্রাইভেট সংস্থাগুলো সাধারণত এই ধরনের ক্ষেত্রে admission নিতে চায়না। কোন মানুষ mob lynching-এ আঘাতপ্রাপ্ত হল, seriously injured হল তখন কিন্তু লোকাল যেসব private hospital আছে

তারা বলবে হসপিটালে নিয়ে যান। তাই করতে গিয়ে হয়তো একটা প্রাণ শেষ হয়ে যেতে পারে। তাই স্যার এই লোকাল বডিজের জায়গায় নার্সিং হোমকে যোগ করার জন্য অনুরোধ করবো।

আর, The State Government shall provide compensation to the victim as per the compensation scheme. আমি এই জায়গাকেও একটু পরিষ্কার করার জন্য বলছি। কারণ as per compensation scheme বর্তমানে আমরা দেখি মদ খেয়ে মরলেও ২ লক্ষ টাকা পায়, সুইসাইট করলেও ২ লক্ষ টাকা পায়। সুতরাং, মব লিঞ্চিংয়ের জন্য কত হবে? একটা মিনিমাম কম্পেনশেসন যদি উল্লেখ করা থাকতো তাহলে এই বিলের ক্ষেত্রে ভালো হত। ধন্যবাদ স্যার।

53rd Report of The Business Advisory Committee Report

Mr. Speaker : I beg to present the 53rd Report of the Business Advisory Committee. The Committee met in my Chamber today and recommended the Programme of Business for 2nd September and 3rd September, 2019 as follows:

2.9.2019 - The Swami Vivekanande University Bill, 2019
(Introduction, Consideration & Passing) – 1.1/2 hours

3.9.2019 - The West Bengal Staff Selection Commission
(Repealing) (Repealing) Bill, 2019 - 1hour

[2:20 – 2:30 p.m.]

The Minister-in-Charge for Parliamentary Affairs may please move the Motion for acceptance.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির ৫৩ তম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

Mr. Speaker : I think the House has consent to it. ... (pause)... The Motion is adopted. The Motion is adopted.

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : স্যার, প্রথমেই আমি ধন্যবাদ জানাচ্ছি এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি এই সদনের প্রতি এবং আমার দলের প্রতি এখানে আমাকে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং ঐতিহাসিক বিলে বলবার সুযোগ করে দেওয়ার জন্য। স্যার, দি ওয়েস্ট বেঙ্গল (প্রিভেনশন অব লিঞ্চিং) বিল, ২০১৯- স্যার ভারতবর্ষের সংবিধান আমাদের কি দিয়েছে সেটা আমাদের অনুভব করবার, উপলব্ধি করবার আবার বোধহয় নতুন করে সময় এসেছে। স্যার, ভারতবর্ষের সংবিধান আমাদের দিয়েছে এবং শিখিয়েছে ধৈর্য্য, সহনশীলতা, সৌহার্দ্য, সম্প্রতী, নিরপেক্ষতা

এবং স্যার দেখিয়েছে যে এমন একটা রাস্তায় হাঁটতে হবে যে রাস্তা হবে মানবিক। স্যার, আমাদের চরিত্র কিভাবে গঠন করতে হবে, কেমন করে সামাজিক জীব হিসেবে আমাদের সেই সমাজে থাকতে হবে। ভারতবর্ষের সংবিধান আমাদের শিখিয়েছে যার কারণে যে কোন গ্রন্থের থেকে, ধর্মীয় গ্রন্থের থেকে ভারতবর্ষের নাগরিকের কাছে সংবিধান সব সময় প্রণম্য স্যার। ভারতবর্ষের সংবিধানে আমরা অধিকার পেয়েছি বিস্তর। চ্যাপ্টার ফোর ফান্ডামেন্টাল রাইটস মৌলিক অধিকার আমরা বলেই থাকি আমি কেন বলতে পারবো না আমার রাইট টু স্পিচ, আমি কেন বাঁচতে পারবো না আমার রাইট টু লিভ, একটার পর একটা সংবিধান অধিকার দিয়েছে। আর ভারতবর্ষের সংবিধানের প্রণেতারা তারা জানতেন সংবিধানে যখন অধিকার দিয়েছে মানুষকে প্রজাতান্ত্রিক ভারতবর্ষে তখন সেই সংবিধানের দায়িত্ব এবং কর্তব্য এই দুটো অঙ্গাঙ্গীভাবে জড়িত সংবিধানের অধিকারের সাথে। এটা প্রণেতারা জানতেন বলে তখন ফান্ডামেন্টাল ডিউটিজ বলে কিছু ছিল না। পরবর্তীকালে সংবিধানে সংশোধন এনে স্যার আপনি জানেন আর্টিকেল 51A এনে আমাদের ডিউটিজের কথা উল্লেখ করা হল। কিন্তু সেটি মাত্র কয়েকটি ছত্রে। যখন অধিকার পাতার পর পাতা জীবন জুড়ে তখন কর্তব্য আর আমাদের দায়িত্ববোধ মাত্র কয়েকটি ছত্রে, কারণ আমাদের যারা সংবিধান প্রণেতা এবং পরবর্তীতে যারা আইনসভা থেকে এগুলো সংশোধনীর মাধ্যমে এনেছেন তারা জানতেন যে ভারতবর্ষের নাগরিককে বলতে হবে না তার কর্তব্য কি, তার দায়িত্ব কি? কিন্তু আমরা ভুলে যাচ্ছি স্যার, সৌহার্দের বার্তা সম্প্রীতির এই যে একটা চেহারা ভারতবর্ষের, আমরা ভুলে যাচ্ছি স্যার। একথা ঠিক আমিও বলবো আমাদের মাননীয় বিধায়ক নেপাল মাহাতো বলেছেন 14 থেকে 19 -আমরা দেখতে পাচ্ছি একটার পর একটা ঘটনা। এমন ঘটনা আমাদের কদর্য চেহারাটাকে একদম সামনে নিয়ে আসছে সারা বিশ্বের কাছে। আমরা একে অপরকে সম্মান করবো না ? আমরা একে অপরের সম্মানের প্রতি নজর রাখবো না? আমরা ভালোবাসার গান গাইবো না? আমরা সৌহার্দ্য সম্প্রীতির কথা বলবো না? এ কোন ভারতবর্ষ স্যার? সেই ভারতবর্ষে এখন লজ্জার যে এখানে সুপ্রিম কোর্টকে একটা Tesheen S. Poonawalla ভারসেস ইউনিয়ন অব ইন্ডিয়ার এই মামলায় একটা রায় দিতে হল। স্যার, উত্তরপ্রদেশের মত রাজ্যে সব সময় যারা ক্ষমতায় থাকে তারা বলে উত্তরপ্রদেশ যার ভারতের ক্ষমতায় থাকে সে।

তাহলে স্যার, এটা কি মানবো যে উত্তরপ্রদেশের যে জঘন্য, নারকীয় ঘটনা একটার পর একটা হয়ে একেবারে সীমায় পৌঁছে গেছে অর্থাৎ প্রথম সারিতে পৌঁছে শুধু নয় একেবারে এক নম্বরে আছে। তাহলে কি ভারতবর্ষের চেহারাটা তেমনই করতে চায় শাসক দল। এই প্রশ্নটা আমি এই পবিত্র সদনের কাছে রাখছি অর্থাৎ নিজেকে প্রশ্ন করছি এমন কি শাসক। তাই আজকে এই যে জাজমেন্ট সুপ্রিম কোর্টের - সুপ্রিম কোর্টকে জাজমেন্ট দিতে হল কারণ এই সৌহার্দ্যের চিত্রটা নষ্ট হল স্যার। স্যার, মানে কি না গণপিটুনি। স্যার, অবাক হয়ে গেলাম যখন তন্ময়বাবু বললেন spontanious-এর কোন ব্যাখ্যা হয় নি। definition নেই, সংজ্ঞা নেই। উনি Oxford Dictionary থেকে পড়লেন কিন্তু Lynching -টা বুঝলেন না। Lynching -এর সজ্ঞাটা কি ?

Lynching মানে কি ? গণ পিটুনি এবং মহাত্মাগান্ধী করেছিলেন গণআন্দোলন, গণপিটুনি না। নেতাজী সুভাষচন্দ্র বোস করেছিলেন গণআন্দোলনের পুরধা, কোন গণপিটুনি না। তাই আজকে বুঝতে হবে কোন আইন সভার সদস্য হয়ে আইন প্রনয়ণকারীরা যদি বলে আমি আইনটা ঠিক বুঝি না। তাহলে হয় না স্যার। তাই আইনটা বুঝতে হবে এবং এটা কেন। এসেছে। এই যে The West Bengal (Prevention of Lynching) Bill, 2019 কেন এসেছে ? এই রাজ্য প্রথমই এই বিলটা আনল এবং যে কথা বলেছেন, নেপালবাবুর সাথে আমি সহমত যে প্রথম এই বিলটা আনল। খালি তো স্টেট গভর্নমেন্টকে বলে নি স্যার। সেন্ট্রাল গভর্নমেন্টকেও জাজমেন্টে বলা হয়েছে তন্ময়বাবু সেটা দেখলেন না। আর খালি গরুর এসের মত নিয়ে গেলেন, কোথায় কোথায় ঘুরলেন সেটা আপনি দেখেছেন, বলেছেন। সেই বিষয়ে আমি কিছু বেশি বলতে চাই না তার উপরে। স্যার, last paragraph যেটা বলেছেন, যেটা নেপালবাবু পড়েছেন, "Apart from the directions we have given herein before and what we have expressed, we think it appropriate to recommend to the legislature, that is, the Parliament, to create a separate offence for lynching and provide adequate punishment for the same. We have said so as a special law in this field would instil a sense of fear for law amongst the people who involve themselves in such kinds of activities. There can be no trace of doubt that fear of law and veneration for the command of law constitute the foundation of a civilized society" স্যার, আদালতকে বলতে হচ্ছে সিভিলাইজ সোসাইটি মানে কি এবং তার জন্য কি করতে হবে বলে দিচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট। That is, the Parliament, we are sorry to say sir, ১৭ ই জুলাই, ২০১৮-র judgment এর পরে ৩৭০ বিলোপ করার জন্য তাদের সময় হয়েছে কিন্তু Lynching - এর বিরুদ্ধে সুপ্রিম কোর্টের এই আইন মেনে তাদের আইন আনার সময় হয় নি। অর্থাৎ Lynching-টা হোক। অর্থাৎ আরো আরো মেয়েদের গর্ভ রক্তাক্ত হোক, রক্তাক্ত গর্ভ থেকে সন্তানদের জন্ম দেওয়া হোক। আরো রক্ত ঝরুক, আরো মেয়েদের কোলের সন্তান হারাক এটাই কি চায় কেন্দ্রীয় সরকার। আমার মুখ্যমন্ত্রী, এই রাজ্যের মুখ্যমন্ত্রী, বাংলার মুখ্যমন্ত্রী তিনি প্রথম এই রাজ্যে আইনটা আনলেন। বললেন, আমার সরকার মানবিক, আমার বাংলা মানবিক, আমার মানুষদের প্রতি দায়িত্ব আছে, কর্তব্য আছে। আমি ভুলি না আর্টিকেল ২১- এর কথা যেখানে Right to Live দিয়েছে। তার জনসাধারণের কোথায়ও কিছু হয়ে থাকে, কি হয় তার জন্য প্রিভেন্ট করার Lynching। ফিরোজা বলছিল, মাননীয় বিধায়ক বলছিল, কোন সময় যদি political affiliation -এ আমরা বিপরীতে আসি। তাতেও দেখুন, তখন কিন্তু মুখ্যমন্ত্রী একই কথা বলছেন। আইনটা চলে যাবে না। হয়ত সরকার আসে, সরকার যায়। আইনটা থেকে যাবে। সুতরাং তখনও political affiliation নিয়ে যদি কেউ কিছু করে তাহলে Lynching -এ এই যে সংজ্ঞা তারমধ্যে আসবে। কি করে আসতে হবে, কেমনভাবে আসতে হবে যে কথা নেপালবাবু বলেছেন সেটা কিন্তু ১১ টা প্যারাগ্রাফের মধ্যে Supreme Court তার ডিশিসানের মধ্যে দিয়ে দিয়েছে।

[2:30 – 2:40 p.m.]

এখানে দেখুন স্যার, কি করেছে আমাদের আইনে। মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি কি করেছেন এই আইনটার মধ্য দিয়ে। যেটি আমাদের এখানে সম্মানীয় পরিষদীয় মন্ত্রী পেশ করেছেন স্যার। এটা হল section 15। এই যে victim-র কথা বলা হয়েছে A victim shall be entitled to receive free legal aid if he so chooses and to engage any advocate who he chooses from among those enrolled in the legal aid panel under the Legal Services Authorities Act, 1987 and the Legal Services Authority established under the said Act shall pay all costs, expenses and fees of the advocate appointed by the victim or informant in accordance with relevant rules." একদিকে যে মারা গেল তার যেমন অধিকার ছিল বাঁচার সেটা যেমন রক্ষিত হবে তেমনই কাউকে বলে দিলেই সে victim হয়ে যাবে তা নয় স্যার। তারজন্য specially dedicated court যেমন বলেছে district magistrate কে dedicate করা হয়েছে সেই কাজের জন্য। অর্থাৎ সার্বিক ভাবে এমন একটা ব্যবস্থা করা হয়েছে যার মধ্য দিয়ে এই গণপিটুনির ব্যাপারটাকে একেবারে নির্মূল করা সম্ভব হবে, যেমন বলেছেন আমাদের সর্বোচ্চ আদালত সুপ্রিম কোর্ট তাদের judgment-র মধ্য দিয়ে। আমরা খুশি, আমরা আনন্দিত যে আমাদের সরকার এমন একটা সরকার যে এই ধরনের আইন আনতে পারে এবং যারা দাঁড়িয়ে দাঁড়িয়ে বিরোধীতা এর করছে। তারা কোনভাবে মানবিক হতে পারে না। তারা সাম্প্রদায়িকতাকে আরও বেশি উস্কে দিচ্ছে ? তারা কি সম্প্রীতির বাতাঁকে নষ্ট করছে স্যার ? আমি তাই বলব এই আইনটিকে একসাথে বলতে পারি হবে তাহলে এই সদন আরও গৌরবান্বিত হবে, ধন্যবাদ স্যার।

শ্রী স্বাধীন কুমার সরকার : পরিষদীয় মন্ত্রী মাননীয় শ্রী পার্থ চ্যাটার্জী মহাশয় বিল Bill no.21 of 2019 The West Bengal (Prevention of Lynching) Bill, 2019 এনেছেন তার পরিপ্রেক্ষিতে কিছু বলতে চাইছি। গণপিটুনি রোধে ২০১৮ সালের ১৭ই জুলাই আমাদের দেশের মহামান্য সুপ্রিম কোর্ট একটা আইন তৈরি করার জন্য প্রত্যেকটা রাজ্যকে নির্দেশ দিয়েছেন। সেই মোতাবেক আমাদের পশ্চিমবঙ্গ সরকার তার এক বছর পর এই আইন আমাদের বিধানসভায় এসেছেন। এই বিলে গণপিটুনিতে আহত, গুরুতর আহত এবং মৃত ব্যক্তিদের ক্ষেত্রে নির্দিষ্ট কারাবাস এবং অর্থিক দন্ডের সংস্থান রেখেছেন। গণপিটুনির মতন ঘটনা এই সমাজে কখনই বাঞ্ছিত নয়। এই পশ্চিমবঙ্গ সহ সারা দেশেই এই রকম ঘটনা ঘটছে। আমাদের দেশের সম্মানীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী মহাশয় এই ঘটনার পরিপ্রেক্ষিতে তার তীব্র ক্ষোভ ব্যক্ত করেছেন। স্যার, এই বিলের ২(C) -তে বলা হয়েছে hostile environment সত্যি স্যার, আমাদের এই রাজ্যে hostile environment এর অবস্থা এবং আমাদের রাজ্যে কখনও এই সরকারের মদতে এবং কখনও সরকারী দলের কর্মীদের দ্বারা অত্যাচারিত হয়ে ভারতীয় জনতা পার্টির প্রায় দশ হাজার কর্মী ঘরছাড়া হয়েছে। এখনও অনেকে ঘরছাড়া আছে। এই বিল কার্যকর হলে স্যার, ঘরছাড়াদের কি সরকার ঘরে ফেরাতে পারবে ? আমাদের এই হোম

ডিপার্টমেন্ট এই ঘরছাড়াদের কি ঘরে ফেরাতে পারবে ? স্যার, এই বিষয়ে পুলিশকে জানাতে গেলে পুলিশ বলে আপনারা বাইরে থাকন। আপনারা এলাকায় এলে উত্তেজনা বাড়বে। অথাৎ পুলিশও এর কোন ভার নিতে চাইছে না স্যার। স্যার, আমাদের দেশে প্রচলিত অনেক আইন আছে। আমাদের রাজ্যে আইনের কিভাবে প্রয়োগ হচ্ছে, আমরা স্যার, দেখতে পাচ্ছি আমরা দেখতে পাচ্ছি। সরকারী দলের লোকেরা পুলিশকে ব্যবহার করে আইনকে নিজের মতন ব্যবহার করে আর বিরোধী পক্ষকে কিভাবে আরও কোণ ঠাসা করা যায়। কখনও কাউকে আজেবাজে কেস দেওয়া হচ্ছে, কখনও Arms Act দিয়ে বিরোধী দলকে সন্ত্রস্ত করছে।

আমার সত্যিই ভয় হচ্ছে যে, এই বিলের মাধ্যমেও যেকোন একটা সাধারণ ঘটনাকে লিঞ্চিংয়ের ঘটনা বলে দিয়ে বিরোধী পক্ষকে ফাঁসানোর একটা চক্রান্ত স্যার। আমি আরো বলতে চাইছি যে, আমাদের এই রাজ্যে বিশেষকরে এই সরকারী দলের মদতে এবং লিঞ্চিংয়ের ভয়ে এই বি.জে.পি -র সভাপতি, দলের কর্মীরা স্যার ঘরছাড়া হয়ে আছে। কিন্তু এখানে কেউ বলতে পারবে না যে টি.এম.সি-র লোকেরা অন্যদের দ্বারা লিঞ্চিংয়ের ভয়ে তারা ঘরের বাইরে আছে। স্যার, এই রাজ্যের বর্তমান কি অবস্থা এটা সকলেই জানেন। সারা ভারতবর্ষে লিঞ্চিংয়ের ঘটনা ঘটেছে। স্যার ২০১৪ সালে ভারতবর্ষের একজন শক্তিশালী প্রধানমন্ত্রী ক্ষমতায় আসীন হয়েছেন এবং এতো বিরোধীতা সত্ত্বেও .....

(এইসময় মাইক অফ হয়ে যায়)

শ্রী মোস্তাক আলম : মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আজকে স্বরাষ্ট্র দপ্তর থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিল হাউসে প্লেস করেছেন এবং আমাদের মাননীয় মন্ত্রী পার্থবাবু এটা মুভ করেছেন - The West Bengal (Prevention of Lynching) Bill, 2019 . এই বিলকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। তবে দুটো জায়গায় আমি সরকারকে ভাবতে বলব। যেটা আমাদের ফিরোজা বেগমও উল্লেখ করেছেন। আপনি যে ডেফিনেশান দিয়েছেন ২ এর 'ডি' -তে এই পলিটিকাল এ্যাফিলিয়েশান। কারণ হতেই পারে যে গভর্নমেন্ট চেঞ্জ হলে সেটা ম্যান টু ম্যান ভ্যারি করে - এটা ভাবার জন্য বলব। দুই, আজকে এই লিঞ্চিংয়ে আহত হলে বা আক্রান্ত হলে পার্শ্ববর্তী যেকোন নার্সিং হোম বা হসপিটাল রয়েছে, সেখানে যেন চিকিৎসার ব্যবস্থা হয় এবং তার এক্সপেনডিচার সরকার বিয়ার করবে। এই দুটো বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা বিষয় স্যার আপনার মাধ্যমে আমি আগাম আশঙ্কা করছি যে, আমাদের এই দমদমে মুহুয়া ইসলাম, যিনি একজন স্কুল শিক্ষিকা, মুম্বাই টাটা মেডিকেল ক্যান্সার হসপিটালে দীর্ঘদিন চিকিৎসাধীন ছিলেন। সেখানে দলিত সম্প্রদায়, তফশিলী জাতি, তফশিলী উপজাতি এবং মাইনরিটি পিপিলদের জন্য যে মাড়োয়ারী সমাজের গেস্ট হাউস আছে, সেখানে (বেটার চিকিৎসা হয় বলে মানুষ যাচ্ছে) কিন্তু থাকার সুযোগ পাচ্ছে না। রাজ্যসরকার যদি সেখানে পেসেন্টদের থাকার জন্য একটা বঙ্গভবন টাইপের কোন কিছু করতে পারেন তাহলে ভাল হয়। কারণ চন্দ্র, সূর্য যতদিন আছে চিকিৎসা চলবে, মানুষ

সেখানে যাবে, মানুষ ফেরৎ আসবে - এই ব্যাপারটা বলছি। এবারে মূল যে বিষয়টা আমি বলতে চাই, অনেকে অনেক কথা বলেছেন, হঠাৎ করে এই লিঞ্চিংয়ের বিল নিয়ে কেন এর প্রয়োজনীয়তার কথা আজকে আমাদেরকে ভাবতে হচ্ছে। কেন ? ২০১৮ সালের ১৭ই জুলাই কেনই বা সুপ্রিম কোর্টকে বলতে হচ্ছে রাজ্যসরকারগুলোকে নির্দেশ দিয়ে যে এটা করা দরকার। এই ইস্যুতে আমি স্যার কিছু ঘটনা তুলে ধরতে চাইছি। অনেকের ধারণা হতে পারে যে, এই রাজ্যসরকার শুধু সংখ্যালঘুদেরকে বাঁচাবার জন্য মনে হয় তেল মারছে, তদ্বির করছে it is not a fact Sir.

[2:40 – 2:50 p.m.]

আমি একটা উদাহরণ দিয়ে বলছি ২৮.৫.২০১৯ তারিখে একজন ডাক্তার, তার বোম্বেতে বাড়ি ছিল, ডাঃ অরুণ গোদরে দিল্লিতে যন্তরমন্তর রোডে সকালে হাঁটছিলেন। তাকে ৪-৫ জন ছেলে ধরে বলছে জয় শ্রী রাম বলো। তারপরে তাকে মারধর করা হয়। উনি ওনার অভিব্যাক্তির কথা বলেছেন। শুধু এখানে নয় স্যার, উত্তরপ্রদেশের আমেথিতে বিজয় যাদব খুন হয় ২৬.৫.২০১৯ তারিখে। অন্যজন খুন হয়ে গেলে মুখ্যমন্ত্রী সেখানে যান এবং কেন্দ্রীয় মন্ত্রী যান। এরবেলা নট এ সিঙ্গেল মিডিয়া বা কেউ কিন্তু সেখানে যায়নি। উত্তরপ্রদেশে সবচাইতে বড় প্যাথেটিক ব্যাপার হচ্ছে, উত্তরপ্রদেশে নির্বিচারে হত্যার নাম হচ্ছে ইউ.পি. মডেল অপারেশান ক্লিন। একটা তথ্য দিয়ে আমি বলতে চাই ২০১৭ সালের ফেব্রুয়ারি মাসে এনকাউন্টারের সংখ্যা হচ্ছে ১১০০, ডেথ হয়েছে ৪৯ জনের এবং অ্যাসাল্ট হয়েছে ৩৭০ জন। বিরোধী দলকে নিশ্চিহ্ন করে দেওয়ার জন্য হত্যা করা হচ্ছে। মূল যেটা বিষয় কেন আজকে আমাদের এই লিনচিং বিলের প্রয়োজন হল! আমি দূরে যাবনা ২৭ আগস্ট ২০১৯ তারিখে দিল্লিতে একটা ভিডিয়ো ভাইরাল হয়েছে। একজন কারি, তার নাম হচ্ছে কারি ওয়ায়েদ। কারি মানে যারা হাদিস বিশারদ। গণপিটুনিতে তাকে পিটিয়ে হত্যা করা হয়েছে। তার অপরাধ মোবাইল সাউন্ড অন করে কথা বলছিল। ২৮ মার্চ ২০১৮ আসানসোলে (সেখানে বি.জে.পি.র একজন সাংসদ আছেন) শিবতোল্লা রশিদী নামে। ১৬ বছরের যুবককে পিটিয়ে হত্যা করা হল। তার ডেডবডি পরের দিন পাওয়াগেল। মৌলবি ইমদাদুল রসিদির ছেলে। তিনি নিজে ইমাম সাহেব। তিনি তার পরের দিন মাইক দিয়ে বললেন আমার ছেলে গিয়েছে গিয়েছে, আর যেন কারোর ছেলে না যায়। স্যার, ৬ ফেব্রুয়ারি ২০১৭ সালে আমাদের আফ্রাজুল রাজস্থানে মারা গিয়েছিল। তাকে রাজস্থানে পিটিয়ে মারা হয়েছিল। সেই ভিডিও ভাইরাল হয়েছে। ১৮ জুন ২০১৯ আমাদের পাশের রাজ্য ঝাড়খন্ডে তবরেজ আনসারিকে ১৮ ঘন্টা ধরে পিটিয়ে মারা হল। আমাদের মাননীয় বিধায়ক বলছিলেন ২৬ জুন মালদহ জেলায় সাংঘাতিক ঘটনা ঘটেছিল বৈষ্ণবনগরের মাটিতে। সেখানে মান্নানদা, সুজনবাবু সহ আমরা সবাই গিয়েছি। সেখানে আমাদের রব্বানি সাহেবও গিয়েছিলেন। বিধায়ক সমর মুখার্জি গিয়েছিলেন। মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাবি তিনি দুই লক্ষ টাকার চেক দিয়েছেন। আমাদের ডিমান্ড ছিল বিধবাকে চাকরি দেওয়ার জন্য। চাকরিটা আজও হয়নি। আমি এই ব্যাপারটা

নিয়ে ভাবতে বলব। ২৬ মে আমেথিতে বিজয় যাদবকে পিটিয়ে হত্যা করা হয়েছিল। তার কিন্তু বিচার হল না। ২৭ মে, ২০১৯ তারিখে ২৫ বছরের যুবক এম.ডি. বরকত মসজিদ থেকে ফিরে আসছিল। তাকে ৪-৫ জন মিলে জয় শ্রী রাম বলতে বলে এবং তাকে মেরেফেলে। ২৭ মে, ২০১৯ তারিখে বিহারের বেগুসরাইতে ৩০ বছরের এক যুবককে রাজীব যাদব নামে একজন আর.এস.এস. কর্মী একজন ফেরিওয়ালার নাম কাসিম জানতে পেরে পিটিয়ে মেরেফেলল। ২৮ মে ২০১৯ উত্তরপ্রদেশে হাজী এহসান বি.এস.পি. পার্টির নেতা এবং তার ভাতিজা সাদাবকে অফিসে ঢুকে গান্ধীজিকে যেমন হত্যা করেছিল, সেইভাবে মিষ্টির ডিব্বা থেকে রিভলবার বের করে গুলি করে মারল। স্যার, ২৭ জুন ২০১৯ আলিগড়ে আড়াই বছরের শিশুকন্যাকে নৃঃশংস ভাবে হত্যা করল। স্যার, ওই একই দিনে উত্তরপ্রদেশে সাতটি খুনের ঘটনা ঘটল এবং হাফিজ তোকিরকে হত্যা করা হল। স্যার, ২০১৭ সালের আগস্ট মাসে এরা আবার একটা ঘটনা ঘটাল সেই উত্তরপ্রদেশের মাটিতে। এইভাবে এরা একের পর এক ঘটনা গুলো ঘটাচ্ছে। জে.এন.ইউ. এ নাজিবকে অক্টোবর ২০১৬ তে হত্যা করা হল। তার মাকে আহত অবস্থায় ফোন করে বলছে মাম্মি, মেরা যো বাত হো রাহা হ্যায়, আখরি বাত হো রাহা হ্যায়। তার মা বলছে নেহি বেটা নেহি, ম্যায় আরেহি হুঁ। মা গেল, ছেলে ফিরে আসল না। দুঃখের বিষয় ভারতবর্ষে একটা সরকার আছে। স্বাধীন দেশের নাগরিক হিসেবে গর্ববোধ করি। আমরা আত্ম ত্যাগ করি। আমরা বলি সারে জাঁহাসে আচ্ছা, হিন্দুস্থাঁ হামারা। উর্দু কবি ইকবালের শ্লোক।

স্বামী বিবেকানন্দ বলেছেন, "জীবে প্রেম করে যেই জন সেই জন সেবিছে ঈশ্বর।" ২৮ শে সেপ্টেম্বর ২০১৫ তে এখলাখকে বাড়ি থেকে বের করে পিটিয়ে মারা হ'ল। ২০১৬ এর অক্টোবরে JNU এর ফার্স্ট ইয়ারের স্টুডেন্ট নাজিব আহমেদ তার হস্টেল থেকে মিসিং হয়ে গেল। ৫ ই এপ্রিল ২০১৭ তে রাজস্থানে পেহেলু খান খুন হ'ল। এটা নিয়ে রাজস্থান সরকার নতুন করে এনক্যায়ারি শুরু করল। ২২ শে জুন ২০১৭ মহারাষ্ট্রে ১৬ বছরের ছেলে জুনেইদকে নৃশংস ভাবে খুন করা হ'ল। স্যার, ওরা দ্বিচারিতার রাজনীতি করছে কি ভাবে দেখুন। বিশ্ব হিন্দু পরিষদ নেতা অশোক সিংঘল নিজের মেয়ের বিয়ে দিয়েছেন মুক্তার আব্বাস নাকভির সাথে। বি.জে.পি. নেতা মুরলী মনোহর যোশীর মেয়ের বিয়ে হয়েছে শাহনোয়াজ হোসেনের সঙ্গে। বি.জে.পি. নেতা আইনজীবি সাংসদ সুব্রহ্মনিয়াম স্বামীর মেয়ে সুহাসিনী বিয়ে করেছে একজন মুসলিমকে। লালকৃষ্ণ আডবানির মেয়ে দ্বিতীয় বিয়ে করেছে একজন মুসলিমকে। শিবসেনা প্রধান প্রয়াত বাল থ্যাকারের মেয়ে বিয়ে করেছে একজন মুসলিমকে। আর.এস.এস. নেতা প্রবীন তোগাড়িয়া তার বোনের সাথে বিয়ে হওয়া একজনের সঙ্গেও মধুর সম্পর্ক রেখে চলেছেন। তাদের খেলায় কিছু নেই, কিন্তু নিরীহ গরীব মানুষ যারা খেটে খায় এবং কাজ করে খায়, তাদের উপরেই অত্যাচার চলছে। (বক্তার নির্ধারিত সময় শেষ হয়ে যাওয়ায় মাইক বন্ধ হয়ে যায়)।

[2:50 – 3:00 p.m.]

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir, The West Bengal (Prevention and Lynching) Bill, 2019

Shri Ali Imran Ramz : Honourable Speaker Sir , The West Bengal (prevention and lynching) Bill, 2019

اس پر بولتے ہوئے میں بولنا چاہتا ہوں۔مغربی بنگال جیسے ایک سیکولر اسٹیٹ میں جہاں پر ہم سب ہندو، مسلمان، سکھ، عیسائی ایک ساتھ مل کر ہر تہوار خوشی اور غم میں شامل ہوتے ہیں۔اُس اسٹیٹ میں آج لنچنگ جیسا بل لانا پڑ رہا ہے۔یہ ہمارے لئے بنگال کے لئے شرم کی بات ہے۔کیونکہ آج ہندوستان میں ۲۰۱۴ کے بعد جو سرکار بنی وہ سرکار آنے کے بعد جو ماحول تیار کیا گیا ہے پورے ہندوستان میں اُس ماحول کو دیکھتے ہوئے جس رفتار سے جس تیزی کے ساتھ لنچنگ کا گھٹنا بڑھتا جا رہا ہے۔جس میں ہم دیکھ رہے ہیں کہ ایک اسٹیٹ یوپی جہاں بی جے پی کی حکومت ہے، بی جے پی کی سرکار ہے۔اُس اسٹیٹ میں ہندوستان میں سب سے زیادہ لنچنگ کے کیس رجسٹرڈ ہو رہے ہیں۔صرف یوپی میں سر ۳۶ فیصد جو کہ اقلیت ہیں، مسلم ہیں۔اُن کو لنچنگ کے ذریعے پیٹ کر مار دیا گیا۔اور دلت ۳۳ فیصد ہیں دلتوں کو مارا گیا۔ایک اسٹیٹ کی بات ہے اور لنچنگ all over the country وہ ۹۷ فیصد میں آتی ہے۔۲۰۱۴ کے بعد سے لیکر ۲۰۱۹ تک جو بڑھتا ہوا ۹۷ فیصد میں پہنچ گیا ہے سر۔ہم لوگ بنگال میں ہے سر ہمارے لئے بھی حالات ایسے ہیں کہ لنچنگ کے گھٹناؤں کو دیکھتے ہوئے سپریم کورٹ کو interfare کرنا پڑ رہا ہے۔سپریم کورٹ کے verdict کے مطابق لنچنگ کا نیا دیس آیا ہے اُس پر مٹی پور میں جو ordinance لیا گیا۔اُس آرڈیننس کو دیکھتے ہوئے بنگال میں جو The West Bengal (prevention and lynching) Bill, 2019 لایا گیا ہے ۔یہ اُسی آرڈیننس کی ایک کاپی ہے سر۔ اگر آپ اُس آرڈیننس کی کاپی دیکھیں اور ہمارا یہ West Bengal prevention and lynching Bill کو دیکھیں دونوں ایک ہی جیسا ہے۔لیکن میں یہ کہنا چاہتا ہوں اس لنچنگ بل کو جب لایا گیا ہے تو ہماری عزت مآب چیف منسٹر ہماری حکومت میں بیٹھے ہمارے منسٹرس ہیں۔میں اُن سے گزارش کروں گا کہ کیبینیٹ میں آپ لوگوں نے جب فیصلہ لیا اور آرڈیننس جو مٹی پور میں آیا اُس کو دیکھتے ہوئے جب اس کو بنایا گیا ہے۔اُس میں کچھ چیزیں تھیں تو اس میں ہونا چاہئے تھا سر۔جو West Bengal prevention and lynching Bill میں نہیں ہے۔وہ میں آپ کے دھیان میں لانا چاہتا ہوں سر۔

we should appoint judge to trial کہ Manipur protection from mob violence Act,2018 میں بولا گیا ہے سر،اُس میں ہے case۔ under law اُس کے لئے fast track court بنانے کی بات کی گئی ہے۔جہاں پر جج کو appoint کرنا ہوگا۔جو fast track court کے ذریعے لنچنگ کیسیس کو وہاں پر سنوائی کی جائے گی۔وہ ہمارے اس prevention and lynching bill میں نہیں ہے۔اس کے ساتھ ایک vital issue ہے سر جو بہت ضروری ہے۔جو incident آپ کو دہلی میں ۲۶، اگست کو ہوا ہے قاضی محمد اویس کے ساتھ ایک لڑکا ہے جس کو دہلی میں پیٹ کر مار دیا گیا لنچنگ کے ذریعے اُس کا قصور اتنا تھا کہ اُس کے سر پر ٹوپی تھی اور اُس کے چہرے پر داڑھی تھی۔صرف اُس کی داڑھی اور ٹوپی کو دیکھ کر اُس کو مسلمان identify کر کے اُس کو پیٹا گیا اور اُس کو پیٹ کر مار دیا گیا۔یہ ۲۶ تاریخ کو ہوا۔لیکن یہ واقعہ گھٹنے کے بعد دلی کی پولیس نے یہ اسٹیٹمنٹ دیا کہ قاضی محمد اویس کو مارا نہیں گیا ہے، کسی نے پیٹا نہیں ہے۔یہ اسٹیٹمنٹ آیا ہے پولیس کا۔لیکن جو ویڈیو وائرل ہوا ہے اُس ویڈیو میں آپ صاف دیکھ سکتے ہیں کہ کس طریقے سے لنچنگ کے ذریعے اُس کو پیٹ پیٹ کر مارا جا رہا ہے لیکن پولیس کی طرف سے کوئی بیان نہیں آیا ہے پولیس اُس کا الٹا بیان دے رہی ہے۔اسلئے میں کہنا چاہتا ہوں کہ جو سرکار منی پور آرڈیننس کو کاپی کر کے یہاں پر جو لنچنگ بل لائی ہے۔اُس میں جو ایک اہم مدہ ہے اُس کو دھیان میں رکھتے ہوئے اُس میں include کیا جائے۔وہ provision جو ہے dereliction of duties یہ بہت اہم مدہ ہے سر ایک پولیس افیسر کو appoint کیا جاتا ہے لا اینڈ آرڈر کو maintained کرنے کے لئے جو افیسر وہاں appointed ہوتے ہیں جب کوئی بھی جگہ پر ماب لنچنگ ہو رہا ہو، کہیں پر کوئی gathering ہو، وہاں پر کسی بھی طرح کا حادثہ ہوتا ہے تو یہ دیکھا گیا ہے وہاں پر جب بھی کوئی ایسا حادثہ ہوا ہے۔یوپی میں بھی ہم نے دیکھا ہے، دلی میں بھی دیکھا ہے یہاں تک کہ ہمارے بنگال میں بھی جب ہوا ہے وہاں پر بھی پولیس کا اسٹیٹمنٹ وہی آیا ہے۔پولیس ایک spectator بن کر کھڑی رہتی ہے۔یہاں پر جو dereliction ہے duties کا اس کو اُس میں شامل کیا جائے۔کیونکہ پولیس افیسر اپنی duty صحیح سے نہیں کرتا ہے پولیس افیسر کی موجودگی میں لنچنگ ہوتا ہے، کسی بھی آدمی کو پیٹا جاتا ہے، کسی کو مار دیا جاتا ہے۔وہاں پر جب پولیس افیسر موجود ہے تو وہ accountable ہونا چاہئے اور اُس کو accountable نہیں کرنے کا مطلب ہے کہ پولیس کے آنکھ کے سامنے کوئی بھی آدمی کسی کو بھی پیٹ کر مارے گا اور پولیس کھڑے ہو کر تماشہ دیکھے گی پولیس پر کوئی کاروائی نہیں ہوگا تو پولیس اپنا پلہ جھاڑ کر نکل جاتی ہے۔اس لئے ضروری ہے کہ پولیس کو بھی accountable ہونا ہوگا ،پولیس کو بھی officially accountable بنانا ہوگا۔جو کہ منی پور آرڈیننس میں کہا گیا ہے۔اُس کو اس میں بھی رکھنا چاہئے۔یہ آپ کو دے رہا ہوں سر

یوپی لا کمیشن جو ہے وہ recommand کرتی ہے یوپی گورنمنٹ کو، یوپی لا کمیشن سفارش کی تھی اُس میں dereliction of officers ڈیوٹیس جو ہوتا ہے اس بارے میں اگر اُس میں کوئی افیسر کسی victim کو protect کرنے میں ناکام ہوتا ہے تو وہ accountable ہوگا کہ وہ کیوں نہیں اُس کو بچا پایا؟ اور اگر اُس کی موجودگی میں لنچنگ ہوتا ہے تو وہ وہاں پر لنچنگ کرنے والوں کے خلاف کاروائی کیوں نہیں کیا؟ یہ جواب اُس کو دینا ہوگا۔اور دوسرا ہے اگر جو victim ہے اُس کا ایف آئی آر رجسٹرڈ نہیں کیا جاتا

ہے۔ اُس کا انفارمیشن صحیح طریقے سے نہیں دیا جاتا ہے۔ تو اس حالت میں اُس کے خلاف بھی کارروائی ہونا چاہئے جس کا provision دیا ہوا ہے under section 1 of 144 of the court of criminal procedure 1973 میں تو پولیس کو اُس میں accountable کرنا ہوگا سر۔ اور اس کے بارے میں آپ کو بتا رہا ہوں سر، ایک طرف ہماری عزت مآب وزیر اعلیٰ باہر بھاشن میں بولتی ہیں (کوئی دوسرے دوسری ریاست چلے جائیں گوئے دیجیے) جب یہ بات بولتی ہیں تو اقلیت کو لگتا ہے کہ اقلیت کے لئے لڑنے والی ایک اکیلی سپہ سالار کھڑی ہیں۔ لیکن میں اس لئے یاد دلانا چاہتا ہوں کہ آج ماب لنچنگ کے نام پر ذاتی دھرم کے آدھار پر لوگوں پر پیٹا جا رہا ہے۔ ان کو مارا جا رہا ہے یہ کرنے والا کوئی اور نہیں یہ فرقہ پرست دل ہے جو دلی میں حکومت میں بیٹھا ہوا ہے۔ اُس کے خلاف اگر لڑنا ہے تو عزت مآب وزیر اعلیٰ کو مائیک پر کھڑے ہو کر بھاشن دینے سے نہیں ہوگا۔ آپ کے کہنے میں اور آپ کے کام میں سامنجسیہ ہونی چاہئے۔ اگر آپ چاہتی ہیں کہ آپ اُن کے خلاف لڑیں گی تو آپ کو جو بات میں کہنے جا رہا ہوں اُس کو سمجھنے کی ضرورت ہے۔ سمجھنا اس لئے ہے کہ یو پی لاء کمیشن جو سفارش کیا کہ negligency of duties اگر ہوتا ہے تو اُس میں جو dereliction of duties اگر کوئی بھی پولیس ڈپارٹمنٹ کا ہو وہ accountable ہوگا۔ اس کو include کرنا ہوگا۔ کیونکہ اگر آپ اس کو include نہیں کرتی ہیں تو ایک طرف یو پی میں جب اسی recommandation کو دیا گیا تو بی جے پی کی سرکار میں بیٹھے وہاں کے چیف منسٹر ادیتیہ ناتھ یوگی جی نے اس recommandation کو قبول نہیں کیا۔ کیوں؟ کیونکہ اُن کی سرکار میں اُن کی پولیس accountable ہو جائے گی۔ اس لئے وہ اپنی سرکار میں اپنی پولیس کو accountable نہیں بنانا چاہتے تھے۔ کیونکہ پولیس accountable ہونا مطلب سرکار accountable ہونا۔ اس لئے اس کو روک کر رکھا accept نہیں کیا گیا۔ اور آج یو پی کے وزیر اعلیٰ نے جو کام کیا ہے اُسی کام کو بنگال کی وزیر اعلیٰ بھی کرتی ہیں۔ تو اُن کو کوئی ادیکار نہیں ہے کہ وہ اپنے آپ کو بی جے پی سے الگ کر کے اپنے آپ کو بی جے پی سے الگ بتائیے اور ایک طرف وہ بولیں کہ ہم بی جے پی کے خلاف ہیں، فرقہ پرستی کے خلاف ہیں اور فرقہ پرست طاقتوں سے لڑیں گے۔ یہ کہنے کا اُن کو حق نہیں ہے۔ کیونکہ جو حرکت فرقہ پرست طاقت کے وزیر اعلیٰ کر رہے ہیں وہی حرکت اگر ہمارے ریاست کی وزیر اعلیٰ کریں تو ہمارے لئے بھی بڑی دُکھ اور شرم کی بات ہوگی۔ اس لئے میں عزت مآب وزیر اعلیٰ سے کہوں گا کہ اس کو include کیا جائے۔

ساتھ ہی ساتھ میں ایک explaination جاننا چاہتا ہوں ہماری منسٹر سے کہ موب لنچنگ میں جو ماب کا ڈیفینیشن دیا گیا ہے۔ یہ ماب کا ڈیفینیشن two or lessthan two اُس کو موب کا ڈیفینیشن دیا گیا ہے۔ جہاں پر سر two or morethan two ہے اُس کو آپ ماب میں ڈیفائن کر سکتے ہیں۔ لیکن morethan two اگر ہے۔ کوئی ایک آدمی کسی ایک آدمی کو مارتا ہے دھرم کے نام پر یا hate crime ہوتا ہے۔ ہمارے انڈین لاء کے مطابق سر آپ بھی ایک ایڈوکیٹ ہیں۔ آپ بھی جانتے ہیں سر، ہمارے یہاں کیا ہے؟ کوئی اگر کسی کا murder کرتا ہے تو murder کا motive ڈھونڈھا جاتا ہے کہ what is the motive behind murder? اگر motive ہمارے پاس clear نہ ہو تو ہم اُس کو punishment تک نہیں لے جا سکتے ہیں۔ لیکن آج جو میں کیس کا reference دینا چاہتا ہوں افزال جو قتل ہوا راجستھان میں اور اُس کا قتل کیا سمبھو لال ریگر نے وہ ایک اکیلا آدمی تھا سر ایک آدمی نے ایک آدمی کو مارا، ایک آدمی جب ایک آدمی کو مارتا ہے۔ اُس کے پیچھے اُس کا motive کیا ہے؟ پھر ایک تھا اُس کے دھرم کے نام پر جو hate کیا گیا اُس کو اسی پر اُس کا قتل ہوا سر، اس حالت میں آپ صرف ماب لنچنگ کو لنچنگ کے لئے الگ ڈیفینیشن lynching including mob lynching دونوں کو دھیان میں رکھنا ہوگا سر، ایک آدمی اگر کسی آدمی کو صرف اُس کے دھرم، ذات اور اُس کے race کے نام پر اُس کو مارتا ہے، زبان کے نام پر مارتا ہے وہ بھی لنچنگ ہوگا سر، اُس کو بھی لنچنگ کے قانون میں لانا پڑے گا۔ کیونکہ ایک آدمی کو ایک آدمی مار دیتا ہے دھرم کے نام پر اُس کو بھی دھیان میں رکھتے ہوئے اسے لنچنگ میں add کیا جائے۔

Mr.Speaker : Please conclude

شری علی عمران رمز : سر آپ کو ایک ریکارڈ بتا دیتا ہوں ریکارڈ ہوا ہے سر the quint.com میں ۱۰۴ موت ہوئی ہیں ماب لنچنگ میں اور factchecker.in میں دیکھا گیا ہے سر 110 including 50 death and major injury 180 and minor injury 133 اس میں سر maximum اقلیت اور دلیت ہیں سر، اس حالت میں یہ گھٹنا گھٹ رہا ہے اس کا جو fact آ رہا ہے اُس سے ہمارا بنگال بھی باہر نہیں ہے سر، جلپائی گوڑی میں بھی دیکھا گیا ہے (اس کے بعد مائیک بند ہو گیا)

[3:00 – 3:10 p.m.]

শ্রী আব্দুল মান্নান : মাননীয় স্পিকার স্যার, যে বিলটা এখানে এসেছে লিঞ্চিং এর ব্যাপারে - The West Bengal (Prevention and Lynching) Bill, 2019। আমি স্যার বিলের উদ্দেশ্য সম্বন্ধে কোনো সন্দেহ প্রকাশ করছিনা। এটা একটা বৈপ্লবিক সিদ্ধান্ত, একটা বৈপ্লবিক বিল। সারা ভারতবর্ষে সুপ্রিম কোর্ট রায় দেওয়ার পর মণিপুর, রাজস্থানের পর তৃতীয় রাজ্য, যারা বিলটা নিয়ে এসেছে। আমি স্যার আইনজীবী নই, প্র্যাকটিশও কোনোদিন করার সৌভাগ্য হয়নি।

অনেকে এখানে আইনজীবী আছেন, আপনিও আছেন। আমাদের সরকারের নিশ্চয়ই উদ্দেশ্য যে, লিঞ্চিং এর সঙ্গে যারা জড়িত তাদের কঠোর শাস্তি হোক। আপনি স্যার জানেন যে, যারা শাস্তিপ্রাপ্ত লোক, তারা শাস্তি মকুবের জন্য আদালতের শরণাপন্ন হয়, সুপ্রিম কোর্টের শরণাপন্ন হয়। কোনো কোনো ক্ষেত্রে আইনটাকেই চ্যালেঞ্জ করে দেয়। এইসব অভিজ্ঞতা আপনারও আছে, আপনি জানেন। চ্যালেঞ্জ করে দেয়। ফলে তারা আইনটাকেই নাল অ্যান্ড ভয়েড করে দিতে পারে, আমি সেই রকম কোনো ক্লু রাখবো না। আমি সেইজন্যই বলছি, আমার উদ্দেশ্য যখন লিঞ্চিং এর সঙ্গে যারা যুক্ত, তাদের কঠোর শাস্তির ব্যবস্থা করতে চাইছে রাজ্য সরকার, তখন তাকে বিরোধীদলের লোক হিসেবে আমি সাধুবাদ জানাবো। এই ব্যাপারে আমি নিশ্চয়ই সরকারের প্রশংসা করবো। মাননীয়া মুখ্যমন্ত্রী যখন সিলেক্ট্ কমিটিতে যাওয়ার জন্য অ্যামেন্ডমেন্ট এনেছিলেন, আপনি কিছু বলছিলেন, পার্থবাবু কিছু বলছিলেন। আমি তাদের বলার মধ্যে কোনো বিরোধীতা না করে কয়েকটি কথা বলব। আমার থেকে মাননীয়া মুখ্যমন্ত্রীর অভিজ্ঞতা অনেক বেশি। বড় আইনসভাতে উনি অনেকদিন ছিলেন, মন্ত্রীত্বও করেছেন। কিভাবে বিল পাস করতে হয় সেই ব্যাপারে ওঁনার আমার থেকে অভিজ্ঞতা অনেক বেশি। আমার এই ক্ষুদ্র পরিষদীয় রাজনৈতিক জীবনে যেটুকু এখানে শিখেছি, আর যেটুকু পড়াশুনা করেছি আইনজীবী না হয়েও, তাতে কিন্তু আজকে আমি একটা বিভ্রান্তির মধ্যে রয়েছি। প্রথম বিলটা দেওয়ার পরে যদি বিল না দেওয়া হ'ত, কঠোর শাস্তি যেটা সরকার নিয়ে আসতো, সেখানে কোনো আপত্তি হ'তনা যদি অ্যামেন্ডমেন্ট দিয়ে বিল দেওয়া হ'ত - অনেক ক্ষেত্রে হয়েছে। কেন্দ্রিয় সরকারে হয়েছে, রাজ্য সভাতে হয়েছে, লোকসভাতে হয়েছে, সব জায়গাতেই হয়েছে। বিল প্লেস্ করার পর কোনো ভুল হ'লে বা সেখানে আরো কিছু অ্যাড করতে চাইলে সরকার পক্ষ একটা অ্যামেন্ডমেন্ট এনে দেয় এবং সেই অ্যামেন্ডমেন্ট পাস্ হয়ে যায়। কিন্তু যখনই আজকে আরেকটা বিলকে এনে ছেপে দেওয়া হ'ল, নাম্বার একই। কেউ যদি কোর্টে গিয়ে প্রশ্ন করে যে, গভর্নর কোন বিলটা অ্যাপ্রু করেছেন ? দু'টো বিল কিভাবে অ্যাপ্রুভ্ করলেন ? এটা তো একটা ক্লাবের অনুষ্ঠান নয় যে ওখানে বলে দেবো যে এখানে এই নোটিশটা দেব না, ওই নোটিশটা দেব। একটা পদ্ধতি তো আছে। এখন তো এমন একটা জগাখিচুড়ি চলছে যে এইক্ষেত্রে আমি স্যার কোনো কুল-কিনারা পাচ্ছিনা, কোনো সমাধানসূত্র বের করতে পাচ্ছিনা। আপনি স্যার দিন, মুখ্যমন্ত্রী দিন। কিন্তু আমি আপনাকে বলছি আমি আইনজীবী না হয়েও - শাস্তিপ্রাপ্ত যারা হবে, তারা কিন্তু ভবিষ্যতে চ্যালেঞ্জ করবে যে, কোন আইনটা পাসহয়েছে ? যত মন্ত্রী মহাশয় থেকে আরম্ভ করে সরকার পক্ষ, বিরোধী পক্ষ বক্তৃতা দিলেন, কেউ কিন্তু বললেন না যে, আগের বিলটা নয়, এই বিলটা একই নাম্বারের বিল তো। কেননা অনেকেই অ্যামেন্ডমেন্ট দিয়েছেন একই নাম্বারে। কোন নাম্বারের বিল ? অ্যামেন্ডমেন্ট যারা দিয়েছেন, তারা কোনটাতে দিয়েছেন ? যারা সমর্থন করে বক্তব্য রাখলেন, যারা এখানে বিরোধী পক্ষের বক্তব্য রাখলেন, তারাও বললেন না। এর জন্য একটা করিজেনডা দিতে পারতেন। সেটাও দেওয়া হয়নি। যেটা দরকার ছিল সেটা শুধু এক লাইনে যে, সরকার পক্ষ একটা অ্যামেন্ডমেন্ট এনে দিতেন, পার্থবাবু - তিনি অ্যামেন্ডমেন্ট দিতেন।

সরকার পক্ষ মেনে নিতেন। কিন্তু এখন এমন একটা অবস্থায় আছে, আমি খুব আতঙ্কিত স্যার। আমার সীমিত বুদ্ধির মধ্যে আমি কিছু খুঁজে পাইনি। আপনি যে হাইলাইট করবেন, সেটা করুন। কারণ, বিলের কনটেক্স সম্বন্ধে আমার কোনো আপত্তি নেই। আমি সরকারকে সাধুবাদ জানাচ্ছি। আমি চাই যে, বিলের মধ্যে এমন কোনো খুঁত থাকবেনা - এখানে আইনমন্ত্রী আছেন চন্দ্রিমা মুখার্জী, ওঁনারা প্র্যাকটিস্ করেন কোর্টে, উনি সব জানলেন। আমাদের শোভনদেববাবু, উনিও ল'ইয়ার লোক, উনিও সব জানেন, তাপস রায় আছেন, সব জানেন এঁরা। অনেকেই আইনজীবী আছেন। আর মুখ্যমন্ত্রীর তো অভিজ্ঞতা আছেই লোকসভাতে। দেখে একটা সমাধান বের করুন, ভবিষ্যতে যাতে না হয়। কোনো শাস্তিপ্রাপ্ত লোক - আদালতে বহু বড় বড় আইনজীবী আছেন, সুপ্রিম কোর্টে। আইনজীবীরা গিয়ে চ্যালেঞ্জ করে শাস্তি থেকে রেহাই পেয়ে গেলো। আমাদের পশ্চিমবঙ্গের মত একটা বিধানসভায় যেন এইরকম কোনো ভুল না থাকে। কেননা এখন যে অবস্থা হয়েছে, আমার কাছে কোনো সমাধানসূত্র নেই। আমি কোনো সমাধানসূত্র দিতেও পারবোনা। তাই আপনাদের ওপরেই ছেড়ে দিলাম। আপনারা যেটা নিয়ে আসবেন - আমাদের বিলের কনটেক্স সম্বন্ধে কোনো আপত্তি নেই।

কালকেও যেমন আপনারা করেছেন, কালকেও যেটা করেছে। আমরা বিলের context সম্বন্ধে কোন আপত্তি করি নি। কালকেও যেটা আপনারা করেছেন। বেকার ছেলেদের চাকরীর দেওয়ার জন্য বিল আনতে যাচ্ছেন, পূর্ণ সমর্থন জানিয়েছি। কিন্তু কোথাও কোথাও টেকনিক্যাল ব্যাপার থাকবে। আপনিতো ভালো উদ্দেশ্য নিয়ে আসছেন, আপনি সৎ উদ্দেশ্য নিয়ে আসছেন, সবাই কি সৎ উদ্দেশ্য নিয়ে আসছে, তাহলেতো বিলে সমর্থন করবে, তাহলেতো আর বিল আনারই দরকার ছিল না। কিছুতো লোক থাকে যে ক্রু কোথায় খুঁজে পাবো, এতে কি করে সরকারকে বেকায়দায় ফেলবো, এখানে বিলের উদ্দেশ্যটাকে ব্যাহত করবো। সেই সুযোগটা আমি কাউকে দিতে চাই না। সেই জন্যই সামান্য বক্তব্য রাখলাম স্যার আপনার উদ্দেশ্যে। আপনি যা ভালো বুঝবেন করবেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ স্যার, আমি এই হাউজের সকলকে যাঁরা বক্তৃতায় ভাগ নিয়েছেন, যাঁরা বক্তৃতায় ভাগ নিতে পারেন নি, কিন্তু হাউসে বসে বিলটি সম্বন্ধে আলোচনা করেছেন, কেউ পক্ষে বলেছেন, কেউ হয়তো মধ্যস্থতা অবলম্বন করেছেন, যে যাই করে থাকুন না কেন আমি সবাইকে ধন্যবাদ জানাচ্ছি এই বলে অংশগ্রহণ করার জন্য এবং এই বিল মন দিয়ে শোনবার জন্য। কখনও কখনও বড় কাজ করতে গেলে টেকনিক্যাল ছোটখাটো ভুলভ্রান্তি হতে। পারে। এবং সেটা সংশোধন করে নেওয়াটা খুব একটা শক্ত ব্যাপার বলে আমি মনে করি না। কিন্তু এখানে স্যার আপনি নিজে বলে দিয়েছেন যে, একটা প্রিন্টিং মিসটেক হয়েছিল এবং সেটা আপনি নিজে দায়িত্ব নিয়ে - এটা স্পিকারের মানে Assembly-র দপ্তরের, এটা আমাদের গভর্নমেন্টের ব্যাপার নয়। যে বিলটা আগে এসেছিল, এই বিলটার মধ্যে টেকনিক্যাল যে ব্যাপারটা আপনারা বলেছেন, এটা স্পিকারের অফিস থেকে কারেক্ট করে দেওয়া হয়েছে অলরেডি। এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, অলরেডি সকালে বলেছেন। আর যে প্রশ্নটা মান্নান

সাহেব লাস্টে করলেন যে গভর্নর সাহেব কোনটা সই করবেন। কারেকটেড কপিটা গভর্নর এন্ডোর্স করেছেন, ফর ইয়োর ইনফরমেশান। আমরা নিশ্চয়ই এমন কিছু করবো না যে, নলেজে থাকা সত্বেও আমরা মিসলীড করবো বা মিস গাইড করবো জেনেশুনে, unknowingly কিছু করে ফেললে বা জানার মধ্যে নেই সেখানে সংশোধন করার সুযোগ থাকতেই পারে। কাজেই এটা কারেটেড করার পরে প্রিন্টিংটা গভর্নর সেটাকে সই করেছেন, কারণ আমি এই পয়েন্টটা রেইজ করার আগে আমি ক্রশ্ চেক্ করে নিলাম। এবং 200% এটা কারেক্ট।

মিঃ স্পিকার : মাননীয় মুখ্যমন্ত্রী, এই প্রসঙ্গে আমি একটু বলি আপনাকে দেখুন যে বিল আমি সই করে পাঠিবো, বিল পাশ হওয়ার পরে বিল স্পীকারের সই হয়ে গভর্নরের কাছে যায়, গভর্নর তখন জানবেন এই বিলটিই পাশ হয়েছে, এটা নিয়ে বিভ্রান্তির কিছু নেই।

শ্রীমতী মমতা ব্যানার্জী : যেহেতু কোশ্চেনটা উনি তুললেন যে, এটা নিয়ে আবার পরে একটা, সেটাই আমি ক্রশচেক করে নিলাম বলবার আগে। সুতরাং এটা গভর্নর কারেক্টেড কপিতে প্রিন্টিংয়েও ওনাঁকে করা হয়েছে। রাজস্থান সরকার বিল এনেও করতে পারেন নি, তার কারণ ওঁরা গভর্নরের কাছ থেকে আগে কনসেন্ট নেয় নি, যতটুকু আমি জানি। আমার খুব ভালো লেগেছিল যখন ওরা এনেছিল, এবং অফকোর্স আমি মনে করেছিলাম একটা ভালো কাজ করছে। কিন্তু পরে আমি শুনলাম ওই বিলটা করতে পারে নি, কারণ গভর্নরের কাছ থেকে ওরা আগে এনডোর্সমেন্ট যেটা, ওঁনার কনসেন্ট আছে কিনা, সেটা নেওয়া হয় নি। কিন্তু আমাদের ক্ষেত্রে আমরা কিন্তু সেটা করেছি। আমরা কিন্তু গভর্নরের কনসেন্ট নিয়েই কিন্তু হাউজে বিলটা এনেছি। Lynching বিলটা আগেতো lynching head বলে কিছু ছিল না, যেটা West Bengal Prevention of Lynching Bill, 2019, আমার এ্যাসেমব্লীর পরিষদীয় দলের মন্ত্রী, তিনি যে বিলটি আজকে ইন্ট্রোডাকশান করেছেন। যেহেতু lynching বলে কোন হেডই ছিল না, সেহেতু কনসেপ্টটাই নতুন। আর এই কনসেপ্টটা নিয়ে সুপ্রিম কোর্টও অনেক সময় অনেক Verdict দিয়েছেন। সেই জন্য আমরা এটা করবার আগে আমরা দেখেছি যে, এটা হচ্ছে Tehseen S.Poonawalla বনাম ভারতীয় যুক্তরাষ্ট্র ও অন্যান্য শীর্ষক Writ Petition (Civil) No.৭৫৪/২০১৬ মামলায় সুপ্রিম কোর্ট এ ব্যাপারে যথাযথ নির্দেশ দিয়েছেন। শীর্ষ আদালতের এমন রায়ের পরে কেন্দ্রীয় সরকারের তরফে এ ব্যাপারে কোন বিল আসে নি। কিন্তু যদিও প্রধানমন্ত্রীর আমি কয়েকটা স্টেটমেন্ট আমি শুনেছি, আমি বি.জে.পি.-কে সাপোর্ট করি না ideologically। যখন কোর্ট বলেছে, সবাই মিলে একটা সোসাল নেটওয়ার্কে সোচ্চার হচ্ছে। lynching এর বিরুদ্ধে যে, হ্যাঁ, লিনচিং নেহি করনা চাহিয়ে, কখনও হয়তো একটা ওয়ার্ড বলেছেন, বেশি নয়, খুব কম। কিন্তু এই lynching ব্যাপারটাকে ভারতবর্ষে কেউ সাপোর্ট করে বলে আমি মনে করি না।

[3:10 – 3:20 p.m.]

একদল লোক gang up হয়ে গিয়ে যাকে ইচ্ছে যখন মারব, personal enmity মোটাবো অথবা জাতি, ধর্ম দাঙ্গা লাগাব অথবা একটা just hooliganism - Law and Orderটাকে total

নিজের হাতে নিয়ে কখনও ছেলেধরার নামে, কখনও ডাইনির নামে, কখনও চোর পিটিয়ে মারার নামে বা কখনও ধর্মগত, জাতিগত, ভাষাগত, বর্ণগত ভেদাভেদের কারণে আইন হাতে তুলে নেওয়ার অধিকার কারও নেই। এগুলো নিশ্চয়ই IPC Act অনুযায়ী এতদিন কাজে লাগত। IPC তো আছেই। Indian Penal Code তো already আছেই এর জন্য। কিন্তু যেহেতু আমরা দেখলাম - কেন্দ্রীয় সরকারের যদি কোন বিল আসত তাহলে আমরা নিশ্চয়ই সেটা যদি positive হত আমরা incorporate করতাম। কিন্তু সেটা তো আসেনি এবং Supreme Court তো বলেছে lynching-এর ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য। আপনারা সবাই দেখেছেন যে, আমরা Supreme Court-এর intervention এবং তাদের যে নির্দেশ সেটাকে মাথায় পেতে নিয়েই আমরা মনে করি রাজ্য সরকারও নির্বাচিত, কেন্দ্রীয় সরকারও নির্বাচিত। কেন্দ্রীয় সরকার তার jurisdiction অনুযায়ী কাজ করবে, রাজ্য সরকার তার jurisdiction অনুযায়ী কাজ করবে। রাজ্য সরকার নিশ্চয়ই bill আনতে পারে এবং bill আনতে গেলে যে procedurally যে system নেওয়া উচিত সেটা আমাদের করা উচিত এবং যেহেতু বিলটা এখনও কেউ করে নি তাই বলে আমরাও করব না কেউ তো কেউ তো ঘুম থেকে জাগবেই। কখনও কখনও মানুষকে তো ঘুম থেকে জাগতে হয়। কারও সকাল সকাল ৪টেতে হয় কারও সকাল সকাল ৬টায় হয় কারোর সকাল আবার বেলা ১২টায় হয়। যদি কেউ সকাল ৬টায় ঘুমোয় তো কি করবে? তাকে ১২টায় উঠতেই হবে। এটার জন্য আমি দোষ দিই না। কিন্তু একটা নিয়ম আছে। কারও সকাল সকালে হয় কারও সকাল দুপুরে হয় কারও সকাল বিকেলে হয় তো কারও সকাল রাতেও হয়। সুতরাং it depends on বাংলা তো আপনারা জানেন যে বাংলা তো সব সময় একটা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছে যখনই দেশ কোন crisis-এর মধ্যে দিয়ে গেছে। যখনই একটা সভ্যতার একটা অসহনীয়তা বিশেষ করে একটা অশনি সঙ্কেত সে যে ভাবেই হোক অবিচার-অন্যায়-অত্যাচার-দুরাচার এসেছে বিভিন্ন ভাবে তখনই আমাদের বাংলা always একটা positive thinking একটা positive vision নিয়েছে। এটা তো আজকের ঘটনা নয়। রাজা রামমোহন রায় সতীদাহ প্রথা যখন নিবারণ করেছিলেন - first time তো বাংলায়। তারপরে রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন Sati Prevention Act এটা all over the country all India করলেন। আমার মনে আছে কারণ আমি তখন Parliament-এর member ছিলাম বলে। অনেক আইন আমাদের এই বাংলার এই Assemblyতে পাস হয়েছে। বাংলা থেকেই তো বিধবা বিবাহ প্রচলন করা শুরু হয়েছে। বাংলা থেকেই বাল্য বিবাহ রোধ করা হয়েছে। অনেক আন্দোলন, অনেক কথা, অনেক ভাষা, অনেক vision, অনেক mission অনেক কাজ করা হয়েছে। কাজেই আজকেই যখন একটা কথা lynching-lynching-lynching - lynching মানেটা কি? Lynching তো যা যা হচ্ছে তাতে তো একটা অভিধান হয়ে যাবে। Lynching-র অভিধান। এমন এমন অনেক ঘটনা ঘটেছে এবং আজকে দুঃখ হলেও এটা সত্যি সব জায়গায় record পাচ্ছিনা খুঁজে। এই বিলটা করবার আগে আমি অনেক রাজ্য থেকে শুধু একটা হিসেব চেয়েছিলাম। কোন রাজ্যে lynching-এ কত মারা গিয়েছে? I am sorry, the record is

not available. Media-য় কখনও কখনও যা দেখেছি তাতে কখনও কখনও নজরে এসেছে। কিন্তু lynching তো হয়েছে। তা না হলে আজকে সবাইকে বলতে হচ্ছে কেন lynching নিয়ে। Forget the political party আমি কোন পার্টি করি আর একজন কোন পার্টি করে কিন্তু greater interest-এ এটা কি উচিত নয়? কেন মানুষের সামনে একদল উগ্রপন্থা মানুষ আর একটা মানুষকে খুন করবে? কাউকে ছেলেধরা বলে কেউ একটা whispering campaign করছে প্রথমে। ছেলেধরা, ডাইনি - ট্যাক্টফুলি তারপরে তাকে মেরে ফেলা হচ্ছে। কেন? এ জিনিস থাকা উচিত নয়। কিন্তু একটা /দুটো হলেও তো ঘটেছে এবং ঘটেছে বলেই এটা যাতে further না ঘটে তার জন্য আমরা campaigning করছি। এর জন্য সামাজিক সচেতনতা প্রয়োজন আছে। আমার হাতে লাঠি আছে বলে আমি লাঠিটা কারোর মাথায় মেরে আসতে পারিনা। আমার কাছে ঘরে ক্ষুন্তি-হাতা সবই থাকে তাই বলে কি ক্ষুন্তি-হাতা দিয়ে আমি রান্না করব না লোকের মাথায় গিয়ে মেরে মাথাটা ফাটিয়ে দেব? কোনটা আমার কাজ? আমার কাজ হচ্ছে আমি রক্ষা করব। পুলিশের কাজ পুলিশ করবে।

প্রশাসন প্রশাসনের কাজ করবে। যদি সত্যিই কেউ ছেলেধরা হয় complain করুন police এসে step নেবে। FIR lodge করুন, Police station-এ complain করুন। আমি তো অনেক রাজ্যেই দেখছি সেই ২০১৭ সালের National Crime Bureau এর যে report বেরিয়েছিল, তারপরে আর হয়নি। Register হচ্ছে কিনা বুঝতে পারছি না। আমাদের ডাইনি যা আমরা তো এগুলো record করি, কিন্তু অনেক রাজ্যে তো ডাইনি রেকর্ডও হচ্ছে না এখন আর। Encounter এর নামে লোকে মারা যাচ্ছে। কত মানুষ খুন হচ্ছে। কোনো কাগজপত্র খুঁজে পাওয়া যাচ্ছে না। কেউ কথা বলতে পারছে না অনেক জায়গায়। নানারকম ঘটনা চলছে। তা এই পরিস্থিতির মধ্যে আমি ধন্যবাদ জানাচ্ছি এই হাউসকে যে আমরা সকলে মিলে একটা জায়গায় অন্তত আসতে পেরেছি যে যেটা হচ্ছে সেটা খারাপ এবং খারাপ জিনিসের বিরুদ্ধে lynching এর বিরুদ্ধে প্রশাসনকে শক্তিশালী হয়ে এবং আমি মনে করি কেন্দ্রীয় সরকার হোক, রাজ্য সরকার হোক স্থানীয় প্রশাসন হোক সবাইকে strongly unitedly এটা লড়াই করতে হবে। কারণ এটা একটা সামাজিক অনুক্ষয়, এটা একটা সভ্যতার অবক্ষয়, এটা একটা মানবিকতার অবক্ষয়। এবং আমি মনে করি মানবিক মানুষ কখনও দানবিক হতে পারে না। এবং সেইজন্য দুর্যোধন দুঃশাসনের শাসন নয়। আমরা চাই ভারতবর্ষ ভারতবর্ষের মতো শান্তিতে চলুক। আমরা সবাই ঋক বেদ জানি। আমরা সবাই - কেউ কেউ মনে করে তারা অনেক বেশি সংস্কৃত পণ্ডিত হয়ে গেছে। কিন্তু যদি মনে করেন আমাদের ছেলেমেয়েরা কেউ সংস্কৃত কিছু পড়েনি সেটাতো ভুল। Class V থেকে VIII তো আমাদের ছেলেমেয়েরাও তো সংস্কৃত পড়ে। আমরা সবাই পড়েছি। ভালো হয়তো নই এটা ঠিক আছে। কিন্তু নরঃ নরৌ নরা কে না পড়তো বলুনতো। আমরা সবাই পড়েছি ক্লাস ফাইভে। আমরা আবার ইচ্ছে করেই বলতাম নরঃ নরৌ নরা বেঞ্চের উপর দাঁড়া - মানে নিজেদের মধ্যে কে পড়েনি ভাই ? আজকে হিন্দিওতো আমরা পড়েছি। আমরা হিন্দি Five থেকে পড়িনি ? সংস্কৃত আমরা পড়িনি? তাই

বলে আমি আমার মাতৃভাষা জানবো না। আমি ইংরেজি জানবো না। আমি উর্দুভাষা জানবো না। আমি যত ভাষা জানবো তত আমার লাভ। সুতরাং আমি এখনও মনে করি যে, এটা একটা রক্ষাকবচ। আইনতঃ একটা রক্ষাকবচ। Let us hope for the best. আমরা চেষ্টা করছি। এটাতো fact। এই হাউস থেকে বলুন না কোথায় ভুল ছিল। আমরা বাংলা রাজ্যের ব্যাপার নিয়েও বিল পাশ করেছিলাম সবাই মিলে। একবার করার পর, সেই ২০০৩ থেকে শুরু হয়েছে। বামফ্রন্ট সরকারের আমলেও শুরু হয়েছিল। তখন থেকে চলছে। আবার কেন্দ্রীয় সরকার বলল, একই নাম লিখতে হবে। আমরা বলেছিলাম প্রথমে বাংলা Bengali, বাংলা Bengali আর বঙ্গাল। বলল না, হবে না। তিনটে একই word লিখতে হবে। ঠিক আছে আমরা আবার change করে rectify করে পাঠালাম। আজওতো হয়নি। ফেলে রেখে দিয়েছে। DUNLOP জমি অধিগ্রহণ বিল, DUNLOP Company, আমরা চাই DUNLOP এর Companyটা নিয়ে ওখানকার industrial workerরা তাদের জীবনে একটা রক্ষাকবচ পাক। আমরা কবে থেকে চেষ্টা করছি। Jessop, Jessop যেটা অধিগ্রহণ করবার ব্যাপারে। আমরা কবে পাঠিয়েছি স্যার। আমি দেখলাম Parliament এ একটা question এর replyএ। যে, President নাকি assent দেয়নি। এটা অবশ্য through Home Ministry যায়। সুতরাং এটা Government চায়নি বলে দেয়নি। সুতরাং আমরা এই বিলটা করছি। আমি আশা করবো বিলটা নিয়ে কারোর আলোচনা করার থাকলে আলোচনা নিশ্চই করতে পারেন। যদি বলেন হ্যাঁ তোমাকে enquiryতে amendment করতে হবে আমার কোনো আপত্তি নেই। যদি amendmentটা genuine হয়। কিন্তু যদি কেউ বলে political কারণে আমি করবো না, তাহলে আমি বলব তার উদ্দেশ্য রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। কারণ কখনও কখনও নতুন জিনিসতো আজকে আসছে। আগে থোড়াই ছেলেমেয়েরা আমাদের computer শিখতো। এখনতো ঘরে ঘরে computer ঘরে ঘরে মোবাইল ফোন। ঘরে ঘরে ল্যাপটপ। ঘরে ঘরে social network। ঘরে ঘরে twitter, ঘরে ঘরে facebook। কাজের অনেক পরিধি বেড়েছে এবং জগৎটাও বড়ো হয়েছে। আগে একটা পুলিশের কাজ ছিল শুধু প্যান্ডেলে পুজো দেখা অথবা একটু law and order কোথাও মারপিট হয়েছে কিনা দেখা সেখানে খুনও হয়েছে কি না দেখা। এখন তো সকাল থেকে উঠে কে কোথায় face book করছে। আর sponsor করে face book এর মধ্যে দিয়ে দাঙ্গা লাগাচ্ছে। এক সেকেন্ডে ছড়িয়ে যাচ্ছে। স্যার, আমাদের সকলের ক্ষমতা নেই ৫০ হাজার Whatsapp group তৈরি করার টাকা দিয়ে। এরকম অনেক আছে। Total টায়ে face video তৈরি করার লোক নেওয়া হচ্ছে। তারা fake video তৈরি করে এক সেকেন্ডের মধ্যে লক্ষ লক্ষ লোকের কাছে পৌঁছে দিচ্ছে। ফলে পাঁচ মিনিটের মধ্যে একটা দাঙ্গা লেগে যাচ্ছে। একটা গন্ডগোল ঘটে যাচ্ছে। একটা ঘটনা ঘটে যাচ্ছে। কিন্তু আমাদের হাতে সেই আইনটাও নেই স্যার। এটা central law। আমি চেষ্টা করেছিলাম দেখার খোঁজার। যদি কেউ face book করে আমাকে through দিল্লি ওটাকে rectify করতে হয়। আমার নিজের হাতে আইন থাকলে আমি within a second করতে পারি।

[3:20 – 3:30 p.m.]

আর আমাকে থ্রু দিল্লি করতে গেলে তার কাছ থেকে পারমিশান নিয়ে সে যদি রাজী হয় তবে করবে, 48 Hours আবার বেরিয়ে যাচ্ছে। আর 48 hours বেরুতে গিয়ে ঘটনা ঘটে যাচ্ছে, গণ্ডগোল ঘটে যাচ্ছে। ধৈর্য্যটাই কেমন যেন হারিয়ে ফেলেছি আমরা। কোথাও কোথাও, এমন কি অমর্ত্য সেন এর মতন মানুষকে পর্য্যন্ত কী ভাষায় কথা বলা হয়। অনেককেই। অনেককেই নানা ভাষায়, নানা ভাবে আক্রমণ করা হয়, যে আক্রমণটা করা উচিত নয়। সবাই যে করে তা নয়। আমাদের ঈয়াং জেনারেশান ইজ ভেরী ট্যালেন্টেড। আমাদের স্টুডেন্টরা বেশী পোটেনসিয়াল। তারাই এটা করে তা নয়। পারপাসফুলি করা হয়, কেউ কেউ এটা করে। কারা করে, কী করে, না করে আমার দেখার দরকার নেই। এমন কি আজকে একটা স্বাধীনভাবে সাংবাদিকদের কথা বলতে গেলেও তাকে পর্যন্ত যেভাবে হ্যারাশ করা হচ্ছে, যদি কথা না শোনে, তাহলেই ঝিরঝিরি। মানে ঝিরিঝিরি বরষা নয়, টি ভি টা ঝিরঝিরি হয়ে যাচ্ছে। কথা না শুনলেই সেন্ট্রাল এ্যাডভাইসারী, কোন রিপোর্টটা হবে, কোনটা হবেনা, কোনটা লেখা হবে, কোনটা লেখা হবেনা, আজকে কিন্তু টোটাল মিডিয়া চলছে সেন্ট্রাল এ্যাডভাইসারী দিয়ে। এবং এটা ঘটনা আজকে। কে রেহাই পাবে ? আমি মান্নান সাহেবকে নিয়ে আজকে কাগজে একটা স্টেটমেন্ট দেখেছি, আই এ্যাপ্রিসিয়েট দ্যট। বলেছেন, আমি প্রধানমন্ত্রীকে চিঠি লিখবো। যদি বলে থাকেন। বেরিয়েছে কাগজে, জানিনা সত্য কিনা। আমি আশা করি এটা সত্য যে সবাইকে গ্রেপ্তার করে মানে, এ্যাকশান নেওয়া উচিত। নিশ্চয় নেওয়া উচিত। যদি কেউ অন্যায় করে, সেখানে চিদম্বরমও আইনের উর্দ্ধে নয়, আব্দুল মান্নানও আইনের উর্ধ্বে নয়, মমতা ব্যানার্জীও আইনের উর্ধ্বে নয়। কিন্তু আপনাদের বুঝতে হবে ব্যাপারটা। একটা ডেলিবারেট করা, একটা ম্যালাফাইড ইনটেনশান নিয়ে করা, আজকে কে বাকি আছে ? বাকি কে আছে দেশে ! আমাকে একটা পলিটিক্যাল পার্টি দেখান, হ্যাঁ সি পি এম.-কে ওরা একটু কম টাচ করে, জানিনা কেন! সি পি এম তো মুখে বলে বিরুদ্ধে, কিন্তু জানিনা কেন, দেখিনি টাচ করতে। অনেক ভক্তি ওর। আপনারাই তো আগমন করেছিলেন।

(গোলমাল)

কী বলছেন ভাই ? কী বলছেন ভাই ? বিষ্ণুপুর, আমতলা, বারুইপুর কারা করেছিল সারদা উদ্যান ? দাঁড়ান - ভক্তি, ভক্তি, ভক্তি। ভক্তি, ভক্তি - আপনারা হচ্ছেন দুর্নীতির ঠাকুর্দা। চিটফান্ড শুরু হয়েছিল, ১৯৮০ সালে। চিটফান্ড শুরু হয়েছিল, ১৯৮০সালে। সঞ্চয়িতা কবে হয়েছিল ? ফেভারিট কবে হয়েছিল ? সারদা কবে হয়েছিল ? কবে হয়েছিল চিটফান্ডগুলো ? ১৯৮০ সাল থেকে। আমরা এ্যারেস্ট করছি। আমরা এ্যারেস্ট করেছি। সারদা উদ্যানের সাইনবোর্ডটা গেল কোথায় ? আমি সেইজন্য তো বলছি, আমি সেটাই তো কোয়েশ্চেন করছি। সারদা উদ্যানের সাইন বোর্ডটা গেল কোথায় ? আপনারা বলুন ? আপনি বলুন। ঠিক আছে, দাঁড়ান, দাঁড়ান - আপনি খুব সাধু। দাঁড়ান আমি কী বলছি। কংগ্রেস দলকে এ্যাটাক করেছে। চিদাম্বরম থেকে

অমিত প্যাটেলের ছেলে কেউ বাকি নেই। সারদ পাওয়ারকে পর্যন্ত ধরেছে। আমাদের পার্টি তো ছেড়ে দিন। আমরা তো হচ্ছি - কী বলে, সুয়োরানি, দুয়োরানি, আমরা দুয়োরানি। আমি বলছি, আপনারা সুয়োরানি কী করে হলেন ? আরে দাঁড়ান মশাই। কবে শুরু হয়েছিল - দাঁড়ান। আচ্ছা এবার যদি আমি সাংবাদিকদের জিজ্ঞাসা করি - আপনি কিচ্ছু করেননি - স্পিকার সাহেব আমাকে তো বলতে দেবে।

(গোলমাল)

মিঃ স্পিকার : হ্যাঁ, প্লীজ বলতে দিন। প্লীজ, মাননীয় মুখ্যমন্ত্রীকে বলতে দিননা, উনি তো বলছেন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : আচ্ছা, আমি সাংবাদিক বন্ধুদের জিজ্ঞাসা করছি। আপনাকে নয়। (সুজন চক্রবর্তীর উদ্দেশে বলেন)

মিঃ স্পিকার: প্লীজ বসুন, আপনি বসুন।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পিকার স্যার, আমি যদি জিজ্ঞাসা করি সাংবাদিকদের, সাংবাদিক বন্ধুরা, চ্যানেল টেন কবে চালু হয়েছিল ? আমাদের আমলে তো হয়নি। আমি যদি জিজ্ঞাসা করি, রূপসী বাংলা কবে চালু হয়েছিল ? আমাদের আমলে তো হয়নি। রোজভ্যালী কবে হয়েছিল ? আমাদের আমলে তো হয়নি। সারদা কবে হয়েছিল, আমাদের আমলে তো হয়নি। আমরা তো গিয়ে এ্যারেস্ট করে নিয়ে এসেছি। আমরা তো গিয়ে এ্যারেস্ট করে নিয়ে এসেছি। আপনি রেকর্ড দেখুন না। আপনি রেকর্ড দেখুন।

...(নয়েজ)...আপনি রেকর্ড দেখুন, প্লিজ। রেকর্ড দেখুন।

...(এইসময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী কিছু বলার জন্য উঠে দাঁড়ান।) ...

..(নয়েজ)...

মিঃ স্পিকার : প্লিজ বসুন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, আপনারা বসুন না প্লিজ। দিস ইজ নট দ্য ওয়ে। প্লিজ টেক ইওর সিট। ঠিক আছে, আপনি বসুন, বসুন। ...(নয়েজ)....

শ্রীমতী মমতা ব্যানার্জী : অশোক মিত্রের স্টেটমেন্ট দেখুন, তিনি ফাইনান্স মিনিস্টার ছিলেন তখন, ওনার স্টেটমেন্ট দেখুন, সঞ্চয়িতা থেকে শুরু হয়েছে এসব। একটা কেস হয়নি, সঞ্চয়িতা থেকে শুরু করে, ফেভারিট থেকে শুরু করে, সারদা থেকে শুরু করে। এমনকি স্যার, সাহারা - আজকে আমরা অবাক হয়ে দেখি।

...(এইসময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী কিছু বলার জন্য উঠে দাঁড়ান।) ...

...(নয়েজ)...

মিঃ স্পিকার : বসুন, সুজনবাবু বসুন। প্লিজ, বসুন। ...(নয়েজ)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : সুজনবাবু, আপনি আমার সঙ্গে আর্গুমেন্ট করুন না। আমি তো আপনাকে বলছি না, আমি কী বলছি আপনাকে - আমি একটা কথার কথা বললাম। শুনুন ...(নয়েজ)...

মিঃ স্পিকার : আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে দিন। আপনি ধৈর্য্য ধরে বসুন, শুনুন আপনি, প্লিজ। ...(নয়েজ)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : আজকে সারা দেশ আক্রান্ত। আমি এই কথা বলতে গিয়ে বলছি, আজকে মনে রাখবেন এমন কোনো পলিটিক্যাল পার্টি নেই যারা আজকে আক্রান্ত নয়। কিন্তু আপনাদের আমি একটাই পলিটিক্যাল পার্টি দেখেছি, আমি একমাত্র পলিটিক্যাল পার্টি দেখলাম, বি জে পি-র সাথে দারুণ আন্ডারস্ট্যান্ডিং, আপনারা বি জে পি-র সুয়োরানি, আপনাদের কাউকে কিন্তু টাচ করেনি।

...(এইসময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী কিছু বলার জন্য উঠে দাঁড়ান।) ...

....(নয়েজ)....

আমি যখন থাকি, আমরা যখন থাকি, আমরা ট্রান্সপারেন্ট থাকি। ...(নয়েজ)...

মিঃ স্পিকার : প্লিজ বসুন সুজনবাবু, বসুন, বসুন। মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন, প্লিজ বসুন, বসুন। ...(নয়েজ)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় স্পিকার স্যার, আমি কাউকে আঘাত করার জন্য একথা বলিনি। আমি কী বলতে চাইছি - আমি এটুকু শুধু বলতে চেয়েছি, আজকে কথা বলার জায়গাটা হারিয়ে যাচ্ছে।

...(এইসময় মাননীয় সদস্য ডঃ সুজন চক্রবর্তী কিছু বলার জন্য উঠে দাঁড়ান।) ...

...(নয়েজ)...

মিঃ স্পিকার : সুজনবাবু আপনি বসুন, বসুন। ...(নয়েজ)...

শ্রীমতী মমতা ব্যানার্জী : আমি এখনও বলি স্যার, আমি তো কয়েকটি চ্যানেল, টি ভি নিউজ, মিডিয়ার কথা বললাম। আমি তো মিডিয়ার কথা বললাম - এই মিডিয়াগুলো তো আমাদের আমলে আসেনি। এই মিডিয়াগুলো তৈরি হয়েছিল কবে। তারা চ্যানেল কারা তৈরি করেছিল। আমি শুনেছি, আমি কংগ্রেসের একজন মিনিস্টারের কাছে শুনেছিলাম, এই চ্যানেলটা ইন্দো বাংলাদেশের রিলেশনশিপ বিল্ড আপ করার জন্য তৈরি করেছিল গভর্ণমেন্ট অফ ইন্ডিয়ার টাকায় একসময়। সাহারা - আমি নিজে দেখেছি, কার দোষ সেটা আমি আপনাদের পর্যালোচনা করতে বলব, আমি প্রোটেকশান দেওয়ার কথা বলছি না, কেউ যদি দোষ করে থাকে তাকে জেলে যাবজ্জীবন করুক আমার কোনো আপত্তি নেই। আমি আবার বলছি আপনাদের, আমরা নিজেরা দেখেছি, সাহারা টিভি স্পনসর্ড যত ফুটবল খেলা হয়েছে, সমস্ত স্পনসর্ড সাহারা করেছে।

কোনো এ্যকশান হয়েছে ? কোথায় এ্যকশান, ভারতীয় দলের হয়ে খেলেছেন, সমস্ত স্পনসর করেছে। দায়িত্ব রিজার্ভ ব্যাঙ্কের ছিল, করেনি। দায়িত্ব তোমাদেরও ছিল, তোমরা করোনি। দায়িত্ব আমাদেরও ছিল, আমরা চেষ্টা করেছি করার, ২০১২ সাল থেকে। আমরা এসেছি ২০১১ সালের মে মাসে। আমরা তো এ্যরেস্ট করেছি ১২-১৩ সালে। আমাকে তো গ্রাস বাটালিক থেকে এ্যরেস্ট করে নিয়ে আসতে হয়েছে, তোমরা তো ব্যাপারটা বুঝবে। আমরা জনগণকে টাকা ফিরিয়ে দিচ্ছিলাম। ইয়েস, আমি একমত টাকা ফিরিয়ে দেওয়া উচিত। আমরা অলরেডি ৩০০ কোটির মত টাকা ফেরৎও দিয়েছি। যখন টাকাটা ফেরৎ হচ্ছে তখন আমার এখানকার দাদারা গিয়ে সুপ্রিম কোর্ট থেকে একটা অর্ডার নিয়ে এলেন, তখন সি বি আই হয়ে গেল। সি বি আই অডার হয়ে যাওয়ার পরে আমাদের হাত থেকে ক্ষমতাটা চলে গেল সি বি আইয়ের হাতে।

[3:30 – 3:40 p.m.]

এবং তাদের দায়িত্ব দেওয়া হলো সম্পত্তি attachment করবার, acquire করবার, সেই সম্পত্তি বেচে টাকাগুলো দেবার। ফলে আজকে লোকে সুরাহা পাচ্ছে না, আজকে বিচার হচ্ছে না। সেইজন্য আমি মনে করি, এটা আমি একটা পয়েন্ট এইজন্য বললাম, আজকে দিনটা এই রকম পোঁছে গিয়েছে। একটা ভালো কাজ করতে গেলেও আজকে মরমে মর্মর গাথায় নামটা অযাচিতভাবে এসে যায়, আজ যদি কেউ ভালো কাজ করে তারা হয়ে যাবে চোর, আর যারা আসল চোর তারা হয়ে গেছে সাধু। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায় বলি - 'তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে'। কাজেই যেভাবে দুনিয়া চলছে, সেই দুনিয়াটাকে বদলাতে হবে। এই দুনিয়াটা বদলানোর জন্য কিছু নতুন আইন, কিছু সংস্কার, কিছু সভ্যতার জাগরণের প্রয়োজন আছে। সেইজন্যই আমি মনে করি এই বিলটা খুব গুরুত্বপূর্ণ বিল। বিশেষ করে কেন্দ্রীয় সরকারকেও আবেদন করবো এই lynching-এর বিরুদ্ধে বিল নিয়ে আসার জন্য। আমি অন্যান্য রাজ্যগুলোকেও আবেদন করবো এই lynching-এর বিরুদ্ধে স্ট্রং বিল নিয়ে আসার জন্য। বিশেষ করে দুর্ভাগ্যজনক পরিস্থিতির কারণে এই ধরনের অপরাধ সংগঠিত হয়। আজকে বলুন না, আজকে একটা সাংবাদিক তার লাইফও সিকিওর নয়। সে একটা নিউজ করছে, করার পরে তাকে জেলে যেতে হচ্ছে। আমরা তো এই রকম ঘটনা অনেক জানি। আজকে আমার নাম করা উচিত কিনা জানিনা, NDTV-কে আমি রেসপেকট করি। আমি রেসপেকট করি বলেই বলছি, আজকে তাদের মত লোককেওতো ফেস করতে হচ্ছে। কে ফেস করেনি? রাফেল কেস কাগজে লেখার জন্য এরনামকেও ফেস করতে হয়েছে। কাজেই there are so many issues, সেইজন্যই আমি মনে করি আমাদের যে দায়িত্ব তারজন্যই এই আইনটা করছি। কেউ কেউ বলছেন পানিশমেন্টটা আরেকটু ভালো কেন হবেনা। স্যার, কলকাতা পুলিশ এলাকার জন্য ও কলকাতা পুলিশের অন্তর্গত এলাকা বাদ দিয়ে রাজ্যের বাকি এলাকার জন্য একজন স্টেট কো-অর্ডিনেটার করবার প্রস্তাব এই আইনে রেখেছি। এই আইনে কোন ব্যক্তিকে যাতে সামাজিকভাবে বিচ্ছিন্ন না করা হয় বা কোন প্রতিকূল অবস্থার মধ্যে ফেলা না হয়, তার সংস্থান রাখা হয়েছে। প্রতিটি জেলায় পুলিশ সুপার এবং প্রতিটি পুলিশ কমিশনারেটে সংশ্লিষ্ট

পুলিশ কমিশনার গণপিটুনির মত অবাঞ্ছিত ঘটনা যাতে না ঘটে, তার প্রতি সতর্ক দৃষ্টি রাখবেন, সমন্বয়সাধন করবেন এবং তিনি এটা করতে দায়বদ্ধ থাকবেন। জেলা বা কলকাতার ক্ষেত্রে নগরপাল যদি মনে করেন, এমন কোন পরিস্থিতি দেখা যাচ্ছে যাতে গণপিটুনির মত ঘটনা ঘটে যেতে পারে অথবা কোনো ব্যক্তির বিরুদ্ধে এমন কোন প্রতিকূল পরিবেশ সৃষ্টি করে তোলা হচ্ছে, যার ফলে তার জীবন-জীবিকার পথে অন্তরায় সৃষ্টি হচ্ছে, সেইক্ষেত্রে জেলাশাসক বা নগরপাল এই রকম অবাঞ্ছিত পরিবেশের সহায়ক কোন কাজ নিষিদ্ধ করতে পারবেন। কোন ভারপ্রাপ্ত আধিকারিক গণপিটুনির মত ঘটনা প্রতিহত করবার জন্য উপযুক্ত তথ্যের ভিত্তিতে সব রকম ব্যবস্থা নেবেন। প্রস্তাবিত আইনের ৭ নম্বর ধারায় গণপিটুনির ক্ষেত্রে শাস্তির বিধান রাখা হয়েছে, অপরাধীর গুরুত্বের নিরীখে শাস্তির তারতম্য রাখা হয়েছে। IPC অনুসারে যদি শাস্তির বিধান দেখেন তাহলে গণপিটুনির ক্ষেত্রে কোনো ব্যক্তি জখম হলে আইনের ৩২৩ ধারা অনুসারে ইচ্ছাকৃতভাবে আঘাত করলে তার শাস্তি হচ্ছে এক বছর পর্যন্ত কারাদণ্ড এবং এক হাজার টাকা পর্যন্ত জরিমানা। আর আমাদের এই আইনে আছে, তিন বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড এবং এক লক্ষ টাকা জরিমানা। আগে যেটা ছিল এক বছর, সেটাকে আমরা তিন বছর করেছি, আর যেটা আগে এক হাজার টাকা ছিল, সেটাকে আমরা বাড়িয়ে এক লক্ষ টাকা করেছি। IPC ৩২৫ ধারা অনুসারে গণপিটুনিতে কাউকে গুরুতরভাবে জখম করলে তার শাস্তি সাত বছর পর্যন্ত কারাদন্ড হবে এবং আর্থিক জরিমানাও হতে পারে।

আর আমরা বলেছি, যদি গুরুতরভাবে কেউ গণপিটুনির স্বিকার বা জখম হয় তাহলে যাবৎজীবন কারাদণ্ড। অথবা, ওখানে ৭ আছে, এখানে যাবৎজীবন কারাদণ্ড, অথবা ১০ বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড এবং ৩ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা। আর গণপিটুনিতে কোনো ব্যক্তির মৃত্যু হলে স্যার, ধারা ৩০২ অনুসারে কাউকে হত্যা করলে তার শাস্তি মৃত্যুদণ্ড অথবা যাবৎজীবন কারাদণ্ড এবং তৎসহ আর্থিক জরিমানা হতে পারে। আর আমাদের আইনটা হচ্ছে, মৃত্যুদণ্ড অথবা জরিমানা সহ যাবৎজীবন সশ্রম কারাদণ্ড এবং জরিমানার পরিমাণও আমরা ৫ লক্ষ টাকা পর্যন্ত রেখেছি। সুতরাং আমাদের আইনটা কিন্তু এইসব দিক থেকে ইন্ডিয়ান পেনাল কোডে যে আইনটা আছে তার থেকেও কিন্তু স্ট্রং রাখা হয়েছে যাতে অ্যাকশানটা হতে পারে। স্যার, গণপিটুনিতে ইন্ধন দিয়েছে এমন ব্যক্তিদের জন্যও অপরাধীদের মত, এরকম সাজার সংস্থান রাখা হয়েছে। যদি কোনো ব্যক্তি, গণপিটুনিতে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেফতার বা বিচারের ক্ষেত্রে কোনো রকম বাধা দেন বা সাক্ষীকে ভয় দেখান, তাহলে সেই ব্যক্তির জন্য প্রস্তাবিত আইনে উপযুক্ত শাস্তির বিধান রাখা হয়েছে। গণপিটুনির মতো পরিস্থিতির উদ্ভব হতে পারে, এমন কোনো বিদ্বেষমূলক বা প্রতিহিংসা পরায়ণ প্রচার যাতে প্রতিরোধ করা যায় সেইজন্যে আইনে ব্যবস্থা রাখা হয়েছে। গণপিটুনির মতো ঘটনায় সাক্ষ্যদানকারী ব্যক্তির পরিচয় যাতে প্রয়োজনে গোপনে থাকে সেব্যাপারে প্রস্তাবিত আইনে প্রয়োজনীয় সংস্থান রাখা হয়েছে। গণপিটুনিতে স্বিকার হয়েছেন এমন ব্যক্তি ইচ্ছে করলে বিনামূল্যে আইনি সহায়তাও পেতে পারেন। সেটাও রাখা হয়েছে। তারপরে স্যার, রাজ্য সরকার অথবা স্থানীয় স্বায়ত্ত শাসিত সংস্থা কর্তৃক পরিচালিত

সমস্ত হসপিটাল ও স্বাস্থ্য কেন্দ্রে গণপিটুনিতে নিগৃহীত ব্যক্তিকে বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা দেওয়া হবে। এটা রাখা হয়েছে। প্রস্তাবিত আইনে গণপিটুনিতে মৃত আহত ও নিগৃত ব্যক্তি বা তার উত্তরাধিকারিকে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার সংস্থান রাখা হয়েছে। ক্ষতি পূরণের প্রোগ্রামটা, যেহেতু আমাদের একটা স্কীম তৈরী করতে হবে সেইজন্যে আমি এখুনি বলছি না, but ক্ষতিপূরণ নিশ্চয় ৫ লক্ষ টাকার কমে কেউ মারা গেলে, নিশ্চয় হবে না। এটা মিনিমাম আমি আপনাকে বললাম এবং সিরিয়াসলি ইনজিওর্ড বা ইনজিওর্ড, গ্রাভিটি অফ দ্য ইনজিওর্ড এটা দেখে এটা একটা স্কীম তৈরী করা হচ্ছে যাতে আমরা ক্ষতিপূরণের ব্যাপারটা ভাল করে করতে পারি, এবং আমি এটাও মনে করি।

মিঃ স্পিকার : উইদ দ্য ইন কনসেন্ট অফ দ্য হাউস আরও ১৫ মিনিট সময় বাড়ানো হলো।

শ্রীমতী মমতা ব্যানার্জী : এবং আমরা যখন স্কীম করবো, আমরা আরও কিছু প্রভিশন রাখবো, কারণ এগুলো আমাদের মাথায় আছে। আমরা আর একটা বলছি যে, গণপিটুনিতে দোষী সাব্যস্ত কোনো ব্যক্তিকে নিম্নতর আদালত যে সাজা দেবে, তার বিরুদ্ধে শুধুমাত্র হাইকোর্টে অ্যাপিল করা যাবে, কারণ অনেকে আছে দূরে যেতে পারে না। নিম্ন আদালতের পরে সে যাতে হাইকোর্টে যেতে পারে। এক কথায় শান্তি ও সম্প্রীতির পরিবেশ যাতে বজায় থাকে এবং গণপিটুনির মতো পরিস্থিতি যাতে তৈরী না হয়। মানুষে মানুষে ভেদাভেদ করে যাতে কোনোরকম কোনো বিশৃংখলা সৃষ্টি করে গণপিটুনিতে কাউকে মৃত না হতে হয়, সেইগুলোকে সুনিশ্চিত করবার জন্যই, বিচার ব্যবস্থা তার বিচার সুনিশ্চিত করবার জন্য এবং নিগৃহীত ব্যক্তিকে ক্ষতিপূরণ দেবার জন্য স্কীম তৈরী করা হচ্ছে এবং আমি মনে করি এই বিশেষ বিধানগুলো প্রস্তাবিত এই আইনটিকে বিশেষ মাত্রা দিয়েছে এবং এর ফলে আমি মনে করি জাতিগত দাঙ্গা, ধর্ম গত দাঙ্গা, মানুষে মানুষে ভেদাভেদ, ছেলে ধরার নাম করে মৃত্যু বা ডাইনির নাম করে বা কোথাও কারো পার্সোনাল এনিমিটি আছে ধরে পিটিয়ে মেরে ফেলা, এই থেকে, আমাদের মানুষকে সচেতনও করতে হবে। একটা আইন তৈরী করলেই সেটা কার্যকরী হয় না। যদি আমরা সবাই আইনটা সম্বন্ধে সচেতন না হই। সচেতনতা বাড়ানো, এটা নিয়ে প্রচার করা কনটিনিউয়াস এবং আমরা সামাজিক ভাবে একটা সামাজিক আন্দোলন গড়ে তুলতে চাই সকলে মিলে যাতে এই আইনটার সুযোগ যারা ডিপ্রাইভড তারা পেতে পারে। যার ভিক্টিমস তারা পেতে পারে। এবং যারা ভিক্টিমস তাদের, এমনকি যখন স্কীম তৈরী করা হবে তার পরিবারকে একটা চাকরী দেওয়ার কথাও আমরা গভর্নমেন্ট থেকে ভেবে রেখেছি। সেই স্কীমটা নতুন করে তৈরী করতে হবে, স্যার, এই আইনটা হয়ে গেলে, আমরা সেগুলো, স্কীমে যখন আসবে আমি সেটা করে দেবো। আমি হাউসের কাছে অনুরোধ করবো যে বিশেষ করে, এই বিলটা আজকের দিনে, বিশেষ করে খুবই গুরুত্বপূর্ণ বিল এবং আমি মনে করি এই বিলটা সর্বসম্মত ভাবে সবাই মিলেই পাস করা উচিত এবং যদি আমরা এটা করতে পারি, আমাদের দেখাদেখি হয়তো অনেক রাজ্য এই বিল পাস করবে, দল মত নির্বিশেষে। এবং কেন্দ্রীয় সরকারও নিশ্চয় সুপ্রিম কোর্টের ঐ গাইড লাইনস অনুযায়ী তারাও হয়তো কোনোদিন করবেন। এটা বিশ্বাস করেই, বাংলা আইন

সভা আজকে পথ দেখালো, এই পথটা আগামী দিনে ভবিষ্যতের রাস্তা হোক, মানবিকতার পক্ষে, শান্তির পক্ষে, সংহতির পক্ষে, সম্প্রীতির পক্ষে।

[3:40 – 3:50 p.m.]

'সারে জাহা সে আচ্ছা হিন্দুস্থান হামারা'। আমরা দেশকে ভালবাসী, মাতৃভূমিকে ভালবাসী, জন্মভূমিকে ভালবাসী। Let us save our motherland, let us save. Ours is a vast country. To save the motherland, to save all the caste, creed and community রামকৃষ্ণ পরমহংস দেবের বাংলা-সর্ব ধর্ম সম্বন্বয়, স্বামী বিবেকানন্দের বাংলা, রবীন্দ্রনাথের বাংলা, নজরুলের বাংলা, দেশবন্ধুর বাংলা, আমাদের মৌলানা আজাদ কালামের অনেক ইতিহাস পড়ে আছে এখানে। বাবাসাহেব আম্বেদকর থেকে শুরু করে, ভগৎ সিং থেকে শুরু করে, গুরু নানক থেকে শুরু করে, চৈতন্য দেব থেকে শুরু করে, কবির থেকে শুরু করে, গান্ধীজি, নেতাজী কী নেই সব কিছু আছে, তাই সেই যে বাংলা এত মহান মহান গর্বিত সন্তানদের জন্ম দিয়েছেন - সেই বাংলা আজকে ছোট্ট একটা সিদ্ধান্ত নিলে আমি আশা করব স্যার, এই সিদ্ধান্তের ফলে অন্তত পক্ষে বাংলার আরও একটা নবজাগরণ যদি আমরা করে দেখাতে পারি। আসুন না যখন সকলে ভয় পাই আমরা একটু রুখে দাঁড়াই। আসুন না পথ চলবার জন্য আমরা একটু নিজেদের সবাইকে ঐক্যবদ্ধ করি। আসুন না কোন কোন ইসুতে রাজনীতি ভুলে গিয়ে আমরা সমাজটাকে জাগ্রত করি, মানবিকতাকে জাগ্রত করি। আমি এইটুকু বলে আমি সবাইকে অনেক ধন্যবাদ, অভিনন্দন জানাচ্ছি এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এতক্ষন আমাকে টাইম দিয়েছেন এবং বিশেষ করে আমার কোন কথায় কেউ কোন আঘাত পেয়ে থাকেন, আমি তাকে বার বার বলব যে, "দণ্ডিতের সাথে দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে/ সর্বশ্রেষ্ঠ সে বিচার", কাউকে আঘাত দেওয়া আমার উদ্দেশ্য নয়। যাইহোক কতগুলো practical জিনিস আমি recordএ আনার প্রয়োজন মনে করেছি, তার কারণ আমি চাই না কোন discrimination হোক, আইন। সকলের জন্য এক। আইন কখনও potato আর potato বকরা দুটো কিন্তু কখনও এক হয় না। আইন সকলের জন্য এক হোক, ভাল হোক এবং আমরা যেটা বলি, যে 'সত্য মেব জয়তে' - এই আইনে মানুষ। বিচার পাক। এইটুকু জেনে আপনাদের সকলকে বলব, আপনারা সকলকে নিয়ে সমবেত ভাবে, সর্বদলীয় ভাবে pass করানোর জন্য আমি অনুরোধ করব।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিস্তারিত ভাবে এই বিলের উপর আলোচনা হয়েছে এবং এই বিলের উপর বিরোধী দলনেতা সহ, আমাদের মুখ্যমন্ত্রী নিজে এই বিলের উপর আলোচনা করেছেন এবং এই বিলের প্রেক্ষাপট কী - তা বিস্তৃতভাবে বলেছেন। এটা আজকে আমাদের বুঝতে হবে, আজকে তিনি যে ডাকা তিনি দিয়েছেন সকলের জন্য, দেশের জন্য রাজ্যের জন্য - আসুন আমরা সবাই সেই ডাকে এই বিলকে সর্বসম্মতিক্রমে সমর্থন জানাই এবং গঠন করি। আমাদের যে সুসম্পর্কের মধ্যে দিয়ে বিধানসভা চলে, মুখ্যমন্ত্রী যে ভাবে সমস্ত বিষয়ে সচেতনতার সঙ্গে এই সভাকে পরিচলনা করবার - অধ্যক্ষের মাধ্যমে যে সাহায্য এবং যা করণীয়

তা কারণে। সুতরাং তার উপরে আমাদের যথেষ্ট আস্থা আছে, রাজ্যের মানুষের আস্থা আছে, আর রাজ্যের মানুষের সংস্কৃতি এবং দেশের মানুষের সংস্কৃতিকে রক্ষা করবার জন্য–সকলের মধ্যে শান্তি, সংহতি ও মৈত্রী রক্ষা করবার জন্য এই ধরনের বিল আজকে অত্যন্ত প্রয়োজনীয় সেই দিকে খেয়াল রেখে আমি আবারও বলছি, এই বিল সবাই মিলে গ্রহণ করুন।

Mr. Speaker : Now the question before the House is the amendment (no.17) of Dr. Sujon Chakraborty that the Bill be referred to a Select Committee.

As many as are of that opinion, please say, Aye.
As many as are of the contrary opinion, please say, No.
Noes have it, noes have it.

Mr. Speaker : Now the question before the House is the amendment (no.18) of Shri Abdul Mannan that the Bill be referred to a Select Committee.

As many as are of that opinion, please say, Aye.
As many as are of the contrary opinion, please say, No.
Noes have it, noes have it.

Mr. Speaker : Now the question before the House is the amendment (no.19) of Shri Asit Mitra that the Bill be circulated for the purpose of eliciting opinion.

As many as are of that opinion, please say, Aye.
As many as are of the contrary opinion, please say, No.
Noes have it, noes have it.

Mr. Speaker : The question before the House is that the West Bengal (Prevention of Lynching) Bill, 2019 be taken into consideration.

As many as are of that opinion will please say AYE
As many as are of the contrary opinion will please say NO.
AYES have it, AYES have it.

CLAUSE 2

Mr. Speaker : There are five amendments (No. 3 - 6 and 20) to clause 2 by Shri Nepal Mahato. Now I call upon Shri Nepal Mahato to move his amendments.

Shri Nepal Mahato : 3. Sir, I beg to move that in Clause 2, in item No.(i)

of sub-clause(1)(c), in the first line, afterthe word "person", the words "or his family members" be inserted.

4a)Shri Nepal Mahato : Sir, I beg to move that In clause 2, in item no.(iv) of sub-clause (1) (c), after the word "person", the words "and his family members" be inserted.

4b)Shri Nepal Mahato : Sir, I beg to move that In Clause 2, in item no.(iv) of sub-clause (1) (c), for the word "his", the word "their" be substituted.

5.Shri Nepal Mahato : Sir, I beg to move that In clause 2, in item no. (v) of sub-clause (1)(c), after the word "person", the words "or his family Members" be inserted.

6. In clause 2, in sub-clause (1)(d), in line 2, after the words "by a" the words "person or" be inserted.

20. Shri Nepal Mahato : Sir, I beg to move that in clause 2, in sub-clause (1), in item no.(c), in line 3, before the words "or any", the words "or family members of the witness" be inserted.

Mr. Speaker : আপনি কি এই সংশোধনগুলো গ্রহণ করেছেন?

Dr. Partha Chatterjee : স্যার, আমাদের বিষয়গুলি অত্যন্ত ভালো ভাবে মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। অন্য বক্তারাও বলেছেন। এই অবস্থায় আমার মনে হয়, যিনি সংশোধনী দিচ্ছেন সেই সংশোধনী গ্রহণ করা যাবে না।

Mr. Speaker : The Question before the House is that amendment Nos. 3- 6 and 20 to Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

NOES have it, NOES have it.

The question before the House is that Clause 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

CLAUSE 3-4

Mr. Speaker : The question before the House is that Clause 3 - 4 do stand part of the Bill.

As many as are of that opinion will please say AYE

As many as are of the contrary opinion will please say NO.

AYES have it, AYES have it.

Clause 5

Mr. Speaker : There are three amendments (amendment No. 7-9) to Clause 5. Now I call upon Shri Nepal Mahato to move his amendments.

Shri Nepal Mahato : স্যার, or his family member-টা শুধু জুড়তে চাওয়া হয়েছে। এটা স্যার, করতেই হবে এমনিতে। ওগুলো যদি নিয়ে আসা হয়, ওটা জুড়ে দিলে ক্ষতি কী আছে? কেন মানছেন না, বুঝতে পারছি না।

Shri Nepal Mahato : Sir, I beg to move that in Clause 5, in sub-clause(1), in line 4, for the word "may", the word "shall" be substituted.

Sir, I beg to move that in Clause 5, in sub-clause (1), in line 4, after the word and sign "writing", the words "state the reasons and" be inserted.

Sir, I beg to move that in Clause 5, in sub-clause (1), in the last line, after the word and sign "Iynching", the words "Order so issued should be given wide publicity in that area" be inserted.

এইটা স্যার, একটু important, একটু দেখে নেবেন। কারণ পাবলিসিটি পুলিশ যদি না করে আগে, এই যে জালিয়ানওয়ালাবাগে যে ঘটনাটা ঘটেছিল, কেউ জানত না যে, এখানে এই রকম হবে। কিন্তু এই পাবলিসিটি-টা এ্যাডভান্স করে রাখার, জুড়ে দিলে হবে, এটা যদি ইচ্ছে থাকে আপনি নিতে পারেন। এটা স্যার, অসুবিধা হবে না। প্রথমে যেটা বলেছিলাম, ক্লজ-ওয়ানে। the words "at once" be sustituted. ক্লজ-ওয়ানে। এখানে পুলিশকে লিখিত ভাবে বলতেই হবে যে, এই জায়গাটায় আমার এই ধরনের ঘটনা ঘটতে পারে। এটা তাকে জানাতেই হবে। এই বিষয়টি একটু যদি দেখেন।

Mr. Speaker : আপনি কি এই সংশোধনগুলো গ্রহণ করছেন?

Dr. Partha Chatterjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যখন বলছিলেন, আপনি মন দিয়ে সেই সময়টা বোধ হয় শোনেননি। সেই সময় উনি বলেছেন যে, শুধু আইন তৈরি করলেই হবে না।

[3:50 – 4:05 p.m.]

আমাদের সচেতনতা বাড়াতে হবে। আমাদের প্রচারে যেতে হবে। যে কথাগুলো আপনি এখানে বলছেন সেগুলো অলরেডি মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন। ফলে নতুন করে তো আর কিছু বলার নেই। আমি তাই এটাকে গ্রহণ করতে পারলাম না।

Mr. Speaker : Now the Question before the House is that the amendments (Amendment Nos. 7-9) to Clause 5 moved by Shri Nepal Mahata as many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please NO. Noes have it. Noes have it.

Now I put Clause 5 do stand of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please NO. Ayes have it. Ayes have it.

Clause-6

Mr. Speaker : There are two amendments (Amendment Nos. 10 and 11) to Clause 6 by Shri Nepal Mahata. Now I call upon Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata : Sir, (10) in clause 6, in item (ii) of sub-clause (1), after the word "occurrence", the word "of" এটাতে ইংরাজীর একটু ভুল আছে। be inserted. এটা একটু চেক করে নেবেন।

11. In clause 6, in item (iii) of sub-clause (1), in the last line, for the word "them", the world him" be substituted. এটা তো করতেই হবে না হলে সেন্টেন্সটা ক্লিয়ার হচ্ছেনা, 'অফ'-টা না দিলে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, উনি যেগুলো ধরছেন, গ্রামাটিক্যাল হওয়াটা খুবই দরকার, মাঝখানে স্লাশ দিয়ে একটা ঢুকিয়ে দিলাম তাতে কিন্তু কিছু এসে যাবেনা। তাতে এর মূল যে টিউন তা নষ্ট হবেনা। সুতরাং, এটাও আমরা নিতে পারছিনা। এটাও আমরা গ্রহণ করতে পারছিনা।

মিঃ স্পিকার : Now the Question before the Flouse is that the amendments (Amendment Nos. 10 and 11) to Clause 6 moved by Shri Nepal Mahata as many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please NO. Noes have it. Noes have it.

Now I put Clause 6 do stand of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please NO. Ayes have it. Ayes have it.

Clause-7

Mr. Speaker : There are two amendments (Amendment Nos. 12 and 13) to Clause7 by Shri Nepal Mahata. Now I call upon Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata : Sir, 12. In clause 7, in sub-clause (b), in line 3 for the words "which may extend to ten", the words "not less than five" be substituted.

13. In clause 7, in sub-clause (b), in the last line, for the words "twenty five thousand", the words "one lakh" be substituted.

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এব্যাপারে বিলে সমস্ত উল্লেখ করেছেন এমন কি মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেও মূল আইন যেটা, ইন্ডিয়ান পেনাল কোডের যে আইন, বিষয়টির সঙ্গে একটা অ্যপল টু অ্যপল comparison করেছেন। এই অবস্থায় আমরা নতুন করে এই সংশোধনী নিতে পারছিনা।

মিঃ স্পিকার : Now the Question before the House is that the amendments (Amendment Nos. 12 and 13) to Clause 7 moved by Shri Nepal Mahata as many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please NO. Noes have it. Noes have it.

Now I put Clause 7 do stand of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please No. Ayes have it. Ayes have it.

Clauses 8-14

Mr. Speaker : There is no amendment to Clauses 8 to 14. So I put Clauses 8 to 14 do stand part of the Bill. As many as are of that opinion will please say AYE. As many as are of the contrary opinion will please NO. Ayes have it. Ayes have it.

Clause 15

Mr. Speaker : There is one amendment (Amendment No. 14) to Clause15 by Shri Nepal Mahata. Now I call upon Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata: Sir, 14- In clause 15, in sub-clause (6), in line 2, after the word "witnesses", the words "and their family members" be inserted. পার্থদা আমি এখানে একটু বলছি। আপনার আইন-টা আছে 'It shall be the

duty and responsibility of the State Government for making arrangements for the protection of victims and witnesses. আমি যোগ করতে চাইছি 'উইটনেসে'র সাথে 'ফ্যামিলি মেম্বারস'ও। উইটনেসকে যে ধমকি দেওয়া হয় তার থেকেও বেশী ওর ফ্যামিলিকে ধমকি দেওয়া হয় ; ওর ছেলেকে, বৌকে, আরও কাউকে। আপনারা প্রটেকশন দেবেন ভিকটিমকে এবং উইটনেসকে। আমি অ্যামেন্ডমেন্ট দিতে চাইছি উইটনেসের সঙ্গে 'অ্যান্ড ফ্যামিলি মেম্বারস'। এটা দয়া করে একটু দেখুন। এটাতে অসুবিধা রয়ে গেছে। কারণ ফ্যামিলি মেম্বারদের যদি ধমকি দেয় তাহলে তো কেসটাই উল্টে যাবে। তাই প্রটেকশন দিতে হবে 'উইটনেস অ্যান্ড ফ্যামিলি মেম্বারস'। এটা করতে হবে।

ডঃ পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, নেপালবাবু যে প্রশ্নটা রেখেছেন তাতে বলি, ইনভেস্টিগেশনে তারা জেনারেলী তো এটা ইনভভ-ই হয়ে যায়। আপনি আবার নতুন করে উইটনেস বলতে শুধু কাদের, এর আলাদা করে ব্যাখ্যা দেবেন?

শ্রীনেপাল মাহাত : পুলিশ প্রটেকশনের কথা হচ্ছে। পড়ে বলবেন তো ! পুলিশ প্রটেকশন আপনি দেবেন যে ভিকটিমাইজ হয়েছে তাকে এবং উইটনেসকে। আমি চাইছি উইটনেসের সঙ্গে ফ্যামিলি মেম্বারদেরও।

ডঃ পার্থ চ্যাটার্জী : না, না, সবাইকে দেবে। শুধু উইটনেস না সবাইকে দেবে।

শ্রী নেপাল মাহাত : আইনে সেটা নেই। সেটাই বলছি।

ডঃ পার্থ চ্যাটার্জী : তার ফ্যামিলি মেম্বাররা যদি উইটনেস হয় দেবেনা ?

Mr. Speaker : Now the question before the House is that the amendment no. 14 moved by Shri Nepal Mahata.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Noes have it. Noes have it.

Mr. Speaker : Now the question before the House is that the Clause 15 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Clause 16

Mr. Speaker : There is one amendment to Clause 16 given by Shri Nepal Mahata. Now I request to Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata : Sir, I beg to move that in clause 16, in line 1, after the words "local bodies", the words "or any clinical establishment run by any private party" be inserted. (amendment no. 15.) এখানে স্যার লিখেছেন ১৬ নম্বরে "All hospitals run by the State Government or any local bodies shall immediately provide the first-aid" এই দুটো হাসপাতাল যদি পাশাপাশি না পাওয়া যায় তাহলে যারা "clinical establishment" এর under এ যে নার্সিংহোমগুলো আছে সেখানে কি নিয়ে যাওয়া যাবে না? আমরা চাইছি যে ওটাও ইনক্লুড করা থাকলে ভাল হয়।

Dr. Partha Chatterjee : আচ্ছা এখানে প্রাইভেট বা নার্সিংহোমের কথাটা আসবে কী করে? গভর্নমেন্ট নিশ্চয়ই মানবিকতায় এইরকমও তো দেখা গেছে পাওয়া যায়নি খুলেছে। তাতে এটায় আইনের সঙ্গে এত কি সম্পর্ক আছে? তাই এটাকে গ্রহণ করা যাচ্ছে না।

Mr. Speaker : Now the question before the House is that the amendment no. 15 moved by Shri Nepal Mahata.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Noes have it. Noes have it.

Now the question before the House is that the Clause 16 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Clause 17

Mr. Speaker : There is one amendment to Clause 16 given by Shri Nepal Mahata. Now I request to Shri Nepal Mahata to move his amendment .

Shri Nepal Mahata : স্যার এটা তুলছি না, কারণ অলরেডি চিফ মিনিস্টার এটা বলেই দিয়েছেন।

Mr. Speaker : Now the question before the House is that the Clause 17 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Clause 1

Mr. Speaker : There is one amendment to Clause 1 given by Shri Nepal Mahata. Now I request to Shri Nepal Mahata to move his amendment. ... (pause)... The amendment is not moved.

Now the question before the House is that Clause 1 do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Enacting Formula

Mr. Speaker : There is no amendment to Enacting Formula. So I put Enacting Formula do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Preamble

Mr. Speaker : There is one amendment to Preamble given by Shri Nepal Mahata. Now I request to Shri Nepal Mahata to move his amendment.

Shri Nepal Mahata : Sir, I beg to move that in lines 1 and 2 of the Preamble, for the words "for effective protection of the Constitutional rights of vulnerable persons", the words "for effecting the rights as enshrined in the Constitution of India" be substituted. (amendment no. 1). এখানে স্যার দুটো ভাগ করে দেওয়া হল। একটা সহায় একটা অসহায়। শুধু যারা ভার্নানেবল তাদের জন্যই আইনটা। Non-vulnerable তাদের জন্য আইনটা নয়। এই দুটো ভাগ হল, সংবিধানে সবাইকে সমান বলা আছে। এই ব্যাপারটা যদি একটু দেখেন তাহলে ভাল হয়।

Dr. Partha Chatterjee : এই বিষয়ে যখন আলোচনা চলছিল মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেক চেষ্টা করছিলেন vulnerable persons এর মধ্যে কি আপনারা খুঁজে বেড়াচ্ছেন যে এটার মধ্যে কি হচ্ছে? আপনিও বোঝেন আমিও বুঝি তার মধ্যেও আপনারা খুঁজছেন। কিন্তু তাতে লাভ হবে না এটা গ্রহণ করতে পারবো না।

Mr. Speaker : Now the question before the House is that the amendment no. 1 moved by Shri Nepal Mahata.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Noes have it. Noes have it.

Now the question before the House is that Preamble do stand part of the Bill.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Title of the Bill

Mr. Speaker : There is no amendment to Title of the Bill So I put Title of the Bill do stand part of the Bill to vote.

As many as are of that opinion will please say "Aye". As many as are of the contrary opinion will please say "No".

Ayes have it. Ayes have it.

Dr. Partha Chatterjee : Sir, I beg to move that the West Bengal (Prevention of Lynching) Bill, 2019 as settled in the Assembly, be passed.

ডঃ সুজন চক্রবর্তী : স্যার, অনেকক্ষণ আলোচনা হয়েছে। থার্ড রিডিংয়ে আমি যে কথাটা আপনাকে বলতে চাইছি সেটি Direction অফ ডিউটিস্ সহ পুলিশ অ্যাডমিনিস্ট্রেশান, অ্যাকাউন্টেবিলিটি সহ এমন কতগুলি কথা এখানে এসেছিল যেটা খুব জরুরী ছিল। সাম হাউ, সরকার পক্ষ সেটা গ্রহণ করে নি। Lynching বিলটা খুবই গুরুত্বপূর্ণ কোন সন্দেহ নেই। অনেকগুলো অ্যামেন্ডমেন্টের প্রসঙ্গ ছিল যেটা সিলেক্ট কমিটি সেটা আপনি গ্রহণ করেন নি। সরকার পক্ষ থেকে যখন বলা হয়েছে সাবজেক্টের বাইরে প্রসঙ্গের অন্তরে গিয়ে অপ্রয়োজনীয়, অহেতুক, ভুল এবং মিথ্যা কতগুলি অভিযোগ লেবেল্ করা হয়েছে যেটা ওরারেন্টেড ছিল না। তারমধ্যে দিয়ে বিলটা পথহারা করে দেওয়া হচ্ছে বলে আমার ধারণা। সব আলোচনার মধ্যে একটা সুর, সেই সুরটাকে পথহারা করে দেওয়া হল। আমার ধারণা এটার গুরুত্ব কমিয়ে দেওয়া হল এবং অন্য কতগুলি আলোচনার মধ্যে দিয়ে বিলটার সৎ উদ্দেশ্য বলে যে বলা হচ্ছিল কার্যত তাকেই তার উদ্দেশ্যকেই উড়িয়ে দেওয়া হল। আমি সেই সম্পর্কে আমার রিজার্ভেশান এবং আমার সন্দেহ থেকে গেল বিলটা কি সত্যি সত্যি একটা পজেটিভ উদ্দেশ্যে করা হল। না এটাকে ঘুরিয়ে দিয়ে তালগোল পাকিয়ে অন্য দিয়ে ঘুরিয়ে দেওয়া হল। আমি আমার সন্দেহ রাখলাম।

মিঃ স্পিকার : থার্ড রিডিংয়ে এই সব যায় না সুজনবাবু। লাস্ট পোর্সানটা যাবে না।

ডঃ পার্থ চ্যাটার্জী : আমি একটা কথা বলি, যে জিনিসটাকে অসত্য কথা বলা হচ্ছে সেটা যে কতটা সত্য তা এই হাউসের রেকর্ডে আছে। মুখ্যমন্ত্রী বলতে গিয়ে হয়তো যেটা বলেছেন আপনার মনপূতঃ হয় নি কিন্তু হাউসটা এখানে রেকর্ডস আছে এই সাবজেক্টে আমি বিধায়ককে অনুরোধ করবো সেটা ভালভাবে দেখার। এটা আবার বলছি, আপনি দেখবেন হলে আমাকে বলবেন আবার। এখানে বসে অতীশ সিনহা কী বলেছে শুনবেন। ওখানে বসে অশোক মিত্র কী বলেছেন শুনবেন। আমি বলছি উনি রেফারেন্স টেনেছেন। কাউকে তো আঘাত করেন নি, রেফারেন্স টেনেছেন। আমি বলছি একটা ভাল অ্যাটমোসফেয়ারে আলোচনা হতেই পারে। সব আলোচনা সবার ভাল নাও লাগতে পারে কিন্তু আপনারা এটা গ্রহণ করুন। এটা মনে রাখার মত কিছু নয়।

শ্রী আব্দুল মান্নান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আগেও যা বলেছি এখনও তাই বলছি। বিলের উদ্দেশ্য নিয়ে আমার কোন সন্দেহ নেই। তাতে আমি সেন্ট পার্সেন্ট শিওর যে গভর্মেন্টের উদ্দেশ্য ঠিকই আছে। সবাই মিলে আলোচনা করেছেন ঠিকই আছে। কিন্তু হয়ত ভবিষ্যতে আইনটায় কোন অসুবিধা - আমার সে আশঙ্কাটা রয়ে গেল যে অফেন্ডার্স তার যে পানিশমেন্টটা, সেই পানিশমেন্টটা আদালতে গিয়ে কোন আইনের ফাঁক দেখিয়ে যাতে না যায় সেই কথাটা বলেছিলাম। বক্তব্য সবারই শুনেছি কিন্তু আশঙ্কাটা রয়ে গেল, আশ্বস্ত হতে পারলাম না এটাই দুর্ভাগ্য।

মিঃ স্পিকার : মান্নান সাহেব থার্ড রিডিংয়ে আপনার যে আর্গুমেন্ট সেই আর্গুমেন্ট আইদার সাপোর্ট অফ দ্যা বিল অর এগেনেস্ট দ্যা বিল। আমরা অ্যালাউ করি কিন্তু ইনফ্যাক্ট আমাদের কনফাইনমেন্ট ওইটুকু জায়গার মধ্যে আছে। আপনি যে আর্গুমেন্ট করলেন সেটা বিলের সমর্থনে করলেন না আপনারা বিলের বিরোধিতা করলেন। সুতরাং এইটুকুর মধ্যে এটা কনফাইন রাখতে হবে। so far third reading is concerned। এখানে আশঙ্কার কথা আসতে পারে না। মাননীয় মন্ত্রী আপনার কিছু বলার আছে।

Now, the question before the House is that the West Bengal (Prevention of Lynching) Bill, 2019 as settled in the Assembly, be passed.

As many as are of that opinion will please say "Ayes",, as many as are of the contrary opinion will please "No", Ayes have it, Ayes have it. The Bill is passed. The Bill is passed.

ADJOURNMENT

The House was adjourned at 4.05 p.m. till 11.00 a.m. on Monday, the 2nd September, 2019 at the "Assembly House", Kolkata.

INDEX TO THE

West Bengal Legislative Assembly Proceedings

Vol.-148, No.- V

(August Session, 2019)

[From 26th August to 30th August, 2019]

[The 26th, 27th, 28th, 29th and 30th August, 2019]

Date : 26.08.2019

OBITUARY REFERENCES

by — Mr. Speaker / PP-1-7

Date : 27.08.2019

50th Report of the Business Advisory Committe

by — Mr. Speaker / P-9

MOTION

by — শ্রী মলয় ঘটক / P-9

Starred Questions
(to which oral answers were given)

*১ — শ্রী সমর হাজরা / PP-9-11
— শ্রী আব্দুল মান্নান / PP-11-13
— শ্রীমতী নার্গিস বেগম / P-13
— শ্রী ইদ্রিস আলি / P-13
— শ্রীমতী শিউলি সাহা / PP-13-14
Replied by — শ্রী শুভেন্দু অধিকারী / PP-10-14

*২ — শ্রীমতী গীতারানী ভূঁঞ্যা / PP-14-16
— শ্রী মনোজ চক্রবর্তী / P-16
— ডঃ সুখবিলাস বর্মা / PP-16-17

— শ্রী আনিসুর রহমান / P-17
— শ্রী জ্যোতির্ময় কর / PP-17-18
— ডঃ সুজন চক্রবর্তী / PP-18-20
Replied by — ডঃ অমিত মিত্র / PP-14-20

*৩ — শ্রী রুনু দত্ত / PP-20-25
— শ্রী আখরুজ্জামান / PP-25-26
— শ্রী মানস মুখার্জী / P-26
— শ্রী কল্লোল খান / PP-26-27
Replied by — শ্রী মলয় ঘটক / PP-20-27

*৪ — শ্রী অখিল গিরি / PP-27-28
Replied by — শ্রী শুভেন্দু অধিকারী / PP-27-28

*৬ — শ্রী সমীর কুমার জানা / PP-28-30
— শ্রী রফিকুল ইসলাম / P-30
Replied by — ডঃ অমিত মিত্র / PP-28-30

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*৭ — শ্রী সুজিত চক্রবর্তী / PP-30-31
*৮ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-31-33

Resolution moved from the chair congratulating ace shuttler P.V. Sindhu

by — Mr. Speaker / PP-33-34

Adjournment motion

by — ডঃ সুজন চক্রবর্তী / P-34

Calling Attention (Notice)

Given by — Shri Sujit Chakraborty (selected)
— Shri Asit Mitra
— Shrimati Jahanara Khan
— Shri Runu Dutta / PP-34-35

Government Business
Re-laying of Rules

by — Smt. Chandrima Bhattacharya / P-35

Mention Cases / P-35
Zero Hour

by — শ্রী শ্যামল মন্ডল / PP-35-36

Report of the Business Advisory Committee

by — Mr. Speaker / P-36

Motion

by — Shri Sobhandeb Chattopadhyay / P-36

Legislation

The West Bengal Lifts, Escalators and Travelators Bill, 2019
Introduction, Consideration and Passing / PP-36-58

Discussed by — ডঃ সুখবিলাস বর্মা / PP-37-41
— শ্রী পরশ দত্ত / PP-41-42
— শ্রী শেখ আমজাদ হোসেন / PP-42-44
— শ্রী জ্যোতির্ময় কর / PP-44-47
— শ্রী মানস মুখার্জী / PP-47-49
Replied by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-49-53

Date : 28.08.2019

Starred Questions
(to which oral answers were given)

*৯ — শ্রী রুনু দত্ত / PP-59-60
— শ্রীমতী জাহানারা খান / P-60, P-61
— শ্রী সুজিত চক্রবর্তী / PP-60-61, P-62
— শ্রীমতী নার্গিস বেগম / P-61
— শ্রী প্রদীপ সাহা / P-61

— শ্রী উদয়ন গুহ / PP-62-63

— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / P-63

Replied by — শ্রী সুব্রত মুখার্জী / PP-59-63

*১২ — শ্রী অখিল গিরি / PP-64-66

— শ্রীমতী শাওনী সিংহ রায় / P-66

— শ্রী সমর হাজরা / P-66

— শ্রী রফিকুল ইসলাম / PP-66-67

— শ্রীমতী শিউলি সাহা / PP-67-68

Replied by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-64-68

*১১ — শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-68-72

— শ্রী নেপাল মাহাতো / PP-72-73

— শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-73

— শ্রী অসিত মিত্র / PP-73-74

Replied by — শ্রী ফিরহাদ হাকিম / PP-68-74

*১৪ — শ্রী সমীর কুমার জানা / PP-74-75

Replied by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-74-75

*১৫ — শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-75-77

— শ্রী মনোজ তিরগা / P-77

— শ্রী রামশঙ্কর হালদার / PP-77-78

Replied by — শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় / PP-75-78

Leave of Absence under Rule 242

by — Mr. Speaker / PP-78-79

Calling Attention (Notices)

given by i) — Shri Abdul Mannan and

— Shri Dulal Chandra Bar separately

ii) — Shri Ram Shankar Haldar (selected)

iii) — Smt. Jahanara Khan

iv) — Shri Sujit Chakraborty / PP-79-80

Government Business

Laying of Report

by — Shri Subrata Mukherjee / P-80

Mention Cases

by — শ্রীমতী রমা বিশ্বাস / P-80
— শ্রী নগেন্দ্রনাথ রায় / P-80
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-80-81
— শ্রীমতী জাহানারা খান / P-81
— শ্রী মহসিন আলি / P-81
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-82
— শ্রী সুজিত চক্রবর্তী / P-82
— শ্রী দুলাল চন্দ্র বর / PP-82-83
— শ্রী রামশঙ্কর হালদার / P-83
— শ্রী ইদ্রিস আলি / PP-83-84
— শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-84
— শ্রী মনোজ চক্রবর্তী / P-84

Zero Hour

by — শ্রী সমর হাজরা / P-84
— শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক / PP-84-85
— শ্রী শ্যামল মন্ডল / P-85
— শ্রী রুনু দত্ত / P-86
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-86
— শ্রী প্রদীপ কুমার সাহা / P-86
— শ্রী আমজাদ হোসেন / P-86
— শ্রী যোগরঞ্জন হালদার / PP-86-87

RESOLUTION

Resolution moved from the chair remembering 100 years of Jallianwala Bagh massacere / PP-89-114

Discussed by — শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-91-96
— শ্রী অসিত মিত্র / PP-97-99
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-99-101

— শ্রী মনোজ তিরগা / PP-101-102
— ডঃ সুজন চক্রবর্তী / PP-102-108
— শ্রী জ্যোতির্ময় কর / PP-108-108
— শ্রী আব্দুল মান্নান / PP-110-113

Date : 29.08.2019

Report of the Business Advisory Committee

by — Mr. Speaker / P-115

Motion

by — Shri Taposh Roy / P-115

Starred Questions
(to which oral answers were given)

*১৬ — শ্রী অসিত মিত্র / PP-115-118
— শ্রী পুলিনবিহারী রায় / PP-118-119
— শ্রী মনোজ তিরগা / P-119
— শ্রী নগেন্দ্রনাথ রায় / P-119
— শ্রীমতী সোনালী গুহ / P-119
— শ্রীমতী প্রতিমা রজক / P-120
— শ্রী সমরেশ দাস / P-120
— শ্রীমতী সাবিনা ইয়াসমিন / PP-120-121
Replied by — শ্রী গৌতম দেব / PP-115-121

*১৭ — শ্রী অখিল গিরি / PP-121-122
— শ্রী নরেশ চন্দ্র বাউড়ি / P-122
— শ্রী সমর মুখার্জী / PP-122-123
— শ্রী শেখ আমজাদ হোসেন / P-123
— শ্রীমতী নার্গিস বেগম / P-123-124
Replied by — শ্রী চন্দ্রনাথ সিনহা / PP-121-124

*১৮ — শ্রী সমর হাজরা / PP-124-125
Replied by — শ্রী ব্রাত্য বসু / PP-124-125

*১৯	— শ্রী সমীর কুমার জানা / PP-125-127
	— শ্রীমতী জাহানারা খান / PP-127-128
	— শ্রী ধীরেন্দ্রনাথ লায়েক / P-128
	— শ্রী রামশঙ্কর হালদার / PP-128-129
Replied by	— শ্রী ব্রাত্য বসু / PP-125-129
*২০	— শ্রী রুনু দত্ত / PP-129-130
	— ডঃ সুজন চক্রবর্তী / PP-130-131
Replied by	— শ্রী সিদ্দিকুল্লা চৌধুরী / PP-129-131
*২১	— শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-131-132
Replied by	— শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা / PP-132-132

Starred Questions
(to which answers were laid on the 'Table')

*২২	— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-132-133
*২৩	— শ্রী সুজিত চক্রবর্তী / PP-133-134

Adjournment motion

by	— শ্রী আব্দুল মান্নান / PP-134-135

Calling Attention (Notices)

Given by	— 1) Shri Pradip Saha
	— 2) Smt. Jahanara Khan
	— 3) Shri Sujit Chakraborty (selected)
	— 4) Shri Dulal Chandra Bar / PP-135-136

Mention Cases

by	— শ্রীমতী রমা বিশ্বাস / P-136
	— শ্রীমতী শ্যামলী প্রধান / P-136
	— শ্রীমতী জাহানারা খান / PP-136-137
	— শ্রী প্রদীপ কুমার সাহা / P-137
	— শ্রী সুজিত চক্রবর্তী / PP-137-138
	— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-138
	— শ্রী রুনু দত্ত / P-138
	— শ্রী মোহিত সেনগুপ্ত / PP-138-139

— শ্রী শেখ আমজাদ হোসেন / PP-139-140
— শ্রী মহসিন আলি / P-140
— শ্রী রামশঙ্কর হালদার / P-140
— শ্রী দুলাল চন্দ্র বর / P-140
— শ্রী বিশ্বনাথ চৌধুরী / P-140
— শ্রী সুজিত বসু / P-141
— ডঃ সুজন চক্রবর্তী / P-141
— শ্রী ইদ্রিস আলি / P-142
— শ্রীমতী নার্গিস বেগম / P-142
— শ্রী নির্মল চন্দ্র মন্ডল

Zero Hour

— শ্রী খগেশ্বর রায় / P-143
— শ্রী ইদ্রিস আলি / PP-143-144
— শ্রী শেখ আমজাদ হোসেন / P-144

Legislation

The West Bengal Staff Selection Commission (Repealing) (Repealing) Bill, 2019 Introduced and Considered/ PP-144-157

Discussed by — শ্রী আব্দুল মান্নান / PP-145-147
— শ্রী জ্যোতির্ময় কর / PP-147-149
— শ্রী প্রদীপ কুমার সাহা / PP-149-152
— শ্রী অসিত মিত্র / PP-152-154
— শ্রী ব্রজমোহন মজুমদার / PP-154-156

Date : 30.08.2019

Starred Questions
(to which oral answers were given)

*২৪ — শ্রীমতী শাওনী সিংহ রায় / PP-159-161
— শ্রী অসিত মিত্র / PP-161-162
Replied by — শ্রী শুভেন্দু অধিকারী / PP-159-162

*২৫	— শ্রী সমীর কুমার জানা / PP-162-164
	— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-164
	— শ্রী নেপাল মাহাতো / P-166
	— শ্রী সুজিত চক্রবর্তী / PP-166-167
	— শ্রী কল্লোল খাঁ / P-167
	— শ্রী কানাই চন্দ্র মন্ডল / PP-167-168
	— শ্রীমতী প্রতিমা রজক / P-168
Replied by	— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-162-168
*২৬	— শ্রী সমর হাজরা / PP-168-169
	— শ্রী দেবেশ দাশ / P-169
	— ডঃ সুজন চক্রবর্তী / P-170
	— শ্রী আব্দুল মান্নান / PP-170-171
	— শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জী / P-171
Replied by	— শ্রী শুভেন্দু অধিকারী / PP-168-171
*২৭	— শ্রী বঙ্কিমচন্দ্র হাজরা / PP-171-174
Replied by	— শ্রী ইন্দ্রনীল সেন / PP-171-174
*২৮	— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / PP-174-175
Replied by	— শ্রী শুভেন্দু অধিকারী / PP-174-175
*৩০	— শ্রী সমীর কুমার জানা / PP-175-177
Replied by	— শ্রী শুভেন্দু অধিকারী / PP-175-177

Starred Questions
(to which answer were laid on the 'Table')

*২৯	— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-177

Adjournment motion

by	— ডঃ সুজন চক্রবর্তী / PP-177-178

Calling Attention (Notices)

Given by	— i) Shri SK. Ibrahim Ali (selected)
	— ii) Shri Deepak Kumar Haldar
	— iii) Shri Sujit Chakraborty / P-178

Calling Attention (Statement)

by — শ্রী অরূপ বিশ্বাস / PP-178-179

Mention Cases

by — শ্রী মহসিন আলি / P-179
— শ্রী রফিকুল ইসলাম মন্ডল / P-179
— শ্রী সুজিত চক্রবর্তী/ PP-179-180
— শ্রী দীপক কুমার হালদার / P-180
— ডঃ সুজন চক্রবর্তী / P-180
— শ্রী ইদ্রিস আলি / P-181
— শ্রীমতী নার্গিস বেগম / P-181

Legislation

The West Bengal (Prevention of Lynching) Bill, 2019
– Introduction, Consideration and Passing / PP-181-226

Discussed by — শ্রী নেপাল মাহাত / PP-185-187
— শ্রী পূর্ণেন্দু বসু / PP-187-189
— শ্রী তন্ময় ভট্টাচার্য্য / PP-190-193
— শ্রীমতী ফিরোজা বেগম / PP-193-195
— শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য্য / PP-195-198
— শ্রী স্বাধীন কুমার সরকার / PP-198-199
— শ্রী মোস্তাক আলম / PP-199-201
— শ্রী আলি ইমরান রামজ / PP-202-203
— শ্রী আব্দুল মান্নান / PP-203-205
— শ্রীমতী মমতা ব্যানার্জী / PP-205-216
Replied by — ডঃ পার্থ চ্যাটার্জী / PP-216-217

Report of the Business Advisory Committee

by — Mr. Speaker / P-195

Motion

by — ডঃ পার্থ চ্যাটার্জী / P-195

Printed at:
Saraswaty Press Ltd.
11 B.T. Road, Kolkata - 700 056

SPL-2021-300-LAP-29(252)